*The 10th October* 1885.—In supersession of the notification, dated the 4th September 1885, published at page 17, Part IB of the *Calcutta Gazette* of the 16th idem, it is hereby notified for general information that an election will be held, under section 27, Act III (B.C.) of 1884, on the 28th November next, in Ward No. IV of the Baduria Municipality, in the district of the 24-Pergunnahs, for filling up the vacancy caused by Baboo Trailako Nath Nag Chowdhury ceasing to be a Commissioner.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

DECLARATION.

*The 6th October* 1885.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Calcutta Municipality for a public purpose, viz. for widening ditch No. 12, in Ward No. 6, it is hereby declared that for the above purpose pieces of land No. 16, Peary Das' Lane and Nos. 5 and 6, Manicktolla Street, in the town of Calcutta, district 24-Pergunnahs, measuring, more or less, 1 cottah 10 chittacks and 22½ square feet only are required.

[*Government Gazette.* 20*th October* 1885.]

## বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৯ অক্টোবর।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, হুগলী জিলার অন্তর্গত ভদ্রেশ্বর মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ৮৬ (ক) ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া ও উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধক্রমে তিনি উক্ত আইনের পঞ্চম তফসীলের লিখিত গাড়ী, ঘোড়া ও অন্যান্য জন্তুর উপর উক্ত আইনের ১৩১ ধারামতে উক্ত তফসীলের নির্দ্দিষ্ট অর্দ্ধেক হারে উক্ত কমিশ্যনরদের দ্বারা টাক্স আদায় হইবার অনুমতি দিতে কল্পনা করিয়াছেন।

জে, ওয়ার এডগার,<br>
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

## বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৯ অক্টোবর।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ডাক্তর শ্রীযুত এস, এম, শার্কোর সাহেব কর্ম্ম ত্যাগ করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব শ্রীযুত বাবু বেণীমাধব বসুকে ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২৭ ধারামতে বহরমপুর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত করিলেন।

জে, ওয়ার, এডগার,<br>
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

## বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৯ অক্টোবর।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় স্থানান্তরে প্রেরিত হওয়ায় শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব আসিস্টান্ট সর্জন শ্রীযুত ক্ষীরোদচন্দ্র রায়কে ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২৭ ধারামতে ফরীদপুর জিলার অন্তর্গত মাদারীপুর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত করিলেন।

জে, ওয়ার এডগার,<br>
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

## বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৯ অক্টোবর।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, মনোনীত করা কমিশ্যনর শ্রীযুত বাবু সারদাকান্ত সেন, মহকুমাস্থানে বদলী হওয়ায় যে পদ শূন্য হইয়াছে সেই পদ পূরণার্থে ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২৭ ধারামতে ফরীদপুর জিলার অন্তর্গত মাদারীপুর মুনিসিপালিটীর ৩ নং পল্লীতে ১৮৮৫ সালের ডিসেম্বর মাসের ১ তারিখে মনোনীত করণের কার্য্য হইবে।

জে, ওয়ার এডগার,<br>
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

## বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১০ অক্টোবর।—১৮৮৫ সালের সেপ্টেম্বর মাসের ২৩ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় ক খণ্ডের ৩৭ পৃষ্ঠায় প্রকাশিত ঐ মাসের ৪ তারিখের বিজ্ঞাপন রহিত করিয়া সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত বাবু ত্রৈলোক্যনাথ নাগ চৌধুরী আর কমিশ্যনর না থাকাতে যে পদ শূন্য হইয়াছে সেই পদ পূরণার্থে ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২৭ ধারামতে ২৪ পরগণা জিলার অন্তর্গত বাদুড়িয়া মুনিসিপালিটীর ৪নং পল্লীতে ১৮৮৫ সালের ২৮ নবেম্বরে মনোনীত করণের কার্য্য হইবে।

জে, ওয়ার এডগার,<br>
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

## বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৬ অক্টোবর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ২৪ পরগনা জিলার অন্তর্গত কলিকাতা নগরের ৬ নং পল্লীতে ১২ নং গর্ত্ত পরিশন করণার্থে কলিকাতা মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত নগরে প্যারী দানের লেনের ১৬ নং ও মাণিকতলা ষ্ট্রীটের ৫ ও ৯ নম্বরে ন্যূনাধিক /১॥৶ ছটাক ২২॥ বর্গ ফুট মাত্র পরিমিত দুইখণ্ড ভূমির প্রয়োজন।

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২০ অক্টোবর। ]

The boundaries of the plots are as follows :—

*Portion marked A on plan.*—On the north and east by public filled-up drain; on the south by Nos. 15 and 16, Peary Das' Lane; and on the west partly by Peary Das' Lane and partly by No. 16, Peary Das' Lane.

*Portion marked B on plan.*—On the north partly by No. 4, Manicktolla Street and partly by Nos. 5 and 6, Manicktolla Street; on the south by Nundo Lal Mullick's Lane; on the east partly by No. 4, Manicktolla Street, partly by Nos. 5 and 6, Manicktolla Street, and partly by Nundo Lal Mullick's Lane; and on the west by public filled-up drain.

A plan and specification of the plots of land to be acquired are filed in the office of the Municipal Commissioners for the town of Calcutta.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

DECLARATION.

*The 6th October* 1885.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Calcutta Municipality for a public purpose, viz. for a flushing well near ditch No. 11 in Ward No. 6, it is hereby declared that for the above purpose a piece of land No. 139, Mooktaram Baboo's Street, in the town of Calcutta, district 24-Pergunnahs, measuring, more or less, 3 chittacks and 25 square feet only are required.

The boundaries of the land are as follows :—On the north by the public filled-up drain, and on the south, east and west by No. 139, Mooktaram Baboo's Street.

A plan and specification of the land to be acquired are filed in the office of the Municipal Commissioners for the town of Calcutta.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

DECLARATION.

*The 9th October* 1885.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Calcutta Municipality for a public purpose, viz. for constructing a bathing platform in Machooa Bazar Bustee, it is hereby declared that for the above purpose a piece of land No. 113, Machooa Bazar Street, in the town of Calcutta, district 24-Pergunnahs, measuring, more or less, 1 cottah only, is required. The boundaries of the land are as follow :—On the north, south, and west by premises No. 113, Machooa Bazar Street, and on the east by a bustee passage.

A plan and specification of the land to be acquired are filed in the office of the Commissioners of the town of Calcutta for public inspection.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

[*Government Gazette*, *20th October* 1885.]

উক্ত ভূমির সীমা এই২—

নক্শার A চিহ্নিত খণ্ডের।—উত্তর ও পূর্ব্ব সীমা ভরাট করা সরকারী নর্দ্দমা, দক্ষিণ সীমা প্যারী দাসের লেনের ১৫ ও ১৭ নম্বর, এবং পশ্চিম সীমা অংশতঃ প্যারী দাসের লেন ও অংশতঃ প্যারী দাসের লেনের ১৬ নম্বর।

নক্শার B চিহ্নিত খণ্ডের।—উত্তর সীমা অংশতঃ মাণিকতলা ষ্ট্রীটের ৪নং ও অংশতঃ মাণিকতলা ষ্ট্রীটের ৫ ও ৬ নং, দক্ষিণ সীমা নন্দলাল মল্লিকের লেন, পূর্ব্ব সীমা অংশতঃ মাণিকতলা ষ্ট্রীটের ৪ নং ও অংশতঃ মাণিকতলা ষ্ট্রীটের ৫ ও ৬ নং ও অংশতঃ নন্দলাল মল্লিকের লেন এবং পশ্চিম সীমা ভরাট করা সরকারী নর্দ্দমা।

প্রয়োজনীয় ঐ২ ভূমিখণ্ডের নক্শা ও বিশেষ বিবরণ কলিকাতা নগরের মুনিসিপল কমিশ্যনরদের আফিসে রাখা গিয়াছে।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জে, ওয়ার, এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৬ অক্টোবর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ২৪ পরগণা জিলার অন্তর্গত কলিকাতা নগরের ৬ নং পল্লীতে ১১ নং গর্ত্তের নিকট ফ্লশিং কূপ করিবার জন্যে কলিকাতা মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত উক্ত নগরে মুক্তারাম বাবুর ষ্ট্রীটের ১৩৯ নম্বরে ন্যূনাধিক ৷ ছটাক ২৫ বর্গ ফুট মাত্র পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির সীমা এই২।—উত্তর সীমা ভরাট করা সরকারী নর্দ্দমা, দক্ষিণ, পূর্ব্ব ও পশ্চিম সীমা মুক্তারাম বাবুর ষ্ট্রীটের ১৩৯ নম্বর।

প্রয়োজনীয় উক্ত ভূমির নক্শা ও বিশেষ বিবরণ কলিকাতা নগরের মুনিসিপল কমিশ্যনরদের আফিসে রাখা গিয়াছে।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৯ অক্টোবর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ মেছুয়া বাজার বসতীতে স্নানের প্লাটফরম নির্ম্মাণের জন্য কলিকাতা মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত ২৪ পরগণা জিলার অন্তর্গত কলিকাতা নগরের মেছুয়া বাজার ষ্ট্রীটের ১১৩ নম্বরে ন্যূনাধিক ⁄১ কাঠা মাত্র পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির সীমা এই২।—উত্তর, দক্ষিণ ও পশ্চিম সীমা মেছুয়া বাজার ষ্ট্রীটের ১১৩ নং বাড়ী, পূর্ব্ব সীমা বসতীর পথ।

উক্ত ভূমির নক্শা ও বিশেষ বিবরণ সাধারণের দেখিবার জন্য কলিকাতা নগরের কমিশ্যনরদের আফিসে রাখা গিয়াছে।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২০ অক্টোবর।]

## DECLARATION.

*The 9th October* 1885.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Calcutta Municipality for a public purpose, viz. for a bathing platform at No. 29, Giree Baboo's Lane, it is hereby declared that for the above purpose a piece of land No. 29, Giree Baboo's Lane, in the town of Calcutta, district 24-Pergunnahs, measuring, more or less, 1 cottah 12 chittacks only is required. The boundaries of the land are as follow:—On the north and west by premises No. 28, Giree Baboo's Lane, and on the south and east by Giree Baboo's Lane.

A plan and specification of the land to be acquired are filed in the office of the Commissioners of the town of Calcutta for public inspection.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

## DECLARATION.

*The 9th October* 1885.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Calcutta Municipality for a public purpose, viz. for constructing a bathing platform at No. 71, Champatola 2nd Lane, it is hereby declared that for the above purpose a piece of land No. 71, Champatola 2nd Lane, in the town of Calcutta, district 24-Pergunnahs, measuring, more or less, 1 cottah only is required. The boundaries of the land are as follow:—On the north and west by premises No. 71, Champatola 2nd Lane; on the south by premises No. 70, Champatola 2nd Lane; and on the east by Champatola 2nd Lane.

A plan and specification of the land to be acquired are filed in the office of the Commissioners of the town of Calcutta for public inspection.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

## DECLARATION.

*The 9th October* 1885.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Calcutta Municipality for a public purpose, viz. for a bathing platform in Ooriyapara Bustee, it is hereby declared that for the above purpose a piece of land No. 61, Champatola Lane, in the town of Calcutta, district 24-Pergunnahs, measuring, more or less, 1 cottah only is required. The boundaries of the land are as follow:—On the north and west by premises No. 61, Champatola Lane; on the south by Champatola Lane, and on the east by a passage.

A plan and specification of the land to be acquired are filed in the office of the Commissioners of the town of Calcutta for public inspection.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

## DECLARATION.

*The 12th October* 1885.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Calcutta Municipality for a public purpose, viz. for a bathing platform at No. 114, Grey Street, it is hereby declared that for the above purpose a piece of land No. 114, Grey Street, in the town of Calcutta, district 24-Pergunnahs, measuring, more or less, 1 cottah only is required. The boundaries of the land are as follows:—On the north and west by premises No. 114, Grey Street; on the east by a bustee road; and on the south by Grey Street.

A plan and specification of the land to be acquired are filed in the office of the Commissioners of the town of Calcutta for public inspection.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

[*Government Gazette, 20th October* 1885.]

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৯ অক্টোবর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ গিরি বাবুর লেনের ২৯ নম্বরে স্নানের প্লাটফরম নির্ম্মাণের জন্য কলিকাতা মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ২৪ পরগনা জিলার অন্তর্গত কলিকাতা নগরের গিরি বাবুর লেনের ২৯ নম্বরে ন্যুনাধিক /১ কাঠা ৬০ ছটাক মাত্র পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির সীমা এই২।—উত্তর ও পশ্চিম সীমা গিরি বাবুর লেনের ২৮ নং বাটী, দক্ষিণ ও পূর্ব্ব সীমা গিরি বাবুর লেন।

উক্ত ভূমির নকশা ও বিশেষ বিবরণ সাধারণের দেখিবার জন্যে কলিকাতা নগরের কমিশ্যনরদের আফিসে রাখা গিয়াছে।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৯ অক্টোবর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ চাঁপাতলা দ্বিতীয় লেনের ৭১ নম্বরে স্নানের প্লাটফরম নির্ম্মাণের জন্য কলিকাতা মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ২৪ পরগনা জিলার অন্তর্গত কলিকাতা নগরের চাঁপাতলা দ্বিতীয় লেনের ৭১ নম্বরে ন্যুনাধিক /১ কাঠা মাত্র পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির সীমা এই২।—উত্তর ও পশ্চিম সীমা চাঁপাতলা দ্বিতীয় লেনের ৭১ নং বাটী, দক্ষিণ সীমা চাঁপাতলা দ্বিতীয় লেনের ৭০ নং বাটী এবং পূর্ব্ব সীমা চাঁপাতলা দ্বিতীয় লেন।

উক্ত ভূমির নকশা ও বিশেষ বিবরণ সাধারণের দেখিবার জন্যে কলিকাতা নগরের কমিশ্যনরদের আফিসে রাখা গিয়াছে।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৯ অক্টোবর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ উড়িয়াপাড়া বসতীতে স্নানের প্লাটফরম নির্ম্মাণের জন্য কলিকাতা মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত ২৪ পরগনা জিলার অন্তর্গত কলিকাতা নগরের চাঁপাতলা লেনের ৬১ নম্বরে ন্যুনাধিক /১ কাঠা মাত্র পরিমিত একখণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির সীমা এই২।—উত্তর ও পশ্চিম সীমা চাঁপাতলা লেনের ৬১ নং বাড়ী, দক্ষিণ সীমা চাঁপাতলা লেন, পূর্ব্ব সীমা পথ।

উক্ত ভূমির নকশা ও বিশেষ বিবরণ সাধারণের দেখিবার জন্য কলিকাতা নগরের কমিশ্যনরদের আফিসে রাখা গিয়াছে।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১২ অক্টোবর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ গ্রে-ষ্ট্রীটের ১১৪ নম্বরে স্নানের প্লাটফরম নির্ম্মাণের জন্য কলিকাতা মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ২৪ পরগনা জিলার অন্তর্গত কলিকাতা নগরের গ্রে-ষ্ট্রীটের ১১৪ নম্বরে ন্যুনাধিক /১ কাঠা মাত্র পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমীর সীমা এই২।—উত্তর ও পশ্চিম সীমা গ্রে-ষ্ট্রীটের ১১৪ নং বাটী, পূর্ব্ব সীমা বসতী পথ, দক্ষিণ সীমা গ্রে-ষ্ট্রীট।

উক্ত ভূমির নকশা ও বিশেষ বিবরণ সাধারণের দেখিবার জন্যে কলিকাতা নগরের কমিশ্যনরদের আফিসে রাখা গিয়াছে।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জে, ওয়ার এগডার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২০ অক্টোবর।]

## DECLARATION.

*The 12th October* 1885.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Calcutta Municipality for a public purpose, viz. for a bathing platform at No. 55, Sukeas Street, it is hereby declared that for the above purpose a piece of land No. 55, Sukeas Street, in the town of Calcutta, district 24-Pergunnahs, measuring, more or less, 1 cottah only, is required.

The boundaries of the land are as follows :—On the north and east by premises No. 55, Sukeas Street; on the west by premises No. 56, Sukeas Street; and on the south by Sukeas Street.

A plan and specification of the land to be acquired are filed in the office of the Commissioners for the town of Calcutta for public inspection.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

## DECLARATION.

*The 12th October* 1885.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Calcutta Municipality for a public purpose, viz. for widening sewered ditches for improving Keranee Bagan Bustee Roads, marked VI and VIII on plan, it is hereby declared that for the above purpose pieces of land No. 106, Serpentine Lane, Nos. 128 and 129, Bow Bazar Street, and No. 8, St. James' Square Road, in the town of Calcutta, district 24-Pergunnahs, measuring, more or less, 7 cottahs and 12 chittacks only are required.

The boundaries of the lands are as follows :—

*Road marked VI on plan.*—On the north by the swered ditch ; on the east by No. 106, Serpentine Lane, and No. 128, Bow Bazar Street ; on the west by No. 8, St. James' Square Road and sewered ditch ; and on the south by St. James' Square South Road.

*Road marked VIII on plan.*—On the north by Bow Bazar Street ; on the east by sewered ditch ; on the west by Nos. 128 and 129, Bow Bazar Street, and No. 106, Serpentine Lane.

A plan and specifications of the land to be acquired are filed in the office of the Commissioners for the town of Calcutta for public inspection.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

## NOTIFICATION.

*The 3rd October* 1885.—The following gentlemen are appointed to be members of the District Road Committee, Noakholly :—

Baboo Chandra Kumar Roy.
" Raj Kumar Moitra.
Baboo Tarack Bandhu Chuckraverti.
" Ramendra Chowdhuri.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

## NOTIFICATION.

*The 5th October* 1885.—The following gentlemen are appointed to be members of the District Road Committee of Darjeeling :—

Mr. William Lloyd.
" H. L. Crossman.
Mr. W. G. Lemesurier.
" H. Dominy.

The following gentlemen are re-appointed to be members of the District Road Committee of Darjeeling :—

Mr. T. B. Curtis.
Mr. Lindsay Daniell.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

[*Government Gazette, 20th October* 1885.]

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১২ অক্টোবর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ সুকীয়া ষ্ট্রীটের ৫৫ নম্বরে স্নানের প্লাট-ফরম নির্ম্মাণের জন্য কলিকাতা মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ২৪ পরগনা জিলার অন্তর্গত কলিকাতা নগরের সুকীয়া ষ্ট্রীটের ৫৫ নম্বরে ন্যূনাধিক /১ কাঠা মাত্র পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর ও পূর্ব্ব সীমা সুকীয়া ষ্ট্রীটের ৫৫ নং বাটী, পশ্চিম সীমা সুকীয়া ষ্ট্রীটের ৫৬ নং বাটী, এবং দক্ষিণ সীমা সুকীয়া ষ্ট্রীট।

উক্ত ভূমির নকৃশা ও বিশেষ বিবরণ সাধারণের দেখিবার জন্যে কলিকাতা নগরের কমিশ্যনরদের আফিসে রাখা গিয়াছে।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১২ অক্টোবর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ নকৃশায় VI ও VIII চিহ্নিত কেরাণীবাগান বসতী পথের উৎকর্ষ সাধনার্থ পথের নিম্নভাগের নর্দ্দমা পরিসর করিবার জন্য কলিকাতা মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ২৪ পরগনা জিলার অন্তর্গত কলিকাতা নগরের সার্পেণ্টাইন লেনের ১০৬ নম্বরে ও বৌবাজার ষ্ট্রীটের ১২৮ ও ১২৯ নম্বরে এবং সেণ্ট জেমস স্কোয়ার রোডের ৮ নম্বরে ন্যূনাধিক ।২৮ ছটাক মাত্র পরিমিত কএক খ ৩ ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির সীমা এই২।—নকৃশায় VI চিহ্নিত পথের উত্তর সীমা পথের নিম্নভাগের নর্দ্দমা, পূর্ব্ব সীমা সার্পেণ্টাইন লেনের ১০৬ নং ও বৌবাজার ষ্ট্রীটের ১২৮ নং, পশ্চিম সীমা সেণ্ট জেমস স্কোয়ার রোডের ৮ নং ও পথের নিম্নভাগের নর্দ্দামা, এবং দক্ষিণ সীমা সেণ্ট জেমস স্কোয়ারের দক্ষিণ দিকের পথ।

নকৃশায় VIII চিহ্নিত পথের উত্তর সীমা।—বৌবাজার ষ্ট্রীট, পূর্ব্ব সীমা পথের নিম্নভাগের নর্দ্দমা, পশ্চিম সীমা বৌবাজার ষ্ট্রীটের ১২৮ ও ১২৯ নং এবং সার্পেণ্টাইন লেনের ১০৬ নং।

উক্ত ভূমির নকৃশা ও বিশেষ বিবরণ সাধারণের দেখিবার জন্যে কলিকাতা নগরের কমিশ্যনরদের আফিসে রাখা গিয়াছে।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৩ অক্টোবর।—নিম্নলিখিত মহাশয়েরা নওয়াখালী জিলার পথকমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।—

| | |
|---|---|
| শ্রীযুক্ত বাবু চন্দ্রকুমার রায়। | শ্রীযুক্ত বাবু তারকবন্ধু চক্রবর্ত্তী। |
| ,, বাবু রাজকুমার মৈত্র। | ,, বাবু রামেন্দ্র চৌধুরী। |

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৫ অক্টোবর।—নিম্নলিখিত মহাশয়েরা দার্জিলিঙ্গ জিলার পথকমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।—

| | |
|---|---|
| শ্রীযুক্ত উইলিয়ম লয়ড সাহেব। | শ্রীযুক্ত ডবলিউ. জি. লেমুস্থরীর সাহেব। |
| ,, এচ, এল, ক্রসমান সাহেব। | ,, এচ, ডমিনী সাহেব। |

নিম্নলিখিত মহাশয়েরা দার্জিলিঙ্গ জিলার পথকমিটীর মেম্বরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।—

| | |
|---|---|
| শ্রীযুক্ত টি, বি, কর্টিস সাহেব। | শ্রীযুক্ত লিণ্ডসে ডানিয়েল সাহেব। |

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২০ অক্টোবর।]

NOTIFICATION.

*The 6th October* 1885.—Baboo Hara Chandra Chakrabarti is appointed to be Vice-Chairman of the Branch Road Committee, Attia, *vice* Baboo Ishan Chandra Bhattacharjee.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

NOTIFICATION.

*The 29th September* 1885.—It is hereby notified that the District Road Committee of Beerbhoom have determined to levy road cess for the cess year, commencing from the 1st October 1885, at the maximum rate of six pies or two pice on each rupee of the annual value of lands, and on the annual net profits from mines, quarries, &c., and the said rate having been approved by the Commissioner of the division, is hereby published for general information.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

NOTIFICATION.

*The 12th October* 1885.—It is hereby notified that the District Road Committee of Bogra have determined to levy road cess for the cess year, commencing from the 1st October 1885, at the maximum rate of six pies or two pice on each rupee of the annual value of lands, and the said rate having been approved by the Commissioner of the division, is hereby published for general information.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৬ অক্টোবর।—শ্রীযুত বাবু ঈশানচন্দ্র ভট্টাচার্য্যের পরিবর্ত্তে শ্রীযুত বাবু হরচন্দ্র চক্রবর্ত্তী আটিয়ার শাখা পথকর কমিটীর প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ২৯ সেপ্টেম্বর —এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ১৮৮৫ সালের অক্টোবর মাসের ১ তারিখে কর সম্পর্কীয় যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরে বীরভূম জিলার পথকমিটী অত্যুচ্চ হারে অর্থাৎ ভূমির বার্ষিক মূল্যের উপর এবং খনি প্রভৃতির বার্ষিক নিট লভ্যের উপর টাকাপ্রতি ৴১০ দুই পয়সা হারে পথকর আদায় করিতে স্থির করিয়াছেন, সেই হার দেশ খণ্ডের কমিশনর সাহেব অনুমোদন করাতে তাহা সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা প্রকাশ করা গেল।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১২ অক্টোবর।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ১৮৮৫ সালের অক্টোবর মাসের ১ তারিখে কর সম্পর্কীয় যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরে বগুড়া জিলার পথকমিটী অত্যুচ্চ হারে অর্থাৎ ভূমির বার্ষিক মূল্যের উপর টাকাপ্রতি ৴১০ দুই পয়সা হারে পথকর আদায় করিতে স্থির করিয়াছেন, সেই হার দেশ খণ্ডের কমিশনর সাহেব অনুমোদন করাতে তাহা সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা প্রকাশ করা গেল।

জে ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

# গবর্ণমেণ্ট গেজেট

**TUESDAY, OCTOBER 20, 1885.**

**মঙ্গলবার, ১৮৮৫ সাল ২০ অক্টোবর।**

## PART VIII.

## ADVERTISEMENTS.

**অষ্টম খণ্ড।**

ইশ্তিহার প্রভৃতি।

**LAND ADVERTISEMENT.** **ভূমিবিষয়ক ইস্তাহার।**

### জিলা চট্টগ্রাম।—ইস্তেহার নামা কাছারি কালেক্টরী জিলা চট্টগ্রাম।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৬৮ সালের ৭ আইন ও ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুকাদি ১৮৮৫ ইংরাজি ২৫ মেই সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকী পড়া রাজস্ব রোড সেস পাবলিক ওয়ার্ক সেস আদায়ের নিমিত্ত সন ১৮৮৫ ইংরাজি ১১ নবেম্বর মোতাবেক সন ১২৯২ বাঙ্গালা তারিখ ২৭ কার্ত্তিক রোজ বুধবার জিলা চট্টগ্রামের কালেক্টরীতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবেক ইতি ১৮৮৫। তারিখ ২৯ আগষ্ট।

| নম্বর তালুক। | মহালের নাম। | সদর জমা। | | বাকীর পরিমাণ। | | |
|---|---|---|---|---|---|---|
| | | খাজানা। | সেস। | খাজানা। | সেস। | মোট। |
| | থানা টেকনাপ মৌজে রাজাপালং। | | | | | |
| ১৫।১৭ | তালুক হরিদাস বহর্দ্দার .. | ১৪০৯।/৬ | ১৭৬৶৯ | ২৪০০৶৬ | ০ | ২৪০০৶৬ |
| | থানা রামু মৌং রাজারকুল। | | | | | |
| ১৫৫।১৩৮ | তালুক সেরমস্ত খাঁ ... | ১১০১॥৬ | ১৫৮।/ | ৮২৬॥৬ | ১০৫॥/ | ৯৩২/৬ |
| | থানা চকরিয়া মৌং ডেঙ্গুলা মাণিকচর। | | | | | |
| ২৮৯।২৭৪ | তালুক বিবি প্রাক ... | ৭৫৭।৶ | ৯৬।৶ | ২৮৩॥৶০ | ৩২৲ | ৩১৬৸/ |

*The 10th September 1885.* A. MANSON, Collector.

### জিলা চট্টগ্রাম।

### ইস্তাহার নামা কাছারী কালেক্টরি জিলা চট্টগ্রাম।

ইহাদ্বারা জানান যাইতেছে যে, সন ১৮৬৮ সালের ৭ আইন ও ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে ও ১৮৫৯ সালের ১১ আং ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নের লিখিত তালুকাদি ১৮৮৫ ইং ২৫ মেই সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকীপড় রাজস্ব ও রোড ছেছ আদায়ের নিমিত্তে ১৮৮৫ ইং ২০ নবেম্বর মোং ১২৯২ বাঙ্গালা ৬ অগ্রহায়ণ রোজ শুক্রবার জিলা চট্টগ্রামের কালেক্টরি কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবেক ইতি সন ১৮৮৫ ইং ২৪ সেপ্টেম্বর।

মহল নওয়াবাদ।

| মহালের নম্বর। | | তালুকার নাম। | মালিকের নাম। | সদর জমা। | | বাকী। | | মোট। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | কর। | ছেছ। | কর। | ছেছ। | | |
| ৫০ | ১৭৩২ / ৫৮৯ / ১৩৮৭৯ | থানে কটীকছরি। মৌং জুজখলা। তাং সেখ ওবেদল্লা ... | হালতাং লতিফা-খাতুন। | ১১০৯॥৶ | ৪৮॥৴০ | ২৭৮৸/২ | | ২৭৮৸/২ | সম্পূর্ণ তালুকা নিলাম হইবে। |
| ২০০ | ১৫১৪ / ৩০৪ / ২৪০২১ | মৌং ভুজপুর হাল তাং হাশমত-আলি। | নিঃকানাবিক্র ... | ৯০৬৲ | ২৯৸/০ | ৯০৬৲ | ২৯৸/০ | ৯৩৫৸/০ | সম্পূর্ণ তালুকা নিলাম হইবে। |

A. MANSON,
*Collector.*

[*Government Gazette*, *20th October* 1885.]

## Government Cinchona Febrifuge.

THIS preparation is an efficient substitute for Quinine, and can be purchased by Government officers for public and charitable purposes, and by any one taking *twenty pounds* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, *for cash only*, at the following rates; per four ounce tin, *Rs.* 4, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 8, *ans.* 8; per pound tin *Rs.* 16, *ans.* 8.

The general public can be supplied by the Superintendent, Botanic Garden, *for cash only*, at the undernoted rates; per four ounce tin, *Rs.* 5, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 10, *ans.* 8; per pound tin, *Rs.* 20.

This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta.

Postage—Eight annas per 4 and 8 oz. tins, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

---

## গবর্ণমেণ্ট দ্বারা প্রস্তুত জ্বরনাশক সিন্‌কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিকাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেণ্ট কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টীন ৪॥০ টাকা; প্রতি ৮ আউন্স টীন ৮॥০ টাকা; প্রতি ১ পাউণ্ড টীন ১৬॥০ টাকা।

এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টীন ৫॥০ টাকা; ৮ আউন্স টীন ১০॥০ টাকা; ১ পাউণ্ড টীন ২০৲ টাকা।

এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায়, উপরের লিখিত মূল্য ব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টিনে ॥০ আট আনা ও প্রতি ১ পাউণ্ড টীনে ৸০ বার আনা, ডাক মাশুল দিতে হইবে।

---

## জ্বরনাশক দানাবান্ধা সিন্‌কোনা।

লাল সিন্‌কোনা ছাল হইতে গবর্ণমেণ্টের কারখানায় প্রস্তুত নূতন ও উৎকৃষ্টতর ঔষধ যাহা দানা বান্ধে না, এরূপ সাধারণ জ্বরনাশক সিন্‌কোনা অপেক্ষা ইহা কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহার করিবার অধিকতর উপযোগী। এই ঔষধ বোটানিকাল গার্ডেনের অর্থাৎ কোম্পানির বাগানের অধ্যক্ষের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য এবং একবারে ২০ পাউণ্ড ক্রয় করিলে যে কোন ব্যক্তি নগদ মূল্য দিয়া ১৮৲ টাকায় এক পাউণ্ড হিসাবে পাইতে পারেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের অধ্যক্ষের নিকট নগদ মূল্যে এবং প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও ২২৲ টাকায় এক পাউণ্ড হিসাবে এই ঔষধ পাইতে পারিবেন। ইহার অতিরিক্ত ৸০ বার আনা ডাক মাশুল লাগিবে।

---

### The Hymns of the Rig-Veda in the Sanhita and Pada Text, by Professor

F. Max Müller, M.A., in two Volumes. *Price Rs.* 24; *packing and postage Re.* 1-12.

*** The Rig-Veda, the oldest book of Indian literature, has very properly been made one of the principal class-books of those who study Sanskrit in the schools and colleges in India, and though at present a scholar-like knowledge of the Vedic hymn is in the examinations required of the more advanced students only, yet, as soon as editions, translations, grammars, and dictionaries shall have rendered the study of these ancient documents more accessible, I doubt not that the time will come when no one in India will call himself a Sanskrit scholar, who cannot construe the hymns of the ancient Rishis of his country.—*Extract from Preface.*

OFFICE OF SUPDT. GOVT. PRINTING, No. 8, Hastings Street, Calcutta.

**FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.**

**A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-Law and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.**

**Price Rs. 5 per copy.**

**Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.**

***N.B.*—Copies are still available.**

---

**বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।**

**বারিষ্টার-আট-ল ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট-কমিশনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুক্ত সি, ডি, ফিল্ড, এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারী ও প্রজাবিষয়ক আইন সংহিতা।**

**একং খানি পুস্তকের মূল্য ৫৲ পাঁচ টাকা।**

**কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌণ্টান্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ।/০ পাঁচ আনা পাঠাইবেন।**

**মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।**

---

NOTICE.

**In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid.**

**NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government offices or offices under the control of Government officers are strictly cash.**

**In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.**

**Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.**

**C. W. BOLTON,**
***Under-Secretary to the Govt. of Bengal.***

*The* 12*th December* 1882.

---

**NOTE—*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE.**

| | | Rs. |
|---|---|---|
| **Full page, per issue** | ... ... ... ... ... ... | **20** |
| **Half „** | ... ... ... ... ... ... | **10** |

**Casual advertisements.—4 annas per line**

**[*Government Gazette*, 20*th October* 1885.]**

## বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয় যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেন্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেন্টের কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে, এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টান্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে, উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্‌তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে, ডিস্কৌন্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর /০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ, বল্টন,
বঙ্গ দেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

---

মন্তব্য :—কলিকাতা গেজেটে ইশ্‌তিহার প্রকাশ করিবার হার এই২ :— টাকা।

| | |
|---|---|
| পূরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের ... ... ... | ২০৲ |
| আধ পৃষ্ঠা " " ... ... ... | ১০৲ |
| কখন২ ইশ্‌তিহার প্রকাশ করিতে হইলে এক২ পংক্তি ... ... | ।০ |

---

## NOTICE.

*The 21st February* 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance :—

| *For the Mofussil.* | Rs. | A. | P. | |
|---|---|---|---|---|
| Entire Gazette ... ... ... | 10 | 0 | 0 | per annum. |
| Postage ... ... | 2 | 8 | 0 | " |
| Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal ... ... ... | 4 | 0 | 0 | " |
| Postage ... ... | 1 | 0 | 0 | " |
| For a single copy— | | | | |
| Entire Gazette ... ... ... | 0 | 4 | 0 | |
| Postage ... ... | 0 | 1 | 0 | |
| Parts III, IV, V, and VI ... ... | 0 | 1 | 0 | for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4. |
| Postage ... ... | 0 | 1 | 0 | |

*For Calcutta.*

The same rates as those for the mofussil, with the exception of the charge for postage.

E. N. Baker.
*Offg. Under-Secretary to the Govt. of Bengal.*

[ গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৩। ২০ অক্টোবর। ]

## বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেন্ট গেজেটের মূল্য ও ডাকমাসুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে।

| | | | টাকা। |
|---|---|---|---|
| সম্পূর্ণ গেজেট ... | ... | বৎসর | ১০৲ |
| ডাকমাসুল ... | ... | ,, | ১৷৷০ |
| ৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে) ... | ... | ,, | ৪৲ |
| ডাকমাসুল ... | ... | ,, | ১৲ |
| সম্পূর্ণ এক খানি গেজেটের মূল্য ... | ... | | ।০ |
| ডাকমাসুল ... | ... | | ⁄০ |
| ৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য) ... | ... | ... | ⁄০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠাপ্রতি আর এক২ আনা। |
| ডাকমাসুল ... | ... | ... | ⁄০ |

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাক মাসুল লাগিবে না।

ই, এন, বেকার,

বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং চোফ সেক্রেটরী।

---

গবর্ণমেন্টের ১৮৮১ সালের জুন মাসের ২৯ তারিখের আজ্ঞানুসারে নৌভঙ্গ গ্রাহক স্বরূপ পোর্ট কমিশ্যনরেরা নিম্নলিখিত যে সকল দ্রব্য অধিকারে লইয়াছেন তাহার প্রত্যেক দ্রব্যের মূল্য ১০০৲ (একশত) টাকার অধিক হওয়াতে ১৮৮০ সালের ৭ আইনের ৭৬ ধারার বিধানমতে তাহার বর্ণনা সাধারণের অবগত্যর্থে প্রকাশ করা গেল।

| যে সময়ে পাওয়া গিয়াছে। | রেজিষ্টরের নম্বর। | দ্রব্যের বর্ণনা। | ওজন। | | | যে স্থানে পাওয়া গিয়াছে। | যে স্থানে আছে। |
|---|---|---|---|---|---|---|---|
| ১৮৮৫ সাল। | | নিজ বন্দরে। | হন্দরওয়েট, | কাটর, | পৌঃ। | | |
| ১৩ সেপ্টেম্বর | ৪৬ | রজরের এক পেটেন্ট লঙ্গর ... | ৫৭ | ১ | ৭ | মুচিখোলা ... | রেক ও আঙ্কর গ্রৌণ্ডে। |
| | | ৪২।। ফাদম দৈর্ঘ্যের ১৬ ইঞ্চি আইরন ষ্টক চেইন। | ৭১ | ১ | ১০ | ঐ .. | ঐ |
| ১৪ ,, ... | ৪৭ | ট্রটম্যানের আইরন ষ্টকের এক পেটেন্ট লঙ্গর। | ১৪ | ০ | ১৭ | ১ নং সুইঙ্গিং মুরিঙ্গের নিকটে। | ঐ |
| | | ৩৭।। ফাদম দৈর্ঘ্যের ১। ইঞ্চি চেইন | ৩১ | ২ | ১৫ | ঐ ... | ঐ |
| | | ৭।। ফাদম দৈর্ঘ্যের ১৷৷ ইঞ্চি ব্রবল চেইন। | ৭ | ১ | ১ | ঐ ... | ঐ |
| ঐ ... | ৪৮ | পুরাতন ঢপের উডন ষ্টক লঙ্গর ... | ১৭ | ১ | ১৪ | ৩ নং হেষ্টিংস মুরিঙ্গের নিকটে। | ঐ |
| | | ২৪ ফাদম দৈর্ঘ্যের ১। ইঞ্চি চেইন... | ২০ | ১ | ০ | | |
| ঐ ... | ৫০ | ভাঙ্গা এক খোলা মালের নৌকা বন্দরে আসিবার স্থানে। | ...... ... | | | চাঁদপাল ঘাটের নিকটে। | পুরাতন W. S. এর নিকটে। |
| ১০ জুলাই ... | ১৬ | ২৬ ফাদম দৈর্ঘ্যের ৩ ইঞ্চি চেইন.. | ১০৪ | ১ | ৭ | কলাগাছিতে .. | ভলকান নামক আঙ্কর জাহাজে। |
| ২৯ ,, ... | ১৭ | ৮ ফাদম দৈর্ঘ্যের ৩ ইঞ্চি চেইন ... | ৩২ | ০ | ১৭ | ঐ ... | |
| ১৪ সেপ্টেম্বর | ১৮ | ১ পেটেন্ট লঙ্গর ... | ৪০ | ০ | ০ | ঐ ... | |
| | | ৩৮ ফাদম দৈর্ঘ্যের ১৷৷ ইঞ্চি চেইন | ৭২ | ৩ | ২২ | ঐ ... | |

কমিশ্যনরদের আজ্ঞাক্রমে,

পোর্ট কমিশ্যনরদের আফিস, ১৮৮৫ সাল ১ অক্টোবর।

আর, এ, ডনিথর্ণ, সেক্রেটরী।

(19—3)

## বিজ্ঞাপন ।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে জেলা ঢাকার অধীন মুনসীগঞ্জ মহকুমার সংলগ্ন ধলেশ্বরী নদীর তীরে যে প্রতিবৎসর বিখ্যাত কার্ত্তিক বারুণীর মেলা হইয়া থাকে তাহা ইংরাজি ১৮৮৫ সনের ২১ নবেম্বর মোতাবেক বাঙ্গলা ১২৯২ সনের ৭ই অগ্রহায়ণ হইতে আরম্ভ হইয়া ১৮৮৬ সনের ৩রা জানুয়ারি তারিখে ভঙ্গ হইবেক বাণিজ্য ব্যবসায়ী ইত্যাদি লোক সকল এই ৬ ( ছয় ) সপ্তাহের মধ্যে ক্রয়বিক্রয় সমাধা করিবেক ইতি ।

F. WYER,
জেলা ঢাকার মাজিষ্ট্রেট ।

---

## اشتہار *

بذریعہ اِس کے عامہ خلایق کو واقف کیا جاتا ہے کہ ضلع ڈھاکہ کے ماتحت محکمہ منشي گنج کے متعلق دھلسري دریا کے کنارے جو ہر سال کارتک بارنی کا ایک مشہور میلا ہوا کرتا ہے وہ میلا سنہ ۱۸۸۵ع کي ۲۱ ؍ نومبر مطابق سنہ ۱۲۹۲ بنگلہ کي ۷ ؍ ماہ اگہن سے شروع ہوکر سنہ ۱۸۸۶ع کے ۳ ؍ جنوري کو شکست ہوگا ٭ تجارت پیشہ لوگ ان ہی چھہ ہفتون کے اندر خرید فروخت تمام کریں گے *

F. WYER,
مجسٹریٹ ضلع ڈھاکہ *

---

## বিজ্ঞাপন ।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্ল্যানেড রয়েষ্ট টৌনহালের হাতায়স্থিত বঙ্গদেশের গবর্ণমেন্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্ট্রারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে ।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায় ।

---

## NOTICE.

It is hereby notified that at the next half-yearly examination of Junior Civilians, Deputy Magistrates, &c., to commence on Monday, the 9th proximo, four local examination committees will be convened in this division, viz. (1) at No. 14, Hare Street, Calcutta, for officers stationed in the Presidency or employed in the 24-Pergunnahs; (1) at Krishnaghur for officers employed in the Nuddea district; (1) at Jessore sudder station for officers employed in that district and in the district of Khulna; and (1) at Berhampore for officers employed in the Moorshedabad district.

A. N. BHATACHARJEE, *Personal Assistant, for Commr.*

COMMR'S. OFFICE, PRESIDENCY DIVISION, *Calcutta, the 8th October* 1885.

---

WANTED temporarily for a year an Overseer by the Pubna Road Cess Committee. Salary Rs. 50 and horse allowance Rs. 15 per month, with a mileage of 1 anna per mile for journeys of more than 20 miles a day, when performed under orders of a superior officer. The post is likely to be made permanent after one year. Applications to be received up to 31st instant.

*The 12th October* 1885. A. C. TUTE, *Chairman.*

[ গবর্ণমেণ্ট গেজেট । ১৮৮৫ । ২০ অক্টোবর । ]

---

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত উইলিয়ম রস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল ।

B 1479—17-10-85—640

# অতিরিক্ত গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার, ১৮৮৫ সাল, ২০ অক্টোবর।

## প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

---

### হোম ডিপার্টমেণ্ট।

---

বিজ্ঞাপন।—পবলিক।

সিমলা, ১৮৮৫ সাল ১৪ আগষ্ট।

১৪৩৮ নং।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব স্ফোটনীয় দ্রব্য চালান ও আমদানী করিবার যে বিধি স্ফোটনীয় দ্রব্য বিষয়ক ভারতবর্ষীয় ১৮৮৪ সালের ৪ আইনমতে প্রণয়ন করিবার প্রস্তাব করেন, উক্ত আইনের ১৮ ধারার (১) প্রকরণের বিধান ও হোম ডিপার্টমেণ্টের এই তারিখের ১৪৩৭ নং বিজ্ঞাপনের আদেশ অনুসারে তাহার নিম্নলিখিত পাণ্ডুলেখ্য সাধারণের অবগত্যর্থে প্রকাশ করিলেন।

এই বিজ্ঞাপনের তারিখ অবধি তিন মাস অতীত হইলে, এই পাণ্ডুলেখ্য বিবেচনা করিয়া দেখা যাইবে।

---

পাণ্ডুলেখ্য।

### স্ফোটনীয় দ্রব্য বিষয়ক ১৮৮৪ সালের আইনমত বিধির পাণ্ডুলেখ্য।

উপক্রমণিকা।

১। এই বিধির কার্য্যপক্ষে স্ফোটনীয় দ্রব্য নিম্নলিখিতরূপে শ্রেণীবদ্ধ করা যাইবে, যথা;—

| | |
|---|---|
| ১ম শ্রেণী ... ... ... ... | বারুদ। |
| ২য় শ্রেণী ... ... ... ... | নাইট্রেটমিশ্র। |
| ৩য় শ্রেণী ... ... ... ... | নাইট্রোকম্পৌণ্ড। |
| ৪র্থ শ্রেণী ... ... ... ... | ক্লোরেটমিশ্র। |
| ৫ম শ্রেণী ... ... ... ... | ফুল্মিনেট। |
| ৬ষ্ঠ শ্রেণী ... ... ... ... | টোটাপ্রভৃতি। |
| ৭ম শ্রেণী ... ... ... ... | আতসবাজী। |

কোন স্ফোটনীয় দ্রব্য একাধিক শ্রেণীর বর্ণনার মধ্যে পড়িলে, যে কএক শ্রেণীর বর্ণনার মধ্যে পড়ে কেবল তাহার শেষ শ্রেণীর অন্তর্গত বলিয়া গণ্য হইবে।

১ম শ্রেণী।—বারুদ নামক শ্রেণী।

সামান্যতঃ যাহা বারুদ বলিয়া খ্যাত, "বারুদ" শব্দে কেবল তাহাই বুঝাইবে।

২ য় শ্রেণী।—নাইট্রেটমিশ্র নামক শ্রেণী।

যাহা সামান্য বারুদ বলিয়া খ্যাত, তাহা ছাড়া কোন প্রকার অঙ্গারের সহিত অথবা স্ফোটনগুণশূন্য কোন অঙ্গারাত্মক দ্রব্যের সহিত সামান্যরূপে নাইট্রেট মিশাইয়া যে কোন দ্রব্য প্রস্তুত করা যায়, তাহাতে গন্ধক যোগ করা যাউক বা না যাউক, ও তাহাতে অস্ফোটনীয় অন্য কোন দ্রব্য সামান্যরূপে মিশান যাউক বা না যাউক, "নাইট্রেট মিশ্র" শব্দে তদ্রূপ প্রস্তুত দ্রব্য বুঝাইবে।

নাইট্রেটমিশ্র শ্রেণীর মধ্যে এইরূপ স্ফোটনীয় দ্রব্য, যথা,—

পাইরোলিথ,
পুড্রোলিথ,
পুডর সাফ্রি ক্যাজিন,

ও পূর্ব্বোক্ত অর্থকরণের অন্তর্গত প্রস্তুত করা কোন দ্রব্য ধরা যাইবে।

৩য় শ্রেণী।—নাইট্রোকম্পৌণ্ড নামক শ্রেণী।

রাসায়নিক সংযোগে উৎপন্ন যে দ্রব্যের স্ফোটনীয় গুণ থাকে, অথবা যাহা ধাতুর সহিত সংযুক্ত হইলে স্ফোটনীয় দ্রব্য উৎপন্ন করিতে পারে, এবং যাহা মহাদ্রাবকের সহিত মিশ্রিত হউক বা না হউক, এরূপ যবক্ষার দ্রাবকের অথবা মহাদ্রাবকমিশ্রিত নাইট্রেটের সহিত কোন অঙ্গারাত্মক দ্রব্যের রাসায়নিক কার্য্যক্রমে উৎপন্ন হয়, তাহাতে অন্য কোন দ্রব্য সামান্যরূপে মিশ্রিত করা যাউক বা না যাউক, "নাইট্রোকম্পৌণ্ড" শব্দে তদ্রূপ সংযুক্ত দ্রব্য বুঝাইবে।

নাইট্রোকম্পৌণ্ড শ্রেণীতে দুইটী বিভাগ আছে।

১ম বিভাগের মধ্যে এইরূপ স্ফোটনীয় দ্রব্য, যথা,—

নাইট্রো গ্লিসেরাইন,
ডাইনামাইট,
লিথো ফ্রাক্টুর,
ডুয়ালাইন,
গ্লিঅক্সিলাইন,
মেথিলিক নাইট্রেট,

এবং রাসায়নিক সংযোগ বা সামান্যরূপ মিশ্রণদ্বারা প্রস্তুত করা যে দ্রব্যে সম্পূর্ণরূপে বা আংশিকরূপে নাইট্রো গ্লিসেরাইন অথবা কোন তরল নাইট্রোকম্পৌণ্ড থাকে, তাহা ধরা যাইবে।

২য় বিভাগের মধ্যে এইরূপ স্ফোটনীয় দ্রব্য, যথা,—

সামান্যতঃ যাহা গনকটন বলিয়া খ্যাত সেই গনকটন
গন পেপার,
জিলেডাইন,
গন সডষ্ট,
নাইট্রেট গনকটন,
কট গন পৌডর,
সুলজ পৌডর,
নাইট্রো মেনাইট,
পিক্রেটিজ,
পিক্রিক পৌডর

এবং পূর্ব্বোক্ত অর্থকরণমত যে কোন নাইট্রো কম্পৌণ্ড প্রথম বিভাগের অন্তর্গত নহে, তাহা ধরা যাইবে।

৪র্থ শ্রেণী।—ক্লোরেটমিশ্র নামক শ্রেণী।

যে কোন স্ফোটনীয় দ্রব্যে ক্লোরেট থাকে, "ক্লোরেটমিশ্র" শব্দে সেই দ্রব্য বুঝাইবে।

ক্লোরেটমিশ্র শ্রেণীতে দুইটী বিভাগ আছে।

১ম বিভাগের মধ্যে এইরূপ স্ফোটনীয় দ্রব্য, যথা,—

হরস্লি সাহেবের ব্লাষ্টিং পৌডর,
ব্রেণ সাহেবের ব্লাষ্টিং পৌডর,

এবং ক্লোরেট দিয়া প্রস্তুত করা যে কোন দ্রব্যে অংশতঃ নাইট্রোগ্লিসেরাইন অথবা অন্য কোন তরল নাইট্রোকম্পৌণ্ড আছে, তাহা ধরা যাইবে।

২য় বিভাগের মধ্যে এইরূপ স্ফোটনীয় দ্রব্য, যথা,—

হরস্লি সাহেবের নূতন ব্লাষ্টিং পৌডর,
এরহার্ট সাহেবের পৌডর,
রেভার্লি সাহেবের পৌডর,
হকুসটেটার সাহেবের ব্লাষ্টিং চার্জ,
রাইমের সাহেবের ব্লাষ্টিং চার্জ,
টিউটোনাইট,
ক্লোরেট গনকটন,

এবং পূর্ব্বোক্ত অর্থকরণমত যে কোন ক্লোরেটমিশ্র প্রথম বিভাগের অন্তর্গত না হয় তাহা ধরা যাইবে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২০ অক্টোবর।]

৫ম শ্রেণী।—ফুল্‌মিনেট নামক শ্রেণী।

রাসায়নিক সংযোগ বা সামান্যরূপ মিশ্রণদ্বারা উৎপন্ন কোন দ্রব্য পূর্ব্বোক্ত কোন শ্রেণীর অন্তর্গত হউক বা না হউক, যদি ঐ দ্রব্যের অতিশয় স্ফোটনশীলতা বশতঃ উহা বন্দুকের টুপীতে অথবা স্ফোটন সমুৎপাদন করণের অন্য কোন সরঞ্জামে ব্যবহারের উপযোগী হয়, অথবা অত্যন্ত স্ফোটনশীলতা বশতঃ ও অত্যন্ত অস্থায়িত্ব অর্থাৎ অতি সামান্য উত্তেজক কারণে বিশ্লিষ্ট হইয়া যাইবার প্রবণতা বশতঃ বিশেষরূপ আশঙ্কাজনক হয়, তাহা হইলে "ফুলমিনেট" শব্দে ঐ দ্রব্য বুঝাইবে।

এই শ্রেণীতে দুইটী বিভাগ আছে।

প্রথম বিভাগের মধ্যে এইরূপ সংযুক্ত দ্রব্য, যথা, রূপার ও পারার ফুল্‌মিনেট এবং এই সকল দ্রব্য দিয়া প্রস্তুত যে দ্রব্য বন্দুকের টুপীতে ব্যবহৃত হয়, এবং অঙ্গারাত্মক দ্রব্য যোগ করিয়া বা না করিয়া ফস্ফরস কিম্বা কএক প্রকার ফস্ফরস সংযুক্ত দ্রব্যের সহিত ক্লোরেট মিশাইয়া যে কোন দ্রব্য প্রস্তুত করা যায় এবং অঙ্গারাত্মক দ্রব্য যোগ করিয়া বা না করিয়া গন্ধক বা গন্ধকজ দ্রব্যের সহিত ক্লোরেট মিশাইয়া যে কোন দ্রব্য প্রস্তুত করা যায়, তাহা ধরা যাইবে।

দ্বিতীয় শ্রেণীর মধ্যে এইরূপ দ্রব্য, যথা, নাইট্রোজনের ক্লোরাইড ও আইওডাইড, ফুল্‌মিনেট স্বর্ণ ও রৌপ্য, ডায়াজোবেনজোল ও ডায়াজোবেনজোলের নাইট্রেট ধরা যাইবে।

৬ ষ্ঠ শ্রেণী।—টোটাপ্রভৃতি নামক শ্রেণী।

পূর্ব্বোক্ত কোন শ্রেণীর কোন স্ফোটনীয় দ্রব্য যদি কোন আধার বা কলের মধ্যে এরূপে পুরিয়া রাখা যায়, বা প্রকারান্তরে এরূপে কার্য্যোপযোগী বা প্রস্তুত করা যায় যে, তাহাতে বন্দুক, কামান বা অন্য কোন আগ্নেয়াস্ত্রের অথবা পাহাড়াদি ভাঙ্গিবার টোটা বা ছুড়িবার দ্রব্য হয়, কিম্বা পাহাড়াদি ভাঙ্গিবার বা ফাঁপা গোলার নির্ব্বিঘ্নকর বা অন্যরূপ পলিতা হয়, কিম্বা স্ফোটনীয় দ্রব্যে অগ্নি দিবার নল হয় অথবা বন্দুকের টুপী, ডিটোনেটর, কোয়াসার সিগনেল, ফাঁপা গোলা, টরপিডো, যুদ্ধের হাউই ও আতস বাজী ভিন্ন অন্য কোনরূপ কল হয়, তাহা হইলে টোটাপ্রভৃতি শব্দে ঐ দ্রব্য বুঝাইবে।

"বন্দুকের টুপী" শব্দে ডিটোনেটর গণ্য হইবে না।

যে কোষ বা আধার এরূপ বলবিশিষ্ট ও এরূপে নির্ম্মিত ও যাহাতে এরূপ পরিমাণে ফুল্‌মিনেট শ্রেণীর স্ফোটনীয় দ্রব্য থাকে যে একটী কোষ বা আধারের স্ফোটন হইলে ঐরূপ অন্যান্য কোষ বা আধারের স্ফোটন ঘটিবে, "ডিটোনেটর" শব্দে তদ্রূপ কোষ বা আধার বুঝাইবে।

পাহাড়াদি ভাঙ্গিবার যে পলিতা জ্বলে কিন্তু শব্দ করিয়া ফাটিয়া যায় না ও যাহাতে আপনি জ্বলিত হইবার উপায় থাকে না এবং যাহা এরূপ বলবিশিষ্ট ও এরূপে নির্ম্মিত ও যাহাতে এরূপ পরিমাণে স্ফোটনীয় দ্রব্য থাকে যে ঐ পলিতা জ্বলিলে পাশাপাশি ঐরূপ অন্য পলিতা জ্বলিত হয় না, "নির্ব্বিঘ্নকর পলিতা" শব্দে সেই পলিতা বুঝাইবে।

বন্দুকাদির যে টোটার কোষ ঐ বন্দুকাদি আওয়াজ করিবার পর উহা হইতে বাহির করিয়া লওয়া যাইতে পারে ও যাহা এরূপে বদ্ধ যে এক টোটা হইতে অন্য টোটায় স্ফোটন সংক্রামিত হয় না, "নির্ব্বিঘ্নকর টোটা" শব্দে তদ্রূপ টোটা বুঝাইবে।

টোটাপ্রভৃতি নামক শ্রেণীতে তিনটি বিভাগ আছে।

প্রথম বিভাগের মধ্যে কেবল নিম্নলিখিত দ্রব্যগুলি ধরা যায়, যথা,—

নির্ব্বিঘ্নকর টোটা।
পাহাড়াদি ভাঙ্গিবার নির্ব্বিঘ্নকর পলিতা।
রেলওয়ের কোয়াসার সিগনেল।
বন্দুকের টুপী।

পূর্ব্বোক্ত অর্থকরণমত যে টোটাপ্রভৃতির আপনি জ্বলিবার উপায় নাই ও যাহা প্রথম বিভাগের অন্তর্গত নহে, দ্বিতীয় বিভাগের মধ্যে তাহাই ধরা যায়, অর্থাৎ যাহার আপনি জ্বলিবার উপায় নাই এরূপ নিম্নলিখিত দ্রব্য, যথা,—

নির্ব্বিঘ্নকর টোটা না হয় বন্দুকাদির এরূপ টোটা।

কামানের, ফাঁপা গোলার, সুরঙ্গ করিবার, পাহাড়াদি ভাঙ্গিবার, ও তদ্রূপ অন্যান্য কার্য্যের টোটা ও ছুড়িবার দ্রব্য।

যাহাতে কোন স্ফোটনীয় দ্রব্য থাকে, এরূপ ফাঁপা গোলা ও টরপিডো।

নির্ব্বিঘ্নকর পলিতা নহে, এরূপ পাহাড়াদি ভাঙ্গিবার পলিতা।

ফাঁপা গোলার পলিতা।

স্ফোটনীয় দ্রব্যে অগ্নি দিবার নল।

যুদ্ধের হাউই।

[গবর্নমেণ্ট গেজেট। ১৮৮৫। ২০ অক্টোবর।]

পূর্ব্বোক্ত অর্থকরণমত যে টোটাপ্রভৃতির আপনি জ্বলিত হইবার উপায় নাই ও যাহা প্রথম বিভাগের অন্তর্গত নহে, তৃতীয় বিভাগে তাহাই ধরা যাইবে, অর্থাৎ যাহার আপনি জ্বলিবার উপায় নাই এপ্রকারের নিম্নলিখিত দ্রব্য, যথা,—

ডিটোনেটর।
নির্ব্বিঘ্নকর টোটা নহে এরূপ বন্দুকাদির টোটা।
নির্ব্বিঘ্নকর পলিতা নহে, পাহাড়াদি ভাঙ্গিবার এরূপ পলিতা।
ফাঁপা গোলার পলিতা।
স্ফোটনীয় দ্রব্যে অগ্নি দিবার নল।

যে টোটা প্রভৃতির সংলগ্ন বা অংশস্বরূপ এরূপ বন্দোবস্ত থাকে যাহা ঘর্ষণ বা আঘাত দ্বারা তাহাতে স্ফোটন ঘটাইবার বা অগ্নি লাগাইবার উপযোগী, আপনি জ্বলিত হইবার উপায় বিশিষ্ট টোটাপ্রভৃতি শব্দে তদ্রূপ টোটাপ্রভৃতি বুঝাইবে।

৭ ম শ্রেণী।—আতস বাজী নামক শ্রেণী।

"আতস বাজী" শব্দে আতস বাজী প্রস্তুত করিবার দ্রব্য ও প্রস্তুত আতস বাজী বুঝাইবে।

১ ম বিভাগ।—রাসায়নিক সংযোগ কিম্বা সামান্যরূপ মিশ্রণদ্বারা প্রস্তুত স্ফোটনীয় বা আশুজ্বলনশীল ভাবের যে দ্রব্য আতস বাজী প্রস্তুত করণার্থে ব্যবহৃত হয় ও পূর্ব্বোক্ত কয়েক শ্রেণীর স্ফোটনীয় দ্রব্যের অন্তর্গত না হয়, "আতস বাজী প্রস্তুত করিবার দ্রব্য" শব্দে তাহা ও রঙ্গিন আগুণ করিবার দ্রব্যও বুঝাইবে।

২ য় বিভাগ।—পূর্ব্বোক্ত কয়েক শ্রেণীর কোন স্ফোটনীয় দ্রব্য ও আতস বাজী প্রস্তুত করিবার কোন দ্রব্য কোন আধারে বা কলে যদি এরূপে পুরিয়া রাখা যায় বা প্রকারান্তরে এরূপে প্রস্তুত করা যায় যে তাহাতে পটকা, সর্পবাজী, যুদ্ধের হাউই ছাড়া হাউই, মাকণ, তারা বাজী, পড়কী বাজী, চক্র বাজী, চীনের আগুণ, রোমান মশাল কিম্বা অগ্নিক্রীড়ার কার্য্য বা অগ্নি ক্রীড়ার সিগনেল করিবার উপযোগী অন্য দ্রব্য হয়, তাহা হইলে "প্রস্তুত আতস বাজী" শব্দে সেই দ্রব্য বুঝাইবে।

## চালান করিবার কথা।

### ( ক ) বন্ধ করিবার কথা।

২। চালানের নিমিত্ত স্ফোটনীয় দ্রব্য বন্ধ করিবার সম্বন্ধে নিম্নলিখিত সাধারণ বিধি পালন করিতে হইবে।—

১।—কোন স্ফোটনীয় দ্রব্য ৫ ম ( ফুল্‌মিনেট ) শ্রেণীর কিম্বা ৬ ষ্ঠ ( টোটাপ্রভৃতি ) শ্রেণীর দ্বিতীয় ও তৃতীয় বিভাগের অথবা ৭ ম ( আতস বাজী ) শ্রেণীর প্রথম বিভাগের স্ফোটনীয় দ্রব্য না হইলে, যদি তাহার পরিমাণ ৫ পৌণ্ডের অধিক না হয়, তবে তাহা শক্ত বাক্স, থলিয়া কানেস্তারা, বা অন্য আধারে রাখিতে হইবে। ঐ বাক্সপ্রভৃতি এরূপে নির্ম্মাণ ও বন্ধ করিতে হইবে যে ঐ স্ফোটনীয় দ্রব্য তাহার ভিতর হইতে বাহিরে আসিতে না পারে।

২য়।—অন্যান্য স্থলে স্ফোটনীয় দ্রব্য ডবল প্যাকেজে বন্ধ করিতে হইবে। ভিতরের প্যাকেজ স্ফোটনীয় দ্রব্য বাহির হইয়া পড়িতে না পারে এরূপে নির্ম্মিত ও বন্ধ একটি শক্ত বাক্স, থলিয়া, কানেস্তারা, বা অন্য আধার হইবে; এবং বাহিরের প্যাকেজ কাষ্ঠ বা ধাতু বা অন্য স্থিরেট দ্রব্য দিয়া প্রস্তুত বাক্স, পীপা বা অন্য আধার হইবে এবং উহা এরূপ শক্ত, এরূপে নির্ম্মিত ও এ প্রকারের হইবে যে লইয়া যাইবার সময়ে উহা ভাঙ্গিবে না বা সহসা খুলিবে না কিম্বা দোষযুক্ত বা বিঘ্নকর হইয়া উঠিবে না ও স্ফোটনীয় দ্রব্য বাহির হইতে দিবে না। কিন্তু

(ক) স্ফোটনীয় দ্রব্য ১ ম বা বারুদ শ্রেণীর স্ফোটনীয় দ্রব্য কিম্বা ২ য় (নাইট্রেট মিশ্র) শ্রেণীর স্ফোটনীয় দ্রব্য কিম্বা গনকটন বা ৩য় (নাইট্রো কম্পৌণ্ড) শ্রেণীর দ্বিতীয় বিভাগের অন্য স্ফোটনীয় দ্রব্য হইলে, কোন এক বাহিরের প্যাকেজের অন্তর্গত স্ফোটনীয় দ্রব্যের পরিমাণ প্রথম দুই শ্রেণীর বেলা ১০০ পৌণ্ডের ও শেষোক্ত শ্রেণীর বেলা ৫০ পৌণ্ডের অধিক হইবে না; এবং স্ফোটনীয় দ্রব্য গনকটন হইলে, তাহা সম্পূর্ণরূপে জলে ভিজাইয়া লইয়া যাইতে হইবে।

(খ) স্ফোটনীয় দ্রব্য ৩য় (নাইট্রো কম্পৌণ্ড) শ্রেণীর প্রথম বিভাগের অথবা চতুর্থ (ক্লোরেট মিশ্র) শ্রেণীর অন্তর্গত হইলে ভিতরের প্যাকেজ নির্ম্মাণে কোন ধাতু থাকিবে না, এবং ভিতরের বা বাহিরের প্যাকেজ অথবা উভয়ই সম্পূর্ণরূপে জলপ্রবেশনিবারক হইবে। ভিতরের কোন একটি প্যাকেজে ১০ পৌণ্ডের অধিক থাকিবে না এবং কোন বাহিরের প্যাকেজের অন্তর্গত স্ফোটনীয় দ্রব্যের মোট পরিমাণ ৫০ পৌণ্ডের অধিক হইবে না।

(গ) স্ফোটনীয় দ্রব্য ৫ম ( ফুল্‌মিনেট ) শ্রেণীর অন্তর্গত হইলে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব বিশেষ করিয়া যে প্রকারের আদেশ করেন সেই প্রকারে উহা বন্ধ করিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২০ অক্টোবর।]

(ঘ) স্ফোটনীয় দ্রব্য ৬ষ্ঠ (টোটাপ্রভৃতি) শ্রেণীর প্রথম বিভাগের অন্তর্গত হইলে অথবা দ্বিতীয় বিভাগের কোন স্ফোটনীয় দ্রব্য হইলে, বাহিরের প্যাকেজের প্রয়োজন হইবে না। উহা এক প্যাকেজেই ১০০ পৌণ্ডের অনধিক পরিমাণে থাকিতে পারিবে। ঐ প্যাকেজ ½ ইঞ্চির অন্যূন পুরু দ্রব্য নির্ম্মিত বাক্স, পীপা, বা আধার হইবে, এবং উহা এরূপ শক্ত, এরূপে নির্ম্মিত ও এপ্রকারের হইবে যে লইয়া যাইবার সময়ে ভাঙ্গিবে না বা সহসা খুলিবে না বা দোষযুক্ত বা বিঘ্নকর হইয়া উঠিবে না ও স্ফোটনীয় দ্রব্য বাহির হইতে দিবে না।

(ঙ) স্ফোটনীয় দ্রব্য ৬ষ্ঠ (টোটাপ্রভৃতি) শ্রেণীর তৃতীয় বিভাগের অন্তর্গত হইলে, উহা ডবল প্যাকেজে বদ্ধ করিতে হইবে। ভিতরের প্যাকেজে ঐরূপ স্ফোটনীয় দ্রব্যের ২ পৌণ্ডের অধিক থাকিবে না এবং বাহিরের প্যাকেজের মধ্যে ৫০ পৌণ্ডের অধিক থাকিবে না।

(চ) স্ফোটনীয় দ্রব্য ৭ম (আতস বাজী) শ্রেণীর অন্তর্গত হইলে, উহা ডবল প্যাকেজের মধ্যে রাখিতে হইবে। ভিতরের প্যাকেজ বায়ু নিষ্কাষণ করিয়া বদ্ধকরা শক্ত কানেস্তারা, বাক্স বা অন্য আধার হইবে ও তাহাতে স্ফোটনীয় দ্রব্যের ১ পৌণ্ডের অধিক থাকিবে না, এবং বাহিরের প্যাকেজের মধ্যে ২০ পৌণ্ডের অধিক থাকিবে না।

(ছ) স্ফোটনীয় দ্রব্য ৭ম (আতস বাজী) শ্রেণীর দ্বিতীয় বিভাগের অন্তর্গত হইলে, উহা কাষ্ঠ, ধাতু বা অন্য নিরেট দ্রব্যে নির্ম্মিত কোন বাক্স, পীপা, বা আধারে রাখিতে হইবে। ঐ বাক্স প্রভৃতি এরূপ শক্ত, এরূপে নির্ম্মিত ও এপ্রকারের হইবে যে লইয়া যাইবার সময়ে উহা ভাঙ্গিবে না বা সহসা খুলিবে না কিম্বা দোষযুক্ত বা বিঘ্নকর হইয়া উঠিবে না ও স্ফোটনীয় দ্রব্য বাহির হইতে দিবে না; এবং কোন এক প্যাকেজের অন্তর্গত স্ফোটনীয় দ্রব্যের পরিমাণ ১০০ পৌণ্ডের অধিক হইবে না।

৩য়।—স্ফোটনীয় দ্রব্যের পরিমাণ যাহা কেন হউক না, এবং উহা যে কোন শ্রেণীর বা শ্রেণীগত বিভাগের অন্তর্গত হউক না, নিম্নলিখিত নিয়ম পালন করিতে হইবে।—

(ক) একই প্যাকেজ হউক বা ডবল প্যাকেজ হউক, প্রত্যেক প্যাকেজের মধ্যভাগ কঙ্করশূন্য ও অন্যরূপে পরিষ্কার রাখিতে হইবে;

(খ) একই প্যাকেজ হউক বা ডবল প্যাকেজ হউক, কোন প্যাকেজ স্ফোটনীয় দ্রব্য বদ্ধ করণার্থ প্রকৃতপক্ষে ব্যবহৃত হইলে, সেই শ্রেণীর বা অন্য কোন শ্রেণীর অন্য কোন স্ফোটনীয় দ্রব্য বদ্ধ করণার্থে অথবা অন্য কোন কার্য্যের নিমিত্ত ব্যবহৃত হইবে না;

(গ) লোহা বা ইস্পাত সম্পূর্ণরূপে টিন দস্তা বা অন্য উপযুক্ত দ্রব্য দিয়া ভাল করিয়া আবৃত না হইলে, একই প্যাকেজ কিম্বা ভিতরের বা বাহিরের প্যাকেজ নির্ম্মাণার্থে ব্যবহৃত হইবে না;

(ঘ) বাহিরের প্যাকেজের উপর বড়২ অক্ষরে দাগ দিয়া কিম্বা শক্ত করিয়া লাগান লাবেল বা চিহ্ন দিয়া Explosive অর্থাৎ স্ফোটনীয় দ্রব্য এই কথা লাগাইয়া দিতে হইবে, ও তাহার পর স্ফোটনীয় দ্রব্যের নাম অথবা ভিতরে যাহা থাকে, তাহার অন্যরূপ বর্ণনা এবং স্বামীদের বা প্রেরণকারীর নাম ও ঠিকানা দিতে হইবে; এবং

(ঙ) এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্ট যে কোন কার্য্যকারকে নিযুক্ত করেন, তাঁহার সম্মতি না হইলে ও তাঁহার অনুমোদিত নিয়মাধীনে না হইলে, একই প্যাকেজের অন্তর্গত, অথবা ডবল প্যাকেজ থাকিলে, বাহিরের কোন এক প্যাকেজের অন্তর্গত স্ফোটনীয় দ্রব্যের পরিমাণ পূর্ব্বোক্ত বিধির নির্দ্দিষ্ট পরিমাণের অধিক হইবে না।

৩। চালান করণার্থ স্ফোটনীয় দ্রব্য বদ্ধ করণ সম্বন্ধীয় পূর্ব্বোক্ত কোন বিধি কোন ব্যক্তি লঙ্ঘন করিলে, তাহার ১০০০৲ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবেন।

## (খ) চালান করিবার প্রণালীর কথা।

৪। স্ফোটনীয় দ্রব্য চালান করিবার সম্বন্ধে নিম্নলিখিত সাধারণ বিধি পালন করিতে হইবে।—

১ম।—পূর্ব্বোক্ত বিধির নির্দ্দিষ্ট প্রকারে বদ্ধ না হইলে, কোন স্ফোটনীয় দ্রব্য এক স্থান হইতে স্থানান্তরে লইয়া যাইতে হইবে না।

২য়।—যে গাড়ী বা জলযান কোন স্ফোটনীয় দ্রব্য লইয়া যাইবার নিমিত্ত ব্যবহৃত হইতেছে, সেই জলযানে বা গাড়ীতে আপনি জ্বলিবার উপায় যাহার আছে, এরূপ যে কোন প্রকারের ভিন্ন শ্রেণী ও বিভাগের কোন স্ফোটনীয় দ্রব্য লইয়া যাইতে হইবে না। কিন্তু শেষোক্ত দ্রব্য যদি প্রথমোক্ত দ্রব্য হইতে এরূপ উপযুক্ত রূপে পৃথক্ করিয়া রাখা হয়, যে, ঐরূপ একটী স্ফোটনীয় দ্রব্যে অগ্নি লাগিলে বা স্ফোটন ঘটিলে, তাহা অপরটীতে সংক্রামিত হইতে না পারে, তাহা হইলে এই বিধি খাটিবে না।

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২০ অক্টোবর। ]

৩য়।—সূর্য্যোদয় ও সূর্য্যাস্তের মধ্যে না হইলে, কোন স্ফোটনীয় দ্রব্য বোঝাই করা বা নামান যাইবে না।

৪র্থ।—যখন কোন গাড়ীতে বা জলযানে স্ফোটনীয় দ্রব্য বোঝাই করা যাইতেছে, বা তাহা হইতে নামান যাইতেছে, তখন কোনরূপ অগ্নি বা কৃত্রিম আলোক অথবা অগ্নি বা স্ফোটন উৎপন্ন বা সংক্রামিত করিতে পারে, এরূপ কোন দ্রব্য (যথা, কয়লা, বিলাতি দিয়াসলাই, আলোক জ্বালবার দ্রব্য, পেট্রোলিয়ম বিষয়ক আইন অথবা সেই আইন রহিত করিবার বা সংশোধন করিবার কোন আইন যাহার প্রতি বর্ত্তে এরূপ পেট্রোলিয়ম, কিম্বা কারণহিটের ১০০ তাপাংশের নীচে যাহা হইতে আশুজ্বলনশীল বাষ্প উৎপন্ন হয়, এরূপ কোন সুরা বা তৈল বা দ্রব্য), যাহাতে বিপদ ঘটিতে পারে, ঐরূপ গাড়ী, জাহাজ বা বোটের এত নিকট আনিতে, রাখিতে বা ব্যবহার করিতে হইবে না বা দিতে হইবে না, এবং ঐ গাড়ী প্রভৃতিতে অথবা যাহাতে বিপদ ঘটিতে পারে, তাহার এত নিকটে তামাক খাইতে দিতে হইবে না। কিন্তু স্ফোটনীয় দ্রব্য বোঝাই করিবার বা নামাইবার নিমিত্ত আলোক ব্যবহার করা অনিবার্য্য হইলে, এরূপ গঠনের, অবস্থানের বা প্রকারের দীপ ব্যবহার করা যাইতে পারিবে, যাহাতে অগ্নি বা স্ফোটন উৎপাদন করিবার আশঙ্কা নাই; এবং বন্ধ করিবার বিধি অনুসারে বন্ধ করা বারুদ কিম্বা ৬ শ্রেণীর প্রথম বিভাগের স্ফোটনীয় দ্রব্য কিম্বা ৭ম শ্রেণীর স্ফোটনীয় দ্রব্য ভিন্ন কোন স্ফোটনীয় দ্রব্য নাড়িবার চাড়িবার সময়ে কোন ব্যক্তি লোহার বা ইস্পাতের কাঁটা, খুরা বা অগ্রভাগযুক্ত বুট বা জুতা ব্যবহার করিবেন না।

৫ম।—কোন স্ফোটনীয় দ্রব্য বোঝাই করিবার বা নামাইবার সময়ে তাহা যে পিপা বা প্যাকেজের ভিতর থাকে, সেই পিপা ও প্যাকেজ হাতে২ লইয়া যাইতে হইবে, মাটিতে গড়াইয়া দিতে হইবে না ও নিক্ষেপ করিতে বা নীচে ফেলিয়া দিতে হইবে না, সাবধানে রাখিয়া দিতে হইবে।

৬ষ্ঠ।—যে গাড়ী সকলদিকে কাষ্ঠ বা ধাতু দিয়া এরূপে বেষ্টিত অথবা যে জাহাজের বা বোটের বদ্ধ ডেক এরূপে বদ্ধ যে, বাহির হইতে স্ফোটনীয় দ্রব্যে আগুন লাগিবার কিছু মাত্র সম্ভাবনা না থাকে, সেই গাড়ীর ভিতরে অথবা সেই জাহাজের বা বোটের খোলে স্ফোটনীয় দ্রব্য লইয়া যাইতে হইবে। স্ফোটনীয় দ্রব্য ঐরূপে রক্ষিত করা যাইতে না পারিলে, উহা রংকরা কাপড় ত্রিপল বা অন্য উপযুক্ত দ্রব্য দিয়া সম্পূর্ণরূপে ঢাকিতে হইবে, যেন তাহাতে কোনরূপে আগুন লাগিতে না পারে।

৭ম।—যে আধারে স্ফোটনীয় দ্রব্য থাকে, তাহা গাড়ীর বা জলযানের যে অংশে সংলগ্ন থাকে, সেই অংশের মধ্যে কোন লোহা বা ইস্পাত থাকিবে না; কিন্তু যদি উহা সম্পূর্ণরূপে চামড়া, কাঠ, কাপড় বা অন্য উপযুক্ত দ্রব্য দিয়া ঢাকা থাকে, তাহা হইলে থাকিতে পারিবে।

৮ম।—স্ফোটনীয় দ্রব্য সাজাইয়া রাখিবার সময়ে পৃথক্ খোপ করিয়া বা প্রকারান্তরে ও সতর্কতা সহকারে সাজাইয়া উহা এরূপ সাবধানে রাখিতে হইবে যে, ঐ গাড়ীতে বা জলযানে অগ্নি বা স্ফোটন উৎপাদন করিবার উপযোগী অন্য যে কোন দ্রব্য সামগ্রী লইয়া যাওয়া হয়, স্ফোটনীয় দ্রব্য তৎসংস্পর্শে আসিতে না পারে বা তৎকর্ত্তৃক আশঙ্কিত হইতে না পারে; এবং স্ফোটনীয় দ্রব্যে জলসংযোগ আশঙ্কাজনক হইলে, ঐ স্ফোটনীয় দ্রব্যের সহিত জলসংস্পর্শ ঘটিতে না পারে, এবিষয়ে উপযুক্ত সাবধানতা অবলম্বন করিতে হইবে।

৯ম।—কোন গাড়ীতে বা জলযানে যে স্ফোটনীয় দ্রব্য লইয়া যাওয়া যায়, তাহার পরিমাণ এককালে ২০০০, পৌণ্ডের অধিক হইবে না। কিন্তু যদি ঐ গাড়ী সকলদিকে কাষ্ঠ বা ধাতু দিয়া এরূপে বেষ্টিত থাকে, অথবা উক্ত জলযানের বদ্ধ ডেক এরূপে বদ্ধ থাকে যে, স্ফোটনীয় দ্রব্যে বাহির হইতে আগুন লাগিবার কিছু মাত্র সম্ভাবনা না থাকে, তাহা হইলে যে পরিমাণ স্ফোটনীয় দ্রব্য লইয়া যাওয়া যায়, তাহা নিম্নলিখিত পরিমাণের অধিক হইবে না।

| | |
|---|---|
| রেলওয়ের ১ খান গাড়ীতে ... ... ... ... | ১০ টন। |
| অন্য কোন ১ খানি গাড়ীতে ... ... ... .. | ২ ,, |
| কোন ১ খানি জলযানে ... ... ... ... | ২০ ,, |

মন্তব্য।—রেলওয়ের দ্বারা ডাইনামাইট লইয়া যাওয়া গেলে, এই বিধি ৬ ধারার ১২শ প্রকরণের নিয়মাধীনে পাঠ করিতে হইবে।

১০ম।—যদি দুর্ঘটনা নিবারণার্থ উপযুক্ত সাবধানতা অবলম্বন করা যায়, তাহা হইলে ১ ধারার বিধি ছাড়া পূর্ব্বোক্ত কএক ধারার কোন কথা ৬ষ্ঠ (টোটাপ্রভৃতি) শ্রেণীর ১ম বিভাগের অন্তর্গত কোন স্ফোটনীয় দ্রব্য সম্বন্ধে খাটিবে না।

৫। সাধারণ রেলওয়ের দ্বারা লইয়া যাওয়া না গেলে, স্ফোটনীয় দ্রব্য লইয়া যাইবার সম্বন্ধে নিম্নলিখিত বিধি পালিত হইবে।—

১ম।—৫ পৌণ্ডের কম পরিমাণের না হইলে, এবং গাড়ীর বা বোটের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত ব্যক্তিকে পূর্ব্বে নোটিস দেওয়া না গেলে, কোন স্ফোটনীয় দ্রব্য সাধারণ যাত্রীদিগকে লইয়া যাইবার সময়ে বা তদর্থে যাতায়াত করিবার সময়ে কোন গাড়ীতে বা বোটে লইয়া যাইতে হইবে না। কিন্তু এরূপ কোন

গাড়ীতে বা বোটে ৫ম ( ফুলমিনেট ) শ্রেণীর কোন স্ফোটনীয় দ্রব্য কিম্বা ৬ষ্ঠ ( টোটাপ্রভৃতি ) শ্রেণী ৩য় বিভাগের কোন স্ফোটনীয় দ্রব্য কিম্বা ৩য় (নাইট্রো কম্পোণ্ড) শ্রেণীর ১ম বিভাগের কোন স্ফোটনীয় দ্রব্য লইয়া যাইতে হইবে না।

২য়।—৫ম ( ফুলমিনেট ) শ্রেণীর, কিম্বা ৬ষ্ঠ ( টোটাপ্রভৃতি ) শ্রেণীর ৩য় বিভাগের, অথবা ৭ ( আতসবাজী ) শ্রেণীর ১ম বিভাগের স্ফোটনীয় দ্রব্য কিম্বা ৫ পৌণ্ডের অধিক পরিমাণের অন্য কোন স্ফোটনীয় দ্রব্য গাড়ী বা জলযানদ্বারা লইয়া যাইবার সম্বন্ধে নিম্নলিখিত বিধানগুলি পালন করিতে হইবে।—

(১) গাড়ীর বা জলযানের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত ব্যক্তি তাহা বিপজ্জনক বা অসাবধানভাবে চালাইবেন না, এবং অগ্নি ও স্ফোটন নিবারণার্থ সমুদয় উপযুক্ত উপায় অবলম্বন করিবেন, এবং কোন ব্যক্তি স্ফোটনীয় দ্রব্য সম্বন্ধে এরূপ কিছু করিবেন না, যাহাতে অগ্নি বা স্ফোটন উৎপন্ন হইতে পারে, এবং যাহা স্ফোটনীয় দ্রব্য লইয়া যাইবার নিমিত্ত অথবা সাক্ষাৎসম্বন্ধে লইয়া যাইবার সংক্রান্ত কার্য্যের নিমিত্ত যুক্তিমতে আবশ্যক না হয়, এবং কোন ব্যক্তির নেশা হইলে, সেই ব্যক্তি স্ফোটনীয় দ্রব্য লইয়া যাইবার কোন গাড়ীর বা জলযানের অধ্যক্ষতাভারপ্রাপ্ত হইবে না, অথবা তথায় থাকিতে বা কোন কার্য্যে নিযুক্ত থাকিতে অনুমতি পাইবে না।

(২) যে স্ফোটনীয় দ্রব্য চালান করিবার প্রস্তাব হয়, তাহার নাম ও পরিমাণ ও প্রস্তাবিত কন্সাইনির নাম ও ঠিকানা লিখিয়া পূর্ব্বে গুদামওয়ালা বা বাহককে নোটিস না দিয়া এবং গুদামওয়ালা বা বাহক চালানের দ্রব্য লইতে প্রস্তুত আছেন, ইহার সংবাদ না পাইয়া কোন ব্যক্তি কোন গুদামওয়ালা বা বাহকের নিকট স্ফোটনীয় দ্রব্যের কোন চালান পাঠাইবেন না; এবং কোন গুদামওয়ালা বা বাহক উক্ত চালান গ্রহণ করিতে ও অবিলম্বে তাহা পাঠাইয়া দিতে কিম্বা কোন অস্ত্রাগারে কিম্বা যে স্থানে কোন ব্যক্তি তাহা রাখিবার লাইসেন্স প্রাপ্ত হন, সেই স্থানে তাহা রাখিতে প্রস্তুত না হইলে তিনি ঐরূপ সংবাদ দিবেন না কিম্বা ঐরূপ চালান গ্রহণ করিবেন না।

(৩) যে গাড়ীতে বা জলযানে স্ফোটনীয় দ্রব্য লইয়া যাওয়া যাইতেছে, তাহা কোন উপযুক্ত ব্যক্তির বা উপযুক্তসংখ্যক উপযুক্ত ব্যক্তির অধ্যক্ষতাধীনে থাকিবে ও তাঁহারা নিয়ত তথায় উপস্থিত থাকিবেন; এবং যে স্ফোটনীয় দ্রব্য লইয়া যাওয়া হয়, তাহার পরিমাণ ১০০ পৌণ্ডের অধিক হইলে, উক্ত ব্যক্তিরা যে স্থানে থামিলে সাধারণের বিশেষ অপকার ঘটিতে পারে, এরূপ কোন স্থানে যুক্তিমতে আবশ্যক সময়ের অধিক থামিবেন না বা বিলম্ব করিবেন না বা অনাবশ্যকমতে থামিবেন না।

৬। সাধারণ রেলওয়ের দ্বারা স্ফোটনীয় দ্রব্য লইয়া যাইবার সম্বন্ধে নিম্নলিখিত বিধি পালন করিতে হইবে।—

১ম।—রেলওয়ের কোন কর্ম্মচারীকে ৪৮ ঘণ্টার পূর্ব্বে স্ফোটনীয় দ্রব্যের চালান পাঠাইবার স্বীয় অভিপ্রায়ের লিখিত নোটিস না দিয়া এবং যে স্ফোটনীয় দ্রব্য চালান করিবার প্রস্তাব হয় তাহার প্রকৃত নাম, বর্ণনা, পরিমাণ ও বন্ধ করিবার প্রণালী এবং আপনার নাম ও ঠিকানা ও প্রস্তাবিত কন্সাইনির নাম ও ঠিকানা না জানাইয়া এবং ঐ চালান গৃহীত হইবে, রেলওয়ের কোন কর্ম্মচারীর স্থানে ইহার লিখিত সম্বাদ না পাইয়া কোন ব্যক্তি রেলওয়ে দিয়া লইয়া যাইবার নিমিত্ত কোন স্ফোটনীয় দ্রব্যের চালান পাঠাইবেন না।

২য়।—কোন রেলওয়ের কর্ত্তৃপক্ষ তৎকালে বলবৎ কোন নোটিস কি বিধানক্রমে যে স্ফোটনীয় দ্রব্য গ্রহণ করিবেন না বলিয়া সম্বাদ দেন তাহা উক্ত রেলওয়ের কর্ত্তৃপক্ষের কোন রেলওয়েতে আনীত বা প্রেরিত হইবে না বা চালান করা যাইবে না।

৩য়।—রেলওয়ের কর্ত্তৃপক্ষ সূর্য্যোদয় ও সূর্য্যাস্তের মধ্যে যেহ সময় ধার্য্য করিয়া দেন, কেবল সেইহ সময়ে স্ফোটনীয় দ্রব্যের চালান পাঠাইবার ষ্টেশনে প্রেরিত হইবে ও রেলওয়ের কর্ম্মচারীদের কর্ত্তৃক গৃহীত হইবে; এবং কোন রেলওয়ে দিয়া যে কোন স্ফোটনীয় দ্রব্য চালান করিবার প্রস্তাব হয়, তাহার প্রত্যেক প্যাকেজ ষ্টেশনে পঁহুছিবামাত্র রেলওয়ের যে কর্ম্মচারীরা আশঙ্কাজনক মাল গ্রহণ করিতে পারেন, তাঁহাদের নিকট অর্পিত ও তাঁহাদের কর্ত্তৃক গৃহীত হইবে, অন্য কোন ব্যক্তি গ্রহণ করিতে পারিবেন না।

৪র্থ।—কোন স্ফোটনীয় দ্রব্য পঁহুছিবার ষ্টেশনে পঁহুছিলে পর দিবাভাগের ১২ ঘণ্টার মধ্যে উক্ত ষ্টেশন হইতে কন্সাইনি তাহা লইয়া যাইবেন। এই নিয়ম ঠিক২ পালিত না হইলে, রেলওয়ে কর্ত্তৃপক্ষ চালানকারীর ঝুঁকিতে ও খরচে চালানের জিনিস তাঁহার নিকট ফিরাইয়া দিতে পারিবেন। আর ঐ সকল প্যাকেজ ইত্যবসরে ষ্টেশন ঘর হইতে যতদূরে সম্ভব ততদূরে যে গাড়ীতে করিয়া লইয়া যাওয়া হইয়াছিল, সেই গাড়ীতে রাখিতে হইবে; অথবা নামান হইয়া থাকিলে, ঐ প্যাকেজগুলি ত্রিপল বা অন্য উপযুক্ত দ্রব্য দিয়া সম্পূর্ণরূপে ঢাকিয়া রাখিতে হইবে, এবং আবশ্যক হইলে পোলিসের প্রহরীদ্বারা রক্ষিত হইবে।

৫ম।—এই সকল বিধি লঙ্ঘন করিয়া স্ফোটনীয় কোন দ্রব্য বন্ধ করিয়া দেওয়া হইয়াছে কি প্রেরণ করা হইয়াছে কোন প্যাকেজ সম্বন্ধে রেলওয়ের কর্ত্তৃপক্ষ এইরূপ সন্দেহ করিলে তাহা লইতে অস্বীকার করিতে পারিবেন। এরূপ যে প্যাকেজ সম্বন্ধে রেলওয়ের কর্ত্তৃপক্ষের সন্দেহ হয় তাহা কোন রেল-

ওয়েতে থাকিলে তাহা তাঁহারা চালানকারীর ঝুঁকীতে ও ব্যয়ে প্রকৃত বৃত্তান্ত অবগত হইবার জন্য খুলিতে বা খুলাইবার আদেশ দিতে পারিবেন এবং পূর্ব্ব প্রকরণের নির্দ্দিষ্ট প্রকারে ঐ প্যাকেজের অন্তর্গত স্ফোটনীয় দ্রব্য যাবৎ না চালানকারীকে তাঁহার ঝুঁকীতে ও ব্যয়ে ফিরাইয়া না দেন তাবৎ ঐ প্যাকেজ রাখিয়া তদন্তর্গত স্ফোটনীয় দ্রব্য ঐরূপে ফিরাইয়া দিতে পারিবেন।

৬ ষ্ঠ।—এই প্রকরণে নির্দ্দিষ্ট নিম্নলিখিত প্রকারে না হইলে ও নিম্নলিখিত প্রকারের না হইলে আরোহীদের ট্রেনে স্ফোটনীয় কোন দ্রব্য লইয়া যাওয়া যাইবে না।

(ক) নির্ব্বিঘ্নকর টোটা, রঞ্জকের টুপী ও ব্লাষ্টিং কার্য্যের জন্য নির্ব্বিঘ্নকর পলিতা ও রেলওয়ের ব্যবহারার্থ কুয়াসার সিগনেল সাধারণ মালের গাড়ী বা আরোহীর গাড়ীতে করিয়া আরোহীদের ট্রেনে লইয়া যাওয়া যাইতে পারিবে।

(খ) মৃগয়ার্থ বারুদ কি অনির্ব্বিঘ্নকর টোটা পূর্ব্ববর্ত্তী বিধানমতে ডবল আধারের মধ্যে পুরিয়া লইয়া যাওয়া যাইতে পারিবে। কিন্তু ঐ বারুদ এক২ পৌণ্ড টিন কানেস্তারার মধ্যে পুরিয়া ঐ কানেস্তারা আবার পুরু কাঠের বাক্সের মধ্যে দিতে হইবে ও ঐ বাক্সের উপর টিনের কি দস্তার এরূপ আবরণ থাকিবে যাহাতে আগুনের ফুলকী লাগিলে জ্বলিয়া না উঠে অথবা ঐ কানেস্তারা রেলওয়ে কর্তৃপক্ষের অনুমোদিত প্রকারের ধাতুমণ্ডিত আধারের মধ্যে দিতে হইবে। কিন্তু বাহির আবরণ স্বরূপ কোন বাক্সেই ২৫ পৌণ্ড বারুদের অধিক দিতে হইবে না ও এক ট্রেনযোগে মোট ৮০ পৌণ্ডের অধিক বারুদ কি অনির্ব্বিঘ্নকর টোটা চালান করিতে হইবে না।

৭ ম।—যে গাড়ির মধ্যে স্ফোটনীয় দ্রব্য আছে কোন রেলওয়ে ষ্টেশনে এরূপ গাড়ির পাঁচখানির অধিক একই সময়ে বোঝাই কি তাহা হইতে মাল নামাইতে হইবে না কিম্বা এক২ ট্রেনযোগে লইয়া যাইতে হইবে না, ও স্ফোটনীয় দ্রব্য লইয়া যাইবার জন্য বিশেষমতে প্রস্তুত হইয়া ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের অনুমোদিত না হইলে কোন এক খানি গাড়িতে সাধারণতঃ যত বোঝাই হয় উহাতে তাহার তিন ভাগের দুই ভাগের অধিক কোন স্ফোটনীয় দ্রব্য বোঝাই থাকিবে না। কিন্তু এই প্রকরণের কোন কথা ক্ষুদ্র২ অস্ত্রের টোটা প্রভৃতির স্বতন্ত্র২ চালান সম্বন্ধে খাটিবে বলিয়া জ্ঞান করিতে হইবে না।

৮ম।—স্ফোটনীয় দ্রব্যের সঙ্গে একই গাড়িতে বিলাতী দেসলাই কি অন্য দেসলাই, ফস্ফী, পাইপ-লাইট, দ্রাবক, নাফতা, পারাফিন, যে পেট্রোলিয়ম সম্বন্ধে পেট্রোলিয়ম বিষয়ক আইন কি ঐ আইন রহিতকারী বা সংশোধনকারী কোন আইন বর্ত্তে, তাহা কি অন্য উদ্বায়ু যে কোন স্পিরিট কি দ্রব্য হইতে আশুজ্বলনীয় বাষ্প উত্থিত হইতে পারে কি যাহা স্বতঃ জ্বলিয়া উঠিতে কিম্বা অগ্নি বা স্ফোটন উৎপাদন করিতে বা লাগাইতে পারে তাহা লইয়া যাইতে হইবে না।

৯ম।—স্ফোটনীয় দ্রব্য অর্থাৎ গনকটন, ডাইনামাইট কি ব্লাষ্টিং জিলেটাইন কষ্টিমত নির্ম্মল ও প্রস্তুত হইবার পর উহার গুণের অপকর্ষ ঘটে নাই, ও ডাইনামাইট হইলে টোটাগুলি পরীক্ষা করা গিয়াছে ও তাহাতে নাইট্রো গ্লিসেরাইন নিঃসৃত হইবার কোন চিহ্ন নাই, চালানকারী চালানে এতদর্থে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্তৃপক্ষের স্বাক্ষরিত এই মর্ম্মের এক খানি সার্টিফিকেট সংযোগ করিয়া দিবেন। বন্ধ করিবার বিধি অনুসারে টোটাগুলি যে এই দেশে বন্ধ করা হইয়াছে চালানকারী ইহারও সার্টিফিকেট দিবেন।

১০ ম।—ডাইনামাইট হইলে উহা যে তারিখে বন্ধ করা গেল বাহিরের প্যাকেজে তাহা লিখিয়া দিতে হইবে ও পরীক্ষা যে হইয়াছে ইহার চিহ্ন স্বরূপ ঐ প্যাকেজে শিশের মোহর করিয়া আঁটিতে হইবে।

১১ শ।—১৫ অক্টোবর তারিখের পর পরীক্ষা হইয়া থাকিলে ৯ প্রকরণে উল্লিখিত সার্টিফিকেট যে তারিখে দেওয়া যায় তাহার পর ছয় মাস কাল প্রবল থাকিবে। কিন্তু কোন রেলওয়ে কর্তৃপক্ষ ১ আপ্রিল অবধি ১৫ অক্টোবর তারিখ পর্য্যন্ত ডাইনামাইট প্রেরণার্থ গ্রহণ করিতে বাধ্য হইবেন না।

১২ শ।—ডাইনামাইটের প্যাকেজগুলি কেবল এক থাক করিয়া সাজাইতে হইবে এবং এরূপে আবদ্ধ করিতে হইবে যেন লইয়া যাইবার সময়ে নড়া চড়া না পায়। কোন এক খানি মালের গাড়িতে মোট ৩ টনের অধিক বোঝাই করিতে হইবে না।

১৩শ।—৫ম (ফুলমিনেট) শ্রেণীর কি ৬ষ্ঠ শ্রেণীর ৩ ভাগের অন্তর্গত কোন স্ফোটনীয় দ্রব্য একই ট্রেনযোগে ডাইনামাইট কি ৩ য় শ্রেণীর ১ ভাগের অন্তর্গত অন্য কোন স্ফোটনীয় দ্রব্যের সঙ্গে লইয়া যাইতে হইবে না।

১৪ শ।—স্ফোটনীয় দ্রব্য লইয়া যাইবার কার্য্যে যে মালের গাড়িগুলি ব্যবহৃত হয় তাহা পরীক্ষা করিয়া দেখিতে হইবে যে তাহাতে আগুনের ফুলকী প্রবেশ করিতে পারে না এবং বোঝাই হইবার পূর্ব্বে পরিষ্কৃত হইয়াছে। কেশনির্ম্মিত বস্ত্র, চামড়া কি অন্য উপযোগী দ্রব্য ঐ গাড়ির মেঝের উপর ও প্রত্যেক

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫।২০ অক্টোবর।]

থাক প্যাকেজের উপর পাতিয়া দিতে হইবে। কিন্তু প্যাকেজগুলি চট কি পশমের দ্বারা ঢাকা দেওয়া থাকিলে কি উহার মধ্যে টিনে মোড়া সর্ব্বিস পেটার্ণের বাক্সে আঁটা ক্ষুদ্র২ অস্ত্রের টোটাপ্রভৃতি থাকিলে ঐরূপ করিতে হইবে না।

১৫ শ।—যে সকল মাল গাড়িতে স্ফোটনীয় দ্রব্য থাকে তাহা ষ্টেশন বাটী হইতে যতদূর সম্ভব দূরস্থিত সাইডিঙ্গে বোঝাই করিতে হইবে অথবা তাহা হইতে মাল নামাইতে হইবে।

১৬ শ।—যে সকল প্যাকেজে স্ফোটনীয় দ্রব্য থাকে তাহা উপরি উপরি তিন থাকের অধিক সাজাইতে হইবে না। কিন্তু টিনে মোড়া সর্ব্বিস পেটার্ণের বাক্সে আঁটা ক্ষুদ্র২ অস্ত্রের টোটাপ্রভৃতি হইলে উক্ত নিয়ম অনাবশ্যক হওয়াতে ঐরূপ করিতে হইবে না। স্ফোটনীয় দ্রব্য গাড়ি হইতে নামাইবার বা গাড়ি বোঝাই করিবার কার্য্য একবার আরম্ভ হইলে যতক্ষণ না শেষ হয় ততক্ষণ দিনের বেলা ঐ কার্য্য বিশেষ পরিশ্রম সহকারে চালাইতে হইবে।

১৭ শ।—ট্রেন সাজাইয়া লইবার সময় যে সকল মালের গাড়িতে স্ফোটনীয় দ্রব্য বোঝাই হইয়াছে কোন এঞ্জিনদ্বারা তাহা সণ্ট করা যাইতে পারিবে, কিন্তু ঐরূপ স্থলে ঐ সকল গাড়ি ও এঞ্জিনের মধ্যে অন্যূন তিন খানি এরূপ মালের গাড়ি থাকিবে যাহাতে কোন স্ফোটনীয় দ্রব্য কি আশুজ্বলনশীল কোন পদার্থ নাই। স্ফোটনীয় দ্রব্য লইয়া যাইবার নিমিত্ত বিশেষমতে নির্ম্মিত ও ভারতবর্ষের গবর্ণমেণ্টের অনুমোদিত গাড়ির বেলা এইরূপ সতর্কতা আবশ্যক হয় না। ঐ সকল গাড়ির গতি ঘণ্টায় ৫ মাইলের অধিক হইবে না। উপযুক্তমতে ক্ষমতা প্রাপ্ত কোন কর্ত্তৃপক্ষ উহার তত্ত্বাবধান করিবেন। এই সকল আজ্ঞা যাহাতে পালিত হয় তন্নিমিত্ত তিনি দায়ী থাকিবেন। দ্রুত গতিতে সণ্ট করা বিশেষমতে নিষেধ করা যাইতেছে।

১৮ শ।—যে সকল মাল গাড়িতে স্ফোটনীয় দ্রব্য থাকে তাহা ট্রেনের পশ্চাৎভাগে এঞ্জিন হইতে দূরে রাখিয়া পরস্পর ও সন্নিহিত গাড়িগুলির সহিত দৃঢ় ভাবে বদ্ধ করিতে হইবে; এবং উহার অগ্রে ও পশ্চাতে তিন২ খানি এরূপ মালগাড়ি থাকিবে যাহাতে স্ফোটনীয় কোন দ্রব্য কি আশুজ্বলনশীল অন্য কোন পদার্থ নাই।

১৯ শ।—স্ফোটনীয় দ্রব্য চালান করিবার কার্য্যে ব্যবহৃত মালের গাড়িতে কি ঐ গাড়ির ঠিক লাগাও গাড়িতে ব্রেক দেওয়া থাকিলে কিছুতেই ঐ ব্রেক ব্যবহার করিতে হইবে না।

২০ শ।—কোন মালের গাড়িতে স্ফোটনীয় দ্রব্য বোঝাই হইলে প্রত্যেক স্থলেই ঐ গাড়ি কুলুপ দিয়া বদ্ধ করিতে হইবে।

২১ শ।—জংসন ষ্টেশনে স্ফোটনীয় দ্রব্য স্থানান্তর করণ সংক্রান্ত তাবৎ ব্যাপার দিবাভাগে সাধিত হইবে।

৭। কোন ব্যক্তি স্ফোটনীয় দ্রব্য চালান করিবার প্রণালী বিষয়ক পূর্ব্বোক্ত বিধির কোন বিধি লঙ্ঘন করিলে, তাঁহার ১০০০৲ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

আমদানী করণ বিষয়ক বিধি।

৮। স্ফোটনীয় দ্রব্য আমদানী করিবার জন্য এই সকল বিধিমতে প্রদত্ত কোন লাইসেন্সের নিয়ম-ক্রমে ও তদনুসারে না হইলে, স্ফোটনীয় কোন দ্রব্য সমুদ্রপথে বৃটিষ ভারতবর্ষে আমদানী করা যাইবে না।

কিন্তু ১১ ধারার উল্লিখিত স্ফোটনীয় দ্রব্য ভিন্ন অন্য কোন স্ফোটনীয় দ্রব্য বৃটিষ রাজ্যে প্রস্তুত হইয়াছে ইহার সর্টিফিকেট দেওয়া গেলে, আমদানী করিবার লাইসেন্স পাইবার পূর্ব্বে স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে যে বিধি নির্দ্দেশ করেন তদনুসারে নামাইয়া স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত কার্য্যের জন্য যে স্থান স্বতন্ত্র করিয়া রাখিয়া দেন তথায় গুদামজাত করা যাইতে পারিবে। কোন স্ফোটনীয় দ্রব্য বৃটিষ রাজ্যে প্রস্তুত না হইয়া থাকিলেও উহা উপযুক্ত সরকারী কর্ত্তৃত্বাধীনে প্রস্তুত করা গিয়াছে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইহা হৃদবোধমতে জানিতে পারিলে, তিনি উক্ত দ্রব্য সম্বন্ধে ঐরূপ অনুগ্রহ প্রদর্শন করিতে পারিবেন।

এই ধারার উপবিধানমতে কোন স্ফোটনীয় দ্রব্য জাহাজ হইতে নামাইবার পূর্ব্বে কনসাইনী বন্দরের কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষের নিকট এ স্ফোটনীয় দ্রব্য নির্দ্দিষ্ট পরীক্ষায় উত্তীর্ণ না হইলে স্থানীয় গবর্ণমেণ্ট তাহা লইয়া কার্য্য করিবার জন্য যেরূপ আদেশ করেন সেই আদেশ পালন করিবেন বলিয়া উক্ত কর্ত্তৃপক্ষ যেরূপ প্রচুর জ্ঞান করেন সেইরূপ প্রতিভূ সহিত বা প্রতিভূ বিনা একরার লিখিয়া দিবেন।

৯। ৮ ধারা লঙ্ঘন করিয়া কোন ব্যক্তি কোন স্ফোটনীয় দ্রব্য আমদানী করিলে, তাঁহার তিন হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

১০। কলিকাতা, মান্দ্রাজ, বোম্বাই, রাঙ্গুন, কালিকাট করাচী ও এদন বন্দর ভিন্ন অন্য কোন স্থানে সমুদ্রপথে স্ফোটনীয় দ্রব্য আমদানী করা যাইবে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২০ অক্টোবর।]

১১। স্ফোটনীয় দ্রব্য বারুদ হইলে অথবা ৬ষ্ঠ (টোটাপ্রভৃতি) শ্রেণীর ১ম ভাগের কি ৭ম (আতস বাজী) শ্রেণীর অন্তর্গত কোন স্ফোটনীয় দ্রব্য হইলে, উহা আমদানী করিবার লাইসেন্স কলিকাতা, মান্দ্রাজ ও বোম্বাই বন্দরে পোর্টাসের কমিশ্যনর সাহেব ও রাঙ্গুন, কালিকট, করাচী ও এদন বন্দরে ডিষ্ট্রিক্ট মাজিষ্ট্রেট সাহেব দিতে পারিবেন।

১২। তদ্রূপ প্রত্যেক লাইসেন্স সম্বন্ধে ১০৲ টাকা ফী দিতে হইবে।

১৩। ১১ ধারার উল্লিখিত প্রকারের ভিন্ন অন্য কোন স্ফোটনীয় দ্রব্য আমদানী করিবার লাইসেন্স স্থানীয় গবর্ণমেণ্ট কিম্বা এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্টের স্থানে বিশেষমতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্তৃপক্ষ দিবেন।

১৪। রাসায়নিক পরীক্ষক কি এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত অন্য কোন কর্তৃপক্ষ ১৩ ধারার উল্লিখিত প্রকারের স্ফোটনীয় দ্রব্যের নমুনা পশ্চাল্লিখিত বিধানমতে লইয়া ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ঐরূপ স্ফোটনীয় দ্রব্যের নিমিত্ত সময়ে২ যে পরীক্ষা নির্দ্দেশ করেন সেই পরীক্ষায় উহা উত্তীর্ণ হইয়াছে এই সর্টিফিকেট না দিলে, ঐরূপ স্ফোটনীয় দ্রব্য আমদানী করিবার লাইসেন্স দেওয়া যাইবে না।

১৫। যে বন্দরে আইনমতে স্ফোটনীয় দ্রব্য আমদানী করা যাইতে পারে, ১১ ধারার উল্লিখিত প্রকারের স্ফোটনীয় দ্রব্য ভিন্ন অন্য কোন স্ফোটনীয় দ্রব্য লইয়া কোন জাহাজ সেই বন্দরে আসিয়া পঁহুছিলে, কষ্টমের প্রধান কর্তৃপক্ষ যে কার্য্যকারককে এতদর্থে ক্ষমতা প্রদান করেন তিনি যত শীঘ্র হইতে পারে জাহাজে যাইয়া স্ফোটনীয় দ্রব্যের নমুনা লইয়া আসিবেন।

জাহাজের অধ্যক্ষ উক্ত কার্য্যকারককে বিনা খরচে তাঁহার আবশ্যক নমুনা দিবেন। ঐ কার্য্যকারক তদ্রূপ প্রত্যেক নমুনায় জাহাজের নাম, কন্সাইনীর নাম, ও অন্য যে বিশেষ চিহ্ন দেওয়া আবশ্যক বোধ করেন তাহা অঙ্কিত করিয়া দিবেন ও উহা রাসায়নিক পরীক্ষক কি পূর্ব্বোক্তমত কার্য্যকারকের নিকট রিপোর্টের জন্য পাঠাইয়া দিবেন।

রাসায়নিক পরীক্ষক কি পূর্ব্বোক্ত কার্য্যকারক ঐ সকল নমুনা পরীক্ষা করিবার পর অবিলম্বে কষ্টমের প্রধান কর্তৃপক্ষের দ্বারা ঐ স্ফোটনীয় দ্রব্য নির্দ্দিষ্ট পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে কি না ইহার সর্টিফিকেট দিয়া লাইসেন্সদায়ী কর্তৃপক্ষের নিকট আপন স্বাক্ষরযুক্ত করিয়া এক খানি রিপোর্ট প্রেরণ করিবেন।

১৬। ১৩ ধারামতে প্রদত্ত স্ফোটনীয় দ্রব্য আমদানী করিবার লাইসেন্স ঐ লাইসেন্সদায়ী কর্তৃপক্ষ যত কালের জন্য আবশ্যক বোধ করেন তত কালের অধিক কাল প্রবল থাকিবে না।

১৭। ১৩ ধারামতে প্রদত্ত লাইসেন্সের ফী ১০৲ টাকা হইবে।

১৮। ১১ ও ১৩ ধারামতে প্রদত্ত প্রত্যেক লাইসেন্স এতৎসংযুক্ত তফসীলের লিখিত A চিহ্নিত পাঠে হইবে ও তাহার নির্দ্দিষ্ট নিয়মাধীনে ও জাহাজ হইতে স্ফোটনীয় দ্রব্য খালাস করিবার, নামাইবার, অর্পণ করিবার ও লইয়া যাইবার সময় ও স্থান সম্বন্ধে অতিরিক্ত নিয়ম ও লাইসেন্সদায়ী কার্য্যকারক প্রত্যেক স্থলে সাধারণের নির্ব্বিঘ্নতা অথবা সাম্রাজ্যের হিতার্থে অন্য যে সকল নিয়ম আবশ্যক বোধ করেন সেই সকল নিয়মাধীনে হইবে।

১৯। ১১ ও ১৩ ধারামত লাইসেন্স যে২ নিয়মাধীনে প্রদত্ত হয় কোন ব্যক্তি তন্মধ্যে কোন নিয়ম লঙ্ঘন করিলে, তাহার তিন হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

## সাধারণ বিধি।

২০। এই সকল বিধিমতে প্রদত্ত প্রত্যেক লাইসেন্স যে২ নিয়মাধীনে প্রদত্ত হয়, তাহার কোন নিয়ম লঙ্ঘন হইলে রহিত করা যাইতে পারিবে।

২১। স্ফোটনীয় দ্রব্য আমদানী করিবার লাইসেন্সপ্রাপ্ত কোন ব্যক্তির মৃত্যু হইলে কি তিনি দেউলিয়া হইলে কিম্বা মানসিক ভ্রমে অপারগ কি প্রকারান্তরে অক্ষম হইয়া পড়িলে, উক্ত লাইসেন্স প্রাপ্ত ব্যক্তির কর্ম্ম যে ব্যক্তি চালান তাঁহার ঐ লাইসেন্সদায়ী কর্তৃপক্ষের নিকট মূল লাইসেন্সের অবশিষ্ট কাল ঐ লাইসেন্সক্রমে কার্য্য করণার্থে আপন নামে নূতন লাইসেন্স পাইবার নিমিত্ত দরখাস্ত করিতে হইলে যুক্তিসিদ্ধ যে কাল আবশ্যক সেই কালের জন্য কার্য্য চালাইবার নিমিত্ত এই আইনমতে কি এই আইনক্রমে প্রণীত বিধিমতে সম্পত্তি দণ্ড বা অন্য কোন দণ্ড হইতে পারিবে না। এক টাকা ফী দিলে ঐ নূতন লাইসেন্স দেওয়া যাইবে।

২২। এই সকল বিধিমতে যে ফী আদায় করা যাইবে তাহা "ছাপাকরা ইষ্টাম্প" যোগে লওয়া যাইবে। সামান্যতঃ লাইসেন্স পাইবার কি লাইসেন্স নূতন করিয়া লইবার দরখাস্ত, তৎসম্বন্ধে প্রকারান্তরের বিধান না হইয়া থাকিলে, তদ্রূপ লাইসেন্স কি লাইসেন্স নূতন করিয়া দিতে হইলে যে ফী লওয়া যাইতে পারে সেই ফীর তুল্য মূল্যের "ছাপাকরা ইষ্টাম্প" কাগজে লিখিতে হইবে, কিন্তু লাইসেন্সগুলি সাদা কাগজে লিখিয়া দেওয়া যাইবে। কিন্তু লাইসেন্সগুলি ছাপাকরা ইষ্টাম্প কাগজে লিখিত বা মুদ্রিত হইলে, ঐ দরখাস্ত সাদা কাগজে হইতে পারিবে। ছাপাকরা ইষ্টাম্প কাগজে লাইসেন্স পাইবার দরখাস্ত করা গেলে ও লাইসেন্স না দেওয়া না গেলে, দরখাস্তকারীর প্রার্থনামতে তাঁহাকে ইষ্টাম্পের মূল্য ফেরত দেওয়া যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২০ অক্টোবর।]

২৩। এই সকল বিধিমতে প্রদত্ত লাইসেন্স হারান গেলে কি দৈবাৎ নষ্ট হইলে, লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি ।৹ আট আনা ফী দিলে দোকর লাইসেন্স পাইতে পারিবেন।

২৪। এই সকল বিধি অনুসারে প্রদত্ত লাইসেন্সধারী কি তৎক্রমে কার্য্যকারী কোন ব্যক্তি, কোন মাজিষ্ট্রেট কি পোলীস ষ্টেশনের অধ্যক্ষ কি পোলীসের উর্দ্ধতন কোন কার্য্যকারক তাঁহার প্রতি ঐ লাইসেন্স উপস্থিত করিবার আদেশ করিলে, উহা উপস্থিত করিতে বাধ্য হইবেন।

২৫। মাজিষ্ট্রেটেরা কি অন্য যে কর্ত্তৃপক্ষেরা এই সকল বিধিক্রমে কার্য্য করেন তাঁহারা আপনং শাসনসংক্রান্ত উপরিস্থ কর্ত্তৃপক্ষের ও স্থানীয় গবর্ণমেণ্টের কর্ত্তৃত্বাধীনে আপনং কর্ত্তব্য কার্য্য সম্পাদন করিবেন।

২৬। পূর্ব্ব ধারামতে লাইসেন্স দিবার ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ত্তৃপক্ষ উচিত বোধ করিলে, লাইসেন্সের উপর লিখিত আজ্ঞা দিয়া ভারতবর্ষীয় অস্ত্র বিষয়ক ১৮৭৮ সালের আইনমত ঐ প্রকারের লাইসেন্সের ন্যায় ঐ লাইসেন্স ফলবৎ হইবে এই আদেশ করিতে পারিবেন।

২৭। যে ব্যক্তিরা ভারতবর্ষীয় অস্ত্রবিষয়ক ১৮৭৮ সালের আইন কি ঐ আইনমতে প্রণীত বিধিক্রমে ঐ আইনের অর্থমত বারুদ দ্রব্যের মধ্যে গণ্য স্ফোটনীয় কোন দ্রব্য আইনমতে রাখিতে পারেন, তাঁহারা আপনং ব্যবহারার্থ যুক্তিসিদ্ধ পরিমাণে ঐরূপ স্ফোটনীয় দ্রব্য রাখিতে কি এই সকল বিধিমত লাইসেন্স বিনা আমদানী করিতে পারিবেন। কিন্তু স্ফোটনীয় কোন দ্রব্য তদ্রূপে আমদানী করা গেলে, কষ্টমের কালেক্টর সাহেব কি স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে নাম বা পদোল্লেখে অন্য যে কার্য্যকারককে ক্ষমতা প্রদান করেন তিনি যে কোন সময়ে তৎসম্বন্ধে যাবৎ স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞা প্রাপ্ত না হন তাবৎ ঐ স্ফোটনীয় দ্রব্য আটকাইয়া রাখিতে পারিবেন।

A পাঠ।

(বিধির ১১, ১৩, ১৮ ধারা দেখ।)

ইষ্টাম্প যোগে ১০৲ টাকা ফী।

অমুক বন্দরে স্ফোটনীয় দ্রব্য আমদানী করিবার লাইসেন্স।

| লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির নাম প্রভৃতি ও ঠিকানা। | প্যাকেজের সংখ্যা। | স্ফোটনীয় দ্রব্যের | | | যে জন্য প্রয়োজন। | সঞ্চিত স্থান। | যত কাল লাইসেন্স চলিত থাকিবে। |
|---|---|---|---|---|---|---|---|
| | | বর্ণনা। | ওজন। | নম্বর। | | | |
| | | | | | | | ১৮ সালের অমুক মাসের অমুক তারিখ অবধি অমুক মাসের অমুক তারিখ পর্য্যন্ত। |

(স্বাক্ষর)

সাল তাং } (মোহর।)

নিয়ম।

১। এই লাইসেন্স স্ফোটনীয় দ্রব্য বিষয়ক ভারতবর্ষীয় ১৮৮৪ সালের আইনের ও ঐ আইনক্রমে প্রণীত বিধির নিয়মাধীনে দেওয়া গেল।

২। এই লাইসেন্স এতল্লিখিত সময় অতীত হইলে অসিদ্ধ হইবে।

৩। এই লাইসেন্স কেবল আমদানী সম্বন্ধে খাটিবে: যদি ইহার লিখিত দ্রব্যগুলি রাজধানী নগরের বাহিরের কোন স্থানে চালান করিতে হয়, তাহা হইলে চালান করিবার লাইসেন্স দ্বারা ঐ দ্রব্যগুলি রক্ষা করিতে হইবে।

৪। প্রত্যেক প্যাকেজের বহির্ভাগে দাগদ্বারা কিম্বা শক্তরূপে লাগান লাবেল বা চিহ্নদ্বারা বড়ং অক্ষরে explosive অর্থাৎ স্ফোটনীয় দ্রব্য এই কথা দিতে হইবে, এবং পরে স্ফোটনীয় দ্রব্যের নাম অথবা ভিতরে যাহা থাকে, তাহার অন্য বর্ণনা এবং স্বামীদের কিম্বা প্রেরকদের নাম ও ঠিকানা দিতে হইবে।

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২০ অক্টোবর। ]

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত উইলিয়ম রস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# অতিরিক্ত গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার, ১৮৮৫ সাল ২০ অক্টোবর।

## দ্বিতীয় খণ্ড।

*The 13th October* 1885.—The following telegram, received from the Government of Bombay, dated the 13th October 1885, is published for general information.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

TELEGRAM.

FOLLOWING from Government of India:—Your telegram 7th. Withdrawal of quarantine at Aden and Perim on arrivals from Bombay sanctioned.

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৩ অক্টোবর।—বোম্বাই গবর্ণমেণ্টহইতে প্রাপ্ত ১৮৮৫ সালের ১৩ অক্টোবর তারিখের নিম্নলিখিত টেলিগ্রাম সাধারণের অবগতি নিমিত্ত প্রকাশ করা যাইতেছে।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

টেলিগ্রাম।

ভারতবর্ষের গবর্ণমেণ্টহইতে নিম্নলিখিত টেলিগ্রাম প্রাপ্ত হওয়া গিয়াছে।—আপনার ৭ তারিখের টেলিগ্রাম। বোম্বাইহইতে আগত জাহাজের উপর এদন ও পেরিমে কারাণ্টাইন রহিত করণ অনুমোদন করা গেল।

[*Government Gazette, 20th October* 1885.]

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত উইলিয়ম রস সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

Numb. 2413 [২৪১০].

[REGISTERED No. 30.]




# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 27, 1885.

মঙ্গলবার, ১৮৮৫ সাল ২৭ অক্টোবর।

CONTENTS.


| | Page. |
|---|---|
| Part I.—Resolutions, Orders, and Notifications of the Government of India... | 101—105 |
| Part II.—Resolutions, Orders, and Notifications by the Lieut.-Governor of Bengal | 1157—1175 |
| Part IIA.—Orders by the Lieutenant-Governor of Bengal ... ... | 109—125 |
| Part III.—Acts of the Legislative Council of India ... ... ... | Nil. |
| Part IV.—Bills of the Legislative Council of India ... ... ... | Nil. |
| Part V.—Acts of the Bengal Council ... ... | Nil. |
| Part VI.—Bills of the Bengal Council ... ... | Nil. |
| Part VII.—Circular Orders of the High Court and Board of Revenue ... ... | Nil. |
| Part VIII.—Advertisements ... ... | 1089—1103 |
| Supplement ... ... ... ... | Nil. |


নির্ঘণ্ট।


| | পৃষ্ঠা। |
|---|---|
| প্রথম খণ্ড।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি ... | ১০১—১০৫ |
| দ্বিতীয় খণ্ড।—বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি ... | [illegible]—১১৭৫ |
| দ্বিতীয় ক খণ্ড।—বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ | [illegible]—১২৫ |
| তৃতীয় খণ্ড।—ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন ... ... | নাই। |
| চতুর্থ খণ্ড।—ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি ... ... | নাই। |
| পঞ্চম খণ্ড।—বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন | নাই। |
| ষষ্ঠ খণ্ড।—বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি ... ... | নাই। |
| সপ্তম খণ্ড।—হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের সাধারণ জ্ঞাপনপত্র ... ... | নাই। |
| অষ্টম খণ্ড।—ইশ্তিহার প্রভৃতি ... ... | ১০৮৯—১১০৩ |
| পরিশিষ্ট গবর্ণমেণ্ট গেজেট ... ... | নাই। |


## PART I.

### Resolutions, Orders, and Notifications of the Government of India.

## প্রথম খণ্ড।

### ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

# DEPARTMENT OF FINANCE AND COMMERCE.

## NOTIFICATIONS.

### Leave and Appointments.

*Simla, the 14th October* 1885.

*No.* 3499.—Mr. E. S. Byrne having been posted as Deputy Accountant-General, Bengal, received charge of that appointment from Mr. O. T. Barrow before noon on the 8th September 1885.

The services of Mr. E. W. Collin having been replaced at the disposal of the Government of Bengal, and Mr. O. T. Barrow having been posted as Assistant Accountant-General, Bengal, Mr. Collin made over and Mr. Barrow received charge of the said appointment before noon on the 8th September 1885.

*No.* 3568.—Major R. V. Riddell, R.E., having returned from privilege leave, received charge of his office as Mint Master, Calcutta, from Major A. W. Baird, R.E., after-noon on the 12th October 1885.

---

### Separate Revenue.

### Stamps.

### Non-Judicial Stamps.

### Amendment, &c., &c.

*The 16th October* 1885.

*No.* 3515.—In exercise of the powers conferred by section 56 of the Indian Stamp Act, 1879, the Governor-General in Council is pleased to make the following rule, in supersession of Rule 5, clause (*e*), of the Rules promulgated by Financial Notification No. 1288, dated 3rd March 1882—

'When a single sheet used under this rule is found insufficient to admit of the entire instrument being written on the side of the paper which bears the stamp, so much plain paper may be subjoined thereto as may be necessary for the complete writing of such instrument : provided that in every such case the side of the sheet which bears the stamp must be covered by a substantial part of the instrument before any part of the latter can be written on the plain paper joined to such sheet.'

---

### Separate Revenue.

### Post Office.

### General Matters.

*The 16th October* 1885.

*No.* 3552.—The Governor-General in Council has been pleased to frame the following rule under section 63 of the Indian Post Office Act, 1866, and to direct that it be substituted for No. XLIX of the Orders and Rules published in the Notification of the Government of India, Home Department, No. 1'9, dated the 21st April 1866—

" XLIX. The postage of a letter, newspaper, or other article shall not be deemed to be prepaid by means of a proper stamp—

(*a*) if the stamp is a stamp which has not been provided for use as a postage stamp under section 36 of the Indian Post Office Act, 1866 ; or

(*b*) If the stamp has been obliterated, defaced, torn, cut, or otherwise rendered imperfect ; or

[ *Government Gazette, 27th October* 1885.]

## রাজস্ব ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

---

### ছুটী ও নিয়োগ বিষয়ক।

সিমলা, ১৮৮৫ সাল ১৪ অক্টোবর।

৩৪৯৯ নম্বর।—শ্রীযুত ই, এস, বর্ণে সাহেব বঙ্গদেশের ডেপুটী আকৌণ্টাণ্ট জেনরলের পদে অবস্থাপিত হওয়াতে শ্রীযুত এ, টি, বারো সাহেবের স্থানে ১৮৮৫ সালের ৮ সেপ্টেম্বরের পূর্ব্বাহ্নে উক্ত কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

শ্রীযুত ই, ডবলিউ, কলিন সাহেব বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে পুনঃ সংস্থাপিত হওয়ায় এবং শ্রীযুত এ, টি, বারো সাহেব বঙ্গদেশের আসিষ্টাণ্ট আকৌণ্টাণ্ট জেনরলের পদে নিযুক্ত হওয়ায় শ্রীযুত কলিন সাহেব ১৮৮৫ সালের ৮ সেপ্টেম্বরের পূর্ব্বাহ্নে শ্রীযুত বারো সাহেবের প্রতি কর্ম্মের ভার অর্পণ করিলেন ও তিনি তাহা গ্রহণ করিলেন।

৩৫৬৮ নম্বর।—মেজর শ্রীযুত আর, বি, রিডেল সাহেব, আর, ই, অনুগ্রহের ছুটী হইতে প্রত্যাগমন করিয়া মেজর শ্রীযুত এ, ডবলিউ, ষ্টেয়ার্ড, আর, ই, সাহেবের স্থানে ১৮৮৫ সালের ১২ অক্টোবরের অপরাহ্নে কলিকাতার মিণ্ট-মাষ্টরের কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

---

### স্বতন্ত্র রাজস্ব।

### ইষ্টাম্প বিষয়ক।

### বিচারকার্য্য সম্পর্কীয় ভিন্ন ইষ্টাম্প।

সংশোধন প্রভৃতি।

১৮৮৫ সাল ১৬ অক্টোবর।

৩৫১৭ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি ভারতবর্ষীয় ইষ্টাম্প বিষয়ক ১৮৭৯ সালের আইনের ৫৬ ধারাক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি রাজস্ব সম্পর্কীয় ১৮৮২ সালের ৩ মার্চ্চ তারিখের ১২৮৮ নং বিজ্ঞাপন দ্বারা প্রচলিত বিধির ৫ ধারার (ঙ) প্রকরণ রহিত করিয়া নিম্নলিখিত প্রকরণ প্রণয়ন করিলেন।—

‘এই ধারামতে ব্যবহৃত এক তক্তা কাগজের যে পৃষ্ঠে ইষ্টাম্প করা আছে সেই পৃষ্ঠে নিদর্শনপত্রের সমুদয় কথা লিখিতে কুলায় না দেখা গেলে ঐ নিদর্শনপত্রের শেষ পর্য্যন্ত লিখিবার নিমিত্ত যত আবশ্যক তত শাদা কাগজ তাহাতে যোড়া যাইতে পারিবে। কিন্তু উক্ত প্রত্যেকস্থলে ছাপাকরা ইষ্টাম্প কাগজের যে দিকে ইষ্টাম্প করা আছে, সেই দিকে নিদর্শনপত্রের প্রয়োজনীয় কোন অংশ লিখিয়া পূর্ণ করা না গেলে ঐ ইষ্টাম্প কাগজে সংযুক্ত অন্য শাদা কাগজে ঐ নিদর্শনপত্রের কোন অংশ লিখিতে হইবে না।’

---

### স্বতন্ত্র রাজস্ব।

### ডাকঘর বিষয়ক।

সাধারণ বিষয়।

১৮৮৫ সাল ১৬ অক্টোবর।

৩৫৫২ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ভারতবর্ষীয় ডাকঘর বিষয়ক ১৮৬৬ সালের আইনের ৬৩ ধারামতে নিম্নলিখিত বিধি প্রণয়ন করিয়া হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৬৬ সালের ২১ আপ্রিল তারিখের ১৮৯ নং বিজ্ঞাপনে প্রকাশিত আজ্ঞা ও বিধির ৪৯ ধারার পরিবর্ত্তে এই বিধি দিবার আজ্ঞা করিলেন।—

“৪৯।—

(ক) ভারতবর্ষীয় ডাকঘর বিষয়ক ১৮৬৬ সালের আইনের ৩৬ ধারামতে ডাকমাশুলের ইষ্টাম্প বলিয়া যে ইষ্টাম্প ব্যবহার করিবার বিধান হইয়াছে সেই ইষ্টাম্প না হইলে; কিম্বা

(খ) ইষ্টাম্প অপাঠ্য কি বিকৃত করা কি ছিঁড়িয়া ফেলা, কি কাটা গেলে কিম্বা প্রকারান্তরে অসম্পূর্ণ করা গেলে; কিম্বা

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৭ অক্টোবর।]

(*c*) if the stamp has been cut from an embossed envelope or from a postcard; or

(*d*) if the stamp is on an embossed envelope, and that envelope is used as a wrapper for a newspaper, or is wholly or partly cut open.

J. F. FINLAY,
*Offg. Secretary to the Govt. of India.*

## PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATION.

*Simla, the* 13*th October* 1885.

*No.* 282.—Mr. E. J. Alexander, Assistant Engineer, first grade, State Railways, is on return from furlough posted to the establishment under the Government of Bengal.

*No.* 284.—Mr. F. L. Dibblee, Executive Engineer, 1st grade, State Railways, is transferred in the interests of the public service from the Establishment under the Director-General of Railways to that under the Government of Bengal.

Mr. T. Concannon, Assistant Engineer, 1st grade, British Burma, temporarily transferred to State Railways, is in the interests of the public service also transferred from the Establishment under the Director-General of Railways to that under the Government of Bengal.

W. S. TREVOR, *Colonel*, R.E.,
*Secretary to the Government of India.*

(গ) ছাপা খাম কি পোস্টকার্ডহইতে ইষ্টাম্প কাটিয়া লওয়া গেলে; কিম্বা

(ঘ) খামে ছাপা ইষ্টাম্প হইলে ও সেই খাম কোন সম্বাদপত্রের আবরকস্বরূপ ব্যবহার হইলে কি সম্পূর্ণরূপে বা অংশতঃ কাটিয়া খোলা গেলে;

সেই ইষ্টাম্প, পত্রের কি সম্বাদপত্রের বা অন্য কোন দ্রব্যের উপযুক্ত ইষ্টাম্প দ্বারা অগ্রিম দত্ত ডাকমাসুল বলিয়া জ্ঞান করা যাইবে না।

জে, এফ, ফিন্‌লে,
ভারতবর্ষীয় গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

---

## পাবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

### বিজ্ঞাপন।

সিমলা, ১৮৮৫ সাল ১৩ অক্টোবর।

২৮৩ নম্বর।—ষ্টেট রেলওয়ে সমূহের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত ই, জে, আলেক্‌জাণ্ডর সাহেব নিয়মিত ছুটিহইতে প্রত্যাগমন করিয়া বঙ্গদেশের গবর্ণমেন্টের অধীন সিরিশ্‌তায় অবস্থাপিত হইলেন।

২৮৪ নম্বর।—ষ্টেট রেলওয়ে সমূহের প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এফ, এল, ডিবলী সাহেব রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে ষ্টেট রেলওয়ে সমূহের ডৈরেক্টর জেনরলের অধীন সিরিশ্‌তা হইতে বঙ্গদেশের গবর্ণমেন্টের অধীন সিরিশতায় প্রেরিত হইলেন।

কিয়ৎ কালের জন্যে ষ্টেট রেলওয়ে সমূহে প্রেরিত ব্রিটিষ ব্রহ্মদেশের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত টি, কনকানন সাহেব রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে ষ্টেট রেলওয়ে সমূহের ডৈরেক্টর জেনরলের অধীন সিরিশতায় হইতে বঙ্গদেশের গবর্ণমেন্টের অধীন সিরিশ্‌তায় প্রেরিত হইলেন।

ডবলিউ, এস, ট্রেবর, কর্ণেল, আর, ই
ভারতবর্ষীয় গবর্ণমেন্টের সেক্রেটরী।

# অতিরিক্ত গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার, ১৮৮৫ সাল, ২৭ অক্টোবর।

## প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

[ দ্বিতীয়বার প্রকাশিত। ]

## হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।—পবলিক।

সিমলা, ১৮৮৫ সাল ১৪ আগষ্ট।

১৪৩৮ নং।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব স্ফোটনীয় দ্রব্য চালান ও আমদানী করিবার যে বিধি স্ফোটনীয় দ্রব্য বিষয়ক ভারতবর্ষীয় ১৮৮৪ সালের ৪ আইনমতে প্রণয়ন করিবার প্রস্তাব করেন, উক্ত আইনের ১৮ ধারার (১) প্রকরণের বিধান ও হোম ডিপার্টমেণ্টের এই তারিখের ১৪৩৭ নং বিজ্ঞাপনের আদেশ অনুসারে তাহার নিম্নলিখিত পাণ্ডুলেখ্য সাধারণের অবগত্যর্থে প্রকাশ করিলেন।

এই বিজ্ঞাপনের তারিখ অবধি তিন মাস অতীত হইলে, এই পাণ্ডুলেখ্য বিবেচনা করিয়া দেখা যাইবে।

পাণ্ডুলেখ্য।

### স্ফোটনীয় দ্রব্য বিষয়ক ১৮৮৪ সালের আইনমত বিধির পাণ্ডুলেখ্য।

উপক্রমণিকা।

১। এই বিধির কার্য্যপক্ষে স্ফোটনীয় দ্রব্য নিম্নলিখিতরূপে শ্রেণীবদ্ধ করা যাইবে, যথা;—

| | |
|---|---|
| ১ম শ্রেণী ... ... ... ... | বারুদ। |
| ২য় শ্রেণী ... ... ... ... | নাইট্রেট মিশ্র। |
| ৩য় শ্রেণী ... ... ... ... | নাইট্রোকম্পৌণ্ড। |
| ৪র্থ শ্রেণী ... ... ... ... | ক্লোরেটমিশ্র। |
| ৫ম শ্রেণী ... ... ... ... | ফুল্মিনেট। |
| ৬ষ্ঠ শ্রেণী ... ... ... ... | টোটাপ্রভৃতি। |
| ৭ম শ্রেণী ... ... ... ... | আতসবাজী। |

কোন স্ফোটনীয় দ্রব্য একাধিক শ্রেণীর বর্ণনার মধ্যে পড়িলে, যে কএক শ্রেণীর বর্ণনার মধ্যে পড়ে কেবল তাহার শেষ শ্রেণীর অন্তর্গত বলিয়া গণ্য হইবে।

১ম শ্রেণী।—বারুদ নামক শ্রেণী।

সামান্যতঃ যাহা বারুদ বলিয়া খ্যাত, "বারুদ" শব্দে কেবল তাহাই বুঝাইবে।

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৭ অক্টোবর। ]

### ২ য় শ্রেণী।—নাইট্রেটমিশ্র নামক শ্রেণী।

যাহা সামান্য বারুদ বলিয়া খ্যাত, তাহা ছাড়া কোনপ্রকার অঙ্গারের সহিত অথবা স্ফোটনগুণশূন্য কোন অঙ্গারাত্মক দ্রব্যের সহিত সামান্যরূপে নাইট্রেট মিশাইয়া যে কোন দ্রব্য প্রস্তুত করা যায়, তাহাতে গন্ধক যোগ করা যাউক বা না যাউক, ও তাহাতে অস্ফোটনীয় অন্য কোন দ্রব্য সামান্যরূপে মিশান যাউক বা না যাউক, "নাইট্রেটমিশ্র" শব্দে তদ্রূপ প্রস্তুত দ্রব্য বুঝাইবে।

নাইট্রেটমিশ্র শ্রেণীর মধ্যে এইরূপ স্ফোটনীয় দ্রব্য, যথা,—

পাইরোলিথ,
পুড্রোলিথ,
পুডর সাসি ফ্রাজিন,

ও পূর্ব্বোক্ত অর্থকরণের অন্তর্গত প্রস্তুত করা কোন দ্রব্য ধরা যাইবে।

### ৩য় শ্রেণী।—নাইট্রোকম্পৌণ্ড নামক শ্রেণী।

রাসায়নিক সংযোগে উৎপন্ন যে দ্রব্যের স্ফোটনীয় গুণ থাকে, অথবা যাহা ধাতুর সহিত সংযুক্ত হইলে স্ফোটনীয় দ্রব্য উৎপন্ন করিতে পারে, এবং যাহা মহাদ্রাবকের সহিত মিশ্রিত হউক বা না হউক, এরূপ যবক্ষার দ্রাবকের অথবা মহাদ্রাবকমিশ্রিত নাইট্রেটের সহিত কোন অঙ্গারাত্মক দ্রব্যের রাসায়নিক কার্য্যক্রমে উৎপন্ন হয়, তাহাতে অন্য কোন দ্রব্য সামান্যরূপে মিশ্রিত করা যাউক বা না যাউক, "নাইট্রোকম্পৌণ্ড" শব্দে তদ্রূপ সংযুক্ত দ্রব্য বুঝাইবে।

নাইট্রোকম্পৌণ্ড শ্রেণীতে দুইটী বিভাগ আছে।

১ম বিভাগের মধ্যে এইরূপ স্ফোটনীয় দ্রব্য, যথা—

নাইট্রো গ্লিসেরাইন,
ডাইনামাইট,
লিথো ফ্রাকটুর,
ডুয়ালাইন,
গ্লিঅক্সিলাইন,
মেথিলিক নাইট্রেট,

এবং রাসায়নিক সংযোগ বা সামান্যরূপ মিশ্রণদ্বারা প্রস্তুত করা যে দ্রব্যে সম্পূর্ণরূপে বা আংশিকরূপে নাইট্রো গ্লিসেরাইন অথবা কোন তরল নাইট্রোকম্পৌণ্ড থাকে, তাহা ধরা যাইবে।

২য় বিভাগের মধ্যে এইরূপ স্ফোটনীয় দ্রব্য, যথা,—

সামান্যতঃ যাহা গনকটন বলিয়া খ্যাত সেই গনকটন,
গন পেপার,
জিলয়ডাইন,
গন সডস্ট,
নাইট্রেট গনকটন,
কটনগন পৌডর,
শুলজ পৌডর,
নাইট্রো মেনাইট,
পিক্রেটিজ,
পিক্রিক পৌডর,

এবং পূর্ব্বোক্ত অর্থকরণমত যে কোন নাইট্রো কম্পৌণ্ড প্রথম বিভাগের অন্তর্গত নহে, তাহা ধরা যাইবে।

### ৪র্থ শ্রেণী।—ক্লোরেটমিশ্র নামক শ্রেণী।

যে কোন স্ফোটনীয় দ্রব্যে ক্লোরেট থাকে, "ক্লোরেটমিশ্র" শব্দে সেই দ্রব্য বুঝাইবে।

ক্লোরেটমিশ্র শ্রেণীতে দুইটী বিভাগ আছে।

১ম বিভাগের মধ্যে এইরূপ স্ফোটনীয় দ্রব্য, যথা,—

হরসি সাহেবের ব্লাষ্টিং পৌডর,

ব্রেন সাহেবের ব্লাষ্টিং পৌডর,

এবং ক্লোরেট দিয়া প্রস্তুত করা যে কোন দ্রব্যে অংশতঃ নাইট্রোগ্লিসেরাইন অথবা অন্য কোন তরল নাইট্রোকম্পৌণ্ড আছে, তাহা ধরা যাইবে।

২য় বিভাগের মধ্যে এইরূপ স্ফোটনীয় দ্রব্য, যথা,—

হরসি সাহেবের মূল ব্লাষ্টিং পৌডর,
এরহার্ট সাহেবের পৌডর,
রেভার্লি সাহেবের পৌডর,
হকুসটেটার সাহেবের ব্লাষ্টিং চার্জ,
রাইসেল সাহেবের ব্লাষ্টিং চার্জ,
টিউটোনাইট,
ক্লোরেট গনকটন,

এবং পূর্ব্বোক্ত অর্থকরণমত যে কোন ক্লোরেটমিশ্র প্রথম বিভাগের অন্তর্গত না হয়, তাহা ধরা যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৭ অক্টোবর।]

৫ম শ্রেণী।—ফুল্‌মিনেট নামক শ্রেণী।

রাসায়নিক সংযোগ বা সামান্যরূপ মিশ্রণদ্বারা উৎপন্ন কোন দ্রব্য পূর্ব্বোক্ত কোন শ্রেণীর অন্তর্গত হউক বা না হউক, যদি ঐ দ্রব্যের অতিশয় স্ফোটনশীলতা বশতঃ উহা বন্দুকের টুপীতে অথবা স্ফোটন সমুৎপাদন করণের অন্য কোন সরঞ্জামে ব্যবহারের উপযোগী হয়, অথবা অত্যন্ত স্ফোটনশীলতা বশতঃ ও অত্যন্ত অস্থায়িত্ব অর্থাৎ অতি সামান্য উত্তেজক কারণে বিশ্লিষ্ট হইয়া যাইবার প্রবণতা বশতঃ বিশেষরূপ আশঙ্কাজনক হয়, তাহা হইলে "ফুলমিনেট" শব্দে ঐ দ্রব্য বুঝাইবে।

এই শ্রেণীতে দুইটী বিভাগ আছে।

প্রথম বিভাগের মধ্যে এইরূপ সংযুক্ত দ্রব্য, যথা, রূপার ও পারার ফুল্‌মিনেট এবং এই সকল দ্রব্য দিয়া প্রস্তুত দ্রব্য বন্দুকের টুপীতে ব্যবহৃত হয়, এবং অঙ্গারাত্মক দ্রব্য যোগ করিয়া বা না করিয়া ফস্ফরস কিম্বা কএক প্রকার ফস্ফরসসংযুক্ত দ্রব্যের সহিত ক্লোরেট মিশাইয়া যে কোন দ্রব্য প্রস্তুত করা যায় এবং অঙ্গারাত্মক দ্রব্য যোগ করিয়া বা না করিয়া গন্ধক বা গন্ধকজ দ্রব্যের সহিত ক্লোরেট মিশাইয়া যে কোন দ্রব্য প্রস্তুত করা যায়, তাহা ধরা যাইবে।

দ্বিতীয় শ্রেণীর মধ্যে এইরূপ দ্রব্য, যথা, নাইট্রোজনের ক্লোরাইড ও আইওডাইড, ফুল্‌মিনেট স্বর্ণ ও রৌপ্য, ডায়াজোবেনজোল ও ডায়াজোবেনজোলের নাইট্রেট ধরা যাইবে।

৬ষ্ঠ শ্রেণী।—টোটাপ্রভৃতি নামক শ্রেণী।

পূর্ব্বোক্ত কোন শ্রেণীর কোন স্ফোটনীয় দ্রব্য যদি কোন আধার বা কলের মধ্যে এরূপে পুরিয়া রাখা যায়, বা প্রকারান্তরে এরূপে কার্য্যোপযোগী বা প্রস্তুত করা যায় যে, তাহাতে বন্দুক, কামান বা অন্য কোন আগ্নেয়াস্ত্রের অথবা পাহাড়াদি ভাঙ্গিবার টোটা বা ছুড়িবার দ্রব্য হয়, কিম্বা পাহাড়াদি ভাঙ্গিবার বা ফাঁপা গোলার নির্ব্বিঘ্নকর বা অন্যরূপ পলিতা হয়, কিম্বা স্ফোটনীয় দ্রব্যে অগ্নি দিবার নল হয় অথবা বন্দুকের টুপী, ডিটোনেটর, কোয়াসার সিগনেল, ফাঁপা গোলা, টরপিডো যুদ্ধের হাউই ও আতসবাজী ভিন্ন অন্য কোনরূপ কল হয়, তাহা হইলে টোটাপ্রভৃতি শব্দে ঐ দ্রব্য বুঝাইবে।

"বন্দুকের টুপী" শব্দে ডিটোনেটর গণ্য হইবে না।

যে কোষ বা আধার এরূপ বলবিশিষ্ট ও এরূপে নির্ম্মিত ও যাহাতে এরূপ পরিমাণে ফুল্‌মিনেট শ্রেণীর স্ফোটনীয় দ্রব্য থাকে যে একটী কোষ বা আধারের স্ফোটন হইলে ঐরূপ অন্যান্য কোষ বা আধারের স্ফোটন ঘটিবে, "ডিটোনেটর" শব্দে তদ্রূপ কোষ বা আধার বুঝাইবে।

পাহাড়াদি ভাঙ্গিবার যে পলিতা জ্বলে কিন্তু শব্দ করিয়া ফাটিয়া যায় না ও যাহাতে আপনি জ্বলিত হইবার উপায় থাকে না এবং যাহা এরূপ বলবিশিষ্ট ও এরূপে নির্ম্মিত ও যাহাতে এরূপ পরিমাণে স্ফোটনীয় দ্রব্য থাকে যে ঐ পলিতা জ্বলিলে পাশাপাশি ঐরূপ অন্য পলিতা জ্বলিত হয় না, "নির্ব্বিঘ্নকর পলিতা" শব্দে সেই পলিতা বুঝাইবে।

বন্দুকাদির যে টোটার কোষ ঐ বন্দুকাদি আওয়াজ করিবার পর উহা হইতে বাহির করিয়া লওয়া যাইতে পারে ও যাহা এরূপে বদ্ধ যে এক টোটা হইতে অন্য টোটায় স্ফোটন সংক্রামিত হয় না, "নির্ব্বিঘ্নকর টোটা" শব্দে তদ্রূপ টোটা বুঝাইবে।

টোটাপ্রভৃতি নামক শ্রেণীতে তিনটি বিভাগ আছে।

প্রথম বিভাগের মধ্যে কেবল নিম্নলিখিত দ্রব্য গুলি ধরা যায়, যথা,—

নির্ব্বিঘ্নকর টোটা।
পাহাড়াদি ভাঙ্গিবার নির্ব্বিঘ্নকর পলিতা।
রেলওয়ের কোয়াসার সিগনেল।
বন্দুকের টুপী।

পূর্ব্বোক্ত অর্থকরণমত যে টোটাপ্রভৃতির আপনি জ্বলিবার উপায় নাই ও যাহা প্রথম বিভাগের অন্তর্গত নহে, দ্বিতীয় বিভাগের মধ্যে তাহাই ধরা যায়, অর্থাৎ যাহার আপনি জ্বলিবার উপায় নাই এরূপ নিম্নলিখিত দ্রব্য, যথা,—

নির্ব্বিঘ্নকর টোটা নয় এরূপ বন্দুকাদির টোটা।

কামানের, ফাঁপা গোলার, সুরঙ্গ করিবার, পাহাড়াদি ভাঙ্গিবার, ও তদ্রূপ অন্যান্য কার্য্যের টোটা ও ছুড়িবার দ্রব্য।

যাহাতে কোন স্ফোটনীয় দ্রব্য থাকে, এরূপ ফাঁপা গোলা ও টরপিডো।

নির্ব্বিঘ্নকর পলিতা নহে, এরূপ পাহাড়াদি ভাঙ্গিবার পলিতা।

ফাঁপা গোলার পলিতা।

স্ফোটনীয় দ্রব্যে অগ্নি দিবার নল।

যুদ্ধের হাউই।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৭ অক্টোবর।]

পূর্ব্বোক্ত অর্থকরণমত যে টোটাপ্রভৃতির আপনি জ্বলিত হইবার উপায় নাই ও যাহা প্রথম বিভাগের অন্তর্গত নহে, তৃতীয় বিভাগে তাহাই ধরা যাইবে, অর্থাৎ যাহার আপনি জ্বলিবার উপায় নাই এপ্রকারের নিম্নলিখিত দ্রব্য, যথা,—

ডিটোনেটর।
নির্ব্বিঘ্নকর টোটা নহে এরূপ বন্দুকাদির টোটা।
নির্ব্বিঘ্নকর পলিতা নহে, পাহাড়াদি ভাঙ্গিবার এরূপ পলিতা।
ফাঁপা গোলার পলিতা।
স্ফোটনীয় দ্রব্যে অগ্নি দিবার নল।

যে টোটা প্রভৃতির সংলগ্ন বা অংশস্বরূপ এরূপ বন্দোবস্ত থাকে যাহা ঘর্ষণ বা আঘাত দ্বারা তাহাতে স্ফোটন ঘটাইবার বা অগ্নি লাগাইবার উপযোগী, আপনি জ্বলিত হইবার উপায় বিশিষ্ট টোটাপ্রভৃতি শব্দে তদ্রূপ টোটাপ্রভৃতি বুঝাইবে।

৭ ম শ্রেণী।—আতস বাজী নামক শ্রেণী।

"আতস বাজী" শব্দে আতস বাজী প্রস্তুত করিবার দ্রব্য ও প্রস্তুত আতস বাজী বুঝাইবে।

১ ম বিভাগ।—রাসায়নিক সংযোগ কিম্বা সামান্যরূপ মিশ্রণদ্বারা প্রস্তুত স্ফোটনীয় বা আশুজ্বলনশীল ভাবের যে দ্রব্য আতস বাজী প্রস্তুত করণার্থে ব্যবহৃত হয় ও পূর্ব্বোক্ত কয়েক শ্রেণীর স্ফোটনীয় দ্রব্যের অন্তর্গত না হয়, "আতস বাজী প্রস্তুত করিবার দ্রব্য" শব্দে তাহা ও রঙ্গিন আগুণ করিবার দ্রব্যও বুঝাইবে।

২ য় বিভাগ।—পূর্ব্বোক্ত কয়েক শ্রেণীর কোন স্ফোটনীয় দ্রব্য ও আতস বাজী প্রস্তুত করিবার কোন দ্রব্য কোন আধারে বা কলে যদি এরূপে পুরিয়া রাখা যায় বা প্রকারান্তরে এরূপে প্রস্তুত করা যায় যে তাহাতে পটকা, সর্পবাজী, যুদ্ধের হাউই ছাড়া হাউই, মাকশ, তারা বাজী, শড়কা বাজী, চক্র বাজী, চীনের আগুণ, রোমান মশাল, কিম্বা অগ্নিক্রীড়ার কার্য্য বা অগ্নি ক্রীড়ার সিগনেল করিবার উপযোগী অন্য দ্রব্য হয়, তাহা হইলে "প্রস্তুত আতস বাজী" শব্দে সেই দ্রব্য বুঝাইবে।

## চালান করিবার কথা।

### ( ক ) বন্ধ করিবার কথা।

২। চালানের নিমিত্ত স্ফোটনীয় দ্রব্য বন্ধ করিবার সম্বন্ধে নিম্নলিখিত সাধারণ বিধি পালন করিতে হইবে।—

১।—কোন স্ফোটনীয় দ্রব্য ৫ ম ( ফুল মিনেট ) শ্রেণীর কিম্বা ৬ ষ্ঠ ( টোটাপ্রভৃতি ) শ্রেণীর দ্বিতীয় ও তৃতীয় বিভাগের অথবা ৭ ম ( আতস বাজী ) শ্রেণীর প্রথম বিভাগের স্ফোটনীয় দ্রব্য না হইলে, যদি তাহার পরিমাণ ৫ পৌণ্ডের অধিক না হয়, তবে তাহা শক্ত বাক্স, থলিয়া কানেস্তারা, বা অন্য আধারে রাখিতে হইবে। ঐ বাক্সপ্রভৃতি এরূপে নির্ম্মাণ ও বন্ধ করিতে হইবে যে ঐ স্ফোটনীয় দ্রব্য তাহার ভিতর হইতে বাহিরে আসিতে না পারে।

২য়।—অন্যান্য স্থলে স্ফোটনীয় দ্রব্য ডবল প্যাকেজে বন্ধ করিতে হইবে। ভিতরের প্যাকেজ স্ফোটনীয় দ্রব্য বাহির হইয়া পড়িতে না পারে এরূপে নির্ম্মিত ও বন্ধ একটি শক্ত বাক্স, থলিয়া, কানেস্তারা, বা অন্য আধার হইবে; এবং বাহিরের প্যাকেজ কাষ্ঠ বা ধাতু বা অন্য নিরেট দ্রব্য দিয়া প্রস্তুত বাক্স, পীপা বা অন্য আধার হইবে এবং উহা এরূপ শক্ত, এরূপে নির্ম্মিত ও এ প্রকারের হইবে যে লইয়া যাইবার সময়ে উহা ভাঙ্গিবে না বা সহসা খুলিবে না কিম্বা দোষযুক্ত বা বিঘ্নকর হইয়া উঠিবে না ও স্ফোটনীয় দ্রব্য বাহির হইতে দিবে না। কিন্তু

(ক) স্ফোটনীয় দ্রব্য ১ ম বা বারুদ শ্রেণীর স্ফোটনীয় দ্রব্য কিম্বা ২ য় (নাইট্রেট মিশ্র) শ্রেণীর স্ফোটনীয় দ্রব্য কিম্বা গনকটন বা ৩য় (নাইট্রো কম্পৌণ্ড) শ্রেণীর দ্বিতীয় বিভাগের অন্য স্ফোটনীয় দ্রব্য হইলে, কোন এক বাহিরের প্যাকেজের অন্তর্গত স্ফোটনীয় দ্রব্যের পরিমাণ প্রথম দুই শ্রেণীর বেলা ১০০ পৌণ্ডের ও শেষোক্ত শ্রেণীর বেলা ৫০ পৌণ্ডের অধিক হইবে না; এবং স্ফোটনীয় দ্রব্য গনকটন হইলে, তাহা সম্পূর্ণরূপে জলে ভিজাইয়া লইয়া যাইতে হইবে।

(খ) স্ফোটনীয় দ্রব্য ৩য় (নাইট্রো কম্পৌণ্ড) শ্রেণীর প্রথম বিভাগের অথবা চতুর্থ (ক্লোরেট মিশ্র) শ্রেণীর অন্তর্গত হইলে, ভিতরের প্যাকেজ নির্ম্মাণে কোন ধাতু থাকিবে না, এবং ভিতরের বা বাহিরের প্যাকেজ অথবা উভয়ই সম্পূর্ণরূপে জলপ্রবেশনিবারক হইবে। ভিতরের কোন একটি প্যাকেজে ১০ পৌণ্ডের অধিক থাকিবে না এবং কোন বাহিরের প্যাকেজের অন্তর্গত স্ফোটনীয় দ্রব্যের মোট পরিমাণ ৫০ পৌণ্ডের অধিক হইবে না।

(গ) স্ফোটনীয় দ্রব্য ৫ম ( ফুল মিনেট ) শ্রেণীর অন্তর্গত হইলে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বিশেষ করিয়া যে প্রকারের আদেশ করেন সেই প্রকারে উহা বন্ধ করিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৭ অক্টোবর।]

(ঘ) স্ফোটনীয় দ্রব্য ৬ষ্ঠ ( টোটাপ্রভৃতি ) শ্রেণীর প্রথম বিভাগের অন্তর্গত হইলে অথবা দ্বিতীয় বিভাগের কোন স্ফোটনীয় দ্রব্য হইলে, বাহিরের প্যাকেজের প্রয়োজন হইবে না। উহা এক প্যাকেজেই ১০০ পৌণ্ডের অনধিক পরিমাণে থাকিতে পারিবে। ঐ প্যাকেজ ½ ইঞ্চির অন্যূন পুরু দ্রব্যে নির্ম্মিত বাক্স, পীপা, বা আধার হইবে, এবং উহা এরূপ শক্ত, এরূপে নির্ম্মিত ও এপ্রকারের হইবে যে লইয়া যাইবার সময়ে ভাঙ্গিবে না বা সহসা খুলিবে না বা দোষযুক্ত বা বিঘ্নকর হইয়া উঠিবে না ও স্ফোটনীয় দ্রব্য বাহির হইতে দিবে না।

(ঙ) স্ফোটনীয় দ্রব্য ৬ষ্ঠ ( টোটাপ্রভৃতি ) শ্রেণীর তৃতীয় বিভাগের অন্তর্গত হইলে, উহা ডবল প্যাকেজে বন্ধ করিতে হইবে। ভিতরের প্যাকেজে ঐরূপ স্ফোটনীয় দ্রব্যের ২ পৌণ্ডের অধিক থাকিবে না এবং বাহিরের প্যাকেজের মধ্যে ৫০ পৌণ্ডের অধিক থাকিবে না।

(চ) স্ফোটনীয় দ্রব্য ৭ম (আতস বাজী) শ্রেণীর অন্তর্গত হইলে, উহা ডবল প্যাকেজের মধ্যে রাখিতে হইবে ভিতরের প্যাকেজ বায়ু নিষ্কাষণ করিয়া বদ্ধকর শক্ত পানেস্তারা, পাত্র বা অন্য আধার হইবে ও তাহাতে স্ফোটনীয় দ্রব্যের ১ পৌণ্ডের অধিক থাকিবে না, এবং বাহিরের প্যাকেজের মধ্যে ২০ পৌণ্ডের অধিক থাকিবে না।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৬৮ সালের ৭ আইন ও ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুকাদি ১৮৮৫ ইংরাজি ২৫ মেই সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকী পড়া রাজস্ব রোড সেস পাবলিক ওয়ার্ক সেস আদায়ের নিমিত্ত সন ১৮৮৫ ইংরাজি ১১ নবেম্বর মোতাবেক সন ১২৯২ বাঙ্গালা তারিখ ২৭ কার্ত্তিক রোজ বুধবার জিলা চট্টগ্রামের কালেক্টরীতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবেক ইতি ১৮৮৫। তারিখ ২৯ আগষ্ট।

| নম্বর তালুক। | মহালের নাম। | সদর জমা। | | বাকীর পরিমাণ। | | |
|---|---|---|---|---|---|---|
| | | খাজানা। | সেস। | খাজানা। | সেস। | মোট। |
| | থানা টেকনাপ মৌজে রাজাপালং। | | | | | |
| ১৫১৭ | তালুক হরিদাস বহর্দ্দার .. | ১৪০৯।/৬ | ১৭৬৶৯ | ২৪০০৶৬ | ০ | ২৪০০৶৬ |
| | থানা রামু মৌং রাজারকুল। | | | | | |
| ১৫৫।১৩৮ | তালুক সেরমস্ত খাঁ ... | ১১০১॥৬ | ১৫৮।/ | ৮২৬॥৬ | ১০৫॥/ | ৯৩২/৬ |
| | থানা চকরিয়া মৌং ডেগুলা মানিকচর। | | | | | |
| ১৮৯।২৭৪ | তালুক বিবি প্রাক ... | ৭৫৭॥৶ | ৯৬।৶ | ২৮৪॥৶০ | ৩২৶ | ৩১৬৸/ |

*The 10th September* 1885.  A. MANSON, *Collector*.

### জিলা চট্টগ্রাম।
### ইস্তাহারনামা কাছারী কালেক্টরি জিলা চট্টগ্রাম।

ইহাদ্বারা জানান যাইতেছে যে, সন ১৮৬৮ সালের ৭ আইন ও ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে ও ১৮৫৯ সালের ১১ আং ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নের লিখিত তালুকাদি ১৮৮৫ ইং ২৫ মেই সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকী পড়া রাজস্ব ও রোড ছেছ আদায়ের নিমিত্ত ১৮৮৫ ইং ২০ নবেম্বর মোং ১২৯২ বাঙ্গালা ৬ অগ্রহায়ণ রোজ শুক্রবার জিলা চট্টগ্রামের কালেক্টরি কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবেক ইতি সন ১৮৮৫ ইং ২। সেপ্টেম্বর।

#### মহল নওয়াবাদ।

| মহালের নম্বর। | | তালুকার নাম। | মালিকের নাম। | সদর জমা। | | বাকী। | | মোট। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | কর। | ছেছ। | কর। | ছেছ। | | |
| ৫৪ | ১৫৩০<br>৫৮৯<br>৩৮৭৯ | থানে কটীকছরি। মৌং জুজখলা। তাং সেখ ওবেদল্লা ... | হালতাং লতিফা-খাতুন। | ১১০৯।৶ | ৪৮॥/০ | ২৭৮৸/২ | ০ | ২৭৮৸/২ | সম্পূর্ণ তালুকা নিলাম হইবে |
| ২০০ | ১৫১৪<br>৯০৪<br>২০২১ | মৌং ভুজপুর হাল তাং হাশমত-আলি। | বিংকানা নিজ | ৯০৬৲ | ২৯৸/০ | ১০৬৲ | ২৯৸/০ | ০১৮/০ | সম্পূর্ণ তালুকা নিলাম হইবে। |

A. MANSON,
*Collector*.

## Government Cinchona Febrifuge.

THIS preparation is an efficient substitute for Quinine, and can be purchased by Government officers for public and charitable purposes, and by any one taking *twenty pounds* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, *for cash only*, at the following rates; per four ounce tin, *Rs.* 4, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 8, *ans.* 8; per pound tin *Rs.* 16, *ans.* 8.

The general public can be supplied by the Superintendent, Botanic Garden, *for cash only*, at the undernoted rates; per four ounce tin, *Rs.* 5, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 10, *ans.* 8; per pound tin, *Rs.* 20.

This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta.

Postage—Eight annas per 4 and 8 *oz.* tins, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

---

## গবর্ণমেণ্ট দ্বারা প্রস্তুত জ্বরনাশক সিন্‌কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেণ্ট কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টীন ৪৷৷০ টাকা; প্রতি ৮ আউন্স টীন ৮৷৷০ টাকা; প্রতি ১ পাউণ্ড টীন ১৬৷৷০ টাকা।

এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টীন ৫৷৷০ টাকা; ৮ আউন্স টীন ১০৷৷০ টাকা; ১ পাউণ্ড টীন ২০৲ টাকা।

এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায়, উপরের লিখিত মূল্য ব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টীনে ৷৷০ আট আনা ও প্রতি পাউণ্ড টীনে ৷৷৹০ বার আনা, ডাক মাসুল দিতে হইবে।

---

## জ্বরনাশক দানাবান্ধা সিন্‌কোনা।

লাল সিন্‌কোনা ছাল হইতে গবর্ণমেণ্টের কারখানায় প্রস্তুত নূতন ও উৎকৃষ্টতর ঔষধ। যাহা দানা বান্ধে না, এরূপ সামান্য জ্বরনাশক সিন্‌কোনা অপেক্ষা ইহা কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহার করিবার অধিকতর উপযোগী। কলিকাতার বোটানিক্যাল গার্ডেনের অর্থাৎ কোম্পানির বাগানের অধ্যক্ষের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য এবং এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে যে কোন ব্যক্তি নগদ মূল্য দিয়া ২৪৲ টাকায় এক পাউণ্ড হিসাবে পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের অধ্যক্ষের নিকটে নগদ মূল্যে এবং প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও ৩২৲ টাকায় এক পাউণ্ড হিসাবে এই ঔষধ পাইতে পারিবেন। ইহার অতিরিক্ত ৷৷৹০ বার আনা ডাক মাসুল লাগিবে।

---

## The Hymns of the Rig-Veda in the Sanhita and Pada Text, by Professor

**F. Max Müller, M.A., in two Volumes.** *Price Rs.* 24; *packing and postage Re.* 1-12.

*** The Rig-Veda, the oldest book of Indian literature, has very properly been made one of the principal class-books of those who study Sanskrit in the schools and colleges in India, and though at present a scholar-like knowledge of the Vedic hymn is in the examinations required of the more advanced students only, yet, as soon as editions, translations, grammars, and dictionaries shall have rendered the study of these ancient documents more accessible, I doubt not that the time will come when no one in India will call himself a Sanskrit scholar, who cannot construe the hymns of the ancient Rishis of his country.—*Extract from Preface.*

OFFICE OF SUPDT. GOVT. PRINTING. No. 8, Hasting's Street, Calcutta.

### FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-Law and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy,

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

*N.B.*—Copies are still available.

---

বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট-কমিশনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুক্ত সি, ডি, ফিল্ড, এম, এ, এল এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারী ও প্রজাবিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য ৫, পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌন্টান্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।/০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

---

### NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government offices or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. BOLTON,
*Under-Secretary to the Govt. of Bengal.*

*The 12th December* 1882.

NOTE—*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE.

| | | Rs. |
|---|---|---|
| Full page, per issue | ... ... ... ... ... ... | 20 |
| Half „ | ... ... ... ... ... ... | 10 |

Casual advertisements.—4 annas per line

[*Government Gazette, 27th October* 1885.]

## বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না. ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেন্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেন্টের কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে, এতদ্দারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টান্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে, উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কেনে গেজেটে ইশ্‌তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে, ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর /০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ, বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

---

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্‌তিহার প্রকাশ করিবার হার এই২ঃ—

| | টাকা। |
|---|---|
| পুরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের ... ... ... | ২০৲ |
| আধ পৃষ্ঠা " " ... ... ... | ১০৲ |
| কথমং ইশ্‌তিহার প্রকাশ করিতে হইলে একং পঁক্তি ... ... | ।০ |

---

## NOTICE

*The 21st February* 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance :—

| | Rs. | A. | P. | |
|---|---|---|---|---|
| *For the Mofussil.* | | | | |
| Entire Gazette ... ... ... | 10 | 0 | 0 | per annum. |
| Postage ... ... | 2 | 8 | 0 | " |
| Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal ... ... ... | 4 | 0 | 0 | " |
| Postage ... ... | 1 | 0 | 0 | " |
| For a single copy— | | | | |
| Entire Gazette ... ... ... | 0 | 4 | 0 | |
| Postage ... ... | 0 | 1 | 0 | |
| Parts III, IV, V, and VI ... ... | 0 | 1 | 0 | for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4. |
| Postage ... ... | 0 | 1 | 0 | |

*For Calcutta.*

The same rates as those for the mofussil, with the exception of the charge for postage.

E. N. Baker,
*Offg. Under-Secretary to the Govt. of Bengal.*

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৩। ২৭ অক্টোবর। ]

### বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেন্ট গেজেটের মূল্য ও ডাকমাসুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে।

| | | | | টাকা। |
|---|---|---|---|---|
| সম্পূর্ণ গেজেট | ... | ... | বৎসর | ১৩৲ |
| ডাকমাসুল | ... | ... | " | ২ ০ |
| ৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে) | ... | ... | " | ৪৲ |
| ডাকমাসুল | ... | ... | " | ১৲ |
| সম্পূর্ণ এক খানি গেজেটের মূল্য ... | | ... | | ৷০ |
| ডাকমাসুল | ... | ... | | /০ |
| ৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য) ... | | ... | ... | /০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠাপ্রতি আর এক২ আনা। |
| ডাকমাসুল | ... | ... | ... | /০ |

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাক মাসুল লাগিবে না।

ই, এস, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং চোট সেক্রেটরী।

---

### বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে জেলা ঢাকার অধীন মুনসীগঞ্জ মহকুমার সংলগ্ন ধলেশ্বরী নদীর তীরে যে প্রতিবৎসর বিখ্যাত কার্ত্তিক বারুণীর মেলা হইয়া থাকে তাহা ইংরাজি ১৮৮৫ সনের ২১ নবেম্বর মোতাবেক বাঙ্গলা ১২৯২ সনের ৭ই অগ্রহায়ণ হইতে আরম্ভ হইয়া ১৮৮৬ সনের ৩রা জানুয়ারি তারিখে ভঙ্গ হইবেক বাণিজ্য ব্যবসায়ী ইত্যাদি লোক সকল এই ৬ (ছয়) সপ্তাহের মধ্যে ক্রয়বিক্রয় সমাধা করিবেক ইতি।

F. WYER,
জেলা ঢাকার মাজিষ্ট্রেট।

---

### اشتہار *

بذریعہ اِس کے عامہ خلایق کو واقف کیا جاتا ھے کہ ضلع ڈھاکہ کے ماتحت محکمہ منشي گنج کے متعلق دھلسري دریا کے کنارے جو ھر سال کارتک بارنی کا ایک مشہور میلا ھوا کرتا ھے وہ میلا سنہ ۱۸۸۵ع کي ۲۱ نومبر مطابق سنہ ۱۲۹۲ بنگلہ کي ۷ ماہ اگھن سے شروع ھوکر سنہ ۱۸۸۶ع کے ۳ جنوري کو ختم ھوگا * تجارت پیشہ لوگ ان ھی چھہ ھفتوں کے اندر خرید فروخت تمام کریں گے *

F. WYER,
مجسٹریٹ ضلع ڈھاکہ *

[ *Government Gazette*, 27*th October* 1885.]

## বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্লানেড ওয়েষ্ট টৌনহালের ভাতায়স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্টারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

---

## NOTICE.

It is hereby notified that at the next half-yearly examination of Junior Civilians, Deputy Magistrates, &c., to commence on Monday, the 9th proximo, four local examination committees will be convened in this division, viz. (1) at No. 14, Hare Street, Calcutta, for officers stationed in the Presidency or employed in the 24-Pergunnahs; (1) at Krishnaghur for officers employed in the Nuddea district; (1) at Jessore sudder station for officers employed in that district and in the district of Khulna; and (1) at Berhampore for officers employed in the Moorshedabad district.

A. N. BHATACHARJEE, *Personal Assistant, for Commr.*

COMMR'S. OFFICE, PRESIDENCY DIVISION, *Calcutta, the 8th October* 1885.

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২১ অক্টোবর।]

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুক্ত এডউইন গার্ণেস লুইস সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 1480 24-10-85—640

## নির্বাচকদের যোগ্যতার কথা ।

২১ । যে স্থানের মধ্যে কোন স্থানীয় বোর্ডের ক্ষমতা থাকে, সেই স্থানে নিবাসী পুরা ২১ বৎসর বয়স্ক যে প্রত্যেক পুরুষ নিম্নলিখিত কোন এক প্রকারে যোগ্যতাসম্পন্ন হন, অর্থাৎ,

(১) উক্ত স্থানের অন্তর্গত কোন সমাহার কমিটীর সভ্য হন ; কিম্বা

(২) নির্ব্বাচনের অব্যবহিত পূর্ব্ব বৎসর,

(ক) সম্পূর্ণরূপে বা অংশতঃ উক্ত স্থানের অন্তর্গত ভূমি সম্বন্ধে পথকর হিসাবে অন্যূন এক টাকা দিয়া থাকেন ; কিম্বা

(খ) উক্ত স্থানের মধ্যে যে বাণিজ্য, ব্যবসায় বা কারবার চালান যায়, তৎসম্বন্ধে লাইসেন্স টাক্স দিয়া থাকেন; কিম্বা

(গ) কোন উপায়ে ২৪০ টাকার অন্যূন নিট বার্ষিক আয়বান্ থাকেন; অথবা

(৩) যে সংসৃষ্ট অবিভক্ত পরিবারের এক ব্যক্তি ইতিপূর্ব্বে এই ধারায় যে বিধান করা গিয়াছে তদনুসারে নির্ব্বাচনের যোগ্য, সেই পরিবারের এক ব্যক্তি হইয়া কোন বিশ্ববিদ্যালয়ের উপাধি বা লাইসেন্স কিম্বা উকীল বা মোক্তারস্বরূপ সর্টিফিকেট পাইয়া থাকেন ;

তিনি উক্ত স্থানীয় বোর্ডের সভ্যনির্ব্বাচনকালে মত দিবার অধিকারী হইবেন ।

## নির্ব্বাচকদের রেজিষ্টরী করণের কথা ।

২২ । আইনের ৩য় তফসীলের সকল জিলায় কিম্বা অতঃপর যে কোন জিলায় স্থানীয় বোর্ড সংস্থাপন করা যায়, তথায় জিলার মাজিষ্ট্রেট সাহেব কোন স্থানীয় বোর্ডের এলাকার অন্তর্গত প্রত্যেক থানার নিমিত্ত মত দিবার যোগ্য ব্যক্তিদের রেজিষ্টর প্রস্তুত করাইবেন । নির্দ্ধারিত করের তালিকা হইতে তদর্থে বিশেষমতে প্রেরিত ব্যক্তিদের কৃত অনুসন্ধান হইতে এবং অন্য যে প্রকারে বিহিত বোধ হয় সেই প্রকারে উক্ত রেজিষ্টর প্রস্তুত করিতে হইবে । জিলার মাজিষ্ট্রেট সাহেব যেরূপ আদেশ করেন, তদনুসারে সময়ে২ ঐ রেজিষ্টর সংশোধন ও পরিবর্দ্ধন করিতে হইবে ।

২৩ । কোন থানার নির্ব্বাচনের নিমিত্ত যে তারিখ নির্দ্দিষ্ট হয়, তাহার অন্যূন এক মাস পূর্ব্বে উক্ত থানার নিমিত্ত মত দিবার যোগ্য ব্যক্তিদের নাম যে রেজিষ্টরে লিখিত থাকে, তাহার নকল উক্ত থানার অন্তর্গত উপযুক্ত স্থানে২ প্রকাশ করা যাইবে । সমুদয় থানার রেজিষ্টরের নকলও মহকুমার কাছারীতে প্রকাশ করা যাইবে । কিন্তু এই বিধি প্রচলিত হইবার পূর্ব্বে এরূপ যে সকল রেজিষ্টর প্রস্তুত ও প্রকাশ করা হয়, তাহা এই বিধির ৪ ধারামতে উপযুক্তরূপে প্রস্তুত করা ও ৫ ধারামতে উপযুক্তরূপে প্রকাশ করা গিয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে ।

২৪ । যে কোন ব্যক্তি মত দিবার অধিকারের দাওয়া করেন, তিনি যে প্রকারে যোগ্যতাসম্পন্ন তাহা স্পষ্ট করিয়া লিখিয়া নির্ব্বাচকদের রেজিষ্টরে তাঁহার নাম লিখিত হইবার নিমিত্ত জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট লিখিয়া দরখাস্ত দিতে পারিবেন ; এবং ঐরূপ দরখাস্ত নির্ব্বাচনের নিমিত্ত নির্দ্দিষ্ট তারিখের অন্যূন ১ মাস পূর্ব্বে করা গেলে তৎসম্বন্ধে উপযুক্ত অনুসন্ধান লওয়া যাইবে । এই রূপে যে দাওয়া করা যায়, তাহার নোটিস নির্ব্বাচনের নিমিত্ত নির্দ্দিষ্ট তারিখের অন্যূন ৩ সপ্তাহ পূর্ব্বে থানায় প্রকাশ করা যাইবে ; এবং তৎসম্বন্ধে যে সকল আপত্তি করা যায়, এবং যাহা নির্ব্বাচনের নিমিত্ত নির্দ্দিষ্ট তারিখের অন্যূন ১ সপ্তাহ পূর্ব্বে পাওয়া যায়, তাহা উপযুক্তরূপে বিবেচনা করিয়া দেখা যাইবে ।

২৫ । মত দিবার সকল দাওয়া ও তৎসম্বন্ধীয় আপত্তি জিলার মাজিষ্ট্রেট সাহেব বিবেচনা করিয়া দেখিবেন, এবং তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে ।

২৬ । দাওয়া ও আপত্তি শুনিয়া নিষ্পত্তি করিবার পর সংশোধিত থানার তালিকা নির্ব্বাচনকালে মত দিবার অধিকারী ব্যক্তিদের চূড়ান্ত তালিকা বলিয়া গণ্য হইবে, এবং যে কোন ব্যক্তির নাম থানার তালিকায় দেখা না যায়, তিনি মত দিবার অনুমতি পাইবেন না ।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৮৫ । ২৭ অক্টোবর ।]

*Of the qualification and the nomination of Candidates.*

27. Every male person of the full age of twenty-one years, who is qualified in one of the manners following, that is to say—

(1) Is a member of a Union Committee within the area under the authority of the Local Board ;

(2) Has during the year immediately preceding the election had his fixed place of abode within the area under the authority of such Local Board ; and

(*a*) paid a sum of not less than five rupees on account of road cess in respect of land situated either wholly or in part within the area under the authority of the Local Board ;

(*b*) paid a license tax of not less than twenty rupees in respect of a trade, dealing, or industry carried on within the area under the authority of the Local Board ; or

(*c*) been possessed of a clear annual income from any source of not less than one thousand rupees.

(3) Being a member of a joint undivided family, one of the members of which is qualified for election under clause (1), or clause (2) (*a*) or (*b*) of this rule, is a graduate or licentiate of any University, or holds a certificate as a pleader or mookhtear,

shall be qualified for election as a member of the Local Board for any thana under the authority of such Local Board.

28. Any elector may, for the thana in which he is qualified to vote, nominate any qualified person as a candidate.

29. The Magistrate of the district shall, at least six weeks before the date fixed for the thana election, issue notices calling for nominations of candidates. Such notices shall be published at every village within the thana. All nominations shall be submitted within three weeks from the date of the publication of the notices in question. No names of candidates shall be received after the expiration of such period. Provided that all such notices or nominations which may have been issued or made before these rules come into operation shall be held to have been issued or made under these rules.

30. The Magistrate of the district shall ascertain whether all of the nominated candidates are duly qualified to take office : his decision on this point shall be final. He shall also, if possible, ascertain whether they are all willing to take office.

31. A list of the candidates who are duly qualified, and who appear to be willing to take office, shall be published at suitable places in the thana at least one week before the date fixed for the election. No candidate whose name does not appear in such list shall be considered eligible.

*Of the manner of holding Elections.*

32. The election for each thana shall be held on such date as may be fixed by the Lieutenant-Governor and notified in the *Calcutta Gazette*.

33. The election for each thana shall be held at the head-quarters of the thana.

34. The date fixed for the thana election shall be duly notified at the thana, and at such other places as may appear suitable, at least one month beforehand.

Provided that any notice to this effect issued previous to these rules coming into force shall be held to be valid under these rules. A vernacular notice in the following form shall also, at least one week before the date fixed for the election, be despatched by post, or by such other mode as may be found convenient, to every elector whose name appears in the register :—

" You are hereby informed that you are registered as a voter for the thana, and that you will be entitled to vote at the election of members of the Local Board to be held at on the 18 ."

35. An elector duly qualified under Rule 4 shall be entitled to vote for the thana in which he ordinarily resides, and for no other. He shall be entitled to vote for as many candidates as there are vacancies for such thana, but shall not give more than one vote for a single candidate.

[*Government Gazette, 27th October* 1885.]

সভ্য পদাকাঙ্ক্ষীদের যোগ্যতা ও নামোল্লেখের কথা।

২৭। পূরা ২১ বৎসর বয়স্ক যে প্রত্যেক পুরুষ নিম্নলিখিত কোন এক প্রকারে যোগ্যতাসম্পন্ন হন, অর্থাৎ,

(১) উক্ত স্থানীয় বোর্ডের ক্ষমতাধীন স্থানের অন্তর্গত কোন সমাহার কমিটীর সভ্য হন: অথবা,

(২) উক্ত নির্ব্বাচনের অব্যবহিত পূর্ব্ব বৎসর উক্ত স্থানীয় বোর্ডের ক্ষমতাধীন স্থানের মধ্যে নিয়ত বাসস্থান রাখিয়া থাকেন, এবং

(ক) সম্পূর্ণরূপে বা অংশতঃ উক্ত স্থানীয় বোর্ডের ক্ষমতাধীন স্থানের অন্তর্গত ভূমি সম্বন্ধে পথকর হিসাবে অন্যূন ৫৲ টাকা দিয়া থাকেন, কিম্বা

(খ) উক্ত স্থানীয় বোর্ডের ক্ষমতাধীন স্থানের মধ্যে যে বাণিজ্য ব্যবসায় বা কারবার চালান যায়, তৎসম্বন্ধে অন্যূন ২০৲ টাকা লাইসেন্স টাক্স দিয়া থাকেন, কিম্বা

(গ) কোন উপায়ে ১০০৲ টাকার অন্যূন নিট বার্ষিক আয়বান্ থাকেন; অথবা

(৩) যে সংসৃষ্ট অবিভক্ত পরিবারের এক ব্যক্তি এই ধারার (১) প্রকরণমতে কিম্বা (২ প্রকরণের ক) বা (খ) দফামতে নির্ব্বাচিত হইবার যোগ্য, সেই পরিবারের এক ব্যক্তি হইয়া কোন বিশ্ববিদ্যালয়ের উপাধি বা লাইসেন্স কিম্বা উকীল বা মোক্তার স্বরূপ সার্টিফিকেট পাইয়া থাকেন;

তিনি উক্ত স্থানীয় বোর্ডের ক্ষমতাধীন কোন থানার নিমিত্ত ঐ স্থানীয় বোর্ডের সভ্যস্বরূপ নির্ব্বাচিত হইবার যোগ্য বলিয়া গণ্য হইবেন।

২৮। কোন নির্ব্বাচক যে থানায় মত দিবার যোগ্য হন, সেই থানার নিমিত্ত পদাকাঙ্ক্ষী বলিয়া যে কোন যোগ্য ব্যক্তির নামোল্লেখ করিতে পারিবেন।

২৯। থানার নির্ব্বাচন নিমিত্ত যে তারিখ নির্দ্দিষ্ট থাকে, জিলার মাজিষ্ট্রেট সাহেব তাহার অন্যূন ৬ সপ্তাহ পূর্ব্বে পদাকাঙ্ক্ষীদের নামোল্লেখ করিবার আদেশ করিয়া নোটিস প্রচার করিবেন। উক্ত নোটিস ঐ থানার অন্তর্গত প্রত্যেক গ্রামে প্রকাশ করা যাইবে। ঐ নোটিস প্রকাশ করিবার তারিখ অবধি ৩ সপ্তাহের মধ্যে সমুদয় নাম পাঠাইতে হইবে। উক্ত কাল অতীত হইলে পর কোন পদাকাঙ্ক্ষীর নাম গৃহীত হইবে না। কিন্তু এই বিধি প্রচলিত হইবার পূর্ব্বে যে সকল নোটিস প্রচার করা যায়, কিম্বা যে সকল নামোল্লেখ করা যায়, তাহা এই বিধিমতে প্রচার করা বা করা গিয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।

৩০। নামোল্লিখিত সমুদয় পদাকাঙ্ক্ষী পদ গ্রহণ করিতে উপযুক্তযোগ্যতাসম্পন্ন কি না, জিলার মাজিস্ট্রেট সাহেব ইহা নিশ্চয় করিবেন। এবিষয়ে তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে। সম্ভব হইলে তিনি ইহাও নিশ্চয় করিয়া জানিবেন যে, তাঁহারা পদ গ্রহণ করিতে সম্মত কি না।

৩১। উপযুক্তযোগ্যতাসম্পন্ন যে সকল পদাকাঙ্ক্ষী পদ গ্রহণ করিতে সম্মত দেখা যায়, তাঁহাদের নামের তালিকা নির্ব্বাচনের নিমিত্ত নির্দ্দিষ্ট তারিখের অন্যূন ১ সপ্তাহ পূর্ব্বে থানার অন্তর্গত উপযুক্ত স্থানের প্রকাশ করা যাইবে। যে পদাকাঙ্ক্ষীর নাম উক্ত তালিকায় দেখা না যায়, তিনি নির্ব্বাচনে যোগ্য বলিয়া গণ্য হইবেন না।

নির্ব্বাচনের প্রণালীর কথা।

৩২। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে তারিখ নির্দ্দেশ করিয়া কলিকাতা গেজেটে বিজ্ঞাপন দেন, সেই তারিখে প্রত্যেক থানার নিমিত্ত নির্ব্বাচন হইবে।

৩৩। প্রত্যেক থানার নিমিত্ত নির্ব্বাচন থানার সদর স্থানে করা যাইবে।

৩৪। থানার নির্ব্বাচন নিমিত্ত নির্দ্দিষ্ট তারিখের উপযুক্ত নোটিস অন্যূন ১ মাস পূর্ব্বে থানায় ও অন্য যে২ স্থানে উপযুক্ত বোধ হয়, সেই২ স্থানে দেওয়া যাইবে।

কিন্তু এই বিধি প্রচলিত হইবার পূর্ব্বে এই মর্ম্মের যে কোন নোটিস প্রচার করা যায়, তাহা এই বিধিমতে সিদ্ধ বলিয়া গণ্য হইবে। নিম্নলিখিত পাঠে দেশীয় ভাষায় লিখিত নোটিসও যে প্রত্যেক নির্ব্বাচকের নাম রেজিস্টরে দেখা যায়, তাঁহাদের নিকট নির্ব্বাচনের নিমিত্ত নির্দ্দিষ্ট তারিখের অন্যূন ১ সপ্তাহ পূর্ব্বে ডাকযোগে কিম্বা অন্য যে প্রকারে সুবিধা দেখা যায়, সেই প্রকারে পাঠাইতে হইবে।—

"আপনাকে এতদ্দ্বারা জানান যাইতেছে যে, অমুক থানার নিমিত্ত মতদাতা বলিয়া আপনার নাম রেজিস্টরী করা গিয়াছে, এবং ১৮ সালের মাসের তারিখে স্থানে স্থানীয় বোর্ডের সভ্যনির্ব্বাচনকালে আপনি মত দিবার অধিকারী হইবেন।"

৩৫। এই বিধির ৪ ধারামতে উপযুক্তযোগ্যতাসম্পন্ন কোন নির্ব্বাচক যে থানার এলাকার মধ্যে সচরাচর বাস করেন, সেই থানার নিমিত্ত মত দিবার অধিকারী হইবেন, অন্য কোন থানার নিমিত্ত নয়। উক্ত থানার নিমিত্ত যতগুলি পদ শূন্য থাকে, তিনি ততজন পদাকাঙ্ক্ষীর নিমিত্ত মত দিতে অধিকারী হইবেন, কিন্তু একজন পদাকাঙ্ক্ষীর নিমিত্ত একাধিক মত দিবেন না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫ ২৭ অক্টোবর।]

36. All persons wishing to vote must be present at the election. No votes by proxy or in writing shall be received.

37. The Magistrate of the district, or such other gazetted officer as the Magistrate of the district shall depute for the purpose, shall preside at the election for each thana.

38. The proceedings shall commence by the presiding officer explaining the nature and objects of the meeting to the assembled voters. He shall then read out the list of candidates, and state the number of vacancies.

39. Each candidate shall then be proposed by one qualified voter, and seconded by another. Subject to the control of the presiding officer on points of order, each candidate and his proposer and seconder shall be permitted to address the assembled voters on the subject of his candidature. The names of candidates not duly proposed and seconded shall be removed from the list.

40. In the case of the number of the candidates duly proposed and seconded not being greater than the number of vacancies, the presiding officer, if he is satisfied that not less than ten per cent. of the registered voters for the thana are present, shall at once declare such candidates to be duly elected.

41. If the number of candidates duly proposed and seconded exceeds the number of vacancies, the presiding officer shall proceed to take a poll for each candidate, recording the votes with his own hand.

42. All objections to voters shall, if possible, be summarily decided by the presiding officer after reference to the register. No objections shall be entertained, other than objections arising out of matters subsequent to registration under Rule 8.

43. The presiding officer shall then and there declare such candidates as have a clear majority of votes to be duly elected. Provided that no candidate shall be declared to be duly elected unless at least ten per cent. of the registered voters of the thana have appeared and recorded their votes.

44. If ten per cent. of the registered voters for the thana are not present (Rule 40), or have not appeared and recorded their votes (Rule 43), the presiding officer shall report that the electors have failed under section 10 of the Act to elect the number or members for the Local Board fixed for such thana.

45. In the case of an equal number of votes being recorded in favour of two or more candidates, all of whom cannot be returned, selection shall be made from such candidates by lot in such manner as the presiding officer shall deem fit, and thereupon a candidate thus selected shall be declared to be duly returned.

46. If any candidate, duly elected under the preceding rules, declines to take office, the unsuccessful candidate, if any, who received the largest number of votes shall be held to have been elected. If there is no unsuccessful candidate, a fresh election shall be held to fill the vacancy thus created.

47. In the event of any person being elected for two or more thanas, such person shall be at liberty to choose which thana he will represent, and in every other thana for which the said person has been returned, the result of the election shall be determined under the preceding rule as if no votes had been recorded for him.

48. After all the thana elections have been held, the list of candidates duly elected for the Local Board shall be forwarded to the Commissioner of the division for publication in the *Calcutta Gazette*.

*Miscellaneous.*

49. No election shall be invalidated on a point of form, provided that these rules have been substantially obeyed.

[*Government Gazette*, 27*th October* 1885.]

৩৬। যে সকল ব্যক্তি মত দিতে চাহেন, তাঁহাদের নির্ব্বাচনকালে উপস্থিত থাকিতে হইবে। প্রতিনিধিদ্বারা প্রদত্ত কিম্বা লিখিত মত গৃহীত হইবে না।

৩৭। জিলার মাজিষ্ট্রেট সাহেব অথবা গেজেটে লেখা অন্য যে কার্য্যকারককে জিলার মাজিষ্ট্রেট সাহেব তদর্থে প্রেরণ করেন, তিনি প্রত্যেক থানার নির্ব্বাচনকালে অধ্যক্ষতা করিবেন।

৩৮। অধ্যক্ষতাকারী কার্য্যকারক সমবেত মতদাতাদিগকে সভাধিবেশনের ভাব ও উদ্দেশ্য বুঝাইয়া দিয়া কার্য্যানুষ্ঠান আরম্ভ করিবেন। পরে তিনি পদাকাঙ্ক্ষীদের নামের তালিকা পাঠ করিবেন ও যত পদ শূন্য আছে, তাহা বলিবেন।

৩৯। তৎপরে একং জন যোগ্যতাসম্পন্ন মতদাতা একং জন পদাকাঙ্ক্ষীর নাম প্রস্তাব করিবেন, এবং অন্য এক জন তাহার অনুমোদন করিবেন। সভাপদ্ধতি সম্বন্ধে অধ্যক্ষতাকারী কার্য্যকারকের কর্ত্তৃত্বাধীনে প্রত্যেক পদাকাঙ্ক্ষী ব্যক্তি এবং যাঁহারা তাঁহার নাম প্রস্তাব ও অনুমোদন করেন, তাঁহারা তাঁহার পদপ্রাপ্তি সম্বন্ধে সমবেত মতদাতাদিগের নিকট বক্তৃতা করিবার অনুমতিপ্রাপ্ত হইবেন। যে সকল পদাকাঙ্ক্ষীর নাম উপযুক্তরূপে প্রস্তাব ও অনুমোদন করা হইল না, তালিকা হইতে তাঁহাদের নাম উঠাইয়া দেওয়া যাইবে।

৪০। যতগুলি পদ শূন্য থাকে, উপযুক্তরূপে প্রস্তাবিত ও অনুমোদিত পদাকাঙ্ক্ষীদের সংখ্যা তদপেক্ষা অধিক না হইলে, অধ্যক্ষতাকারী কার্য্যকারক যদি বুঝেন যে, থানার রেজিষ্টরী করা মতদাতাদের মধ্যে অন্যূন শতকরা ১০ জন উপস্থিত আছেন, তাহা হইলে উক্ত পদাকাঙ্ক্ষীদিগকে উপযুক্তরূপে নির্ব্বাচিত বলিয়া একেবারেই প্রকাশ করিবেন।

৪১। যতগুলি পদ শূন্য থাকে, উপযুক্তরূপে প্রস্তাবিত ও অনুমোদিত পদাকাঙ্ক্ষীদের সংখ্যা তদপেক্ষা অধিক হইলে, অধ্যক্ষতাকারী কার্য্যকারক প্রত্যেক পদাকাঙ্ক্ষীর পক্ষে মত গণনা করিতে প্রবৃত্ত হইয়া স্বহস্তে মত লিখিয়া লইবেন।

৪২। মতদাতাদের সম্বন্ধীয় সমুদয় আপত্তি, সম্ভব হইলে, অধ্যক্ষতাকারী কার্য্যকারক রেজিষ্টর দেখিয়া সরাসরীমতে নিষ্পত্তি করিবেন। এই বিধির ৮ ধারামতে রেজিষ্টরী করিবার পরবর্ত্তী বিষয়োত্থিত আপত্তি ছাড়া অন্য কোন আপত্তি গ্রাহ্য হইবে না।

৪৩। যে সকল পদাকাঙ্ক্ষী পরিষ্কাররূপে অধিক সংখ্যক মত প্রাপ্ত হইয়াছেন, অধ্যক্ষতাকারী কার্য্যকারক সেই সময়ে ও স্থানেই উপযুক্তরূপে নির্ব্বাচিত বলিয়া তাঁহাদের নাম প্রকাশ করিবেন। কিন্তু থানার রেজেষ্টরী করা মতদাতাদের অন্যূন শতকরা দশজন উপস্থিত হইয়া তাঁহাদের মত লেখাইয়া না দিলে, কোন পদাকাঙ্ক্ষী উপযুক্তরূপে নির্ব্বাচিত বলিয়া প্রকাশ করা যাইবে না।

৪৪। থানার রেজেষ্টরী করা মতদাতাদের মধ্যে যদি শতকরা দশজন উপস্থিত না হন (বিধির ৪০ ধারা), অথবা আসিয়া মত লেখাইয়া না দেন (বিধির ৪৩ ধারা), তাহা হইলে অধ্যক্ষতাকারী কার্য্যকারক এইরূপ রিপোর্ট করিবেন যে, স্থানীয় বোর্ডের যতজন সভ্য উক্ত থানার নিমিত্ত স্থির করিয়া দেওয়া হইয়াছে, নির্ব্বাচকেরা আইনের ১০ ধারামতে তাঁহাদিগকে নির্ব্বাচন করিতে ত্রুটি করিয়াছেন।

৪৫। দুই বা তদধিক পদাকাঙ্ক্ষীর অনুকূলে সমসংখ্যক মত লিখিত হইলে, ও তাঁহাদের সকলকে নির্ব্বাচন করা যাইতে না পারিলে, অধ্যক্ষতাকারী কার্য্যকারক যেপ্রকারে উচিত বোধ করেন, সেই প্রকারে গুলিবাঁটদ্বারা উক্ত পদাকাঙ্ক্ষীদের মধ্য হইতে বাছনী হইবে। তাহা হইলে ঐরূপে যে পদাকাঙ্ক্ষীকে বাছিয়া লওয়া যায়, তিনি উপযুক্তরূপে নির্ব্বাচিত হইয়াছেন বলিয়া প্রকাশ করা যাইবে।

৪৬। পূর্ব্ব কএক ধারামতে উপযুক্তরূপে নির্ব্বাচিত কোন পদাকাঙ্ক্ষী পদগ্রহণ করিতে অসম্মত হইলে, যে কোন (যদি কোন) নিষ্ফল পদাকাঙ্ক্ষী সর্ব্বাপেক্ষা অধিক মত পাইয়া থাকেন, তিনি নির্ব্বাচিত হইয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে। কোন নিষ্ফল পদাকাঙ্ক্ষী না থাকিলে, ঐরূপে যে পদ শূন্য হয়, তাহা পূর্ণ করিবার নিমিত্ত নূতন নির্ব্বাচন করা যাইবে।

৪৭। কোন ব্যক্তি দুই কিম্বা তদধিক থানার নিমিত্ত নির্ব্বাচিত হইলে, তিনি কোন্ থানার প্রতিনিধিত্ব করিবেন, আপন ইচ্ছামতে তাহা স্থির করিবেন; এবং অন্য যে প্রত্যেক থানায় উক্ত ব্যক্তি নির্ব্বাচিত হইয়া থাকেন, তথায় তাঁহার পক্ষে কোন মত লিখিত না হইয়া থাকিলে যেরূপে হইত, পূর্ব্ব ধারামতে সেইরূপে নির্ব্বাচনের ফল নিরূপণ করা যাইবে।

৪৮। সমুদয় থানার নির্ব্বাচন হইয়া গেলে পর স্থানীয় বোর্ডের উপযুক্তরূপে নির্ব্বাচিত পদাকাঙ্ক্ষীদের তালিকা কলিকাতা গেজেটে প্রকাশ করিবার নিমিত্ত খণ্ডের কমিশনর সাহেবের নিকট পাঠাইতে হইবে।

বিবিধ বিধি।

৪৯। এই সকল বিধি সারতঃ পালিত হইলে, প্রণালীগত কোন বিষয় ধরিয়া কোন নির্ব্বাচন অসিদ্ধ করা যাইবে না।

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৭ অক্টোবর। ]

50. No election shall be invalidated on account of any irregularity whatever, unless it appears that the irregularity was such as materially to affect the results of the election.

51. No person in the employment or pay of the District or Local Board shall directly or indirectly engage in canvassing for votes, or otherwise assist in the election of any candidate, otherwise than by giving his own vote. Any breach of this rule will render him liable to dismissal.

52. All costs incurred in the preparation of the register of voters, the publication of notices, the holding of elections, or taking any other necessary action under these rules, shall be payable from the District Fund.

---

## PART III.

### ELECTION OF MEMBERS OF DISTRICT BOARDS AND TERM OF OFFICE OF MEMBERS OF BOARDS.

*Election of Members of District Boards.*

53. A Local Board shall not elect members for the District Board until (*a*) the number of members of the District Board to be elected by such Local Board shall have been fixed by notification under section seven of the Act, and (*b*) the names of the elected and appointed members of the Local Board shall have been published in the *Calcutta Gazette*.

54. Within one month of the publication of the notification referred to in clause (*a*) of the preceding rule, or if later, the notification referred to in clause (*b*) of the same, the Local Board shall at a meeting elect the requisite number of members for the District Board. The names of the candidates shall be submitted at the meeting, and the election shall be made by the majority of votes of the members of a Local Board at such meeting.

55. In the case of the election or appointment of a Chairman, or the election of a Vice-Chairman, of the Local Board, not having taken effect, the meeting referred to in the preceding rule shall be called by the Magistrate of the district.

56. The names of the persons elected to serve on the District Board shall be forwarded without delay to the Magistrate of the district, who shall ascertain if they are duly qualified and are willing to serve.

57. If any elected candidates decline to take office, the unsuccessful candidates, if any, who received the largest number of votes shall be declared to be duly elected. If there is no unsuccessful candidate, a fresh election shall be held to fill the vacancy thus created.

58. In the event of any person being elected for two or more Local Boards, such person shall have liberty to choose which Local Board he will represent, and as regards every other Local Board for which such person has been returned, the result of the election shall be determined under the preceding rule as if no votes had been recorded for him, and if necessary a fresh election will be held.

59. The only persons qualified for election as members of the District Board shall be members of the Local Boards in the district.

60. The names of the elected members of the District Board shall, together with the names or official designation of the appointed members, if any, be published in the *Calcutta Gazette*.

*Term of Office.*

61. Every member of a Local or District Board, who has been elected or appointed by name, shall vacate his office at the end of three years from the date of his election or appointment as such member.

62. The term of three years mentioned in the preceding rule shall be held to include any period which may elapse between the expiration of the said three years and the date of the next subsequent appointment or election, not being an appointment or election under the next succeeding rule.

[ *Government Gazette, 27th October* 1885.]

৫০। অনিয়মদ্বারা নির্ব্বাচনের ফল বিশেষরূপে স্পৃষ্ট হইয়াছে বলিয়া দেখা না গেলে, কোন অনিয়ম হেতুক কোন নির্ব্বাচন অসিদ্ধ করা যাইবে না।

৫১। জিলা বা স্থানীয় বোর্ডের কর্ম্মে নিযুক্ত কোন ব্যক্তি সাক্ষাৎ বা পরম্পরা সম্বন্ধে নিজের মত দেওয়া ভিন্ন অন্য উপায়ে কোন পদাকাঙ্ক্ষীর পক্ষে মতসংগ্রহ বা প্রকারান্তরে নির্ব্বাচনের সহায়তা করিবেন না। এই বিধি লঙ্ঘন করিলে, তিনি পদচ্যুত হইবার যোগ্য হইবেন।

৫২। মতদাতাদের রেজিষ্টর প্রস্তুত করিতে, নোটিস প্রকাশ করিতে, নির্ব্বাচনকার্য্য করিতে, অথবা এইবিধি মত আবশ্যক অন্য কোন কার্য্য করিতে, যে সকল খরচ পড়ে, তাহা জিলার তহবীল হইতে দিতে হইবে।

---

## ৩য় ভাগ।

### জিলা বোর্ডের সভ্যদের নির্ব্বাচনের এবং বোর্ডের সভ্যেরা যতকাল পদে থাকিবেন, তাহার বিধি।

### জিলা বোর্ডের সভ্যদের নির্ব্বাচনের বিধি।

৫৩। (ক) স্থানীয় বোর্ড জিলা বোর্ডের যত জন সভ্য নির্ব্বাচন করিবেন, তাহা আইনের ৭ ধারামত বিজ্ঞাপনক্রমে যাবৎ নির্দ্দিষ্ট না হয়, এবং (খ) স্থানীয় বোর্ডের নির্ব্বাচিত ও নিযুক্ত সভ্যদের নাম যাবৎ কলিকাতা গেজেটে প্রকাশিত না হয়, তাবৎ কোন স্থানীয় বোর্ড জিলা বোর্ডের নিমিত্ত সভ্য নির্ব্বাচন করিবেন না।

৫৪। পূর্ব্ব ধারার (ক) প্রকরণের উল্লিখিত বিজ্ঞাপন, অথবা পরে হইলে উক্ত ধারার (খ) প্রকরণের উল্লিখিত বিজ্ঞাপন প্রকাশ করিবার এক মাসের মধ্যে স্থানীয় বোর্ড সভাগত হইয়া জিলা বোর্ডের আবশ্যক সংখ্যক সভ্য নির্ব্বাচন করিবেন। পদাকাঙ্ক্ষীদের নাম সভায় অর্পিত হইবে, এবং উক্ত সভায় স্থানীয় বোর্ডের যে সকল সভ্য উপস্থিত থাকেন, তাঁহাদের অধিকাংশের মতানুসারে নির্ব্বাচন করা যাইবে।

৫৫। স্থানীয় বোর্ডের সভাপতির নির্ব্বাচন বা নিয়োগ অথবা প্রতিনিধি সভাপতির নির্ব্বাচন বলবৎ হইয়া না থাকিলে, জিলার মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্ব ধারার উল্লিখিত সভা আহ্বান করিবেন।

৫৬। জিলা বোর্ডে কার্য্য করণার্থে নির্ব্বাচিত ব্যক্তিদের নাম জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট অবিলম্বে পাঠাইতে হইবে। উক্ত ব্যক্তিরা উপযুক্ত যোগ্যতাসম্পন্ন ও কার্য্য করিতে সম্মত কি না তিনি ইহা নিশ্চয় করিয়া জানিয়া লইবেন।

৫৭। নির্ব্বাচিত কোন পদাকাঙ্ক্ষীরা পদ গ্রহণ করিতে অসম্মত হইলে, নিষ্ফল পদাকাঙ্ক্ষী থাকিলে, তাঁহাদের মধ্যে যাঁহারা সর্ব্বাপেক্ষা অধিক মত পাইয়াছেন, তাঁহারা উপযুক্তরূপে নির্ব্বাচিত বলিয়া প্রকাশ করা যাইবে। কোন নিষ্ফল পদাকাঙ্ক্ষী না থাকিলে, ঐরূপে যে পদ শূন্য হয়, সেই পদ পূর্ণ করণার্থ নূতন নির্ব্বাচন করা যাইবে।

৫৮। কোন ব্যক্তি দুই বা তদধিক স্থানীয় বোর্ডের নিমিত্ত নির্ব্বাচিত হইলে, তিনি কোন্ স্থানীয় বোর্ডের প্রতিনিধি হইবেন, ইহা আপন ইচ্ছামতে স্থির করিবেন, এবং অন্য যে প্রত্যেক স্থানীয় বোর্ডের নিমিত্ত উক্ত ব্যক্তি নির্ব্বাচিত হইয়া থাকেন, তৎসম্বন্ধে তাঁহার পক্ষে কোন মত লিখিত না হইলে, যেরূপে হইত পূর্ব্ব ধারামতে নির্ব্বাচনের ফল সেইরূপে নিরূপিত হইবে; এবং আবশ্যক হইলে নূতন নির্ব্বাচন করা যাইবে।

৫৯। জিলার স্থানীয় বোর্ডসমূহের সভ্যরাই কেবল জিলা বোর্ডের সভ্যস্বরূপ নির্ব্বাচিত হইবার যোগ্য হইবেন।

৬০। জিলা বোর্ডের নির্ব্বাচিত সভ্যদের নাম ও নিযুক্ত সভ্যদের নাম ও তাঁহাদের সরকারী পদ থাকিলে সেই পদের নাম কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে।

### যত কাল পদ থাকিবে তাহার বিধি।

৬১। স্থানীয় বা জিলা বোর্ডের যে প্রত্যেক সভ্যের নামোল্লেখ করিয়া নির্ব্বাচন বা নিযুক্ত করা যায়, তিনি উক্ত সভ্যস্বরূপ আপনার নির্ব্বাচন বা নিয়োগের তারিখ অবধি তিন বৎসরের শেষে উক্ত পদ শূন্য করিয়া যাইবেন।

৬২। পরধারামত নিয়োগ বা নির্ব্বাচন না হইলে, উক্ত তিন বৎসর কাল অতীত হওয়া অবধি পরবর্ত্তী নিয়োগ বা নির্ব্বাচনের তারিখ পর্য্যন্ত যে কোন সময় গত হয়, পূর্ব্ব ধারার উল্লিখিত তিন বৎসর কাল মধ্যে তাহা ধরা যাইবে বলিয়া জ্ঞান করা যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৭ অক্টোবর। ]

৬৩। কোন স্থানীয় বা জিলা বোর্ডের কোন সভ্য স্বীয় পদের পূরাকাল পূর্ণ করিতে না পারিলে, তাঁহার পদত্যাগ বা পদচ্যুতি বা মৃত্যু হেতুক যে পদ শূন্য হয়, তাহা অন্য কোন ব্যক্তিকে নিয়োগ করিয়া বা স্থল বিশেষে নির্ব্বাচন করিয়া পূর্ণ করা যাইবে; এবং উক্ত সভ্য উক্ত পদে থাকিলে, অবশিষ্ট যত কাল পদে থাকিতেন, ঐরূপ নির্ব্বাচিত বা নিযুক্ত ব্যক্তি উক্ত শূন্য পদ ততকাল পূর্ণ করিবেন।

৬৪। A। স্থানীয় বোর্ড।—এই বিধির ৬১ ও ৬২ ধারার উল্লিখিত কোন নির্ব্বাচিত সভ্যের পদের কাল অতীত হইলে পর অথবা নির্ব্বাচিত সভ্যদের মধ্যে ৬৩ ধারামতে পদ শূন্য হইলে পর, যত শীঘ্র সম্ভব শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব নূতন নির্ব্বাচনের নিমিত্ত তারিখ স্থির করিয়া কলিকাতা গেজেটে বিজ্ঞাপন দিবেন, এবং ঐরূপ পরবর্ত্তী নির্ব্বাচনের সম্বন্ধে যতদূর হইতে পারে, এই বিধির ২১ অবধি ৫২ পর্য্যন্ত ধারা খাটিবে।

B। জিলা বোর্ড।—এই বিধির ৬১ ও ৬২ ধারার উল্লিখিত কোন নির্ব্বাচিত সভ্যের পদের কাল অতীত হইলে পর অথবা নির্ব্বাচিত সভ্যদের মধ্যে ৬৩ ধারামতে পদ শূন্য হইলে পর, যত শীঘ্র সম্ভব জিলার মাজিষ্ট্রেট সাহেব উক্ত শূন্য পদ পূর্ণ করণার্থ সভ্য নির্ব্বাচন করিবার অধিকার যে স্থানীয় বোর্ডের থাকে, সেই স্থানীয় বোর্ডে নোটিস পাঠাইবেন, এবং উক্ত বোর্ড ঐ নোটিস পাইবার ১ মাসের মধ্যে এই বিধির ৫৪ অবধি ৫৯ পর্য্যন্ত ধারা অনুসারে একজন সভ্য নির্ব্বাচন করিবেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

# গবর্ণমেণ্ট গেজেট

**TUESDAY, OCTOBER 27, 1885.**

**মঙ্গলবার ১৮৮৫ সাল ২৭ অক্টোবর ।**

## PART II.

**Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.**

**দ্বিতীয় খণ্ড ।**

**বঙ্গদেশের গবর্ণমেণ্টের সিদ্ধান্ত, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি ।**

# ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

---

No. 3275A.

GENERAL.—*The 6th October* 1885.—The following officers have been granted by Her Majesty's Secretary of State for India extensions of furlough for the periods mentioned opposite their names :—

| *Names.* | | *Periods of extension.* |
|---|---|---|
| Mr. N. S. Alexander, C.S. | ... | One month and twenty-nine days. |
| ,, J. Tweedie, C.S. ... | ... | Four days. |

*The 13th October* 1885.—Moulvie Syed Wajid Hossein, Temporary Sub-Deputy Collector, Hajipore, in the district of Mozufferpore, is appointed to act as Special Deputy Collector for employment on butwara work in that district, *vice* Baboo Ram Churn Lall, who will revert to the regular line from the date on which he may be relieved of his present appointment.

Mr. A. A. Wace, C.S., has been granted by Her Majesty's Secretary of State for India an extension of furlough for 14 days.

Syed Mahomed Israil, Deputy Magistrate and Deputy Collector, has been granted by Her Majesty's Secretary of State for India an extension of three months extraordinary leave, on medical certificate, without pay.

*The 14th October* 1885.—Mr. D. Norton, Assistant Magistrate and Collector, Kurseong, Darjeeling, is appointed to act, until further orders, in the first grade of Joint-Magistrates and Deputy Collectors, on being relieved of his present appointment as Officiating Magistrate and Collector of Gya.

Mr. E. M. Reily, Deputy Magistrate and Deputy Collector, Madhubani, Durbhunga, is allowed leave for three months, under section 72, chapter V of the Civil Leave Code, with effect from such date as he may be relieved.

Mr. J. White, Deputy Magistrate and Deputy Collector, Kurseong, Darjeeling, is transferred to Durbhunga, and is appointed to have charge of the Madhubani sub-division of that district, during the absence, on leave, of Mr. E. M. Reily, or until further orders.

*The 16th October* 1885.—Mr. J. Ware Edgar, C.S.I., Magistrate and Collector, Noakholly, is appointed to be Magistrate and Collector of Tipperah, but will continue to act as Secretary to the Government of Bengal, in the Financial Department, until further orders.

Mr. R. M. Waller, Magistrate and Collector, on furlough, is appointed to be Magistrate and Collector of Noakholly.

Mr. W. R. Larminie, Magistrate and Collector, Nuddea, is appointed to be Magistrate and Collector of the 24-Pergunnahs, but will continue to act as Commissioner of Dacca until further orders.

Mr. J. A. Hopkins, Officiating Magistrate and Collector, Nuddea, is confirmed in that appointment.

Mr. A. A. Wace, Magistrate and Collector, on furlough, is appointed to be Magistrate and Collector of Furreedpore.

Mr. H. Lee, Assistant Magistrate and Collector, on furlough, is posted to the sudder station of the district of Purneah.

Mr. Lee is appointed to act, until further orders, in the first grade of Joint-Magistrates and Deputy Collectors, with effect from the date on which he joins his appointment.

Mr. S. S. Jones is appointed to act, until further orders, in the first grade of Joint-Magistrates and Deputy Collectors, and is posted to the sudder station of the district of Rungpore, on being relieved of his present appointment as Officiating Magistrate and Collector of that district.

Mr. C. P. Caspersz, Assistant Magistrate and Collector, on leave, is posted to the sudder station of the district of Cuttack.

[*Government Gazette, 27th October* 1885.]

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

৩২৭৫ A নম্বর।

সাধারণ।—১৮৮৫ সাল ৯ অক্টোবর।—ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেব নিম্নলিখিত কার্য্যকারকদিগকে তাঁহাদের নামের পার্শ্বলিখিত বর্দ্ধিত কালের নিয়মিত ছুটী দিয়াছেন।—

| নাম। | বর্দ্ধিত কাল। |
|---|---|
| শ্রীযুত এম, এস, আলেকজাণ্ডর সাহেব, সি, এস, ... | এক মাস উনত্রিশ দিনের। |
| ,, জে, টুইডি সাহেব, সি, এস, ... ... | চারি দিনের। |

১৮৮৫ সাল ১৩ অক্টোবর।—শ্রীযুত বাবু রামচরণ লালের পরিবর্ত্তে মজফরপুর জিলার অন্তর্গত হাজিপুরের কিয়ংকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী সৈয়দ ওয়াজিদ হুসেন উক্ত জিলার বাটওয়ারার কার্য্যে নিযুক্ত হওনার্থে বিশেষ ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন। শ্রীযুত বাবু রামচরণ লাল স্বীয় বর্ত্তমান পদের কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করিবার তারিখ অবধি রেগুলর লাইনে প্রত্যাগমন করিবেন।

ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেব শ্রীযুত এ, এ, ওয়েস, সি, এস, সাহেবকে আর চৌদ্দ দিনের নিয়মিত ছুটী দিয়াছেন।

ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেব ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সৈয়দ মহম্মদ ইব্রাহীমকে চিকিৎসকের সর্টিফিকেটক্রমে বিনা বেতনে আর তিন মাসের অতিরিক্ত ছুটী দিয়াছেন।

১৮৮৫ সাল ১৪ অক্টোবর।—দার্জিলিঙ্গের অন্তর্গত কর্সিয়ঙ্গের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডি, নর্টন সাহেব গয়ার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর স্বরূপ স্বীয় বর্ত্তমান কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করিয়া যাবৎ অন্য আজ্ঞা না হয় জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

দ্বারভাঙ্গার অন্তর্গত মধুবনির ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই, এম, রাইলী সাহেব অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করিবার তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭২ ধারামতে তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত ই, এম, রাইলী সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, দার্জিলিঙ্গের অন্তর্গত কর্সিয়ঙ্গের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, ওয়াইট সাহেব দ্বারভাঙ্গায় প্রেরিত হইয়া সেই জিলার অন্তর্গত মধুবনি মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

১৮৮৫ সাল ১৬ অক্টোবর।—নওয়াখালীর মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে, এয়ার, এডগার, সাহেব, সি, এস, আই, ত্রিপুরার মাজিষ্ট্রেট ও কালেক্টরের পদে নিযুক্ত হইলেন, কিন্তু যাবৎ অন্য আজ্ঞা না হয়, ফিনান্শ্যাল ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরীর কর্ম্ম করিতে থাকিবেন।

নিয়মিত ছুটীপ্রাপ্ত মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর, এম, ওয়ালর, সাহেব নওয়াখালীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

নদীয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ, আর, লার্মিনি সাহেব ২৪ পরগণার মাজিষ্ট্রেট ও কালেক্টরের পদে নিযুক্ত হইলেন, কিন্তু যাবৎ অন্য আজ্ঞা না হয়, ঢাকার কমিশ্যনরের কর্ম্ম করিতে থাকিবেন।

নদীয়ার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে, এ, হপকিন্স সাহেব সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

নিয়মিত ছুটীপ্রাপ্ত মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ, এ, ওয়েস সাহেব ফরীদপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

নিয়মিত ছুটীপ্রাপ্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ, লী সাহেব পুরণিয়া জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

শ্রীযুত লী সাহেব যে তারিখে স্বীয় কর্ম্ম গ্রহণ করেন সেই তারিখ অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয়, জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এস, এস, জোন্স সাহেব রঙ্গপুর জিলার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টরস্বরূপ স্বীয় বর্ত্তমান কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করিয়া যাবৎ অন্য আজ্ঞা না হয়, জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া উক্ত জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

ছুটীপ্রাপ্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি, পি, ক্যাস্পার্জ সাহেব কটক জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২১ অক্টোবর।]

Mr. Caspersz is appointed to act, until further orders, in the first grade of Joint-Magistrates and Deputy Collectors, with effect from the date on which he joins his appointment.

Mr. C. R. Marindin is appointed to act, until further orders, in the first grade of Joint-Magistrates and Deputy Collectors, and is posted to Monghyr on being relieved of his present appointment as Officiating Magistrate and Collector of Maldah.

Mr. F. R. S. Collier, Assistant Magistrate and Collector, is appointed to act, until further orders, in the first grade of Joint-Magistrates and Deputy Collectors, and is posted to Manbhoom, on being relieved of his present appointment as Officiating Deputy Commissioner of that district.

Mr. A. E. Staley, Assistant Magistrate and Collector, is appointed to act, until further orders, in the first grade of Joint-Magistrates and Deputy Collectors, and is posted to the 24-Pergunnahs on being relieved of his present appointment as Officiating Deputy Commissioner of Julpigoree.

The undermentioned gentlemen are appointed temporarily to be Sub-Deputy Collectors of the fourth grade, and are posted to the districts mentioned opposite their names. Their services are placed at the disposal of the Financial Department of this Government for employment on excise work.

| | | |
|---|---|---|
| Baboo Hera Lal Sen | ... | ... Moorshedabad. |
| ,, Behary Lal Sirkar | ... | ... Dacca. |
| ,, Hara Chandra Ghose | ... | ... Burdwan. |

Mr. A. C. Tute, Joint-Magistrate and Deputy Collector, is posted to the sudder station of the district of Mozufferpore, on being relieved of his present appointment as Officiating Magistrate and Collector of Pubna.

*The 17th October* 1885.—Mr. A. Borooah is appointed to act, until further orders, in the first grade of Joint-Magistrates and Deputy Collectors, and is posted to the sudder station of the district of Tipperah, on being relieved of his present appointment as Officiating Magistrate and Collector of Noakholly.

Mr. T. M. Kirkwood, Officiating District and Sessions Judge, Patna, is confirmed in that appointment.

Mr. R. M. Towers, Officiating District and Sessions Judge, Midnapore, is appointed to be District and Sessions Judge, Moorshedabad.

Mr. F. W. R. Cowley, District and Sessions Judge, Patna, on furlough, is appointed to be District and Sessions Judge of Chittagong.

Mr. F. H. McLaughlin, Officiating District and Sessions Judge, Jessore, is appointed to be District and Sessions Judge, Furreedpore.

*The 19th October* 1885.—Lieutenant-Colonel C. H. Garbett is re-appointed to act as Deputy Commissioner of Hazaribagh, during the absence, on deputation, of Major E. G. Lillingston, or until further orders, with effect from the forenoon of the 26th September 1885.

POLICE.—*The 6th October* 1885.—The special leave for six months granted to Mr. E. St. George Kaye, Assistant Superintendent of Police, has been commuted by Her Majesty's Secretary of State for India to leave for one year on medical certificate.

*The 13th October* 1885.—Mr. W. D. Pratt, District Superintendent of Police, Moorshedabad, is allowed leave for one month and one week, under section 72, chapter V of the Civil Leave Code, with effect from the date on which he may be relieved by Mr. G. R. K. Meares.

Mr. G. R. K. Meares, District Superintendent of Police, on furlough, is appointed to act as District Superintendent of Police, Moorshedabad, during the absence, on leave, of Mr. W. D. Pratt, or until further orders.

চিকিৎসা বিষয়ক ।—১৮৮৫ সাল ৯ নবেম্বর ।—ঢাকার মিটফর্ড হাঁস্পাতালের হৌস সর্জন, আপথিকরি শ্রীযুত জি, এচ, কাম্বেল সাহেব কিয়ৎকালের নিমিত্তে, হোম ডিপার্টমেন্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন ।

কলিকাতার কালেজ হাঁস্পাতালে নিযুক্ত আপথিকরি শ্রীযুত জে, ডেবিস সাহেব হোম ডিপার্টমেন্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে পুনঃ সংস্থাপিত হইলেন ।

[ গবর্ণমেণ্ট গেজেট । ১৮৮৫ । ১৭ নবেম্বর । ]

Assistant Surgeon Neem Chand Gupta, Deputy Superintendent of Vaccination, Metropolitan Circle, is allowed leave for three months, under section 128, chapter X of the Civil Leave Code, with effect from such date as he may avail himself of it.

The following notifications are republished from the *Assam Gazette*:—

*No.* 55.—*The 29th October* 1885.—Mr. J. Kelleher, on return from privilege leave, resumed charge of the office of District and Sessions Judge of Sylhet and Sessions Judge of Cachar from Mr. J. Posford in the afternoon of the 13th October 1885.

*No.* 56.—Mr. G. Godfrey made over charge of the current duties of the treasury and office of Deputy Commissioner, Lakhimpur, to Mr. R. Lea, Extra Assistant Commissioner, and availed himself of privilege leave in the forenoon of the 4th October 1885.

*No.* 57.—Mr. G. A. Patten, Assistant Superintendent of Police, Cachar, reported his return to duty from privilege leave in the forenoon of the 26th October 1885.

*No.* 58.—Mr. W. B. Maxwell, District Superintendent of Police, Kamrup, reported his return to duty from privilege leave in the forenoon of the 12th October 1885.

*No.* 59.—Mr. A. J. Primrose, Assistant Commissioner, reported his return from furlough at Bombay on the 28th September 1885, and received charge of the Mangaldai subdivision in the forenoon of the 12th October 1885.

*No.* 60.—Baboo Harasundar Chakravarti, Munsif of Karimganj, reported his departure on privilege leave in the afternoon of the 6th October 1885.

F. B. PEACOCK,
*Chief Secy. to the Govt. of Bengal.*

---

NOTIFICATION.

*The 5th November* 1885.—With reference to paragraph 5 of the Resolution dated the 12th June 1885, it is hereby notified that the number of appointments to be competed for at the examination of candidates for admission into the Subordinate Executive Service to be held in January next will be ten.

F. B. PEACOCK,
*Chief Secy. to the Govt. of Bengal.*

---

DECLARATION.

*The 7th November* 1885.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for a post office bungalow and cookshed in the village of Sailkora, pergunnah Mahammed Shahi, in the district of Jessore, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 13½ cottahs of standard measurement, bounded on the north by Hidu Lasker's land, south by the river Kumer, east by Hidu Lasker's land, and west by Hari Charan Shah's and Kashi Nath Acharjee's land is required within the aforesaid village of Sailkora.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

A. P. MACDONNELL,
*Secy. to the Govt. of Bengal.*

---

NOTIFICATION.

*The 4th November* 1885.—The following telegram received from Alexandria, dated the 3rd instant, is published for general information.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

Telegram dated the 3rd November 1885.

| | |
|---|---|
| From—Alexandria *vid* Suez Govt. | To—Calcutta. |
| From—British Consul. | To—Government. |

CALCUTTA admitted free pratique.

[*Government Gazette, 17th November* 1885.]

রাজধানীচক্রের টিকাদান কার্য্যের ডেপুটী সুপরিন্টেণ্ডেন্ট, আসিষ্টান্ট সর্জন শ্রীযুত নিমচাঁদ গুপ্ত যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১২৮ ধারামতে তিন মাসের ছুটী পাইলেন।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেট হইতে উদ্ধৃত করা গেল,—

৫৫ নম্বর।—১৮৮৫ সাল ২৯ অক্টোবর।—শ্রীযুত জে, কেলেহর সাহেব অনুগ্রহের ছুটী হইতে প্রত্যাগমন করিয়া শ্রীযুত জে, পোস্ফর্ড সাহেবের স্থানে ১৮৮৫ সালের ১৩ অক্টোবরের অপরাহ্নে শ্রীহট্টের ডিষ্ট্রিক্ট ও সেশন জজের ও কাছাড়ের সেশন জজের কর্ম্মের ভার পুনর্গ্রহণ করিলেন।

৫৬ নম্বর।—শ্রীযুত জি, গডফ্রি সাহেব অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত আর, লিয়া সাহেবের প্রতি লক্ষ্মীপুরের খাজানাখানার চলিত কর্ম্মের ভার ও ডেপুটী কমিশ্যনরের কর্ম্মের ভার অর্পণ করিয়া ১৮৮৫ সালের ৪ অক্টোবরের পূর্ব্বাহ্নে অনুগ্রহের ছুটী গ্রহণ করিলেন।

৫৭ নম্বর।—কাছাড়ের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত জি, এ, পাটেন সাহেব ১৮৮৫ সালের ২৬ অক্টোবরের পূর্ব্বাহ্নে অনুগ্রহের ছুটী হইতে প্রত্যাগমন করিলেন রিপোর্ট করিয়াছেন।

৫৮ নম্বর।—কামরূপের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত ডবলিউ, বি, মাক্সওয়েল সাহেব ১৮৮৫ সালের ১২ অক্টোবরের পূর্ব্বাহ্নে অনুগ্রহের ছুটী হইতে স্বীয় কর্ম্মে প্রত্যাগমনের রিপোর্ট করিলেন।

৫৯ নম্বর।—আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত এ, জে, প্রিমরোস সাহেব নিয়মিত ছুটী হইতে ১৮৮৫ সালের ২৮ সেপ্টেম্বরে বোম্বাইয়ে প্রত্যাগমন করিয়া ১৮৮৫ সালের ১২ অক্টোবরের পূর্ব্বাহ্নে মঙ্গলদয়ি মহকুমার কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

৬০ নম্বর।—করিমগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু হরসুন্দর চক্রবর্ত্তী অনুগ্রহের ছুটী লইয়া ১৮৮৫ সালের ৬ অক্টোবরের অপরাহ্নে স্বীয় গমনের রিপোর্ট করেন।

এফ, বি, পীকক,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৫ নবেম্বর।—১৮৮৫ সালের ১২ জুন তারিখের নির্দ্ধারণের ৫ দফার উপলক্ষে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে আগামি জানুয়ারি মাসে স্ট্যাটিউটরি সিবিল সর্ব্বিসে গ্রহণার্থে পদাকাঙ্ক্ষিদের যে পরীক্ষা হইবে তাহাতে দশটি পদের জন্য প্রতিযোগিতা হইতে পারিবে।

এফ, বি, পীকক,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৭ নবেম্বর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ যশোহর জিলার অন্তর্গত মহম্মদশাহী পরগনার শৈলকোরা গ্রামে ডাকঘরের বাঙ্গলা ঘর ও রান্নাঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত উক্ত শৈলকোরা গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক ।৩॥ পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা হিচু লস্করের জমি, দক্ষিণ সীমা কুমের নদী, পূর্ব্ব সীমা হিচু লস্করের জমি ও পশ্চিম সীমা গিরিবালা শাহার ও কাশীনাথ আচার্য্যের জমি।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

এ, পি, মাকডনাল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৪ নবেম্বর।—আলেক্‌জণ্ড্রিয়া হইতে প্রাপ্ত এই মাসের ৩ তারিখের নিম্নলিখিত টেলিগ্রাম সাধারণের অবগত্যর্থে প্রকাশ করা গেল।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

| | |
|---|---|
| কলিকাতায়, | ব্রিটিষ কন্সল সাহেবের, |
| গবর্ণমেণ্টের নিকট, | আলেক্‌জণ্ড্রিয়া হইতে সুয়েজ দিয়া গবর্ণমেণ্টের |

১৮৮৫ সালের ৩ নবেম্বর তারিখের টেলিগ্রাম

কলিকাতা হইতে আগত জাহাজদিগকে অবাধে কূলের সহিত সংস্রব করিতে দেওয়া যাইবে।

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ নবেম্বর। ]

NOTIFICATION.

*The 9th November* 1885.—The following telegram, received from the Government of Bombay, dated the 5th instant, is published for general information.

J. Ware Edgar,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

Telegram dated the 5th November 1885.

From—Bombay. | To—Calcutta.
From—General Secretary. | To—Bengal.

Following from Political Resident, Aden, dated 4th November 1885. The Agent and Consul-General, Cairo, telegraphs :—Calcutta admitted to free pratique in Suez. Quarantine at Suez on arrivals from Tonquin, Aden, and Perim. Comply.

---

NOTIFICATION.

Bengal Tenancy Act.

*The 1st November* 1885.—The following draft of Proposed Rules under the provisions of Act VIII of 1885 are published for general information, in conformity with section 190 of the Act, and it is hereby notified that the draft will be taken into consideration by the Government of Bengal on the 7th December 1885. Any objection or suggestion which may be made by any person with respect to the draft should be submitted to the Secretary to the Government of Bengal in the Revenue Department, Calcutta, before the date specified above.

A. P. MacDonnell,
*Secy. to the Govt. of Bengal.*

---

# RULES UNDER THE BENGAL TENANCY ACT.

## CHAPTER I.—General.

1. In carrying out the following rules Revenue Officers shall have regard to the instructions which have been issued, or which may hereafter be issued, by the Board of Revenue for the guidance of Revenue Officers subordinate to them, so far as such instructions are consistent with the rules herein prescribed under Act VIII, 1885.

2. All proceedings and orders of Revenue Officers, passed in the discharge of any duty imposed upon them by or under this Act, shall be subject to the supervision and control of the Board of Revenue. The orders of each inferior Revenue Officer under this Act, shall be subject to the supervision and control of the Revenue Officers to whom he may be declared by the Board of Revenue to be, for the purposes of the Act, subordinate.

3. Where no other mode of service of notice is prescribed under the Tenancy Act or any other Act under which proceedings are being taken, Revenue Officers shall cause notice to be served in the manner prescribed for the service of a summons on a defendant under the Code of Civil Procedure, if the notice is addressed to only one person, and if it is addressed to a number of persons occupying or owning land in the same village, the notice shall be served by proclamation and beat of drum in the village, and also by suspending it in the office where the rent is usually paid, or some conspicuous place in the village.

---

## CHAPTER II.—Staple Food-Crops and Price Lists.

1. *Section* 39 (1).*—The local areas under this section shall be those entered in Schedule II annexed to these rules, and the mart specified in the same schedule for each local area shall be that at which prices shall be recorded.

---

* These references are in all cases to the sections of the Bengal Tenancy Act (Act VIII, 1885).

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৯ নবেম্বর।—বোম্বাই গবর্ণমেণ্ট হইতে প্রাপ্ত এই মাসের ৫ তারিখের নিম্নলিখিত টেলিগ্রাম সাধারণের অবগত্যর্থে প্রকাশ করা গেল।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বঙ্গদেশে,
কলিকাতায়,

বোম্বাইর
সাধারণ সেক্রেটরী সাহেবের টেলিগ্রাম।

১৮৮৫ সালের ৫ নবেম্বর।

এদনের পলিটিকাল রেসিডেণ্ট সাহেবের স্থানে ১৮৮৫ সালের ৪ নবেম্বর তারিখের নিম্নলিখিত সংবাদ পাওয়া গিয়াছে। "কাইরোস্থ এজেণ্ট ও কন্সল জেনরল সাহেব তারযোগে এই খবর দিয়াছেন।—কলিকাতা হইতে আগত জাহাজদিকে সুয়েজে অবাধে কুলেরসহিত সংস্রব করিতে দেওয়া যাইবে, ট্রিন, এদন ও পেরিম হইতে আগত জাহাজের উপর সুয়েজে করান্টাইন নির্দ্ধারিত হইল। এতদনুসারে কার্য্য করিবে।"

---

বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক আইনমত

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১ নবেম্বর।—১৮৮৫ সালের ৮ আইনের বিধানমত প্রস্তাবিত বিধির নিম্নলিখিত পাণ্ডুলেখ্য উক্ত আইনের ১৯০ ধারা অনুসারে সাধারণের অবগত্যর্থে প্রকাশ করা গেল এবং এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বঙ্গদেশের গবর্নমেণ্ট ১৮৮৫ সালের ৭ ডিসেম্বর তারিখে উক্ত পাণ্ডুলেখ্য বিবেচনা করিয়া দেখিবেন। উক্ত পাণ্ডুলেখ্য সম্বন্ধে কোন ব্যক্তি যে কোন আপত্তি বা প্রস্তাব করেন, তাহা ঐ নির্দ্দিষ্ট তারিখের পূর্ব্বে কলিকাতায় রেবিনিউ ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের নিকট পাঠাইতে হইবে।

এ, পি, মাকডনেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

---

## বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক আইনমত বিধি।

১ অধ্যায়।—সাধারণ।

১। রেবিনিউ বোর্ড তদধীন রাজস্ব কর্ম্মচারীদের উপদেশার্থ যে সকল আদেশ দিয়াছেন বা ভবিষ্যতে দেন, তাহা ১৮৮৫ সালের ৮ আইনমতে এতদ্দ্বারা নির্দ্দিষ্ট বিধির সহিত যত দূর সঙ্গত হয়, তত দূর রাজস্ব কর্ম্মচারীরা নিম্নলিখিত বিধি সফল করণকালে সেই সকল আদেশের প্রতি দৃষ্টি রাখিবেন।

২। এই আইন দ্বারা বা এই আইনমতে রাজস্ব কর্ম্মচারীদের উপর যে কোন কর্ম্মের ভার অর্পিত হয়, সেই কর্ম্ম সম্পাদন কালে তাঁহারা যে কোন কার্য্যানুষ্ঠান ও আজ্ঞা করেন, তাহা রেবিনিউ বোর্ডের তত্ত্বাবধান ও কর্তৃত্বাধীন থাকিবে। এই আইনের কার্য্যার্থে রেবিনিউ বোর্ড কোন নিম্নতর রাজস্ব কর্ম্মচারীকে যে রাজস্ব কর্ম্মচারীদের অধীন বলিয়া প্রকাশ করেন তাঁহার এই আইনমত আজ্ঞা সেই রাজস্ব কর্ম্মচারীদের তত্ত্বাবধান ও কর্তৃত্বাধীন থাকিবে।

৩। প্রজাস্বত্ব বিষয়ক আইনমতে অথবা অন্য যে আইন অনুসারে আনুষ্ঠানিক কার্য্য করা যাইতেছে, সেই আইনমতে নোটিস জারী করিবার অন্য কোন প্রণালী নির্দ্দিষ্ট না থাকিলে, রাজস্ব কর্ম্মচারী কেবল এক ব্যক্তির নামে নোটিস হইলে, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনমতে যে প্রকারে সমন জারী করিতে হয়, সেই প্রকারে নোটিস জারী করাইবেন, এবং এক গ্রামস্থ ভূমির কএক দখীলকার বা মালিকের নামে নোটিস হইলে, ঐ গ্রামে ঢেঁড়রা দিয়া ঘোষণা করিয়া ও গ্রামের যে কাছারীতে সচরাচর খাজানা প্রদত্ত হয়, সেই কাছারীতে বা কোন সুপ্রকাশ স্থানে ঐ নোটিস লটকাইয়া দিয়া উহা জারী করিতে হইবে।

---

২ অধ্যায়।—প্রধান উৎপাদ্য খাদ্য শস্য ও দরের তালিকা বিষয়ক বিধি।

১। ৩৯ (১) ধারা। *—এই ধারামত স্থান বলিতে এই বিধির দ্বিতীয় তফসীলের লিখিত স্থান বুঝাইবে, এবং প্রত্যেক স্থানের নিমিত্ত উক্ত তফসীলের নির্দ্দিষ্ট বাজারের দর লিপিবদ্ধ করা যাইবে।

* এই সকল উল্লেখ সকলস্থলেই বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫ সালের ৮ আইনের ধারার উল্লেখ।

2. *Section* 39 (7).—The Collector, after such enquiry into the relative extent to which particular food-crops are grown in his district, as he may think necessary, shall report to the Board of Revenue what food-crops are most extensively grown in each local area, distinguishing, if necessary, staple food-crops grown on uplands from those grown on lowlands. The Board of Revenue shall submit this report to the Local Government. The Local Government, after considering the report, shall determine and notify in the *Calcutta Gazette* what shall be deemed staple food-crops in each local area.

3. Price lists of staple food-crops shall be prepared on two market days in the month at intervals of not less than ten days. Such market days shall be selected by the Collector, subject to the control of the Board of Revenue.

4. The price recorded for each staple food-crop shall be the prevailing retail price at which that crop was actually sold in the mart to which the price list refers on the days prescribed in the last preceding rule.

5. Price lists shall ordinarily be prepared by a gazetted officer not below the rank of a Sub-Deputy Collector. But in special cases where a Sub-Deputy Collector is not available, the Collector, with the sanction of the Commissioner, may authorize a canoongoo to prepare the lists.

6. Every officer charged with the preparation of price lists shall keep a record showing—

(*a*) The date of his visit to the market, the prices in which are to be recorded;

(*b*) The names of vendors and purchasers, the quantities sold, and the prices thereof, for any sales effected in his presence.

7. When price lists are prepared at the sudder sub-division by an officer other than a Covenanted Deputy Collector, or the Senior Deputy Collector, or at other sub-divisions by an officer subordinate to the Sub-Divisional Officer, they shall be submitted to the Covenanted Deputy Collector, or the Senior Deputy Collector, or Sub-Divisional Officer as the case may be. Such officer shall scrutinize the lists; he may call for explanations and cause manifest errors to be corrected; and, having satisfied himself of the accuracy of the lists, he shall countersign them.

8. The price lists shall be published at the marts to which they respectively refer, at the Collector's or sub-divisional office, and at every police station and munsifi in the local area.

9. The lists shall then be submitted to the Board with any objections made to them, and with the opinions of the officers who prepared and countersigned them, and of the Collector, on such objections.

## CHAPTER III.—LANDLORDS' IMPROVEMENTS.

1. *Section* 80.—An application for the registration of a landlord's improvement may be presented to the Collector of the district or to the officer in charge of the sub-division in which the land benefited by the improvement is situated, or to any Assistant or Deputy Collector who may be specially appointed by the Government to receive such application. It shall be in the form specified in Schedule I appended to these rules.

2. The officer receiving the application may, if he thinks fit, require the applicant to present as many copies of the application as there are tenants mentioned in column 7 of the application, or as there are villages mentioned in column 2, and he may, as the case may be, either forward by registered letter copies to the tenants whose names are specified, or may cause a copy to be fixed up in some conspicuous place in every such village. In either case he shall fix a date for hearing objections to the application, and shall cause that date to be notified to the parties concerned, either by entering it in the copies forwarded by registered letter or by proclaiming it by beat of drum in each village. The expenses of such service shall be borne by the applicant for registration.

[*Government Gazette*, 17*th November* 1885.]

২। ৩৯ (৭) ধারা।—কালেক্টর সাহেব আপন জেলায় বিশেষ২ খাদ্য শস্য অপেক্ষাকৃত যে পরিমাণে জন্মে তৎসম্বন্ধে যেরূপ তদন্ত লওয়া আবশ্যক বিবেচনা করেন সেইরূপ তদন্ত লইবার পর, আবশ্যক হইলে উচ্চ ভূমিতে ও নিম্ন ভূমিতে যেং প্রধান উৎপাদ্য খাদ্য শস্য জন্মে তাহা পৃথক্ করিয়া, প্রত্যেক স্থানে কিং খাদ্য শস্য অতি বিস্তৃতরূপে জন্মে রেবিনিউ বোর্ডে ইহার রিপোর্ট করিবেন। রেবিনিউ বোর্ড এই রিপোর্ট স্থানীয় গবর্ণমেণ্টে পাঠাইবেন। স্থানীয় গবর্ণমেণ্ট রিপোর্ট বিবেচনা করিয়া দেখিয়া প্রধান উৎপাদ্য খাদ্য শস্য বলিয়া প্রত্যেক স্থানে কিং শস্য গণ্য হইবে ইহা স্থির করিয়া কলিকাতা গেজেটে বিজ্ঞাপন দিবেন।

৩। অন্যূন দশ দিন অন্তর মাসের মধ্যে দুইটী হাটের দিনে প্রধান উৎপাদ্য খাদ্য শস্যের দরের তালিকা প্রস্তুত করিতে হইবে। রেবিনিউ বোর্ডের কর্ত্তৃত্বাধীনে কালেক্টর সাহেব ঐরূপ হাটের দিন নির্ব্বাচন করিয়া লইবেন।

৪। পূর্ব্ব বিধির নির্দ্দিষ্ট দিনদ্বয়ে দরের তালিকায় উল্লিখিত বাজারে যে খুচরা চলিত দরে কোন প্রধান উৎপাদ্য খাদ্য শস্য প্রকৃতপক্ষে বিক্রীত হয়, তাহাই উক্ত শস্যের দর বলিয়া লিপিবদ্ধ হইবে।

৫। সব-ডেপুটী কালেক্টরের নিম্নপদস্থ না হন এরূপ একজন গেজেট লেখা কর্ম্মচারী সামান্যতঃ দরের তালিকা প্রস্তুত করিবেন। কিন্তু বিশেষ স্থলে সব-ডেপুটী কালেক্টর পাওয়া যাইতে না পারিলে, কালেক্টর সাহেব কমিশ্যনর সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক তালিকা প্রস্তুত করিবার ক্ষমতা কোন কানুনগোকে দিতে পারিবেন।

৬। দরের তালিকা প্রস্তুত করিবার ভারপ্রাপ্ত প্রত্যেক কর্ম্মচারা একটি রিকার্ড রাখিবেন তাহাতে—

(ক) যে বাজারে দর লিপিবদ্ধ করিতে হইবে, সেই বাজারে তাঁহার যাইবার তারিখ ও

(খ) তাঁহার সাক্ষাতে যে যে বিক্রয় হয় সেই সেই বিক্রয় সম্বন্ধে বিক্রেতা ও ক্রেতার নাম, বিক্রীত দ্রব্যের পরিমাণ ও তাহার দর লিখিতে হইবে।

৭। সদর মহকুমায় চিহ্নিত বা পদজ্যেষ্ঠ ডেপুটী কালেক্টরের নিম্নপদস্থ কোন কর্ম্মচারী অথবা অন্যান্য মহকুমায় মহকুমার কর্ত্তৃপক্ষের অধীনস্থ কোন কর্ম্মচারী দরের তালিকা প্রস্তুত করিলে, তাহা স্থলবিশেষে চিহ্নিত ডেপুটী কালেক্টরের কিম্বা পদজ্যেষ্ঠ ডেপুটী কালেক্টরের কিম্বা মহকুমার কর্ত্তৃপক্ষের নিকট অর্পণ করিতে হইবে। তিনি তালিকাগুলি বিশেষ করিয়া পরীক্ষা করিয়া দেখিবেন; তিনি কৈফিয়ৎ চাহিতে ও স্পষ্ট ভুল সংশোধন করাইতে পারিবেন; এবং তালিকাগুলির শুদ্ধতা সম্বন্ধে আপনার হৃদ্বোধ জন্মিলে, তাহাতে ক্রোড় স্বাক্ষর করিবেন।

৮। যেং দরের তালিকা যেং বাজারের সহিত সম্পর্ক রাখে, সেইং দরের তালিকা সেইং বাজারে, আর কালেক্টর সাহেবের বা মহকুমার কর্ত্তৃপক্ষের কাছারীতে এবং ঐ স্থানের অন্তর্গত প্রত্যেক থানায় ও মুনসেফীতে প্রকাশ করা যাইবে।

৯। তালিকাগুলির প্রতি যে কোন আপত্তি করা হয় সেই আপত্তিসহিত এবং যে কর্ম্মচারীরা তালিকা প্রস্তুত ও ক্রোড় স্বাক্ষর করেন, ঐ আপত্তি সম্বন্ধে তাঁহাদের ও কালেক্টর সাহেবের মত সহিত ঐ তালিকাগুলি পরে বোর্ডে পাঠাইতে হইবে।

---

৩ অধ্যায়।—ভূম্যধিকারির উৎকর্ষসাধন বিষয়ক বিধি।

১। ৮০ ধারা।—ভূম্যধিকারী উৎকর্ষসাধন রেজিষ্টরী করাইবার প্রার্থনাপত্র জিলার কালেক্টর সাহেবের নিকট, অথবা উৎকর্ষসাধন দ্বারা যে ভূমির উপকার হয়, সেই ভূমি যে মহকুমার মধ্যে থাকে সেই মহকুমার অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কর্ত্তৃপক্ষের নিকট, অথবা ঐরূপ প্রার্থনাপত্র গ্রহণ করণার্থ গবর্ণমেণ্ট বিশেষ করিয়া যে কোন আসিষ্টাণ্ট বা ডেপুটী কালেক্টরকে নিযুক্ত করেন তাঁহার নিকট, উপস্থিত করা যাইতে পারিবে। এই প্রার্থনাপত্র এই বিধির প্রথম তফসীলের নির্দ্দিষ্ট পাঠে লিখিতে হইবে।

২। যে কর্ম্মচারী প্রার্থনাপত্র গ্রহণ করেন, তিনি উচিত বোধ করিলে, প্রার্থনাপত্রের ৭ ঘরে যত জন প্রজার কিম্বা ২ ঘরে যত খাস গ্রামের উল্লেখ থাকে প্রার্থনাপত্রের তত খান নকল দাখিল করিবার নিমিত্ত প্রার্থকের প্রতি আদেশ করিতে পারিবেন; এবং যে প্রজাদের নাম লিখিত থাকে উক্ত কর্ম্মচারী রেজিষ্টরী পত্রযোগে তাহাদের নিকট ঐ নকল পাঠাইতে, অথবা স্থলবিশেষে ঐরূপ প্রত্যেক গ্রামের কোন সুপ্রকাশ স্থানে ঐ নকল লাগাইয়া দিতে পারিবেন। উভয় স্থলেই তিনি প্রার্থনাপত্র সম্বন্ধে আপত্তি শুনিবার তারিখ স্থির করিয়া দিবেন এবং হয় রেজিষ্টরী পত্রযোগে প্রেরিত নকলে, ঐ তারিখ লিখিয়া, নয় প্রত্যেক গ্রামে ঢেঁড়রা দিয়া ঘোষণা করিয়া সম্পর্কযুক্ত পক্ষদিগকে ঐ তারিখের বিষয়ে নোটিস দেওয়াইবেন। রেজিষ্টরী করণার্থ প্রার্থক ঐরূপ জারী করিবার খরচ দিবেন।

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ নবেম্বর।]

3. The officer may make over the application to any of his subordinates, not being below the rank of a canoongoe, for local enquiry and report, and shall in that case fix a date for hearing the report, and shall cause such date to be notified to the parties concerned in the manner set forth in Rule 2. The enquiry shall be limited to the ascertainment of the fact whether the alleged improvement is of such a nature as to come within the meaning of section 76 (2) or not.

4. On the date so fixed, or on any date to which the proceedings may be adjourned, the officer shall hear summarily such of the parties and their witnesses as may attend, and shall consider any report submitted to him under Rule 3. He shall then decide whether the work is an improvement as defined in section 76 (2), and whether the landlord is entitled to register it, and shall accordingly order it to be registered or refuse registration.

5. Nothing hereinbefore contained shall preclude the officer receiving the application from holding a local enquiry in person, and from ordering the improvement to be registered, or refusing the registration in accordance with the result of the enquiry so held.

6. If an order refusing to register an improvement is passed by an officer lower in rank than the Collector of the district, such order shall not take effect until confirmed by the Collector of the district.

7. *Section* 81 (1).—Evidence relating to any improvement under this sub-section shall be recorded by the Revenue Officer specified in Rule 1 of this Chapter, who shall exercise the powers of a Civil Court in the trial of suits, and shall be guided by the provisions of sections 182 and 184 of the Civil Procedure Code.

---

## CHAPTER IV.—RECORD OF PROPRIETORS' PRIVATE LANDS.

1. *Section* 118.—Applications under this section may be made to the Collector of the district, or to the officer in charge of the sub-division in which the land in question is situated, or to any Assistant or Deputy Collector specially empowered by Government to receive such applications. If the application is made to the Collector of the district, he may transfer it for disposal to any officer empowered to receive it.

2. An application shall contain the following particulars so far as the applicant is able to furnish them:—

- (*a*) The name, towji number, and Government revenue of the estate.
- (*b*) The names of the registered proprietors, and the share held by each
- (*c*) The specification of each plot of land referred to in the application, showing the village in which it is situated and the area and boundaries of each plot, if known.
- (*d*) The names of the tenants (if any) in occupation of each such plot.
- (*e*) Grounds of the application.

3. The application shall be signed and verified in the manner prescribed by section 51 of the Code of Civil Procedure.

4. On receipt of the application the officer shall make such inquiry as he may think fit by examining the applicant or his agent, and may call for further particulars before ordering further proceedings.

5. If the area of the lands has not been already recorded in a map made under the authority of Government, the officer shall order the lands to be measured and shall estimate the cost of measurement in accordance with the rules for the time being in force for the measurement of lands in partition cases, and shall require the applicant to deposit the amount either at once or in such instalments as the officer may direct.

[*Government Gazette*, 17*th November* 1885.]

৩। উক্ত কর্ম্মচারী কানুনগোর নিম্নপদস্থ না হয় আপনার অধীন এরূপ কোন ব্যক্তির নিকট স্থানীয় তদন্ত ও রিপোর্ট করিবার নিমিত্ত উক্ত প্রার্থনাপত্র দিতে পারিবেন, এবং তাহা হইলে রিপোর্ট শুনিবার এক তারিখ স্থির করিয়া দিবেন ও ২ বিধির বর্ণিত প্রকারে সম্পর্কযুক্ত পক্ষদিগকে উক্ত তারিখের বিষয়ে নোটিস দেওয়াইবেন। কথিত উৎকর্ষসাধন এ প্রকারের কি না যে আইনের ৭৬ ধারার (২) প্রকরণের মধ্যে পড়ে, কেবল এই কথা নির্ণয় সম্বন্ধে তদন্ত হইবে।

৪। ঐরূপে যে তারিখ স্থির করিয়া দেওয়া যায় সেই তারিখে অথবা মোকদ্দমার দিনান্তর ধার্য্য করা গেলে যে কোন তারিখ নির্দ্দিষ্ট হয় সেই তারিখে উক্ত কর্ম্মচারী যে যে পক্ষ ও পক্ষদের যে যে সাক্ষী উপস্থিত হন তাঁহাদের কথা সরাসরীমতে শুনিবেন এবং ৩ বিধিমতে তাঁহার নিকট যে কোন রিপোর্ট দেওয়া যায় তাহা বিবেচনা করিয়া দেখিবেন। পরে তিনি উক্ত কার্য্য ৭৬ ধারার (২) প্রকরণের অর্থমত উৎকর্ষসাধন কি না ও ভূমধিকারী উহা রেজিষ্টরী করাইতে স্বত্ববান্ কি না ইহা স্থির করিয়া তদনুসারে উৎকর্ষসাধন রেজিষ্টরী করিবার কিম্বা রেজিষ্টরী করিতে অস্বীকার করিবার আজ্ঞা দিবেন।

৫। যে কর্ম্মচারী প্রার্থনাপত্র পান, তাঁহার স্বয়ং স্থানীয় তদন্ত লইয়া উক্ত তদন্তের ফল অনুসারে উৎকর্ষসাধন রেজিষ্টরী করিবার আজ্ঞা দিতে কিম্বা রেজিষ্টরী করিতে অস্বীকার করিতে ইহার পূর্ব্বের কোন কথাক্রমে কোন বাধা হইবে না।

৬। জিলার কালেক্টর সাহেবের নিম্নপদস্থ কোন কর্ম্মচারী কোন উৎকর্ষসাধন রেজিষ্টরী করিতে অস্বীকার করিবার আজ্ঞা দিলে, ঐ আজ্ঞা জিলার কালেক্টর সাহেব কর্ত্তৃক যাবৎ দৃঢ়ীকৃত না হয় তাবৎ ফলবৎ হইবে না।

৭। ৮১ ধারা (১) প্রকরণ।—এই প্রকরণমত কোন উৎকর্ষসাধন সম্বন্ধীয় প্রমাণ এই অধ্যায়ের ১ বিধির উল্লিখিত রাজস্ব কর্ম্মচারী লিপিবদ্ধ করিবেন। তিনি মোকদ্দমার বিচারকালীন দেওয়ানী আদালতের ক্ষমতাক্রমে কার্য্য করিবেন এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১৮২ ও ১৮৪ ধারার বিধান অনুসারে চলিবেন।

---

৪ অধ্যায়।—ভূস্বামীর নিজ জমীর লিখন বিষয়ক বিধি।

১। ১১৮ ধারা।—এই ধারামত প্রার্থনাপত্র জিলার কালেক্টর সাহেবের নিকট অথবা ভূমি যে মহকুমার মধ্যে থাকে সেই মহকুমার অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কর্ত্তৃপক্ষের নিকট অথবা গবর্ণমেণ্ট উক্ত প্রার্থনাপত্র গ্রহণ করণার্থ যে কোন আসিষ্টাণ্ট বা ডেপুটী কালেক্টরকে বিশেষ করিয়া ক্ষমতা দেন তাঁহার নিকট দিতে হইবে। প্রার্থনাপত্র জিলার কালেক্টর সাহেবের নিকট দেওয়া গেলে, তিনি উহা গ্রহণ করিবার ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ম্মচারির নিকট নিষ্পত্তি নিমিত্ত ঐ প্রার্থনাপত্র হস্তান্তর করিয়া দিতে পারিবেন।

২। প্রার্থক যতদূর দিতে পারেন, ততদূর প্রার্থনাপত্রে নিম্নলিখিত বিশেষ কথা থাকিবে।—

(ক) মহালের নাম, তৌজি নম্বর ও গবর্ণমেণ্টের রাজস্ব।

(খ) রেজিষ্টরী করা ভূস্বামীদের নাম, ও তাঁহাদের প্রত্যেকের অংশ।

(গ) প্রার্থনাপত্রের উল্লিখিত ভূমির প্রত্যেক খণ্ড যে গ্রামে থাকে ও উহার যে পরিমাণ ও সীমা থাকে, জানা থাকিলে তাহা দর্শাইয়া উহার বিশেষ বর্ণনা।

(ঘ) ঐরূপ কোন ভূমিখণ্ড কোন প্রজাদের দখলে থাকিলে, সেই প্রজাদের নাম।

(ঙ) যেহ হেতু ধরিয়া প্রার্থনা করা হয়।

৩। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৫১ ধারার নির্দ্দিষ্ট প্রকারে উক্ত প্রার্থনাপত্রে স্বাক্ষর করিতে ও সত্যপাঠ লিখিতে হইবে।

৪। প্রার্থনাপত্র পাইলে, উক্ত কর্ম্মচারী যেরূপ তদন্ত লওয়া উচিত বোধ করেন, প্রার্থক বা তদীয় কর্ম্মকারককে পরীক্ষা করিয়া সেইরূপ তদন্ত লইবেন এবং আরো কার্য্যানুষ্ঠানের আজ্ঞা দিবার পূর্ব্বে আরো বিশেষ বৃত্তান্ত উপস্থিত করিবার আদেশ দিতে পারিবেন।

৫। গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রস্তুত মানচিত্রে ভূমির পরিমাণ পূর্ব্বে লেখা না হইয়া থাকিলে, মাপিবার আজ্ঞা দিয়া উক্ত কর্ম্মচারী বাটওয়ারার মোকদ্দমায় ভূমি মাপিবার সম্বন্ধে তৎকালে যে বিধি প্রচলিত থাকে সেই বিধি অনুসারে মাপিবার খরচের টাকার অনুমানপত্র প্রস্তুত করিবেন এবং যেরূপ আদেশ করেন তদনুসারে প্রার্থকের প্রতি হয় একবারে, না হয় কিস্তিক্রমে উক্ত টাকা আমানত করিবার আজ্ঞা করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ নবেম্বর।]

## CHAPTER V.—SERVICE OF NOTICES.

1. *Sections* 12, 13, *and* 15.—Notices under these sections shall contain, so far as may be possible, the particulars given in the forms specified in Schedule I, and shall be served on the landlord or his agent, or, where two or more persons are joint landlords, on their common agent referred to in section 188, or on their common manager appointed under section 95 as the case may be, in the manner prescribed for the service of a summons on a defendant under the Code of Civil Procedure. Where there is more than one landlord, and no common agent or common manager has been appointed, the notice shall be served by being posted in some conspicuous place on the tenure. When notice is served personally, the landlord's fee shall be tendered with the notice. If in cases of personal service a receipt cannot be obtained for the fee from the landlord or his agent, and in all cases when the notice is not served personally, the fee shall be held in deposit by the Collector until applied for by the person or persons authorized to receive it.

2. *Section* 45.—Notice to a raiyat to quit under this section shall be served through the Collector* in the manner prescribed for the service of a summons on a defendant under the Code of Civil Procedure, and shall be subject to the same process fee.

*Criticism is invited on an alternative proposal to serve this notice through the Court having jurisdiction to entertain a suit for ejectment from the holding. It has been suggested that this alternative mode of service would simplify proof of service.

3. *Section* 46 (2).—The agreement under this section shall be filed in the Court having jurisdiction to entertain a suit for arrears of rent of the holding, and shall be served on the ra'yat in the manner prescribed for the service of a summons on a defendant under the Code of Civil Procedure, and shall be subject to the same process fee.

4. *Section* 46 (4).—The notice under this section shall be filed in the Court having jurisdiction to entertain a suit for arrears of rent of the holding, and shall be served on the landlord in the manner prescribed for the service of a summons on a defendant under the Code of Civil Procedure, and shall be subject to the same process fee.

5. *Section* 63 (2).—In cases (*a*), (*b*), and (*d*) of section 61 herein referred to, the notice of the receipt of the deposit shall be served by forwarding the notice by post in a letter registered under Part III of the Indian Post Office Act, 1866, or, where the Court may deem it necessary, in the manner prescribed for the service of a summons on a defendant under the Code of Civil Procedure.

6. *Section* 72 (2).—The general notice referred to in this sub-section may be published by the transferee by fixing up a written notice to the tenants in the village office or in some conspicuous place on the lands, and by proclaiming to the tenants by beat of drum, in every village to which the transfer extends, that the interest of the former landlord has passed to the transferee. The transferee may, if he thinks fit, apply for service of the notice to the Civil Court having jurisdiction to entertain a suit for arrears of rent of the holding, and the Court shall thereupon serve the notice as hereinbefore prescribed on payment of a process fee of Re. 1 for each village to which the transfer extends.

7. *Section* 73.—Notice under this section shall be in writing, and shall be delivered to the landlord or his agent, or, where two or more persons are joint landlords, to their common agent referred to in section 188, or to their common manager appointed under section 95, as the case may be, at the landlord's village office, or at such other convenient place as may be appointed by the landlord for the payment of rent under sub-section (2) of section 54.

8. The raiyat may, if he thinks fit, cause the notice to be served through the Civil Court having jurisdiction to entertain a suit for arrears of rent of the holding in the manner prescribed for the service of a summons on a defendant under the Code of Civil Procedure and subject to the same process fee.

[*Government Gazette*, 17*th November* 1885.]

## ৫ অধ্যায়।—নোটিস জারী করিবার বিধি।

১। ১২, ১৩ ও ১৫ ধারা।—এই কএক ধারামত নোটিসে যতদূর সম্ভব ১ম তফসীলের নির্দ্দিষ্ট পাঠে বিশেষ কথা লিখিতে হইবে ও তাহা ভূম্যধিকারীর বা তদীয় কর্ম্মকারীর উপর জারী করা যাইবে, কিম্বা দুই বা তদধিক ব্যক্তি সংস্রষ্ট ভূম্যধিকারী হইলে, ১৮৮ ধারার উল্লিখিত তাঁহাদের সাধারণ কর্ম্মকারকের উপর অথবা স্থল বিশেষে ৯৫ ধারামতে নিযুক্ত তাঁহাদের সাধারণ কার্য্যাধ্যক্ষের উপর দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনমতে প্রতিবাদীর উপর নির্দ্দিষ্ট যে প্রকারে সমন জারী করা যায়, সেই প্রকারে জারী করা যাইবে। একাধিক ভূম্যধিকারী থাকিলে, এবং সাধারণ কর্ম্মকারক বা সাধারন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত না হইয়া থাকিলে, মধ্যস্বত্বের অন্তর্গত কোন সুপ্রকাশ স্থানে নোটিস লটকাইয়া তাহা জারি করা যাইবে। ব্যক্তিবিশেষের উপর নোটিস জারী করা গেলে, ভূম্যধিকারীর ফী নোটিসের সহিত অর্পণ করিতে হইবে। ব্যক্তিবিশেষের উপর জারী করা গেলে, যদি ভূম্যধিকারীর বা তদীয় কর্ম্মকারকের স্থানে ফীর নিমিত্ত রসীদ পাওয়া যাইতে না পারে, এবং যে সকল স্থলে ব্যক্তিবিশেষের উপর নোটিস জারী করা হয় না সেই সকল স্থলে, উক্ত ফী গ্রহণ করিবার ক্ষমতাপন্ন ব্যক্তি বা ব্যক্তিরা যাবৎ তাহা পাইবার নিমিত্ত প্রার্থনা না করেন, তাবৎ সেই ফী কালেক্টর সাহেব আপনার নিকট আমানত রাখিবেন।

২। ৪৫ ধারা।—দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনমতে নির্দ্দিষ্ট যে প্রকারে প্রতিবাদীর উপর সমন জারী করিতে হয়, এই ধারামতে রায়তের প্রতি উঠিয়া যাইবার নোটিস কালেক্টর সাহেবের * দ্বারা সেই প্রকারে জারী করা যাইবে ও ঐ নোটিস জারী করিতে উক্ত সমনের ন্যায় পরওয়ানার ফী লাগিবে।

* যোত হইতে উচ্ছেদ করিবার মোকদ্দমা গ্রহণ করিবার ক্ষমতা যে আদালতের থাকে, সেই আদালতের দ্বারা এই নোটিস জারী করিবার আর একটী প্রস্তাব আছে, তদ্বিষয়ে মতামত আহ্বান করা যাইতেছে। এইরূপ উক্ত হইয়াছে যে, জারী করিবার এই প্রণালীতে জারী হইবার প্রমাণ সহজ হইবে।

৩। ৪৬ (২) ধারা।—যোতের বাকী খাজানার মোকদ্দমা গ্রহণ করিবার ক্ষমতা যে আদালতের থাকে, সেই আদালতে এই ধারামত নিয়মপত্র দাখিল করিতে হইবে, এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনমতে প্রতিবাদীর উপর নির্দ্দিষ্ট যে প্রকারে সমন জারী করিতে হয়, সেই প্রকারে রায়তের উপর নিয়মপত্র জারী করা যাইবে ও উহাতে ঐ সমনের ন্যায় পরওয়ানার ফী লাগিবে।

৪। ৪৬ (৪) ধারা।—এই ধারামত নোটিস যে আদালত যোতের বাকী খাজানার মোকদ্দমা গ্রহণ করিতে পারেন, সেই আদালতে দাখিল করিতে হইবে, এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনমতে নির্দ্দিষ্ট যে প্রকারে প্রতিবাদীর উপর সমন জারী করিতে হয়, সেই প্রকারে ভূম্যধিকারীর উপর ঐ নোটিস জারী করা যাইবে, এবং উহাতে ঐ সমনের ন্যায় পরওয়ানার ফী লাগিবে।

৫। ৬৩ (২) ধারা।—এই ধারার উল্লিখিত ৬১ ধারার (ক), (খ) ও (ঘ) স্থলে আমানত পাইবার নোটিস ভারতবর্ষীয় ডাকঘর বিষয়ক ১৮৬৬ সালের আইনের ৩য় খণ্ডমত রেজিষ্টরীপত্রযোগে ডাকে পাঠাইয়া ঐ নোটিস জারী করা যাইবে, অথবা আদালত আবশ্যক বিবেচনা করিলে, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনমতে নির্দ্দিষ্ট যে প্রকারে সমন জারী করিতে হয়, সেই প্রকারে ঐ নোটিস জারী করা যাইবে।

৬। ৭২ ধারা (২) প্রকরণ।—গ্রাম্য কাছারীতে কিম্বা ভূমির উপর কোন সুপ্রকাশ স্থানে প্রজাদের নামে লিখিত নোটিস লটকাইয়া দিয়া এবং যে২ গ্রাম হস্তান্তরিত হইয়াছে, সেই২ গ্রামে ঢেঁড়রা দিয়া পূর্ব্ব ভূম্যধিকারীর স্বার্থ হস্তান্তরক্রমে গ্রহীতার প্রতি বর্ত্তিয়াছে, প্রজাদের নিকট এইরূপ ঘোষণা করিয়া হস্তান্তরক্রমে গৃহীতা এই প্রকরণের উল্লিখিত সাধারণ নোটিস প্রচার করিতে পারিবেন। যোতের বাকী খাজানার মোকদ্দমা গ্রহণ করিবার ক্ষমতা যে দেওয়ানী আদালতের থাকে, হস্তান্তরক্রমে গৃহীতা উচিত বোধ করিলে, নোটিস জারী করণার্থ সেই দেওয়ানী আদালতে প্রার্থনা করিতে পারিবেন, এবং যে২ গ্রাম হস্তান্তরিত হয় তাহার প্রত্যেক গ্রামের নিমিত্ত এক টাকা পরওয়ানার ফী দিলে উক্ত আদালত পূর্ব্ব নির্দ্দিষ্ট নোটিস জারী করিবেন।

৭। ৭৩ ধারা।—এই এই ধারামত নোটিস লিখিয়া দিতে হইবে, এবং ভূম্যধিকারীর গ্রাম্য কাছারিতে অথবা খাজানা দিবার নিমিত্ত ৫৪ ধারার (২) প্রকরণমতে ভূম্যধিকারী অন্য যে সুবিধামত স্থান নিরূপণ করেন, সেই স্থানে ভূম্যধিকারীকে বা তদীয় কর্ম্মকারককে অথবা দুই বা তদধিক ব্যক্তি সংস্রষ্ট ভূম্যধিকারী হইলে, ১৮৮ ধারার উল্লিখিত তাঁহাদের সাধারণ কর্ম্মকারককে কিম্বা স্থলবিশেষে ৯৫ ধারামতে নিযুক্ত তাঁহাদের সাধারণ কার্য্যাধ্যক্ষ দেওয়া যাইবে।

৮। রায়ত উচিত বিবেচনা করিলে, যোতের বাকী খাজানার মোকদ্দমা গ্রহণ করিবার ক্ষমতা যে দেওয়ানী আদালতের থাকে, তদ্দ্বারা দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনমতে নির্দ্দিষ্ট যে প্রকারে প্রতিবাদীর উপর সমন জারী করা যায়, সেই প্রকারে ঐ নোটিস জারী করাইতে পারিবেন, এবং উহাতে উক্ত সমনের ন্যায় পরওয়ানার ফী লাগিবে।

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ নবেম্বর।]

9. *Section* 86 (4).—The notice of surrender to the landlord by the tenant under this sub-section shall be served in the manner prescribed for the service of a summons on a defendant under the Code of Civil Procedure, and shall be subject to the same process fee.

10. *Section* 87.—A notice of the tenant's abandonment of his holding under sub-section (2) of this section shall be in the form specified in Schedule I, shall be published by beat of drum upon the holding alleged to be abandoned, and a copy thereof shall be affixed to some dwelling-house, or tree, or other conspicuous object upon the holding. The fee payable by the landlord shall be Re. 1.

11. *Section* 155.—Notice of ejectment to the tenant under this section shall be filed in the Court having jurisdiction to entertain a suit for arrears of rent of the holding, and shall be served in the manner prescribed for the service of a summons on a defendant under the Code of Civil Procedure, and shall be subject to the same process fee.

---

## CHAPTER VI.—RECORD OF RIGHTS AND SETTLEMENT OF RENTS.

*Powers of Revenue Officers.*

1. All Revenue Officers appointed to be Settlement Officers or Assistant Settlement Officers for the purpose of making surveys, records of rights, and settlement of rents under the Tenancy Act are hereby vested with all powers exercised by a Civil Court in the trial of suits, and with the powers mentioned in section 189 (1) (*b*) and (*c*) of the Tenancy Act, VIII of 1885.

*Procedure for Cadastral Survey and Record of Rights.*

2. The following processes will ordinarily be comprised in a cadastral survey and record of rights:—

I.—Demarcation of boundaries.
II.—Measurement.
III.—Testing of measurement.
IV.—Record of rents and rights.
V.—Determination of fair rents on application, and, in certain cases, without application, of parties.

3. All disputed entries shall be shown in red ink, and undisputed entries in black ink.

*Demarcation of Boundaries before Cadastral Survey.*

4 The demarcation of village boundaries shall be carried out by a Deputy Collector or Sub-Deputy Collector in accordance with the definition of a village given in section 3 (10), and the boundary according to possession, where different from that demarcated as above, shall also be shown on the map.

5. Boundary pillars of a permanent nature shall be erected at every point where the boundaries of three or more villages meet, and may be erected wherever the Revenue Officer considers it necessary to define by pillars the boundaries of estates or tenures or of lands which have been the subject of dispute.

*Measurement.*

6. A field map of every village shall be prepared. It shall show the boundaries of every field separately assessed to rent, or of such plot of land as the Board of Revenue may from time to time direct by general or special order.

7. A field register or khasrah shall be prepared at the time of survey in the form annexed (I), or such similar form as the Board of Revenue may from time to time direct, with reference to any order which may be made under section 101 (1).

8. The Board of Revenue shall from time to time issue such instructions, consistent with these rules, as they may deem necessary for the guidance of officers in preparing the khasrah.

[*Government Gazette*, 17*th November* 1885.]

৯। ৮৬ ধারা (৪) প্রকরণ।—এই প্রকরণমতে প্রজা কর্তৃক ভূম্যধিকারীর নিকট পরিত্যাগের নোটিস দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনমতে নির্দ্দিষ্ট যে প্রকারে প্রতিবাদীর উপর সমন জারী করা যায়, সেই প্রকারে জারী করা যাইবে, এবং উহাতে ঐ সমনের ন্যায় পরওয়ানার ফী লাগিবে।

১০। ৮৭ ধারা।—এই ধারার (২) প্রকরণমত প্রজার যোত পরিত্যাগের নোটিস প্রথম তফসীলের নির্দ্দিষ্ট পাঠে লিখিতে হইবে এবং যে যোত পরিত্যক্ত হইয়াছে বলিয়া কথিত হয় সেই যোতের উপর ঢেঁড়রা দিয়া প্রচার করা যাইবে, এবং উহার সকল উক্ত যোতের উপরিস্থ কোন বসত বাটীতে বা গাছে বা অন্য কোন পরিদৃশ্যমান পদার্থে লাগাইয়া দেওয়া যাইবে। ভূম্যধিকারীর এক টাকা ফী দিতে হইবে।

১১। ১৫৫ ধারা।—যোতের দাবী খাজানার মোকদ্দমা গ্রহণ করিবার ক্ষমতা যে আদালতের থাকে, এই ধারামতে প্রজার প্রতি উচ্ছেদের নোটিস সেই আদালতে দাখিল করিতে হইবে, এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনমতে নির্দ্দিষ্ট যে প্রকারে প্রতিবাদীর উপর সমন জারী করিতে হয়, সেই প্রকারে ঐ নোটিস জারী করা যাইবে, এবং উহাতে ঐ সমনের ন্যায় পরওয়ানার ফী লাগিবে।

---

৬ অধ্যায়।—স্বত্বের লিখন ও খাজানার বন্দোবস্ত বিষয়ক বিধি।

রাজস্ব কর্ম্মচারীদের ক্ষমতার কথা।

১। যে সকল রাজস্ব কর্ম্মচারী প্রজাস্বত্ব বিষয়ক আইনমতে জরীপ, স্বত্বের লিখন ও খাজানার বন্দোবস্ত করিবার নিমিত্ত বন্দোবস্ত কার্য্যকারক বা সহকারী বন্দোবস্ত কর্ম্মকারকের পদে নিযুক্ত হন, তাঁহাদিগকে এতদ্দ্বারা মোকদ্দমার বিচারকালীন দেওয়ানী আদালতের সকল ক্ষমতা এবং প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫ সালের ৮ আইনের ১৮৯ ধারার (১) প্রকরণের (খ) ও (গ) দফার লিখিত ক্ষমতা দেওয়া গেল।

ক্ষেত্রবাট জরীপ ও স্বত্বলিখনের কার্য্যপ্রণালীর কথা।

২। নিম্নলিখিত কএকটী প্রক্রিয়া সচরাচর ক্ষেত্রবাট জরীপ ও স্বত্বলিখনের অন্তর্গত হইবে।—

১ম।—সীমা চিহ্নিত করণ।

২য়।—মাপ করণ।

৩য়।—মাপ পরীক্ষা করণ।

৪র্থ।—খাজানা ও স্বত্ব লিখন।

৫ম।—পক্ষদের প্রার্থনাক্রমে ও কোনং স্থলে তাঁহাদের প্রার্থনা বিনা উপযুক্ত খাজানা নিরূপণ।

৩। বিবাদীয় লেখাগুলি লাল কালীতে ও নির্ব্বিবাদী লেখাগুলি কাল কালীতে লিখিতে হইবে।

ক্ষেত্রবাট জরীপের পূর্ব্বে সীমা চিহ্নিত করণের কথা।

৪। আইনের ৩ ধারার (১০) প্রকরণে প্রদত্ত গ্রাম শব্দের অর্থ করণ অনুসারে একজন ডেপুটী কালেক্টর বা সব-ডেপুটী কালেক্টর গ্রামের সীমা চিহ্নিত করিবেন, এবং দখল অনুসারে সীমা উপরিলিখিত চিহ্নিত সীমা হইতে ভিন্ন হইলে তাহাও মানচিত্রে দেখাইতে হইবে।

৫। যে প্রত্যেক স্থলে তিন বা ততধিক গ্রামের সীমা মিলিত হয় সেই স্থলে স্থায়ি ভাবের সীমা স্তম্ভ প্রস্তুত করাইতে হইবে এবং যেং স্থলে রাজস্ব কর্ম্মচারী মহালের বা মধ্যস্বত্বের সীমা স্তম্ভদ্বারা নির্দ্দেশ করা আবশ্যক বিবেচনা করেন সেইং স্থলে, এবং যেং ভূমির সীমা লইয়া বিবাদ হইয়াছে, তথায় ঐরূপ স্তম্ভ প্রস্তুত করা যাইতে পারিবে।

মাপকরণের কথা।

৬। প্রত্যেক গ্রামের ক্ষেত্রের মানচিত্র প্রস্তুত করা যাইবে। যে প্রত্যেক ক্ষেত্রের স্বতন্ত্র খাজানা ধার্য্য করা গিয়াছে, অথবা রেবিনিউ বোর্ড সময়েং সাধারণ বা বিশেষ আজ্ঞা করিয়া যে প্রত্যেক ভূমিখণ্ড নির্দ্দেশ করেন, তাহার সীমা ক্ষেত্রের মানচিত্রে দেখাইতে হইবে।

৭। ১০২ ধারার (১) প্রকরণ উপলক্ষে যে কোন আজ্ঞা করা যায়, তদুপলক্ষে ১ চিহ্নিত এতৎসংযুক্ত পাঠে অথবা ঐরূপ যে পাঠ রেবিনিউ বোর্ড সময়েং নির্দ্দেশ করেন সেই পাঠে জরীপ করিবার সময়ে ক্ষেত্রের রেজিষ্টর বা খসড়া প্রস্তুত করিতে হইবে।

৮। রেবিনিউ বোর্ড খসড়া প্রস্তুত করিবার বিষয়ে কর্ম্মচারীদের উপদেশার্থ এই বিধি সঙ্গত যে সকল আদেশ দেওয়া আবশ্যক বিবেচনা করেন, সময়েং সেই সকল আদেশ দিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ নবেম্বর।]

## FORM OF KHASRAH I.

| 1 | | 2 | 3 | 4 | 5 | | | | 6 | 7 | 8 | 9 | | | | | 10 | | | | | | | 11 | | 12 | | | 13 | | 14 | 15 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| FIELD. | | | | | LENGTH OF POSSESSION. | | | | | | | METHOD OF IRRIGATION. | | | | | CROPPED AREA. | | | | | | | DETAILS OF UNCROPPED LAND. | | RATE OF RENT OF RAIYAT. | | | RATE OF RENT OF UNDER-RAIYAT. | | | |
| | | | | | | | | | | | | | | | | | Bhadoi. | | Rabi. | | Aghani. | | | | | | | | | | | |
| a | b | | | | a | b | c | d | | | | a | b | c | d | e | | | | | | | | | | a | b | c | a | b | | |
| Number. | Boundaries. | Name of estate or share of estate. | Name of proprietor and landlord, with parentage, caste, and residence. | Name of raiyat, father's name, caste and residence. | According to zamindar. | According to raiyat. | According to patwaree. | According to Revenue Officer's decision (if any). | Name of under-raiyat, father's name, caste, and residence. | Area in bighas of square yards according to which measurement has been made. | Area in village bighas of bighas to the lawn. | Canals. | Wells. | Rivers. | Tanks or dhars. | Non irrigated. | Crop. | Area. | Crop. | Area. | Crop. | Area. | Dofasli area. | Class of lands. | Area. | According to zemindar. | According to raiyat. | According to patwaree. | According to raiyat. | According to under-raiyat. | Class of soils. | REMARKS. |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

১ খসড়ার পাঠ।

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | খেত। | ক | নম্বর। | |
| | | খ | সীমা। | |
| ২ | | | মহালের বা তাহার অংশের নাম। | |
| ৩ | | | ভূস্বামী ও ভূম্যধিকারীর নাম ও পিতার নাম ও জাতি ও বাসস্থান। | |
| ৪ | | | রায়তের নাম, পিতার নাম, জাতি ও বাসস্থান। | |
| ৫ | যত কাল অধিকৃত। | ক | জমীদারের কথানুসারে। | |
| | | খ | রায়তের কথা অনুসারে। | |
| | | গ | পাটওয়ারীর কথা অনুসারে। | |
| | | ঘ | রাজস্ব কর্ম্মচারী নিষ্পত্তি করিয়া থাকিলে সেই নিষ্পত্তি অনুসারে। | |
| ৬ | | | কোর্ফা রায়তের নাম, পিতার নাম, জাতি ও বাসস্থান। | |
| ৭ | | | বর্গ গজের যে বিঘা ধরিয়া মাপ করা গিয়াছে, তদনুসারে ভূমির পরিমাণ। | |
| ৮ | • | | — -হাত মাপকাঠী ধরিয়া গ্রাম্য বিঘা অনুসারে ভূমির পরিমাণ। | |
| ৯ | জলসেচনের প্রণালী। | ক | খাল। | |
| | | খ | কূপ। | |
| | | গ | নদী। | |
| | | ঘ | পুকুর বা আহর। | |
| | | ঙ | অসেচিত। | |
| ১০ | ফসল ও [illegible] পরিমাণ। ভাদুই। | | ফসল। | |
| | | | ভূমির পরিমাণ। | |
| | রবি। | | ফসল। | |
| | | | ভূমির পরিমাণ। | |
| | হৈমন্ত। | | ফসল। | |
| | | | ভূমির পরিমাণ। | |
| | | | দোফসলী ভূমি। | |
| ১১ | যে ভূমিতে ফসল হয় না তাহার বিশেষ বিবরণ। | | যে শ্রেণীর ভূমি। | |
| | | | ভূমির পরিমাণ। | |
| ১২ | রায়তের খাজানার হার। | ক | জমীদারের কথা অনুসারে। | |
| | | খ | রায়তের কথা অনুসারে। | |
| | | গ | পাটওয়ারীর কথা অনুসারে। | |
| ১৩ | কোর্ফা রায়তের খাজানার হার। | ক | রায়তের কথা অনুসারে। | |
| | | খ | কোর্ফা রায়তের কথা অনুসারে | |
| ১৪ | | | যে শ্রেণীর জমী। | |
| ১৫ | | | মন্তব্য। | |

9. Khatians or abstracts of the particulars of every raiyat's and under-raiyat's holding, and so far as may be of the tenure of every tenure-holder and under-tenure-holder, shall be prepared in the form annexed (II), or such similar form as the Board of Revenue may from time to time prescribe.

10. The Board of Revenue shall give such instructions, consistent with those rules, as they may deem necessary for the guidance of Revenue Officers in preparing the khatians.

## FORM OF KHATIAN II.

*Khatian of A.B., son of C.D., of mauzah , perguanah , mehal , district the property of , proprietors*

| 1 | 2 | 3 | 4 | 5 | | 6 | 7 | 8 | 9 | 10 | | 11 | | 12 | | | 13 | 14 | 15 | 16 | 17 | 18 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | KHASRAH NUMBER OF FIELDS AND BOUNDARIES THEREOF. | | RENT-PAYING AREA IN— | | | | PRESENT RENT. | | | | | | | | | | | | |
| | | | | | | Bighas according to which rent was fixed, or in square yards. | | | | According to zamindar. | | According to raiyat. | | As ascertained by Revenue-officer. | | | | | | | | |
| | | | | | | Cultivated. | Not cultivated. | Total. | | (a) | (b) | (a) | b | (a) | (b) | (c) | | | | | | |
| Name of landlord. | Serial number of raiyat. | Name of raiyat with parent's name, caste, residence. | Name of under-raiyat with parent's name, caste and residence, and number of under-raiyat's khatian. | Number. | Boundaries. | | | | Total area in village bighas. | Rent. | Cesses. | Rent. | Cesses. | Rent. | Cesses. | Total. | Fair rent fixed by Revenue-officer (if any). | Class of holding and length of possession. | Mode in which rent has been fixed, i.e., whether by contract order of the court or otherwise. | If the rent is gradually increasing, the time at which and the steps by which it increases. | The special conditions and incidents of the tenancy (if any). | REMARKS. |

NOTE.—(1) The headings of columns 10 and 11 will, in the case of under-raiyats, be changed [illegible] "according to raiyat," and "according to under-raiyat."
(2) For raiyat and under-raiyat will be substituted tenure-holder and under-tenure-holder in case of tenure-holder's khatians.

৯। প্রত্যেক রায়তের ও কোর্ফা রায়তের যোতের এবং যত দূর সম্ভব হয় প্রত্যেক মধ্যস্বত্বাধিকারীর ও অধীন মধ্যস্বত্বাধিকারীর মধ্যস্বত্বের খতিয়ান বা বিশেষ কথার সংক্ষিপ্ত বিবরণ এতৎসংযুক্ত ২ চিহ্নিত পাঠে অথবা ঐরূপ যে পাঠ রেবিনিউ বোর্ড সময়ে২ নির্দ্দেশ করেন, সেই পাঠে প্রস্তুত করা যাইবে।

১০। খতিয়ান প্রস্তুত করিবার বিষয়ে রাজস্ব কর্ম্মচারীদের উপদেশার্থ রেবিনিউ বোর্ড এই বিধি সঙ্গত যেরূপ আদেশ দেওয়া আবশ্যক বিবেচনা করেন, সেইরূপ আদেশ দিবেন।

## ২ খতিয়ানের পাঠ।

অমুক ভূস্বামীদের সম্পত্তি ........ জিলার ........ মহালের ........ পরগণার সামিল ........ মৌজার

শ্রী ........ র পুত্র শ্রী ........ র খতিয়ান।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৫ | ৬ | ৬ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১০ | ১১ | ১১ | ১২ | ১২ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ক্ষেতের খসড়া নম্বর ও সীমা। | | খাজানাদায়ী জমির পরিমাণ। বগ গজের যে বিঘা অনুসারে মাপ করা গিয়াছে, তদনুসারে যত বিঘা। | | | | | | বর্ত্তমান খাজানা। জমীদারের কথানুসারে। | | রায়তের কথা অনুসারে। | | রাজস্ব কর্ম্মচারী যেরূপ নিশ্চয় করিয়া জানিয়াছেন। | | | | | | | | |
| | | | | | | আবাদী। | | | | | | (ক) | (খ) | (ক) | (খ) | (ক) | (খ) | (গ) | | | | | | |
| যে পরগনায় ও মহালে উৎকর্ষ সাধন করা হইয়াছে, তাহার নাম। | যে গ্রামে উৎকর্ষ সাধন করা হইয়াছে, তাহার নাম। | ভূমিতে প্রার্থকের স্বার্থের ভাব। | উৎকর্ষ সাধনের ভাব। | যদ্দ্বারা ও যাঁহার খরচে করা হইয়াছে। | যখন করা হইয়াছে। | পাঁচ জনের অধিক না হইলে যে প্রজারা উপকৃত হয়, তাহাদের নাম। |
| | | | | | | |

আমি এতদ্দ্বারা প্রকাশ করিতেছি যে, উপরিলিখিত প্রার্থনাপত্রে যেং কথা লিখিত হইল, তাহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য, এবং আমি প্রার্থনা করি যে, উক্ত উৎকর্ষসাধন রেজিষ্টরী করা যায়।

শ্রী——————————

ভূম্যধিকারী।

---

## ১৮৮৫ সালের ৮ আইনের ৮৭ ধারামত নোটিস।

অমুক স্থানের কালেক্টর সাহেব সমীপেষু।

অমুক স্থান নিবাসী শ্রীঅমুকের ভোগকৃত নিম্নলিখিত যোত তিনি আমাকে সংবাদ না দিয়া ও উহার খাজানা দিবার বন্দোবস্ত না করিয়া পরিত্যাগ করায় আমি এতদ্দ্বারা এই সংবাদ দিতেছি যে আমি ঐ যোত পরিত্যক্ত বলিয়া গণ্য করিয়াছি ও তন্নিমিত্ত ঐ যোতে পুনর্ব্বার প্রবেশ করিতে উদ্যত হইয়াছি।

তারিখ　　}　　ভূম্যধিকারী।

---

সম্পত্তির তফসীল।

| যে গ্রামে ও পরগনায় থাকে তাহার নাম। | যোতের পরিমাণ ও সীমা। | যোতের খাজানা। |
|---|---|---|
| | | |

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ নবেম্বর।]

## FORM OF NOTICES TO LANDLORDS AND TENANTS UNDER RULE 28, CHAPTER VI OF THE RULES UNDER THE BENGAL TENANCY ACT, VIII OF 1885.

*Form of notice to Tenant.*

Notice to tenants of

Whereas it appears that you hold land in excess of (*or less than*) that for which you are paying rent, you are hereby informed that I shall on at proceed to settle rents for the lands held by you at , and you are hereby required to attend at the said time and place, and to state if you have any objection to the existing rent being recorded as the fair and equitable rent.

*Revenue-officer.*

---

*Form of notice to Landlord.*

To—A. B., landlord of

Whereas it appears that the tenants whose names are given below hold land under you in excess of (*or less than*) that for which they pay rent, you are hereby informed that I shall on at proceed to settle rents for the lands held by the said tenants, and you are hereby required to attend before me at the said time and place, and state any objections you may have to urge against the existing rent being recorded as the fair and equitable rent.

*Revenue-officer.*

---

## SCHEDULE II.

(*Referred to in Chapter II, Rule 1.*)

### PATNA DIVISION.

| District. | Local areas. | Marts at which prices shall be recorded. |
|---|---|---|
| Patna ... | Sudder sub-division ... | Patna. |
| | Barh ditto ... | Barh. |
| | Behar ditto ... | Behar. |
| | Dinapore ditto ... | Dinapore. |
| Gya ... | Sudder sub-division ... | Gya. |
| | Nowadah ditto ... | Nowadah. |
| | Jehanabad ditto ... | Jehanabad. |
| | Arungabad ditto ... | Arungabad. |
| Shahabad ... | Sudder sub-division ... | Arrah. |
| | Buxar ditto ... | Buxar. |
| | Sasseram ditto ... | Sasseram. |
| | Bhabuah ditto .. | Bhabuah. |

| District. | Local areas. | Marts at which prices shall be recorded |
|---|---|---|
| Mozufferpore. | Sudder sub-division ... | Mozufferpore |
| | Seetamurhee ditto ... | Seetamurhee. |
| | Hajeepore ditto ... | Hajeepore. |
| Durbhunga... | Sudder sub-division ... | Durbhunga. |
| | Madhubani ditto ... | Madhubani. |
| | Tajpore ditto .. | Tajpore. |
| Chumparun... | Sudder sub-division ... | Motihari. |
| | Bettiah ditto .. | Bettiah. |
| Sarun ... | Sudder sub-division ... | Chupra. |
| | Gopalgunge ditto ... | Meerguunge. |
| | Sewan ditto ... | Sewan. |

[ *Government Gazette* 17*th November* 1885. ]

## বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫ সালের ৮ আইনমত বিধির ৬ অধ্যায়ের ২৮ বিধিমতে ভূম্যধিকারী ও প্রজাদের প্রতি নোটিসের পাঠ।

### প্রজার প্রতি নোটিসের পাঠ।

অমুকস্থানের প্রজাদের প্রতি নোটিস।

তোমরা যে ভূমির নিমিত্ত খাজানা দিতেছ, দেখা যাইতেছে যে তদতিরিক্ত (বা তন্ন্যূন) ভূমি ভোগ করিতেছ, এনিমিত্ত তোমাদিগকে এতদ্দ্বারা জানান যাইতেছে যে, আমি অমুক তারিখে অমুক স্থানে তোমাদের অমুক স্থানে ভোগকৃত ভূমির খাজানা ধার্য্য করিতে প্রবৃত্ত হইব, এবং তোমাদের প্রতি এতদ্দ্বারা এই আদেশ করা যাইতেছে যে তোমরা উক্ত সময়ে উক্ত স্থানে উপস্থিত হইবে ও বর্ত্তমান খাজানা উপযুক্ত ও ন্যায্য বলিয়া লিপিবদ্ধ হইবার সম্বন্ধে তোমাদের কোন আপত্তি থাকলে তাহা ব্যক্ত করিবে।

রাজস্ব-কর্ম্মচারী।

---

### ভূম্যধিকারীর প্রতি নোটিসের পাঠ।

অমুক স্থান নিবাসী ভূম্যধিকারী শ্রীঅমুক সমীপেষু।—

দেখা যাইতেছে যে, যে প্রজাদের নাম নিম্নে প্রদত্ত হইল তাহারা যে ভূমির নিমিত্ত খাজানা দিয়া থাকে তদতিরিক্ত (বা তন্ন্যূন) ভূমি আপনকার অধীনে ভোগ করে, এনিমিত্ত এতদ্দ্বারা আপনাকে জানান যাইতেছে যে, আমি অমুক তারিখে উক্ত প্রজাদের ভোগকৃত ভূমির খাজানা ধার্য্য করিতে প্রবৃত্ত হইব, এবং আপনাকে এতদ্দ্বারা আদেশ করা যাইতেছে যে আপনি অমুক তারিখে অমুক স্থানে আমার নিকট উপস্থিত হইবেন ও বর্ত্তমান খাজানা উপযুক্ত ও ন্যায্য খাজানা বলিয়া লিপিবদ্ধ হইবার বিরুদ্ধে আপনার কোন আপত্তি থাকিলে তাহা ব্যক্ত করিবেন।

রাজস্ব-কর্ম্মচারী।

---

## দ্বিতীয় তফসীল।

(২ অধ্যায়ের ১ ধারার উল্লিখিত।)

### পাটনা খণ্ড।

| জিলা। | স্থান। | যেই বাজারে দর লইতে হইবে। | জিলা। | স্থান। | যেই বাজারে দর লইতে হইবে। |
|---|---|---|---|---|---|
| পাটনা ... | সদর মহকুমা ... | পাটনা। | মজফঃরপুর ... | সদর মহকুমা ... | মজফরপুর। |
| | বাঢ় ঐ ... | বাঢ়। | | সীতামঢ়ী ঐ ... | সীতামঢ়ী। |
| | বেহার ঐ ... | বেহার। | | হাজিপুর ঐ ... | হাজিপুর। |
| | দানাপুর ঐ ... | দানাপুর। | দ্বারভাঙ্গা ... | সদর মহকুমা ... | দ্বারভাঙ্গা। |
| গয়া ... | সদর মহকুমা ... | গয়া। | | মধুবনি ঐ .. | মধুবনি। |
| | নবদহ ঐ ... | নবদহ। | | তাজপুর ঐ .. | তাজপুর। |
| | জাহানাবাদ ঐ .. | জাহানাবাদ। | | | |
| | আরঙ্গাবাদ ঐ ... | আরাঙ্গাবাদ। | চাম্পারণ ... | সদর মহকুমা .. | মতিহারী। |
| শাহাবাদ ... | সদর মহকুমা .. | আরা। | | বেতিয়া ঐ ... | বেতিয়া। |
| | বক্সার ঐ .. | বক্সার। | সারণ ... | সদর মহকুমা ... | ছাপরা। |
| | শাসিরাম ঐ ... | শাসিরাম। | | গোপালগঞ্জ ঐ ... | মীরগঞ্জ। |
| | ভবুয়া ঐ .. | ভবুয়া। | | সেওয়ান ঐ .. | সেওয়ান। |

## BHAGULPORE DIVISION.

| District. | Local areas. | Marts at which prices shall be recorded. | District. | Local areas. | Marts at which prices shall be recorded. |
|---|---|---|---|---|---|
| MONGHYR ... | Sudder sub-division ... | Monghyr. | PURNEAH ... | Sudder sub-division ... | Kusba. |
| | Beguserai ditto ... | Beguserai. | | Arrareah ditto ... | Arrareah. |
| | Jamui ditto ... | Jamui. | | Kishengunge ditto ... | Kishengunge. |
| BHAGULPORE | Sudder sub-division ... | Bhagulpore. | MALDAH ... | District of Maldah ... ... | English Bazar. |
| | Banka ditto .. | Banka. | | | |
| | Muddehpura ditto ... | Muddehpura. | | | |
| | Soopole ditto ... | Soopole. | | | |

## CHITTAGONG DIVISION.

| | | | | | |
|---|---|---|---|---|---|
| CHITTAGONG | Sudder sub-division ... | Chittagong. | TIPPERAH ... | Sudder sub-division ... | Commillah. |
| | Cox's Bazar ditto ... | Cox's Bazar. | | Brahmanberiah ditto ... | Brahmanberiah. |
| NOAKHOLLY | Sudder sub-division ... | Kalitara Hât. | | Chandpore ditto ... | Chandpore. |
| | Fenny ditto ... | Panchgachia Hât. | | | |

## BURDWAN DIVISION.

| | | | | | |
|---|---|---|---|---|---|
| BURDWAN ... | Sudder sub-division ... | Burdwan. | HOOGHLY ... | Sudder sub-division ... | Hooghly. |
| | Raneegunge ditto ... | Raneegunge. | | Serampore ditto ... | Bhuddessur. |
| | Cutwa ditto ... | Cutwa. | | Jehanabad ditto ... | Jehanabad. |
| | Culna ditto ... | Culna. | | Howrah ditto ... | Marju. |
| | | | | Uluberiah ditto ... | Uluberiah. |
| MIDNAPORE | Sudder sub-division ... | Midnapore. | | | |
| | Ghattal ditto ... | Ghattal. | | | |
| | Tumlook ditto ... | Tumlook. | | | |
| | Contai ditto ... | Contai. | | | |
| BEERBHOOM | Sudder sub-division ... | Sudder. | BANKOORA ... | Sudder sub-division ... | Bankoora. |
| | Rampore Hât ditto ... | Rampore Hât. | | Bishenpore ditto ... | Bishenpore. |

## RAJSHAHYE DIVISION.

| | | | | | |
|---|---|---|---|---|---|
| RAJSHAHYE .. | Sudder sub-division | Beauleah. | DINAGEPORE | Dinagepore Munsiff .. | Railway Bazar Hat. |
| | Nowgong ditto | Nowgong. | | Thakoorgaon ditto | Lahory Hât |
| | Nattore ditto ... | Nattore | | Raegunge ditto .. | Raegunge Hât |
| PUBNA .. | Sudder sub-division ... | Pubna. | | Phulbaria ditto ... | Berhampore Hât |
| | Serajgunge ditto ... | Serajgunge. | | | |
| RUNGPORE .. | Sudder sub-division . | Rungpore. | BOGRA ... | District of Bogra | Bogra |
| | Nilphamari ditto .. | Nilphamari. | | | |
| | Kurigaon ditto ... | Kurigaon. | | | |
| | Gyabanda ditto | Gyabanda. | | | |

## DACCA DIVISION.

| | | | | | |
|---|---|---|---|---|---|
| DACCA . | Sudder sub-division .. | Dacca. | MYMENSING . | Sudder sub-division ... | Nasirabad |
| | Naraingunge ditto .. | Muiddergunge. | | Tangail ditto ... | Kagmari. |
| | Manickgunge ditto . | Manickgunge. | | Jamalpore ditto ... | Jamalpore. |
| | Moonshigunge ditto . | Meerkadim Aleerisharhat. | | Kishoregunge ditto .. | Kishoregunge |
| | | | | Netrokona ditto ... | Netrokona. |
| FURREEDPORE.. | Sudder sub-division .. | Furreedpore. | BACKERGUNGE | Sudder sub-division ... | Burrisal. |
| | Goalundo ditto . | Goalundo. | | Patuakhally ditto ... | Patuakhally |
| | Madaripore ditto ... | Madaripore. | | Perozepore ditto ... | Perozepore. |
| | | | | Dakhin Shahazpore . | Bhola |

[ *Government Gazette,* 17*th November* 1885 ]

## ভাগলপুর খণ্ড।

| জিলা | স্থান। | যে২ বাজারে দর লইতে হইবে। | জিলা। | স্থান। | যে২ বাজারে দর লইতে হইবে। |
|---|---|---|---|---|---|
| মুঙ্গের ... | সদর মহকুমা ... | মুঙ্গের। | পুরণিয়া ... | সদর মহকুমা ... | কশবা। |
| | বেগুসরাই ঐ ... | বেগুসরাই। | | আরবিয়া ঐ ... | আররিয়া। |
| | জামুই ঐ ... | জামুই। | | কৃষ্ণগঞ্জ ঐ ... | কৃষ্ণগঞ্জ। |
| ভাগলপুর ... | সদর মহকুমা ... | ভাগলপুর। | মালদহ ... | মালদহ জিলা ... | ইংরেজ বাজার। |
| | বাঁকা ঐ ... | বাঁকা। | | | |
| | মধেপুরা ঐ ... | মধেপুরা। | | | |
| | সুপোল ঐ ... | সুপোল। | | | |

## চট্টগ্রাম খণ্ড।

| জিলা | স্থান। | যে২ বাজারে দর লইতে হইবে। | জিলা। | স্থান। | যে২ বাজারে দর লইতে হইবে। |
|---|---|---|---|---|---|
| চট্টগ্রাম ... | সদর মহকুমা ... | চট্টগ্রাম। | ত্রিপুরা ... | সদর মহকুমা ... | কমিল্লা। |
| | কক্সবাজার ঐ ... | কক্সবাজার। | | ব্রাহ্মণবেড়িয়া ঐ ... | ব্রাহ্মণবেড়িয়া। |
| নওয়াখালী ... | সদর মহকুমা ... | কালীতারাহাট। | | চাঁদপুর ঐ ... | চাঁদপুর। |
| | ফেনী ঐ ... | পাঁচগাছিয়াহাট। | | | |

## বর্দ্ধমান খণ্ড।

| জিলা | স্থান। | যে২ বাজারে দর লইতে হইবে। | জিলা। | স্থান। | যে২ বাজারে দর লইতে হইবে। |
|---|---|---|---|---|---|
| বর্দ্ধমান ... | সদর মহকুমা ... | বর্দ্ধমান। | বীরভূম ... | সদর মহকুমা ... | সদর। |
| | রাণীগঞ্জ ঐ ... | রাণীগঞ্জ। | | রামপুরহাট ঐ ... | রামপুরহাট। |
| | কাটওয়া ঐ ... | কাটওয়া। | হুগলী ... | সদর মহকুমা ... | হুগলী। |
| | কালনা ঐ ... | কালনা। | | শ্রীরামপুর ঐ ... | ভদ্রেশ্বর। |
| মেদিনীপুর ... | সদর মহকুমা ... | মেদিনীপুর। | | জাহানাবাদ ঐ .. | জাহানাবাদ। |
| | ঘাটাল ঐ ... | ঘাটাল। | | হাবড়া ঐ ... | মণিজু। |
| | তমলুক ঐ ... | তমলুক। | | উলুবেড়িয়া ঐ .. | উলুবেড়িয়া। |
| | কাঁতি ঐ ... | কাঁতি। | বাঁকুড়া ... | সদর মহকুমা ... | বাঁকুড়া। |
| | | | | বিষ্ণুপুর ঐ .. | বিষ্ণুপুর। |

## রাজশাহী খণ্ড।

| জিলা | স্থান। | যে২ বাজারে দর লইতে হইবে। | জিলা। | স্থান। | যে২ বাজারে দর লইতে হইবে। |
|---|---|---|---|---|---|
| রাজশাহী ... | সদর মহকুমা ... | বোয়ালিয়া। | দিনাজপুর ... | দিনাজপুর মুন্সেফী ... | রেলওয়ে বাজার হাট। |
| | নৌগাঁ ঐ ... | নৌগাঁ। | | ঠাকুরগাঁ ঐ ... | লাহিড়ী হাট। |
| | নাটোর ঐ ... | নাটোর। | | রায়গঞ্জ ঐ ... | রায়গঞ্জ হাট। |
| পাবনা ... | সদর মহকুমা ... | পাবনা। | | ফুলবেড়িয়া ঐ ... | বেহাঁমপুরহাট। |
| | শেরাজগঞ্জ ঐ ... | শেরাজগঞ্জ। | | | |
| রঙ্গপুর ... | সদর মহকুমা ... | রঙ্গপুর। | বগুড়া ... | বগুড়া জিলা ... | বগুড়া। |
| | নেলফামারী ঐ ... | নেলকামারী | | | |
| | কুড়িগ্রাম ঐ ... | কুড়িগ্রাম। | | | |
| | গাইবান্ধা ঐ ... | গাইবান্ধা। | | | |

## ঢাকা খণ্ড।

| জিলা | স্থান। | যে২ বাজারে দর লইতে হইবে। | জিলা। | স্থান। | যে২ বাজারে দর লইতে হইবে। |
|---|---|---|---|---|---|
| ঢাকা ... | সদর মহকুমা ... | ঢাকা। | ময়মনসিংহ ... | সদর মহকুমা ... | নসিরাবাদ |
| | নারায়ণগঞ্জ ঐ ... | মদনগঞ্জ। | | টাঙ্গেল ঐ ... | কাগমারী। |
| | মাণিকগঞ্জ ঐ ... | মাণিকগঞ্জ। | | জামালপুর ঐ ... | জামালপুর। |
| | মুনশীগঞ্জ ঐ ... | মীরকাদিম মীরিশিরহাট। | | কিশোরগঞ্জ ঐ ... | কিশোরগঞ্জ। |
| ফরীদপুর ... | সদর মহকুমা ... | ফরীদপুর। | | নেত্রকোণা ঐ ... | নেত্রকোণা। |
| | গোয়ালন্দ ঐ ... | গোয়ালন্দ। | বাখরগঞ্জ ... | সদর মহকুমা ... | বরিশাল। |
| | মাদারীপুর ঐ ... | মাদারীপুর। | | পটুয়াখালী ঐ ... | পটুয়াখালী। |
| | | | | পিরোজপুর ঐ ... | পিরোজপুর। |
| | | | | দক্ষিণ সাবাজপুর ঐ ... | ভোলা। |

## PRESIDENCY DIVISION.

| District. | Local areas. | Marts at which prices shall be recorded. | District. | Local areas. | Marts at which prices shall be recorded. |
|---|---|---|---|---|---|
| MOORSHEDABAD. | Sudder sub-division ... | Berhampore. | 24-PERGUNNAHS ... | Sudder sub-division ... | Chetla Hât. |
| | Lalbagh ditto ... | Lalbagh. | | | |
| | Kandi ditto ... | Kandi. | | Baraset, Dum-Dum, and Barrackpore sub-divisions. | Baraset. |
| | Jungypore ditto ... | Jungypore. | | | |
| NUDDEA ... | Sudder sub-division ... | Gowree. | | Diamond Harbour sub-division. | Mogra Hât. |
| | Ranaghat ditto ... | Ranaghat. | | | |
| | Meherpore ditto ... | Kalubazar. | | | |
| | Choondanga ditto ... | Choodanga. | | Buseerhat sub-division ... | Baduria Barsoo. |
| | Kooshtea ditto ... | Bahadurkhali. | | | |
| JESSORE ... | Sudder sub-division ... | Jessore. | KHOOLNA ... | Sudder sub-division ... | Khoolna. |
| | Narail ditto ... | Narail | | | |
| | Magoora ditto ... | Magoora. | | Satkhira ditto ... | Satkhira. |
| | Jhenidah ditto ... | Sulkupah. | | | |
| | Bongong ditto ... | Bongong. | | Bagirhat ditto ... | Bagirhat. |

### NOTIFICATION.

*The 4th November* 1885.—Under section 392 of Act XIV of 1882, the Lieutenant-Governor has been pleased to make the following rules as to the persons to whom commissions shall be issued under the Bengal Tenancy Act :—

Whenever, under sections 31 (*b*) and 158 (2) of the Bengal Tenancy Act, a Court directs that a local enquiry be held under Chapter XXV of the Code of Civil Procedure, the commission shall be issued to such person, not being below the rank of an Assistant or Deputy Collector, as the Collector of the district may from time to time select for the purpose.

The Court shall issue a precept to the Collector, requiring him forthwith to nominate a fit person as above to conduct the enquiry, and the commission shall be issued to the person so nominated.

A. P. MACDONNELL,
*Secy. to the Govt. of Bengal.*

### NOTIFICATION.

*The 4th November* 1885.—Under the powers conferred upon him by section 101 (1) of the Bengal Tenancy Act VIII of 1885, and with the previous sanction of the Governor-General in Council, the Lieutenant-Governor is pleased to order that a survey shall be made, and a record of rights prepared, in respect of all lands included within the external boundaries of pergunnah Gudeswar and Tuppehs Chukla Nye and Butsaleh in the district of Mozufferpore.

The particulars to be recorded in the survey and record of rights shall be the following :—

The name of each proprietor, with the character and extent of his interest.

The situation, quantity, and boundaries of proprietors' private lands, as defined in Chapter XI of the Act.

The name of each tenant.

The class to which he belongs : that is to say, whether he is a tenure-holder. raiyat holding at fixed rates, occupancy-raiyat, non-occupancy raiyat or under-raiyat, and, if he is a tenure-holder, whether he is a permanent tenure-holder or not, and whether his rent is liable to enhancement during the continuance of his tenure.

The situation, quantity, and boundaries of the land held by him.

The name of his landlord.

The rent payable.

The mode in which that rent has been fixed, whether by contract, by order of a Court, or otherwise.

If the rent is a gradually increasing rent, the time at which, and the steps by which, it increases.

The special conditions, and incidents, if any, of the tenancy.

A. P. MACDONNELL,
*Secy. to the Govt. of Bengal.*

[ *Government Gazette,* 17*th November* 1885. ]

## রাজধানী খণ্ড।

| জিলা। | স্থান। | | যেং বাজারে দর লইতে হইবে। |
|---|---|---|---|
| মুরশিদাবাদ | সদর | মহকুমা ... | বহরমপুর। |
| | লালবাগ | ঐ ... | লালবাগ। |
| | কান্দি | ঐ ... | কান্দি। |
| | জঙ্গীপুর | ঐ ... | জঙ্গীপুর। |
| নদীয়া ... | সদর | মহকুমা ... | গোয়াড়ী। |
| | রাণাঘাট | ঐ ... | রাণাঘাট। |
| | মেহেরপুর | ঐ .. | কলায়াবাজার। |
| | চুয়াডাঙ্গা | ঐ ... | চুয়াডাঙ্গা। |
| | কুষ্টিয়া | ঐ ... | বাহাদুরখালী। |

| জিলা। | স্থান। | | যেং বাজারে দর লইতে হইবে। |
|---|---|---|---|
| যশোহর ... | সদর | মহকুমা .. | যশোহর। |
| | নড়াইল | ঐ ... | নড়াইল। |
| | মাগুরা | ঐ ... | মাগুরা। |
| | ঝিনিদহ | ঐ ... | সইলকুপা। |
| | বনগাঁ | ঐ .. | বনগাঁ। |
| ২৪ পরগনা ... | সদর মহকুমা | ... | চেতলাহাট। |
| | বারাসত, দমদমা ও বারাকপুর মহকুমা, | | বারাসত। |
| | কালাগাছী মহকুমা | ... | মগ্রাহাট। |
| | বশীরহাটমহকুমা | ... | বাদুড়িয়াবরাওন |
| খুলনা ... | সদর | মহকুমা ... | খুলনা। |
| | সাতক্ষীরা | ঐ ... | সাতক্ষীরা। |
| | বাগিরহাট | ঐ .. | বাগিরহাট। |

### বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৪ নবেম্বর।—বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক আইনমতে যেং ব্যক্তির নামে কমিশ্যন দেওয়া যাইবে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৮২ সালের ১৪ আইনের ৩৯২ ধারামতে তদ্বিষয়ে নিম্নলিখিত বিধি প্রণয়ন করিলেন।—

কোন আদালত বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক আইনের ৩১ ধারার (খ) প্রকরণ ও ১৫৮ ধারার (২) প্রকরণ অনুসারে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৫ অধ্যায়মতে স্থানীয় তদন্ত করিবার আজ্ঞা করিলে, জিলার কালেক্টর সাহেব তদর্থে আসিষ্টান্ট বা ডেপুটী কালেক্টরের নিম্নপদস্থ না হন এমত যে ব্যক্তিকে সময়েং নির্ব্বাচন করেন তাঁহার নামে কমিশ্যন দেওয়া যাইবে।

আদালত কালেক্টরের নামে উপদেশপত্র দিয়া তদন্ত করণের কার্য্য চালাইবার জন্য অবিলম্বে উপরোক্ত কোন যোগ্য ব্যক্তির নামোল্লেখ করিবার আদেশ করিবেন, ও যে ব্যক্তির নাম উল্লিখিত হয় তাঁহাকে কমিশ্যন দেওয়া যাইবে।

এ, পি, মাকডনেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

---

### বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৪ নবেম্বর।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫সালের ৮ আইনের ১০১ ধারার ১ প্রকরণমতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক তিনি এই আজ্ঞা করিলেন যে, মজফরপুর জিলার অন্তর্গত গদেশ্বর পরগনার ও চকলানাই ও বৎসালে তপ্পের বহিঃসীমার মধ্যে যে সমস্ত জমা আছে তাহার জরীপ ও স্বত্বের লিখন প্রস্তুত করা যায়।

জরীপে ও স্বত্বের লিখনে যাহাং লিখিতে হইবে তাহা এইং,--

প্রত্যেক জন ভুস্বামির নাম, ও তাঁহার স্বার্থের ভাব ও পরিমাণ।

উক্ত আইনের ১১ অধ্যায়ের অর্থকরণমত ভুস্বামির নিজ জমীর অবস্থান ও পরিমাণ ও সীমা।

প্রত্যেক জন প্রজার নাম।

তিনি যে শ্রেণীর অন্তর্গত অর্থাৎ মধ্যস্বত্বাধিকারী, মোকররী হারে ভূমি ভোগধারী রায়ত, দখলীস্বত্ববিশিষ্ট রায়ত, দখলীস্বত্বশূন্য রায়ত কিম্বা কোর্ফা রায়ত কি না ও তিনি মধ্যস্বত্বাধিকারী হইলে কায়েমি মধ্যস্বত্বাধিকারী কি না ও তাঁহার মধ্যস্বত্ব থাকিতে তাঁহার খাজানা বৃদ্ধি হইতে পারে কি না।

তাহার ভোগকৃত ভূমির অবস্থান, পরিমাণ ও সীমা।

ভূম্যধিকারির নাম।

দেয় খাজানা।

যেরূপে খাজানা ধার্য্য হইয়াছে অর্থাৎ চুক্তিমতে, কি আদালতের আজ্ঞাক্রমে বা প্রকারান্তরে।

খাজানা ক্রমশঃ বৃদ্ধি হইবার যোগ্য খাজানা হইলে যে সময়ে ও যে ক্রমে বৃদ্ধি হইবে।

প্রজাস্বত্বের বিশেষ কোন নিয়ম ও অনুষঙ্গ থাকিলে তাহা।

এ, পি, মাকডনেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

[ গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৫। ১৭ নবেম্বর।]

## BENGAL TENANCY ACT.

REVENUE DEPARTMENT LAND REVENUE.

*Darjeeling, the 1st November* 1885.

RESOLUTION.

READ—

The Report of a Committee appointed to consider and advise on the Rules to be framed by the Local Government under the Bengal Tenancy Act, 1885.

The Draft Rules prepared by the Committee.

THE informal publication of a draft of the Rules which it was proposed to issue under the Bengal Tenancy Act, when that Act had come into force, has had the good result of eliciting valuable comments from several public Associations and private persons interested in the working of the Act. The provisional Draft Rules, with the comments made upon them, have now been revised and recast by a Committee composed of the gentlemen named in the margin, who have submitted a Report upon the subject.

| | |
|---|---|
| Hon'ble H. J. Reynolds, C.S.I., Member, Board of Revenue ... ... ... ... | *President.* |
| Hon'ble A. P. MacDonnell, Secretary to Government ... ... | *Members.* |
| Mr. R. F. Rampini, Officiating Judge, 24-Pergunnahs ... | |
| Mr. P. Nolan, Collector, Shahabad ... ... ... ... | |
| Mr. M. Finucane, Director, Agricultural Department ... ... | |
| Mr. H. H. Risley, on Special Duty ... ... ... ... | |

2. The Draft Rules, as amended by the Committee, have now been considered by the Lieutenant-Governor, and some modifications, chiefly in the sequence and grouping of the Rules, have been introduced. Substantially, however, the Rules remain the same as in the draft submitted by the Committee.

ORDERED—That the Committee's Report be printed for general information, and that the Draft Rules be published in the *Calcutta Gazette* as Proposed Rules, in conformity with section 190, Act VIII of 1885, for the information of persons likely to be affected thereby.

By order of the Lieutenant Governor of Bengal,
A. P. MACDONNELL,
*Secretary to the Government of Bengal.*

# বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক আইন।

রেবিনিউ ডিপার্টমেন্ট।

## ভূম্যাধিকার।

দার্জিলিঙ, ১৮৮৫ সাল ১ নবেম্বর।

### নির্দ্ধারণ।

বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫ সালের আইনমতে স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক যে বিধি প্রণীত হইবে, তাহা বিবেচনা করণার্থে ও তদ্বিষয়ে পরামর্শ প্রদানার্থে নিযুক্ত কমিটীর রিপোর্ট ও

ঐ কমিটীর প্রণীত বিধির পাণ্ডুলেখ্য

পাঠ করা গেল।

বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক আইন বলবৎ হইবার পর ঐ আইন অনুসারে যে বিধি প্রচার করিবার প্রস্তাব হইয়াছিল তাহার পাণ্ডুলেখ্য নির্দ্দিষ্ট পদ্ধতিমতে প্রকাশিত না হইলেও এই সুফল প্রাপ্ত হওয়া গিয়াছে যে উক্ত আইনের কার্য্যচলনে স্বার্থযুক্ত নানা সাধারণ সমিতি ও বিশেষ২ ব্যক্তি তৎসম্বন্ধে মূল্যবান মন্তব্য প্রকাশ করিয়াছেন। পার্শ্বলিখিত মহাশয়দিগকে লইয়া যে কমিটী গঠিত হয় তাঁহারা এক্ষণে ঐ বিধির আপাত কার্য্যকর ভাবের পাণ্ডুলেখ্য ও তৎসম্বন্ধীয় মন্তব্য পুনর্ব্বিবেচনা ও পুনর্গঠন করিয়া এক খানি রিপোর্ট অর্পণ করিয়াছেন।

- রেবিনিউ বোর্ডের মেম্বর মান্যবর শ্রীযুত এচ, জে, রেনল্‌ড্‌স সাহেব ... সভাপতি।
- গবর্ণমেণ্টের সেক্রেটরী মান্যবর শ্রীযুত এ, পি, মাকডনেল সাহেব ... ... } মেম্বর।
- হুগলীর একটিং জজ শ্রীযুত আর, এফ, রাম্পিনী সাহেব ... ... } মেম্বর।
- শাহাবাদের কালেক্টর শ্রীযুত পি, নোলান সাহেব ... ... } মেম্বর।
- কৃষিকার্য্য বিভাগের ডিরেক্টর শ্রীযুত এম, ফিনুকেন সাহেব ... ... } মেম্বর।
- বিশেষ রাজকার্য্যে নিযুক্ত শ্রীযুত এচ, এচ, রিসলী সাহেব ... ... } মেম্বর।

২। কমিটী কর্ত্তৃক সংশোধিত বিধির পাণ্ডুলেখ্য শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব এক্ষণে বিবেচনা করিয়া দেখিয়াছেন। প্রধানতঃ বিধিগুলির পর্য্যায় ও শ্রেণীবিভাগগত কএকটি পরিবর্ত্তন সন্নিবেশ করা গিয়াছে। কিন্তু কমিটীর প্রণীত পাণ্ডুলেখ্যে যেরূপ ছিল বিধিগুলি এক্ষণে সারতঃ তাহাই রহিল।

আজ্ঞা হইল যে, সাধারণের অবগতি নিমিত্ত কমিটীর রিপোর্ট মুদ্রিত করা যায় ও তৎক্রমে যে ব্যক্তিদের স্পৃষ্ট হইবার সম্ভাবনা তাঁহাদের অবগত্যর্থে ১৮৮৫ সালের ৮ আইনের ১৯০ ধারামতে প্রস্তাবিত বিধি বলিয়া বিধির পাণ্ডুলেখ্য কলিকাতা গেজেটে প্রকাশ করা যায়।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

এ, পি, মাকডনেল,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

# রিপোর্ট।

বঙ্গদেশের প্রজাস্বত্ববিষয়ক আইনের ১৯০ ধারামতে প্রকাশ করণার্থে ঐ আইনানুযায়ি বিধি যে আকারে প্রণীত হওয়া উচিত তাহা বিবেচনা করণার্থে ও তদ্বিষয়ে পরামর্শ প্রদানার্থে গবর্ণমেণ্টের এই মাসের ২০ তারিখের আজ্ঞাক্রমে নিযুক্ত কমিটীর মেম্বর আমরা এই রিপোর্ট অর্পণ করিতেছি। আমরা আগষ্ট মাসের ১২ তারিখের ও পরবর্ত্তী অন্যান্য তারিখের গেজেটে প্রকাশিত বিধির কিয়ৎকালীন ভাবের পাণ্ডুলেখ্য ও পার্শ্বলিখিত কাগজপত্র বিবেচনা করিয়া দেখিয়াছি। এই সকল কাগজপত্রের উল্লিখিত অনেকগুলি আপত্তি ও মন্তব্যে আমরা সম্মত হইতে পারিলাম না, কিন্তু উহার মধ্যে অনেক স্থলে বিশেষ উপকারজনক পরামর্শ প্রাপ্ত হওয়া গিয়াছে, আমরা সন্তোষ সহকারে তাহা গ্রহণ করিয়াছি।

১। শ্রীযুত বাবু কেদারনাথ রায়ের ১৮৮৫ সালের ১৫ আগষ্ট তারিখের পত্র।

২। শ্রীযুত বাবু প্রণবনাথ ঘোষালের ১৮৮৫ সালের ২৫ আগষ্ট তারিখের পত্র।

৩। ভাগলপুরস্থ ভূম্যধিকারীদের সমিতির সেক্রেটরীর ১৮৮৫ সালের ২৮ আগষ্ট তারিখের পত্র।

৪। ভাগলপুরস্থ ভূম্যধিকারীদের সমিতির সেক্রেটরীর ১৮৮৫ সালের ৭ সেপ্টেম্বর তারিখের পত্র।

৫। পূর্ব্ব বঙ্গের ভূম্যধিকারীদের সমিতির সেক্রেটরীর ১৮৮৫ সালের ২৬ সেপ্টেম্বরের তারিখের পত্র।

৬। পূর্ব্ব বঙ্গের ভূম্যধিকারীদের সমিতির সেক্রেটরীর ১৮৮৫ সালের ১১ অক্টোবর তারিখের মন্তব্য।

৭। বেহারের ভূম্যধিকারীদের সমিতের সেক্রেটরীর ১৮৮৫ সালের ১ অক্টোবর তারিখের পত্র।

৮। ব্রিটিস ইণ্ডিয়ান আসোসিএসনের সেক্রেটরীর ১৮৮৫ সালের ১ অক্টোবর তারিখের পত্র।

৯। বরিশালের পিপলস আসোসিএসনের সেক্রেটরীর ১৮৮৫ সালের ২৫ সেপ্টেম্বর তারিখের পত্র।

১০। ভাগলপুরের ভূম্যধিকারীদের সমিতির সেক্রেটরীর ১৮৮৫ সালের ৮ অক্টোবর তারিখের পত্র।

২। ইহা দৃষ্ট হইবে যে প্রজাস্বত্ববিষয়ক আইনের বিধানের মধ্যে ভিন্ন২ তিন প্রকার শাসনকার্য্য সংক্রান্ত আজ্ঞা গণ্য। কতকগুলি বিষয়ে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে প্রকারের আজ্ঞা করেন সেই প্রকারে কার্য্য হইবে বলিয়া রাখা হইয়াছে। এইরূপ বিষয়গুলি বিধির বিষয়ীভূত নহে এবং সচরাচর তৎসম্বন্ধে গবর্ণমেণ্টের আদেশ রাজকীয় গেজেটে প্রকাশ করিতে হইবে বলিয়া আইনে কোন বাধ্যতা জন্মায় না। আবার, আইনের অনেক ধারায় এরূপ সকল কার্য্যানুষ্ঠানের উল্লেখ আছে যাহা "নির্দ্দিষ্ট প্রকারে" সম্পাদন করিতে হইবে অথবা এরূপ নোটিসের উল্লেখ আছে যাহা "নির্দ্দিষ্ট পাঠে" প্রস্তুত করিতে হইবে। এই সকল স্থলে আইনের আদেশমতে রাজকীয় গেজেটে ঐ ঐ বিষয়ের প্রকাশ করণ আবশ্যক, কিন্তু আইনমতে রাজস্ব কর্ম্মচারীদের অনুসরণীয় কার্য্যপদ্ধতির বিধানের সহিত উহার সংস্রব না থাকিলে কি উহাতে নোটিস জারী করিবার প্রকার নির্দ্দিষ্ট না হইলে উহা বিধির বিষয়ীভূত হইবার আবশ্যকতা নাই। পরিশেষে, এরূপ কতকগুলি বিষয় আছে যাহার কার্য্য কেবল আইনের ১৯০ ধারামতে উপযুক্তরূপে প্রকাশিত বিধিক্রমেই হইতে পারে।

আমরা প্রত্যেক শ্রেণীর এক একটি উদাহরণ দিলে বোধ হয়, প্রভেদটি অধিকতর স্পষ্টরূপে বুঝা যাইবে। গবর্ণমেণ্ট সময়ে২ যে২ স্থান নির্দ্দেশ করেন, সেই২ স্থানে যে২ প্রধান খাদ্য শস্য জন্মে, ৩৯ (১) ধারামতে কালেক্টর সাহেবদের সেই২ শস্যের দরের তালিকা প্রস্তুত করিতে হইবে। যে আজ্ঞাক্রমে এই সকল স্থান নির্দ্দিষ্ট হয় তাহা বিধি নহে ও গবর্ণমেণ্টের প্রতি উহা গেজেটে প্রকাশ করিবার আদেশ নাই। ১৩ (১) ধারামতে কায়েমি মধ্যস্বত্বের ক্রেতার প্রতি আদালতে ভূম্যধিকারীর উপর নীলামের নোটিস জারী করণার্থ নির্দ্দিষ্ট ফী দাখিল করিবার আদেশ আছে। রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া ঐ ফীর টাকা ধার্য্য করিতে হইবে, কিন্তু এই বিষয়ে বিধি প্রণয়ন করিবার আবশ্যকতা নাই। ৬১ (২) ধারামতে খাজানার টাকা আমানত করিবার দরখাস্তের সঙ্গে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ বিধিক্রমে যে ফী দিবার আজ্ঞা করেন সেই ফী পাঠাইতে হইবে। এই ফী কত টাকা হইবে ইহার বিজ্ঞাপন ১৯০ ধারামতে দিতে হইবে ও বিজ্ঞাপন প্রকাশ করণের তারিখের পর এক মাস গত না হইলে উহা চূড়ান্তরূপে ধার্য্য করা যাইতে পারিবে না।

৩। এই সকল প্রভেদ স্বীকার করিয়া আমরা বিধি প্রণয়ন করিতে গিয়া দেখিলাম যে, ঐ প্রভেদ রক্ষণ করিয়া এরূপ বিধি করা দুঃসাধ্য যাহা সহজে বোধগম্য হইতে পারে ও ব্যাখ্যার প্রয়োজন রাখে না। ইহার একটি উদাহরণ দেওয়া যাইতেছে, কোন একটি কার্য্যপ্রণালী কার্য্যকারী করিতে হইলে এরূপ নানা আদেশ উহার অন্তর্গত করা আবশ্যক হইতে পারে যাহা উপরের নির্দ্দিষ্ট প্রত্যেক ও সকল শ্রেণীরই মধ্যে পড়ে। ঐ কার্য্যপ্রণালী স্বতন্ত্র২ ভাবে উক্ত নানা শ্রেণীর উপযোগী বিধি ও বিজ্ঞাপন আকারে ভাঙ্গিয়া দিলে উহা দুর্ব্বোধ ও কার্য্যে পরিণত করণ পক্ষে কঠিন হয়। আমরা এই নিমিত্ত প্রত্যেক ধারার নিম্নে উহা বলবৎ করণ পক্ষে যে সকল আদেশ আবশ্যক তাহা সূক্ষ্ম বিবেচনায় আইনমত "বিধি" কি না ইহার প্রতি লক্ষ্য না রাখিয়া একত্র সন্নিবেশ করা স্থির করিয়াছি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১০ নবেম্বর।]

4. The sections of the Act under which the Local Government is required or empowered to make "rules" are the following:—

(*a*) Under section 39 (7)—rules for determining what are to be deemed staple food-crops in any local area, and for the guidance of officers preparing price lists.

(*b*) Under section 51 (2)—rules authorizing a tenant to pay his rent by postal money-order.

(*c*) Under section 51 (2)—rules prescribing the amount of the fee which must accompany a deposit of rent.

(*d*) Under section 80 (2)—rules respecting applications for the registration of landlords' improvements.

(*e*) Under section 82 (5)—rules for the appointment of assessors to estimate the compensation to be awarded for improvements.

(*f*) Under section 87 (2)—rules regarding the manner of publishing a notice by the landlord that he has treated a holding as abandoned.

(*g*) Under section 92 (3)—rules declaring local standards of measurement.

(*h*) Under section 103—rules to enable a Revenue Officer to ascertain and record certain particulars with respect to an estate or tenure.

(*i*) Under section 107—rules to regulate the procedure of Revenue Officers engaged in the settlement of rents.

(*j*) Under section 118—rules to enable a Revenue Officer to ascertain and record whether land is or is not private land.

(*k*) Under section 134 (1)—rules to prescribe the charges to be levied as costs of distraint and sale of distrained property.

(*l*) Under section 189—rules to regulate the procedure to be followed by Revenue Officers under the Act, and to prescribe the mode of service of notices where no more is prescribed by law.

5. The accompanying draft will be found to contain no mention of rules under the headings (*b*), (*e*), and (*g*) of the preceding paragraph. It appears to us that the experiment of permitting rent to be paid by postal money-order may well be deferred till the plan of paying Government revenue through this agency has been found on trial to work successfully. With regard to section 82, it may be permitted to us to hope that cases of ejectment will be rare. It is probable, too, that the amount of compensation awardable in such cases will not ordinarily be very large. It seems to us a matter of some difficulty to specify in a rule the qualifications of persons whose assistance would be useful to the Court; and we are unwilling to add to the costs of the trial by prescribing a procedure which would involve an expenditure incommensurate with the amount of the compensation. If it should be found hereafter that the Courts experience a practical difficulty in the decision of these cases, and express a wish for the appointment of assessors, the question of making a rule may be further considered. The definition of local standards of measurement, under section 92 (3), is a matter which demands very careful previous enquiry; and the information at our disposal does not justify us in recommending that the Government should put forward any declaration on the subject at present. With these three exceptions, the draft we have prepared deals with all the matters in respect of which the Act contemplates the publication of rules by the Local Government.

6. Under section 39, we have given a list of local areas and of the marts at which price lists are to be prepared. The list of local areas is not, strictly speaking, a part of the rule; but there is a manifest convenience in treating it as such, and publishing it for general comment. The list of marts falls under sub-section (7), as an instruction for the guidance of officers

৪। আইনের যে সকল ধারা ক্রমে স্থানীয় গবর্ণমেণ্ট বিধি প্রণয়ন করিতে আদিষ্ট কি ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন তাহা এইঃ—

(ক) ৩৯ (৭) ধারামতে, কোন স্থানে কোন্ শস্য প্রধান উৎপাদ্য খাদ্য শস্য বলিয়া গণ্য করিতে হইবে ইহা নির্ণয় করণার্থ ও দরের তালিকা প্রস্তুতকারী কার্য্যকারকদের উপদেশার্থ বিধি।

(খ) ৫৪ (২) ধারামতে, পোষ্টাল মনিঅর্ডর ক্রমে খাজানা দিবার ক্ষমতা প্রজার প্রতি দিবার বিধি।

(গ) ৬১ (২) ধারামতে, খাজানা আমানত করিবার দরখাস্তের সঙ্গে যত টাকা ফী পাঠাইতে হইবে তাহা নির্দেশকারী বিধি।

(ঘ) ৮০ (২) ধারামতে, ভূম্যধিকারীর উৎকর্ষসাধন রেজিষ্টরী করণার্থ দরখাস্ত সম্বন্ধীয় বিধি।

(ঙ) ৮২ (৫) ধারামতে, উৎকর্ষসাধনের জন্য যে ক্ষতিপূরণ দিতে হইবে তাহার পরিমাণ নির্ণয়ার্থ আসেসর নিয়োগ সম্বন্ধীয় বিধি।

(চ) ৮৭ (২) ধারামতে, ভূম্যধিকারী কোন যোত পরিত্যক্ত বলিয়া জ্ঞান করিয়াছেন তাঁহার এই বিষয়ের নোটিস যে প্রকারে প্রকাশ করিতে হইবে তৎসম্বন্ধীয় বিধি।

(ছ) ৯২ (৩) ধারামতে, মাপের স্থানীয় নিয়ম প্রকাশক বিধি।

(জ) ১০৩ ধারামতে, যাহাতে রাজস্ব কর্ম্মচারী কোন মহাল বা মধ্যস্বত্ব সম্বন্ধে বিশেষ কথা নিরূপণ করিয়া লিপিবদ্ধ করিতে পারেন তদ্বিষয়ক বিধি।

(ঝ) ১০৭ ধারামতে, খাজানার বন্দোবস্ত কার্য্যে নিযুক্ত রাজস্ব কর্ম্মচারীদের কার্য্যপদ্ধতি বিধানার্থ বিধি।

(ঞ) ১১৮ ধারামতে, জমী নিজ জমী কি না ইহা নিরূপণ করিয়া লিপিবদ্ধ করিবার ক্ষমতা রাজস্ব কর্ম্মচারীকে দিবার বিধি।

(ট) ১৭৪ (১) ধারামতে, ক্রোক করা সম্পত্তির ক্রোক ও নীলামের খরচ বলিয়া যে খরচ আদায় করিতে হইবে তন্নির্দ্দেশক বিধি।

(ঠ) ১৮৯ ধারামতে, আইনমতে রাজস্ব কর্ম্মচারীদের যে কার্য্যপ্রণালী অনুসরণ করিতে হইবে তাহার বিধান করণার্থ এবং যে স্থলে আইনদ্বারা নোটিস জারী করিবার প্রণালী নির্দ্দিষ্ট না হইয়া থাকে সেই স্থলে নোটিস জারী করিবার প্রণালী নির্দ্দেশ করণার্থ বিধি।

৫। ইহার সহিত যে পাণ্ডুলেখ্য প্রকাশ করা যাইতেছে তাহাতে পূর্ব্ব দফার (খ), (ঙ) ও (ছ) শীর্ষকের অন্তর্গত বিধির কোন উল্লেখ দৃষ্ট হইবে না। আমাদের মতে যাবৎ পোষ্টাল মনিঅর্ডর যোগে গবর্ণমেণ্টের রাজস্ব দিবার রীতি পরীক্ষা করিয়া কার্য্যকর দেখা না যায় তাবৎ ঐ উপায়ে খাজানা দিবার নিয়ম প্রচলিত হইবার অনুমতি না দিলেই ভাল হয়। ৮২ ধারা সম্বন্ধে আমাদের আশা এই যে যাহাতে হইতে প্রজাকে উচ্ছেদ করিবার স্থল অতি বিরলই হইবে। ইহাও সম্ভব যে, ঐরূপ সকল স্থলে ক্ষতিপূরণের টাকার পরিমাণ সাধারণতঃ অধিক হইবে না। যে ব্যক্তিদের সাহায্য আদালতের পক্ষে উপকারী হইবে তাঁহাদের কিরূপ যোগ্যতা থাকা আবশ্যক ইহা বিশদক্রমে নির্দ্দেশ করা কিছু কঠিন বলিয়া বোধ হয়, এবং যাহাতে ক্ষতিপূরণের টাকার তুলনায় অতিরিক্ত ব্যয় ঘটাইতে পারে এরূপ কার্য্যপ্রণালী নির্দ্দেশ করিয়া বিচারের ব্যয় বাড়াইতে আমাদের ইচ্ছা নাই। পরে যদি এরূপ দেখা যায় যে, এই সকল মোকদ্দমার নিষ্পত্তি করিতে গিয়া আদালত কার্য্যতঃ কাঠিন্য অনুভব করেন ও আসেসর নিয়োগের নিমিত্ত ইচ্ছা প্রকাশ করেন, তাহা হইলে এই সম্বন্ধে বিধি প্রণয়ন করিবার বিষয় আরও বিবেচনা করা যাইতে পারিবে। ৯২ (৩) ধারামতে মাপের স্থানীয় নিয়ম নির্দ্দেশ করিতে হইলে সাবহিত ভাবে পূর্ব্বে বিশেষ তদন্ত লওয়া আবশ্যক, এবং আমাদের যে সকল সন্ধান অবগত আছি তাহাতে গবর্ণমেণ্ট এক্ষণে এই বিষয়ে কোন মত প্রকাশ করেন আমরা এরূপ পরামর্শ দেওয়া উচিত বোধ করি না। এই তিনটি বর্জ্জিত স্থল ভিন্ন, যে সকল বিষয়ে স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক বিধি প্রকাশ করণ আইনের অভিপ্রেত, সেই সকল বিষয় আমাদের রচিত পাণ্ডুলেখ্যে ধরা গিয়াছে।

৬। ৩৯ ধারামতে আমরা যে সকল স্থানে যে আকারে দরের তালিকা প্রস্তুত করিতে হইবে তাহার তালিকা দিয়াছি। স্থানের তালিকা প্রকৃতপক্ষে বিধির অংশ নহে, কিন্তু উহাকে তদ্রূপ বিবেচনা করিয়া সাধারণের সমালোচনার্থ প্রকাশ করাতে স্পষ্টতঃই সুবিধা আছে। দরের তালিকা প্রস্তুত করণ কার্য্যে নিযুক্ত কার্য্যকারকদের উপদেশার্থ আদেশ স্বরূপ বাজারের তালিকাটি (৭) প্রকরণের মধ্যে পড়ে। প্রধান উৎপাদ্য খাদ্য শস্য নির্ণয় ও তালিকাগুলি প্রস্তুত ও প্রকাশ করণার্থ আমরা একটি প্রণালীর

engaged in the preparation of the price-lists. We have suggested a scheme for the determination of the staple food-crops, and for the preparation and publication of the lists. It will be observed that we propose that the prices shall be recorded on two market days during the month, and that the lists shall be published at the marts to which they refer, as well as at the revenue office, the Munsif's court, and the police stations.

7. Under section 80 (2), we have abbreviated and simplified the previous draft with a view to making the procedure for registration as short and inexpensive as possible. It was, we think, the intention of the law that the enquiry should be limited to the fact of the alleged improvement having been actually and lawfully made, and we have modified the rules accordingly. We have also provided that a subordinate officer's refusal to register shall not be final until confirmed by the Collector.

8. The rules regarding the conduct of proceedings under Chapter X are of great importance, as they will not only apply to the survey and record of rights about to be taken in hand in Mozufferpore, but will also, in the majority of cases, form a code of instructions for the guidance of officers engaged in making settlements of land revenue in any of the districts to which the Act extends. We have accordingly recast these rules with great care; and we believe that, in their present form, they will be found sufficient for the objects which they have in view, and that they are also entirely consistent with the provisions of the Act.

9. The published rules of the Board of Revenue relating to settlements will have to be revised in accordance with the changes of the law introduced by the Act. When this revision has been made, the instructions contained in the Board's rules will be supplementary to the rules under the Act, it being manifestly impossible to frame the latter in such detail as to form a complete manual for the guidance of officers in every particular. We have accordingly provided that, in carrying out the rules under the Act, Revenue Officers shall have regard to the instructions issued by the Board of Revenue so far as they are consistent with the present rules, and that the Board's rules shall be followed where no other mode of procedure is prescribed.

10. The course of proceedings under Chapter X will, we understand, be of the following kind. The Local Government will appoint the Survey and Settlement Officers employed upon the work to perform such of the functions of Revenue Officers as are assigned to them by the rules under section 189 (1). The rules declare that all orders of Revenue Officers, passed in the discharge of any duty under the Act, shall be subject to the supervision and control of the Board of Revenue; and that the orders of each inferior Revenue Officer shall be subject to the supervision and control of the Revenue Officers to whom the Board may declare him to be subordinate. In this manner every Officer engaged in settlement operations will have the legal status of a Revenue Officer, while at the same time his action will be restricted to the particular duties which he is called upon to perform.

11. We have made numerous minor and verbal alterations in the draft rules as provisionally published, the particulars of which need not here be specified. We recommend that the rules, as now revised, should be published under section 190 of the Act.

H. J. REYNOLDS ... *President.*

A. P. MACDONNELL...
R. F. RAMPINI ...
P NOLAN ...
M. FINUCANE ...
H. H. RISLEY ...
} *Members.*

*The 27th October* 1885.

[ *Government Gazette*, *17th November* 1885. ]

প্রস্তাব করিয়াছি। ইহা দৃষ্ট হইবে যে আমাদের প্রস্তাব এই, মাসে হাটের দুই দিন দর লিপিবদ্ধ করিয়া যেহ বাজারের সহিত ঐ দরের তালিকার সম্পর্ক থাকে সেই ২ বাজারে ও রাজস্ব সংক্রান্ত আফিসে, মুনসেফের কাছারীতে ও পোলীস ষ্টেশনে উহা প্রকাশ করিতে হইবে।

৭। ৮০ (২) ধারা ধরিয়া আমরা রেজিষ্টরী করণ সংক্রান্ত কার্য্যপ্রণালী যতদূর সাধ্য সংক্ষেপ ও অল্পব্যয়সাধ্য করিবার অভিপ্রায়ে পূর্ব্বের পাণ্ডুলেখ্য সংক্ষেপ ও সরল করিয়াছি। কথিত উৎকর্ষসাধন প্রকৃতপক্ষে ও আইনমতে করা হইয়াছে কেবল মাত্র এই বিষয়েই তদন্ত হওয়া উচিত ইহাই আইনের অভিপ্রায় বলিয়া বোধ হওয়াতে আমরা তদনুসারে বিধিগুলির পরিবর্ত্তন করিয়াছি। আমরা আরও বিধান করিয়াছি যে অধীন কোন কাকার্য্যকারক রেজিষ্টরী করিতে অস্বীকার করিলে যাবৎ কালেক্টর সাহেবকর্ত্তৃক দৃঢ়ীকৃত না হয় তাবৎ উহা চূড়ান্ত হইবে না।

৮। ১০ অধ্যায়মত আনুষ্ঠানিক কার্য্য চলন সম্বন্ধীয় বিধির বিশেষ গুরুত্ব আছে কারণ উহা যে কেবল মজঃফরপুরে যে জরীপ কার্য্য ও স্বত্বের লিখন সংক্রান্ত কার্য্য আরম্ভ করিবার উদ্যোগ হইতেছে তাহার সম্বন্ধেই খাটিবে এরূপ নহে পরন্তু অনেক স্থলেই যে কোন জিলায় আইন প্রচলিত হয় তথায় ভূরাজস্বের বন্দোবস্ত কার্য্যে নিযুক্ত কার্য্যকারকদের উপদেশার্থ উহা বিধিসংহিতাস্বরূপ হইবে। আমরা এই নিমিত্ত এই বিধিগুলি বিশেষ যত্ন সহকারে পুনর্গঠিত করিয়াছি এবং আমাদের বিশ্বাস যে বর্ত্তমান আকারে উহা আপন উদ্দেশ্য লাভ পক্ষে প্রচুর হইবে ও উহা সম্পূর্ণরূপে আইনের বিধান সঙ্গত।

৯। আইনে প্রচলিত ব্যবস্থার যে সকল পরিবর্ত্তন ঘটিয়াছে, বন্দোবস্ত কার্য্যবিষয়ক রেবিনিউ বোর্ডের প্রকাশিত বিধি তদনুসারে সংশোধন করা আবশ্যক হইবে। এই সংশোধন করা হইলে পর বোর্ডের বিধিপুস্তকের অন্তর্গত উপদেশাবলী এই আইনমত বিধির পরিশিষ্টস্বরূপ হইবে, কারণ শেষোক্ত বিধিগুলি যাহাতে প্রত্যেক বিষয়ে রাজকর্মচারীদের উপদেশার্থ সম্পূর্ণ বিধিপুস্তকস্বরূপ হইতে পারে এরূপ বিস্তারিত ভাবে প্রণয়ন করা স্পষ্টতই অসম্ভব। এই জন্য আমরা এই বিধান করিলাম যে এই আইনমত বিধি কার্য্যে পরিণত করিবার সময় রাজস্বকর্ম্মচারীরা রেবিনিউ বোর্ড কর্ত্তৃক প্রচারিত বিধির প্রতি ঐ বিধি উপস্থিত বিধি সমূহের সহিত যতদূর সঙ্গত ততদূর দৃষ্টি রাখিবেন ও যে স্থলে অন্য কোন কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট না থাকে সেই স্থলে বোর্ডের বিধি অনুসরণ করিতে হইবে।

১০। আমাদের বোধ হয় যে ১০ অধ্যায়মত আনুষ্ঠানিক কার্য্য নিম্নলিখিত প্রকারে চলিবে।—রাজকীয় গবর্ণমেণ্ট কার্য্যবিশেষে নিযুক্ত জরীপ ও বন্দোবস্তের কার্য্যকারকদিগকে রাজস্ব কর্ম্মচারীদের প্রতি ১৮৯ (১) ধারামত বিধিক্রমে যে সকল ক্ষমতা অর্পিত হওয়াছে সেই সকল ক্ষমতানুসারে কার্য্যকরণার্থে নিযুক্ত করিবেন। বিধির নির্দ্দেশ এই যে রাজস্ব কর্ম্মচারীরা এই আইনমত কোন কর্ত্তব্যকার্য্য নির্ব্বাহ কালে যে সকল আজ্ঞা করেন তাহা রেবিনিউ বোর্ডের কর্ত্তৃত্ব ও তত্ত্বাবধানাধীন থাকিবে, নিম্নতর প্রত্যেক রাজস্ব কর্ম্মচারীর আজ্ঞা বোর্ড যে রাজস্ব কর্ম্মচারীদের অধীন বলিয়া তাঁহাকে প্রকাশ করেন তাঁহাদের কর্তৃত্ব ও তত্ত্বাবধানাধীন থাকিবে। এই প্রকারে, বন্দোবস্ত কার্য্যে নিযুক্ত প্রত্যেক কার্য্যকারকের আইনমতে রাজস্ব কর্ম্মচারীর পদ থাকিবে, অথচ তাঁহার প্রতি বিশেষ যে কার্য্য করিবার আদেশ হয় তিনি কেবল তাহাই করিবেন।

১১। কিয়ৎকালের নিমিত্ত বিধির যে পাণ্ডুলেখ্য প্রকাশিত হইয়াছিল আমরা তাহাতে [illegible] শব্দগত অনেক পরিবর্ত্তন করিয়াছি। উহা বিশেষ করিয়া এই স্থলে উল্লেখ করা অনাবশ্যক। আমাদের বোধ এই যে, বিধিগুলি এক্ষণে যেরূপ সংশোধিত হইল তাহা আইনের ১৯০ ধারামতে প্রকাশ করা যায়।

| | | |
|---|---|---|
| এচ, জে, রেনলড্স | ... | সভাপতি। |
| এ, পি, ম্যাকডনেল | ... | |
| আর, এফ, রাম্পিনী | ... | |
| পি, নোলান | ... | মেম্বর |
| এম, ফিঞ্চেন | ... | |
| এচ, এচ, রিসলী | ... | |

১৮৮৫ সাল ২৭ অক্টোবর।

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ নবেম্বর। ]

## JUDICIAL DEPARTMENT.

No. 3317A.

*The 31st October* 1885.—The Lieutenant-Governor accepts the resignation tendered by Mr. J. Murdoch of his appointment of Presidency Magistrate for the town of Calcutta.

*The 4th November* 1885.—Under the authority vested in him by the final clause of section 357 of the Code of Criminal Procedure, Act X of 1882, the Lieutenant-Governor empowers Baboo Raghunath Sahai, Temporary Deputy Magistrate, Sarun, to take down evidence in criminal cases in the English language.

*The 9th November* 1885.—Mr. H. F. J. T. Maguire, Officiating Joint-Magistrate of the 24-Pergunnahs, is empowered to take cognizance, under clause (*c*), section 191 of Act X of 1882, of offences for which he may try or commit for trial.

Baboo Jogendra Nath Deb, Additional Munsif of Gya, is appointed to be an Additional Munsif in the district of Bhagulpore, to be ordinarily stationed at the sudder station of that district.

Baboo Jogendra Lall Chowdhri, Munsif of Gouripura, in the district of Tipperah, is appointed to be an Additional Munsif in the district of Jessore, to be ordinarily stationed at Magoorah.

Baboo Bolac Chand, Subordinate Judge of Purneah, on leave, is appointed to act, until further orders, as Additional Subordinate Judge of Bhagulpore.

Baboo Nobin Chunder Gangooly, Subordinate Judge of Moorshedabad, is appointed to act, until further orders, as Additional Subordinate Judge of Tirhoot.

Baboo Aughore Nath Ghose, Second Subordinate Judge of Tipperah, is appointed to act, until further orders, as Additional Subordinate Judge of Chittagong.

*The 10th November* 1885.—The Lieutenant-Governor accepts the resignation tendered by Baboo Balkissen Lal of his appointment of Honorary Magistrate for the Jhowgunge Bench, in the district of Patna.

F. B. PEACOCK,
*Chief Secy. to the Govt. of Bengal.*

## PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

*The 4th November* 1885.

*No.* 438.—*Posting.*—Mr. T. E. Curry, Executive Engineer, fourth grade, *sub pro tem*, having reported his return from furlough on the forenoon of the 4th instant, the unexpired portion of the same is hereby cancelled. Mr. Curry is posted to the Orissa Circle.

[*Government Gazette,* 17*th November* 1885.]

## জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৩৩১৭ A নম্বর।

১৮৮৫ সাল ৩১ অক্টোবর।—শ্রীযুত জে, মর্ডক সাহেব কলিকাতার প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটস্বরূপ স্বীয় পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন।

১৮৮৫ সাল ৪ নবেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ফৌজদারী মোকদ্দমার কার্য্য-প্রণালী বিষয়ক ১৮৮২ সালের ১০ আইনের ৩৫৭ ধারার শেষ প্রকরণমতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি সারণের কিয়ৎকালীন ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু রঘুনাথ সহায়কে ফৌজদারী মোকদ্দমায় ইংরেজী ভাষায় সাক্ষ্য লিখিয়া লইবার ক্ষমতা দিলেন।

১৮৮৫ সাল ৯ নবেম্বর।—২৪ পরগনার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুক্ত এচ, এফ, জে, টি, মাগুয়র সাহেব যে সকল অপরাধ বিচারার্থে গ্রহণ বা সমর্পণ করিতে পারেন তাহা ১৮৮২ সালের ১০ আইনের ১৯১ ধারার (গ) প্রকরণমতে গ্রাহ্য করিবার ক্ষমতা পাইলেন।

গয়ার আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু যোগেন্দ্রনাথ দেব ভাগলপুর জিলায় আডিশ্যনল মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

ত্রিপুরা জিলার অন্তর্গত গৌরীপুরার মুনসেফ শ্রীযুত বাবু যোগেন্দ্রলাল চৌধুরী যশোহর জিলায় আডিশ্যনল মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ মাগুরায় অবস্থাপিত হইবেন।

ছুটী প্রাপ্ত পূর্ণিয়ার সবর্ডিনেট জজ শ্রীযুত বলাকচাঁদ বাবু যাবৎ অন্য আজ্ঞা না হয়, ভাগলপুরের আডিশ্যনল সবর্ডিনেট জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

মুরশিদাবাদের সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু নবীনচন্দ্র গঙ্গোপাধ্যায় যাবৎ অন্য আজ্ঞা না হয়, ত্রিহুতের আডিশ্যনল সবর্ডিনেট জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

ত্রিপুরার দ্বিতীয় সবর্ডিনেট জজ শ্রীযুক্ত বাবু অঘোরনাথ ঘোষ যাবৎ অন্য আজ্ঞা না হয়, চট্টগ্রামের আডিশ্যনল সবর্ডিনেট জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮৫ সাল ১০ নবেম্বর।—শ্রীযুত বাবু বালকৃষ্ণ লাল পাটনা জিলার অন্তর্গত ঝাউগঞ্জের অবৈতনিক মাজিষ্ট্রেটস্বরূপ স্বীয় পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন।

এফ, বি, পীকক,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

---

## বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

১৮৮৫ সাল ৪ নবেম্বর।

৪৬৮ নম্বর।—অবস্থাপনের কথা।—কিয়ৎকালীন স্থায়ি চতুর্থ শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত টি, ই, করি সাহেব নিয়মিত ছুটী হইতে এই মাসের ৪ তারিখের পূর্ব্বাহ্নে স্বীয় প্রত্যাগমনের রিপোর্ট করাতে সেই ছুটীর অবশিষ্টাংশ এতদ্দারা রহিত করা গেল। শ্রীযুত করি সাহেব উড়িষ্যা চক্রে অবস্থাপিত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ নবেম্বর।]

*No.* 439.—*Posting.*—With reference to Notification No. 268 of the 6th October 1885 of the Government of India, Public Works Department, Mr. George Cooper Stawell, Assistant Engineer, second grade, from the Royal Indian Engineering College, who reported his arrival in Calcutta on the 2nd November 1885, is posted to the Orissa Circle.

A. D. McARTHUR, *Major*, R.E.,
*For Joint-Secy. to the Govt. of Bengal, P. W. Dept.*

---

*The 5th November* 1885.

*No.* 440.—*Posting.*—With reference to Notification No. 268 of the 6th October 1885 of the Government of India, Public Works Department, Mr. James Sandiford Lane Long, Assistant Engineer, second grade, from the Royal Indian Engineering College, who reported his arrival in Calcutta on the 2nd November 1885, is posted to the Central Circle.

S. T. TREVOR, *Col.*, R. E.,
*Secy. to the Govt. of Bengal, P. W. Dept.*

---

*The 5th November* 1885.

*No.* 441.—*Posting.*—With reference to Notification No. 431 of the 3rd instant, Mr. A. H. Mason, Executive Engineer, fourth grade (temporary rank), is posted to the South Western Circle.

*The 9th November* 1885.

*No.* 442.—*Transfer.*—Mr. A. E. Silk, Assistant Engineer, first grade, *sub pro tem.* is transferred in the interests of the public service from the Mahanuddy to the Brahmini-Byturni Division.

A. D. McARTHUR, *Major*, R.E.,
*For Joint-Secy. to the Govt. of Bengal, P. W. Dept.*

---

*The 9th November* 1885.

*No.* 443.—*Leave.*—Mr. T. Beatty, Executive Engineer, second grade, and Divisional Superintendent of Works, Rajshahye, was on privilege leave from the 10th July to 9th October 1885.

*No.* 444.—*Leave.*—Mr. J. F. H. Collet, Assistant Engineer, first grade, Northern Bengal State Railway, is granted three weeks' privilege leave from the 18th November 1885, or such date as he may avail himself of the same.

S. T. TREVOR, *Col.*, R.E.,
*Secy. to the Govt. of Bengal, P. W. Dept.*

---

*The 9th November* 1885.

*No.* 445.—In modification of Notification No. 392, dated 22nd September 1885, Lieutenant-Colonel J. M. Heywood, R.E., Superintending Engineer, is granted privilege leave for two months, with effect from the 16th October 1885, instead of from the 17th idem as notified.

A. D. McARTHUR, *Major*, R.E.,
*For Joint-Secy. to the Govt. of Bengal, P. W. Dept.*

[*Government Gazette*, 17*th November* 1885.]

৪৩৯ নম্বর।—অবস্থাপনের কথা।—পবলিক ওর্কস ডিপার্টমেন্টে ভারতবর্ষীয় গবর্ণমেন্টের ১৮৮৫ সালের ৬ অক্টোবরের ২৬৮ নং বিজ্ঞাপনোপলক্ষে রয়ল ইণ্ডিয়ান ইঞ্জিনিয়রিং কালেজ হইতে আগত দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত জর্জ কুপর ষ্টাওয়েল সাহেব ১৮৮৫ সালের ২ নবেম্বরে কলিকাতায় পঁহুছনের রিপোর্ট করিয়া উড়িষ্যা চক্রে অবস্থাপিত হইলেন।

পবলিক ওর্কস ডিপার্টমেন্টে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের জাইন্ট সেক্রেটরীর পরিবর্ত্তে,
এ, ডি, মাকার্থর, মেজর, আর, ই।

---

১৮৮৫ সাল ৫ নবেম্বর।

৪৪০ নম্বর।—অবস্থাপনের কথা।—পবলিক ওর্কস ডিপার্টমেন্টে ভারতবর্ষীয় গবর্ণমেন্টের ১৮৮৫ সালের ৬ অক্টোবরের ২৬৮ নং বিজ্ঞাপনোপলক্ষে রয়ল ইণ্ডিয়ান ইঞ্জিনিয়রিং কালেজ হইতে আগত দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত জেমস সাণ্ডিফর্ড লেন নং সাহেব ১৮৮৫ সালের ২ নবেম্বর কলিকাতায় পঁহুছনের রিপোর্ট করিয়া সদর চক্রে অবস্থাপিত হইলেন।

এস, টি, ট্রেবর, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

---

১৮৮৫ সাল ৫ নবেম্বর।

৪৪১ নম্বর।—অবস্থাপনের কথা।—এই মাসের ৩ তারিখের ৪৩১ নং বিজ্ঞাপনোপলক্ষে কিয়ৎকালীন চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুক্ত এ, এচ, মাসন সাহেব দক্ষিণ পশ্চিম চক্রে অবস্থাপিত হইলেন।

১৮৮৫ সাল ৯ নবেম্বর।

(a) The date of his visit to the market, the prices in which are to be recorded;

(b) The names of vendors and purchasers, the quantities sold, and the prices thereof, for any sales effected in his presence.

7. When price lists are prepared at the sudder sub-division by an officer other than a Covenanted Deputy Collector, or the Senior Deputy Collector, or at other sub-divisions by an officer subordinate to the Sub-Divisional Officer, they shall be submitted to the Covenanted Deputy Collector, or the Senior Deputy Collector, or Sub-Divisional Officer as the case may be. Such officer shall scrutinize the lists; he may call for explanations and cause manifest errors to be corrected; and, having satisfied himself of the accuracy of the lists, he shall countersign them.

8. The price lists shall be published at the marts to which they respectively refer, at the Collector's or sub-divisional office, and at every police station and munsifi in the local area.

9. The lists shall then be submitted to the Board with any objections made to them, and with the opinions of the officers who prepared and countersigned them, and of the Collector, on such objections.

---

## CHAPTER III.—LANDLORDS' IMPROVEMENTS.

1. *Section* 80.—An application for the registration of a landlord's improvement may be presented to the Collector of the district or to the officer in charge of the sub-division in which the land benefited by the improvement is situated, or to any Assistant or Deputy Collector who may be specially appointed by the Government to receive such application. It shall be in the form specified in Schedule I appended to these rules.

2. The officer receiving the application may, if he thinks fit, require the applicant to present as many copies of the application as there are tenants mentioned in column 7 of the application, or as there are villages mentioned in column 2, and he may, as the case may be, either forward by registered letter copies to the tenants whose names are specified, or may cause a copy to be fixed up in some conspicuous place in every such village. In either case he shall fix a date for hearing objections to the application, and shall cause that date to be notified to the parties concerned, either by entering it in the copies forwarded by registered letter or by proclaiming it by beat of drum in each village. The expenses of such service shall be borne by the applicant for registration.

[ *Government Gazette,* 24*th November* 1885. ]

৩। অন্যূন দশ দিন অন্তর মাসের মধ্যে দুইটী হাটের দিনে প্রধান উৎপাদ্য খাদ্য শস্যের দরের তালিকা প্রস্তুত করিতে হইবে। রেবিনিউ বোর্ডের কর্ত্তৃত্বাধীনে কালেক্টর সাহেব ঐরূপ হাটের দিন নির্ব্বাচন করিয়া লইবেন।

৪। পূর্ব্ব বিধির নির্দ্দিষ্ট দিনদ্বয়ে দরের তালিকায় উল্লিখিত বাজারে যে খুজরা চলিত দরে কোন প্রধান উৎপাদ্য খাদ্য শস্য প্রকৃতপক্ষে বিক্রীত হয়, তাহাই উক্ত শস্যের দর বলিয়া লিপিবদ্ধ হইবে।

৫। সব-ডেপুটী কালেক্টরের নিম্নপদস্থ না হন এরূপ একজন গেজেটে লেখা কর্ম্মচারী সামান্যতঃ দরের তালিকা প্রস্তুত করিবেন। কিন্তু বিশেষ স্থলে সব-ডেপুটী কালেক্টর পাওয়া যাইতে না পারিলে, কালেক্টর সাহেব কমিশ্যনর সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক তালিকা প্রস্তুত করিবার ক্ষমতা কোন কানুনগোকে দিতে পারিবেন।

৬। দরের তালিকা প্রস্তুত করিবার ভারপ্রাপ্ত প্রত্যেক কর্ম্মচারী একটি রিকার্ড রাখিবেন তাহাতে—

(ক) যে বাজারে দর লিপিবদ্ধ করিতে হইবে, সেই বাজারে তাঁহার যাইবার তারিখ ও

(খ) তাঁহার সাক্ষাতে যে যে বিক্রয় হয় সেই সেই বিক্রয় সম্বন্ধে বিক্রেতা ও ক্রেতার নাম, বিক্রীত দ্রব্যের পরিমাণ ও তাহার দর লিখিতে হইবে।

৭। সদর মহকুমায় চিহ্নিত বা পদজ্যেষ্ঠ ডেপুটী কালেক্টর ভিন্ন কোন কর্ম্মচারী অথবা অন্যান্য মহকুমায় মহকুমার কর্ত্তৃপক্ষের অধীনস্থ কোন কর্ম্মচারী দরের তালিকা প্রস্তুত করিলে, তাহা স্থলবিশেষে চিহ্নিত ডেপুটী কালেক্টরের কিম্বা পদজ্যেষ্ঠ ডেপুটী কালেক্টরের কিম্বা মহকুমার কর্ত্তৃপক্ষের নিকট অর্পণ করিতে হইবে। তিনি তালিকাগুলি বিশেষ করিয়া পরীক্ষা করিয়া দেখিবেন; তিনি কৈফিয়ৎ চাহিতে ও স্পষ্ট ভুল সংশোধন করাইতে পারিবেন; এবং তালিকাগুলির শুদ্ধতা সম্বন্ধে আপনার ছন্দোধ জন্মিলে, তাহাতে ক্রোড় স্বাক্ষর করিবেন।

৮। যেং দরের তালিকা যেং বাজারের সহিত সম্পর্ক রাখে, সেইং দরের তালিকা সেইং বাজারে, আর কালেক্টর সাহেবের বা মহকুমার কর্ত্তৃপক্ষের কাছারীতে এবং ঐ স্থানের অন্তর্গত প্রত্যেক থানায় ও মুনসেফীতে প্রকাশ করা যাইবে।

৯। তালিকাগুলির প্রতি যে কোন আপত্তি করা হয় সেই আপত্তিসহিত এবং যে কর্ম্মচারীরা তালিকা প্রস্তুত ও ক্রোড় স্বাক্ষর করেন, ঐ আপত্তি সম্বন্ধে তাঁহাদের ও কালেক্টর সাহেবের মত সহিত ঐ তালিকাগুলি পরে বোর্ডে পাঠাইতে হইবে।

---

৩ অধ্যায়।—ভূম্যধিকারির উৎকর্ষসাধন বিষয়ক বিধি।

১। ৮০ ধারা।—ভূম্যধিকারীর উৎকর্ষসাধন রেজিষ্টরী করাইবার প্রার্থনাপত্র জিলার কালেক্টর সাহেবের নিকট, অথবা উৎকর্ষসাধন দ্বারা যে ভূমির উপকার হয়, সেই ভূমি যে মহকুমার মধ্যে থাকে সেই মহকুমার অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কর্ত্তৃপক্ষের নিকট, অথবা ঐরূপ প্রার্থনাপত্র গ্রহণ করণার্থ গবর্ণমেণ্ট বিশেষ করিয়া যে কোন আসিস্টাণ্ট বা ডেপুটী কালেক্টরকে নিযুক্ত করেন তাঁহার নিকট, উপস্থিত করা যাইতে পারিবে। এই প্রার্থনাপত্র এই বিধির প্রথম তফসীলের নির্দ্দিষ্ট পাঠে লিখিতে হইবে।

২। যে কর্ম্মচারী প্রার্থনাপত্র গ্রহণ করেন, তিনি উচিত বোধ করিলে, প্রার্থনাপত্রের ৭ ঘরে যত জন প্রজার কিম্বা ২ ঘরে যত খান গ্রামের উল্লেখ থাকে প্রার্থনাপত্রের তত খান নকল দাখিল করিবার নিমিত্ত প্রার্থকের প্রতি আদেশ করিতে পারিবেন; এবং যে প্রজাদের নাম লিখিত থাকে উক্ত কর্ম্মচারী রেজিষ্টরী পত্রযোগে তাহাদের নিকট ঐ নকল পাঠাইতে, অথবা স্থলবিশেষে ঐরূপ প্রত্যেক গ্রামের কোন সুপ্রকাশ স্থানে ঐ নকল লাগাইয়া দিতে পারিবেন। উভয় স্থলেই তিনি প্রার্থনাপত্র সম্বন্ধে আপত্তি শুনিবার তারিখ স্থির করিয়া দিবেন এবং হয় রেজিষ্টরী পত্রযোগে প্রেরিত নকলে, ঐ তারিখ লিখিয়া, নয় প্রত্যেক গ্রামে ঢেঁড়রা দিয়া ঘোষণা করিয়া সম্পর্কযুক্ত পক্ষদিগকে ঐ তারিখের বিষয়ে নোটিস দেওয়াইবেন। রেজিষ্টরী করণার্থ প্রার্থক ঐরূপ জারী করিবার খরচ দিবেন।

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ নবেম্বর। ]

3. The officer may make over the application to any of his subordinates, not being below the rank of a canoongoe, for local enquiry and report, and shall in that case fix a date for hearing the report, and shall cause such date to be notified to the parties concerned in the manner set forth in Rule 2. The enquiry shall be limited to the ascertainment of the fact whether the alleged improvement is of such a nature as to come within the meaning of section 76 (2) or not.

4. On the date so fixed, or on any date to which the proceedings may be adjourned, the officer shall hear summarily such of the parties and their witnesses as may attend, and shall consider any report submitted to him under Rule 3. He shall then decide whether the work is an improvement as defined in section 76 (2), and whether the landlord is entitled to register it, and shall accordingly order it to be registered or refuse registration.

5. Nothing hereinbefore contained shall preclude the officer receiving the application from holding a local enquiry in person, and from ordering the improvement to be registered, or refusing the registration in accordance with the result of the enquiry so held.

6. If an order refusing to register an improvement is passed by an officer lower in rank than the Collector of the district, such order shall not take effect until confirmed by the Collector of the district.

7. *Section* 81 (1).—Evidence relating to any improvement under this sub-section shall be recorded by the Revenue Officer specified in Rule 1 of this Chapter, who shall exercise the powers of a Civil Court in the trial of suits, and shall be guided by the provisions of sections 182 and 184 of the Civil Procedure Code.

---

## CHAPTER IV.—RECORD OF PROPRIETORS' PRIVATE LANDS.

1. *Section* 118.—Applications under this section may be made to the Collector of the district, or to the officer in charge of the sub-division in which the land in question is situated, or to any Assistant or Deputy Collector specially empowered by Government to receive such applications. If the application is made to the Collector of the district, he may transfer it for disposal to any officer empowered to receive it.

2. An application shall contain the following particulars so far as the applicant is able to furnish them:—

- (*a*) The name, towji number, and Government revenue of the estate.
- (*b*) The names of the registered proprietors, and the share held by each.
- (*c*) The specification of each plot of land referred to in the application, showing the village in which it is situated and the area and boundaries of each plot, if known.
- (*d*) The names of the tenants (if any) in occupation of each such plot.
- (*e*) Grounds of the application.

3. The application shall be signed and verified in the manner prescribed by section 51 of the Code of Civil Procedure.

4. On receipt of the application the officer shall make such inquiry as he may think fit by examining the applicant or his agent, and may call for further particulars before ordering further proceedings.

5. If the area of the lands has not been already recorded in a map made under the authority of Government, the officer shall order the lands to be measured and shall estimate the cost of measurement in accordance with the rules for the time being in force for the measurement of lands in partition cases, and shall require the applicant to deposit the amount either at once or in such instalments as the officer may direct.

[ *Government Gazette*, 24*th November* 1885.]

৩। উক্ত কর্ম্মচারী কানুনগোর নিম্নপদস্থ না হয় আপনার অধীন এরূপ কোন ব্যক্তির নিকট স্থানীয় তদন্ত ও রিপোর্ট করিবার নিমিত্ত উক্ত প্রার্থনাপত্র দিতে পারিবেন, এবং তাহা হইলে রিপোর্ট শুনিবার এক তারিখ স্থির করিয়া দিবেন ও ২ বিধির বর্ণিত প্রকারে সম্পর্কযুক্ত পক্ষদিগকে উক্ত তারিখের বিষয়ে নোটিস দেওয়াইবেন। কথিত উৎকর্ষসাধন এ প্রকারের কি না যে আইনের ৭৬ ধারার (২) প্রকরণের অর্থের মধ্যে পড়ে, কেবল এই কথা নির্ণয় সম্বন্ধে তদন্ত হইবে।

৪। ঐরূপে যে তারিখ স্থির করিয়া দেওয়া যায় সেই তারিখে অথবা মোকদ্দমার দিনান্তর ধার্য্য করা গেলে যে কোন তারিখ নির্দ্দিষ্ট হয় সেই তারিখে উক্ত কর্ম্মচারী যে যে পক্ষ ও পক্ষদের যে যে সাক্ষী উপস্থিত হন তাঁহাদের কথা সরাসরীমতে শুনিবেন এবং ৩ বিধিমতে তাঁহার নিকট যে কোন রিপোর্ট দেওয়া যায় তাহা বিবেচনা করিয়া দেখিবেন। পরে তিনি উক্ত কার্য্য ৭৬ ধারার (২) প্রকরণের অর্থমত উৎকর্ষসাধন কি না ও ভূম্যধিকারী উহা রেজিষ্টরী করাইতে স্বত্ববান্ কি না ইহা স্থির করিয়া তদনুসারে উৎকর্ষসাধন রেজিষ্টরী করিবার কিম্বা রেজিষ্টরী করিতে অস্বীকার করিবার আজ্ঞা দিবেন।

৫। যে কর্ম্মচারী প্রার্থনাপত্র পান, তাঁহার স্বয়ং স্থানীয় তদন্ত লইয়া উক্ত তদন্তের ফল অনুসারে উৎকর্ষসাধন রেজিষ্টরী করিবার আজ্ঞা দিতে কিম্বা রেজিষ্টরী করিতে অস্বীকার করিতে ইহার পূর্ব্বের কোন কথাক্রমে কোন বাধা হইবে না।

৬। জিলার কালেক্টর সাহেবের নিম্নপদস্থ কোন কর্ম্মচারী কোন উৎকর্ষসাধন রেজিষ্টরী করিতে অস্বীকার করিবার আজ্ঞা দিলে, ঐ আজ্ঞা জিলার কালেক্টর সাহেব কর্তৃক যাবৎ দৃঢ়ীকৃত না হয় তাবৎ বলবৎ হইবে না।

৭। ৮১ ধারা (১) প্রকরণ।—এই প্রকরণমত কোন উৎকর্ষসাধন সম্বন্ধীয় প্রমাণ এই অধ্যায়ের ১ বিধির উল্লিখিত রাজস্ব কর্ম্মচারী লিপিবদ্ধ করিবেন। তিনি মোকদ্দমার বিচারকালীন দেওয়ানী আদালতের ক্ষমতাক্রমে কার্য্য করিবেন এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১৮২ ও ১৮৪ ধারার বিধান অনুসারে চলিবেন।

---

৪ অধ্যায়।—ভূস্বামীর নিজ জমীর লিখন বিষয়ক বিধি।

১। ১১৮ ধারা।—এই ধারামত প্রার্থনাপত্র জিলার কালেক্টর সাহেবের নিকট অথবা ভূমি যে মহকুমার মধ্যে থাকে, সেই মহকুমার অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কর্তৃপক্ষের নিকট অথবা গবর্ণমেণ্ট উক্ত প্রার্থনাপত্র গ্রহণ করণার্থ যে কোন আসিষ্টাণ্ট বা ডেপুটী কালেক্টরকে বিশেষ করিয়া ক্ষমতা দেন তাঁহার নিকট দিতে হইবে। প্রার্থনাপত্র জিলার কালেক্টর সাহেবের নিকট দেওয়া গেলে, তিনি উহা গ্রহণ করিবার ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ম্মচারির নিকট নিষ্পত্তি নিমিত্ত ঐ প্রার্থনাপত্র হস্তান্তর করিয়া দিতে পারিবেন।

২। প্রার্থক যতদূর দিতে পারেন, ততদূর প্রার্থনাপত্রে নিম্নলিখিত বিশেষ কথা থাকিবে।—

(ক) মহালের নাম, তৌজি নম্বর ও গবর্ণমেণ্টের রাজস্ব।

(খ) রেজিষ্টরী করা ভূস্বামীদের নাম, ও তাঁহাদের প্রত্যেকের অংশ।

(গ) প্রার্থনাপত্রের উল্লিখিত ভূমির প্রত্যেক খণ্ড যে গ্রামে থাকে ও উহার যে পরিমাণ ও সীমা থাকে, জানা থাকিলে তাহা দর্শাইয়া উহার বিশেষ বর্ণনা।

(ঘ) ঐরূপ কোন ভূমিখণ্ড কোন প্রজাদের দখলে থাকিলে, সেই প্রজাদের নাম।

(ঙ) যেহ হেতু ধরিয়া প্রার্থনা করা হয়।

৩। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৫১ ধারার নির্দ্দিষ্ট প্রকারে উক্ত প্রার্থনাপত্রে স্বাক্ষর করিতে ও সত্যপাঠ লিখিতে হইবে।

৪। প্রার্থনাপত্র পাইলে, উক্ত কর্ম্মচারী যেরূপ তদন্ত লওয়া উচিত বোধ করেন, প্রার্থক বা তদীয় কর্ম্মকারককে পরীক্ষা করিয়া সেইরূপ তদন্ত লইবেন এবং আরো কার্য্যানুষ্ঠানের আজ্ঞা দিবার পূর্ব্বে আরো বিশেষ বৃত্তান্ত উপস্থিত করিবার আদেশ দিতে পারিবেন।

৫। গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রস্তুত মানচিত্রে ভূমির পরিমাণ পূর্ব্বে লেখা না হইয়া থাকিলে, মাপিবার আজ্ঞা দিয়া উক্ত কর্ম্মচারী বাটওয়ারার মোকদ্দমায় ভূমি মাপিবার সম্বন্ধে তৎকালে যে বিধি প্রচলিত থাকে সেই বিধি অনুসারে মাপিবার খরচের টাকার অনুমানপত্র প্রস্তুত করিবেন এবং যেরূপ আদেশ করেন তদনুসারে প্রার্থকের প্রতি হয় একবারে, না হয় কিস্তিক্রমে উক্ত টাকা আমানত করিবার আজ্ঞা করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ নবেম্বর।]

## CHAPTER V.—Service of Notices.

1. *Sections* 12, 13, *and* 15.—Notices under these sections shall contain, so far as may be possible, the particulars given in the forms specified in Schedule I, and shall be served on the landlord or his agent, or, where two or more persons are joint landlords, on their common agent referred to in section 188, or on their common manager appointed under section 95 as the case may be, in the manner prescribed for the service of a summons on a defendant under the Code of Civil Procedure. Where there is more than one landlord, and no common agent or common manager has been appointed, the notice shall be served by being posted in some conspicuous place on the tenure. When notice is served personally, the landlord's fee shall be tendered with the notice. If in cases of personal service a receipt cannot be obtained for the fee from the landlord or his agent, and in all cases when the notice is not served personally, the fee shall be held in deposit by the Collector until applied for by the person or persons authorized to receive it.

2. *Section* 45.—Notice to a raiyat to quit under this section shall be served through the Collector* in the manner prescribed for the service of a summons on a defendant under the Code of Civil Procedure, and shall be subject to the same process fee.

*Criticism is invited on an alternative proposal to serve this notice through the Court having jurisdiction to entertain a suit for ejectment from the holding. It has been suggested that this alternative mode of service would simplify proof of service.

3. *Section* 46 (2).—The agreement under this section shall be filed in the Court having jurisdiction to entertain a suit for arrears of rent of the holding, and shall be served on the raiyat in the manner prescribed for the service of a summons on a defendant under the Code of Civil Procedure, and shall be subject to the same process fee.

4. *Section* 46 (4).—The notice under this section shall be filed in the Court having jurisdiction to entertain a suit for arrears of rent of the holding, and shall be served on the landlord in the manner prescribed for the service of a summons on a defendant under the Code of Civil Procedure, and shall be subject to the same process fee.

5. *Section* 63 (2).—In cases (*a*), (*b*), and (*d*) of section 61 herein referred to, the notice of the receipt of the deposit shall be served by forwarding the notice by post in a letter registered under Part III of the Indian Post Office Act, 1866, or, where the Court may deem it necessary, in the manner prescribed for the service of a summons on a defendant under the Code of Civil Procedure.

6. *Section* 72 (2).—The general notice referred to in this sub-section may be published by the transferee by fixing up a written notice to the tenants in the village office or in some conspicuous place on the lands, and by proclaiming to the tenants by beat of drum, in every village to which the transfer extends, that the interest of the former landlord has passed to the transferee. The transferee may, if he thinks fit, apply for service of the notice to the Civil Court having jurisdiction to entertain a suit for arrears of rent of the holding, and the Court shall thereupon serve the notice as hereinbefore prescribed on payment of a process fee of Re. 1 for each village to which the transfer extends.

7. *Section* 73.—Notice under this section shall be in writing, and shall be delivered to the landlord or his agent, or, where two or more persons are joint landlords, to their common agent referred to in section 188, or to their common manager appointed under section 95, as the case may be, at the landlord's village office, or at such other convenient place as may be appointed by the landlord for the payment of rent under sub-section (2) of section 54.

8. The raiyat may, if he thinks fit, cause the notice to be served through the Civil Court having jurisdiction to entertain a suit for arrears of rent of the holding in the manner prescribed for the service of a summons on a defendant under the Code of Civil Procedure, and subject to the same process fee.

[ *Government Gazette*, 24*th November* 1885. ]

৫ অধ্যায়।—নোটিস জারী করিবার বিধি।

১। ১২, ১৩ ও ১৫ ধারা।—এই কএক ধারামত নোটিসে যতদূর সম্ভব ১ম তফসীলের নির্দ্দিষ্ট পাঠে বিশেষ কথা লিখিতে হইবে ও তাহা ভূম্যধিকারীর বা তদীয় কর্ম্মকারীর উপর জারী করা যাইবে, কিম্বা দুই বা তদধিক ব্যক্তি সংস্থ্ট ভূম্যধিকারী হইলে, ১৮৮ ধারার উল্লিখিত তাঁহাদের সাধারণ কর্ম্মকারকের উপর অথবা স্থল বিশেষে ৯৫ ধারামতে নিযুক্ত তাঁহাদের সাধারণ কার্য্যাধ্যক্ষের উপর দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনমতে প্রতিবাদীর উপর নির্দ্দিষ্ট যে প্রকারে সমন জারী করা যায়, সেই প্রকারে জারী করা যাইবে। একাধিক ভূম্যধিকারী থাকিলে, এবং সাধারণ কর্ম্মকারক বা সাধারণ কার্য্যাধ্যক্ষ নিযুক্ত না হইয়া থাকিলে, মধ্যস্বত্বের অন্তর্গত কোন সুপ্রকাশ স্থানে নোটিস লটকাইয়া তাহা জারী করা যাইবে। ব্যক্তিবিশেষের উপর নোটিস জারী করা গেলে, ভূম্যধিকারীর ফী নোটিসের সহিত অর্পণ করিতে হইবে। ব্যক্তিবিশেষের উপর জারী করা গেলে, যদি ভূম্যধিকারীর বা তদীয় কর্ম্মকারকের স্থানে ফীর নিমিত্ত রসীদ পাওয়া যাইতে না পারে, এবং যে সকল স্থলে ব্যক্তিবিশেষের উপর নোটিস জারী করা হয় না সেই সকল স্থলে, উক্ত ফী গ্রহণ করিবার ক্ষমতাপন্ন ব্যক্তি বা ব্যক্তিরা যাবৎ তাহা পাইবার নিমিত্ত প্রার্থনা না করেন, তাবৎ সেই ফী কালেক্টর সাহেব আপনার নিকট আমানত রাখিবেন।

২। ৪৫ ধারা।—দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনমতে নির্দ্দিষ্ট যে প্রকারে প্রতিবাদীর উপর সমন জারী করিতে হয়, এই ধারামতে রায়তের প্রতি উঠিয়া যাইবার নোটিস কালেক্টর সাহেবের * দ্বারা সেই প্রকারে জারী করা যাইবে ও ঐ নোটিস জারী করিতে উক্ত সমনের ন্যায় পরওয়ানার ফী লাগিবে।

*যোত হইতে উচ্ছেদ করিবার মোকদ্দমা গ্রহণ করিবার ক্ষমতা যে আদালতের থাকে, সেই আদালতের দ্বারা এই নোটিস জারী করিবার আর একটী প্রস্তাব আছে, তদ্বিষয়ে মতামত আহ্বান করা যাইতেছে। এইরূপ উক্ত হইয়াছে যে, জারী করিবার এই প্রণালীতে জারী হইবার প্রমাণ সহজ হইবে।

৩। ৪৬ (২) ধারা।—যোতের বাকী খাজানার মোকদ্দমা গ্রহণ করিবার ক্ষমতা যে আদালতের থাকে, সেই আদালতে এই ধারামত নিয়মপত্র দাখিল করিতে হইবে, এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনমতে প্রতিবাদীর উপর নির্দ্দিষ্ট যে প্রকারে সমন জারী করিতে হয়, সেই প্রকারে রায়তের উপর নিয়মপত্র জারী করা যাইবে ও উহাতে ঐ সমনের ন্যায় পরওয়ানার ফী লাগিবে।

৪। ৪৬ (৪) ধারা।—এই ধারামত নোটিস যে আদালত যোতের বাকী খাজানার মোকদ্দমা গ্রহণ করিতে পারেন, সেই আদালতে দাখিল করিতে হইবে, এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনমতে নির্দ্দিষ্ট যে প্রকারে প্রতিবাদীর উপর সমন জারী করিতে হয়, সেই প্রকারে ভূম্যধিকারীর উপর ঐ নোটিস জারী করা যাইবে, এবং উহাতে ঐ সমনের ন্যায় পরওয়ানার ফী লাগিবে।

৫। ৬৩ (২) ধারা।—এই ধারার উল্লিখিত ৬১ ধারার (ক), (খ) ও (ঘ) স্থলে আমানত পাইবার নোটিস ভারতবর্ষীয় ডাকঘর বিষয়ক ১৮৬৬ সালের আইনের ৩য় খণ্ডমত রেজিস্টরীপত্রযোগে ডাকে পাঠাইয়া ঐ নোটিস জারী করা যাইবে অথবা আদালত আবশ্যক বিবেচনা করিলে, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনমতে নির্দ্দিষ্ট যে প্রকারে সমন জারী করিতে হয়, সেই প্রকারে ঐ নোটিস জারী করা যাইবে।

৬। ৭২ ধারা (২) প্রকরণ।—গ্রাম্য কাছারীতে কিম্বা ভূমির উপর কোন সুপ্রকাশ স্থানে প্রজাদের নামে লিখিত নোটিস লটকাইয়া দিয়া এবং যেং গ্রাম হস্তান্তরিত হইয়াছে, সেইং গ্রামে ঢেঁড়রা দিয়া পূর্ব্ব ভূম্যধিকারীর স্বার্থ হস্তান্তরক্রমে গ্রহীতার প্রতি বর্ত্তিয়াছে, প্রজাদের নিকট এইরূপ ঘোষণা করিয়া হস্তান্তরক্রমে গ্রহীতা এই প্রকরণের উল্লিখিত সাধারণ নোটিস প্রচার করিতে পারিবেন। যোতের বাকী খাজানার মোকদ্দমা গ্রহণ করিবার ক্ষমতা যে দেওয়ানী আদালতের থাকে, হস্তান্তরক্রমে গ্রহীতা উচিত বোধ করিলে, নোটিস জারী করণার্থ সেই দেওয়ানী আদালতে প্রার্থনা করিতে পারিবেন, এবং যেং গ্রাম হস্তান্তরিত হয় তাহার প্রত্যেক গ্রামের নিমিত্ত এক টাকা পরওয়ানার ফী দিলে উক্ত আদালত পূর্ব্ব নির্দ্দিষ্ট নোটিস জারী করিবেন।

৭। ৭৩ ধারা।—এই ধারামত নোটিস লিখিয়া দিতে হইবে, এবং ভূম্যধিকারীর গ্রাম্য কাছারিতে অথবা খাজানা দিবার নিমিত্ত ৫৪ ধারার (২) প্রকরণমতে ভূম্যধিকারী অন্য যে সু বধামত স্থান নিরূপণ করেন, সেই স্থানে ভূম্যধিকারীকে বা তদীয় কর্ম্মকারককে অথবা দুই বা তদধিক ব্যক্তি সংস্থ্ট ভূম্যধিকারী হইলে, ১৮৮ ধারার উল্লিখিত তাঁহাদের সাধারণ কর্ম্মকারককে কিম্বা স্থলবিশেষে ৯৫ ধারামতে নিযুক্ত তাঁহাদের সাধারণ কার্য্যাধ্যক্ষকে দেওয়া যাইবে।

৮। রায়ত উচিত বিবেচনা করিলে, যোতের বাকী খাজানার মোকদ্দমা গ্রহণ করিবার ক্ষমতা যে দেওয়ানী আদালতের থাকে, তদ্দ্বারা দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনমতে নির্দ্দিষ্ট যে প্রকারে প্রতিবাদীর উপর সমন জারী করা যায়, সেই প্রকারে ঐ নোটিস জারী করাইতে পারিবেন এবং উহাতে উক্ত সমনের ন্যায় পরওয়ানার ফী লাগিবে।

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ নবেম্বর।]

9. *Section* 86 (4).—The notice of surrender to the landlord by the tenant under this sub-section shall be served in the manner prescribed for the service of a summons on a defendant under the Code of Civil Procedure, and shall be subject to the same process fee.

10. *Section* 87.—A notice of the tenant's abandonment of his holding under sub-section (2) of this section shall be in the form specified in Schedule I, shall be published by beat of drum upon the holding alleged to be abandoned, and a copy thereof shall be affixed to some dwelling-house, or tree, or other conspicuous object upon the holding. The fee payable by the landlord shall be Re. 1.

11. *Section* 155.—Notice of ejectment to the tenant under this section shall be filed in the Court having jurisdiction to entertain a suit for arrears of rent of the holding, and shall be served in the manner prescribed for the service of a summons on a defendant under the Code of Civil Procedure, and shall be subject to the same process fee.

## CHAPTER VI.—RECORD OF RIGHTS AND SETTLEMENT OF RENTS.

### *Powers of Revenue Officers.*

1. All Revenue Officers appointed to be Settlement Officers or Assistant Settlement Officers for the purpose of making surveys, records of rights, and settlement of rents under the Tenancy Act are hereby vested with all powers exercised by a Civil Court in the trial of suits, and with the powers mentioned in section 189 (1) (*b*) and (*c*) of the Tenancy Act, VIII of 1885.

### *Procedure for Cadastral Survey and Record of Rights.*

2. The following processes will ordinarily be comprised in a cadastral survey and record of rights:—

I.—Demarcation of boundaries.
II.—Measurement.
III.—Testing of measurement.
IV.—Record of rents and rights.
V.—Determination of fair rents on application, and, in certain cases, without application, of parties.

3. All disputed entries shall be shown in red ink, and undisputed entries in black ink.

### *Demarcation of Boundaries before Cadastral Survey.*

4. The demarcation of village boundaries shall be carried out by a Deputy Collector or Sub-Deputy Collector in accordance with the definition of a village given in section 3 (10), and the boundary according to possession, where different from that demarcated as above, shall also be shown on the map.

5. Boundary pillars of a permanent nature shall be erected at every point where the boundaries of three or more villages meet, and may be erected wherever the Revenue Officer considers it necessary to define by pillars the boundaries of estates or tenures or of lands which have been the subject of dispute.

### *Measurement.*

6. A field map of every village shall be prepared. It shall show the boundaries of every field separately assessed to rent, or of such plot of land as the Board of Revenue may from time to time direct by general or special order.

7. A field register or khasrah shall be prepared at the time of survey in the form annexed (1), or such similar form as the Board of Revenue may from time to time direct, with reference to any order which may be made under section 101 (1).

8. The Board of Revenue shall from time to time issue such instructions, consistent with these rules, as they may deem necessary for the guidance of officers in preparing the khasrah.

[*Government Gazette*, 24*th November* 1885.]

৯। ৮৬ ধারা (৪) প্রকরণ।—এই প্রকরণমতে প্রজা কর্ত্তৃক ভূম্যধিকারীর নিকট পরিত্যাগের নোটিস দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনমতে নির্দ্দিষ্ট যে প্রকারে প্রতিবাদীর উপর সমন জারী করা যায়, সেই প্রকারে জারী করা যাইবে, এবং উহাতে ঐ সমনের ন্যায় পরওয়ানার ফী লাগিবে।

১০। ৮৭ ধারা।—এই ধারার (২) প্রকরণমত প্রজার যোত পরিত্যাগের নোটিস প্রথম তপসীলের নির্দ্দিষ্ট পাঠে লিখিতে হইবে এবং যে যোত পরিত্যক্ত হইয়াছে বলিয়া কথিত হয় সেই যোতের উপর ঢেঁড়রা দিয়া প্রচার করা যাইবে, এবং উহার নকল উক্ত যোতের উপরিস্থ কোন বসতবাটীতে বা গাছে বা অন্য কোন পরিদৃশ্যমান পদার্থে লাগাইয়া দেওয়া যাইবে। ভূম্যধিকারীর এক টাকা ফী দিতে হইবে।

১১। ১৫৫ ধারা।—যোতের বাকী খাজানার মোকদ্দমা গ্রহণ করিবার ক্ষমতা যে আদালতের থাকে, এই ধারামতে প্রজার প্রতি উচ্ছেদের নোটিস সেই আদালতে দাখিল করিতে হইবে, এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনমতে নির্দ্দিষ্ট যে প্রকারে প্রতিবাদীর উপর সমন জারী করিতে হয়, সেই প্রকারে ঐ নোটিস জারী করা যাইবে, এবং উহাতে ঐ সমনের ন্যায় পরওয়ানার ফী লাগিবে।

---

৬ অধ্যায়।—স্বত্বের লিখন ও খাজানার বন্দোবস্ত বিষয়ক বিধি।

রাজস্ব কর্ম্মচারীদের ক্ষমতার কথা।

১। যে সকল রাজস্ব কর্ম্মচারী প্রজাস্বত্ব বিষয়ক আইনমতে জরীপ, স্বত্বের লিখন ও খাজানার বন্দোবস্ত করিবার নিমিত্ত বন্দোবস্ত কার্য্যকারকের বা সহকারী বন্দোবস্ত কর্ম্মকারকের পদে নিযুক্ত হন, তাঁহাদিগকে এতদ্দ্বারা মোকদ্দমার বিচারকালীন দেওয়ানী আদালতের সকল ক্ষমতা এবং প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫ সালের ৮ আইনের ১৮৯ ধারার (১) প্রকরণের (খ) ও (গ) দফার লিখিত ক্ষমতা দেওয়া গেল।

ক্ষেত্রবাঁট জরীপ ও স্বত্বলিখনের কার্য্যপ্রণালীর কথা।

২। নিম্নলিখিত কএকটী প্রক্রিয়া সচরাচর ক্ষেত্রবাঁট জরীপ ও স্বত্বলিখনের অন্তর্গত হইবে।—

১ম।—সীমা চিহ্নিত করণ।

২য়।—মাপ করণ।

৩য়।—মাপ পরীক্ষা করণ।

৪র্থ।—খাজানা ও স্বত্ব লিখন।

৫ম।—পক্ষদের প্রার্থনাক্রমে ও কোন২ স্থলে তাঁহাদের প্রার্থনা বিনা উপযুক্ত খাজানা নিরূপণ।

৩। বিবাদীয় লেখাগুলি লাল কালীতে ও নির্ব্বিবাদী লেখাগুলি কাল কালীতে লিখিতে হইবে।

ক্ষেত্রবাঁট জরীপের পূর্ব্বে সীমা চিহ্নিত করণের কথা।

৪। আইনের ৩ ধারার (১০) প্রকরণে প্রদত্ত গ্রাম শব্দের অর্থকরণ অনুসারে একজন ডেপুটী কালেক্টর বা সব-ডেপুটী কালেক্টর গ্রামের সীমা চিহ্নিত করিবেন, এবং দখল অনুসারে সীমা উপরিলিখিত চিহ্নিত সীমা হইতে ভিন্ন হইলে তাহাও মানচিত্রে দেখাইতে হইবে।

৫। যে প্রত্যেক স্থলে তিন বা তদধিক গ্রামের সীমা মিলিত হয় সেই স্থলে স্থায়ি ভাবের সীমাস্তম্ভ প্রস্তুত করাইতে হইবে এবং যে২ স্থলে রাজস্ব কর্ম্মচারী মহালের বা মধ্যস্বত্বের সীমা স্তম্ভদ্বারা নির্দ্দেশ করা আবশ্যক বিবেচনা করেন সেই২ স্থলে, এবং যে২ ভূমির সীমা লইয়া বিবাদ হইয়াছে, তথায় ঐরূপ স্তম্ভ প্রস্তুত করা যাইতে পারিবে।

মাপকরণের কথা।

৬। প্রত্যেক গ্রামের ক্ষেত্রের মানচিত্র প্রস্তুত করা যাইবে। যে প্রত্যেক ক্ষেত্রের স্বতন্ত্র খাজানা ধার্য্য করা গিয়াছে, অথবা রেবিনিউ বোর্ড সময়ে২ সাধারণ বা বিশেষ আজ্ঞা করিয়া যে প্রত্যেক ভূমিখণ্ড নির্দ্দেশ করেন, তাহার সীমা ক্ষেত্রের মানচিত্রে দেখাইতে হইবে।

৭। ১০১ ধারার (১) প্রকরণ উপলক্ষে যে কোন আজ্ঞা করা যায়, তদুপলক্ষে ১ চিহ্নিত এতৎসংযুক্ত পাঠে অথবা ঐরূপ যে পাঠ রেবিনিউ বোর্ড সময়ে২ নির্দ্দেশ করেন সেই পাঠে জরীপ করিবার সময়ে ক্ষেত্রের রেজিষ্টর বা খসড়া প্রস্তুত করিতে হইবে।

৮। রেবিনিউ বোর্ড খসড়া প্রস্তুত করিবার বিষয়ে কর্ম্মচারীদের উপদেশার্থ এই বিধি সঙ্গত যে সকল আদেশ দেওয়া আবশ্যক বিবেচনা করেন, সময়ে২ সেই সকল আদেশ দিবেন।

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ নবেম্বর। ]

## FORM OF KHASRAH I.

| 1 | | 2 | 3 | 4 | 5 | | | | 6 | 7 | 8 | 9 | | | | | 10 | | | | | | | 11 | | 12 | | | 13 | | 14 | 15 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| FIELD. | | | | | LENGTH OF POSSESSION. | | | | | | | METHOD OF IRRIGATION. | | | | | CROPPED AREA. | | | | | | | DETAILS OF UNCROPPED LAND. | | RATE OF RENT OF RAIYAT. | | | RATE OF RENT OF UNDER-RAIYAT. | | | |
| | | | | | | | | | | | | | | | | | Bhadoi. | | Rabi. | | Aghani. | | | | | | | | | | | |
| a | b | | | | a | b | c | d | | | | a | b | c | d | e | | | | | | | | | | a | b | c | a | b | | |
| Number. | Boundaries. | Name of estate or share of estate | Name of proprietor and landlord, with parentage, caste, and residence. | Name of raiyat, father's name, caste and residence. | According to zemindar. | According to raiyat. | According to patwaree. | According to Revenue Officer's decision (if any). | Name of under-raiyat, father's name, caste, and residence. | Area in ______ bighas of square yards according to which measurement has been made. | Area in village bigah of haths to the laggi. | Canals. | Wells. | Rivers. | Tanks or *ahars*. | Non-irrigated. | Crop. | Area. | Crop. | Area. | Crop. | Area. | Dofasli area. | Class of lands. | Area. | According to zemindar. | According to raiyat. | According to patwaree. | According to raiyat. | According to under-raiyat. | Class of soils. | REMARKS. |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

## ১ খসড়ার পাঠ ।

| স্তম্ভ | শিরোনাম | উপবিভাগ | বিবরণ |
|---|---|---|---|
| ১ | ক্ষেত। | ক | নম্বর। |
| | | খ | সীমা। |
| ২ | | | মণ্ডলের বা তাহার অংশের নাম। |
| ৩ | | | ভূম্যধিকারীর নাম ও পিতার নাম ও জাতি ও বাসস্থান। |
| ৪ | | | রায়তের নাম, পিতার নাম, জাতি ও বাসস্থান। |
| ৫ | যত কাল অধিকৃত। | ক | জমীদারের কথা অনুসারে। |
| | | খ | রায়তের কথা অনুসারে। |
| | | গ | পাট্টওয়ারীর কথা অনুসারে। |
| | | ঘ | রাজস্ব কর্মচারী নিষ্পত্তি করিয়া থাকিলে সেই নিষ্পত্তিঅনুসারে। |
| ৬ | | | কোর্ফা রায়তের নাম, পিতার নাম, জাতি ও বাসস্থান। |
| ৭ | | | বর্গ গজের যে বিঘা ধরিয়া মাপ করা গিয়াছে, তদনুসারে জমির পরিমাণ। |
| ৮ | | | ——হাত মাপকাঠী ধরিয়া গ্রাম্য বিঘা অনুসারে জমির পরিমাণ। |
| ৯ | জলসেচনের প্রণালী। | ক | খাল। |
| | | খ | কূপ। |
| | | গ | নদী। |
| | | ঘ | পুকুর বা আহর। |
| | | ঙ | অসেচিত। |
| ১০ | ফসল হয় এরূপ স্থানের পরিমাণ। | ভাদুই | ফসল। |
| | | | জমির পরিমাণ। |
| | | রবি। | ফসল। |
| | | | জমির পরিমাণ। |
| | | হৈমন্তিক | ফসল। |
| | | | জমির পরিমাণ। |
| | | | দোফসলী জমি। |
| ১১ | যে ভূমিতে ফসল হয় না তাহার বিশেষ বিবরণ। | | যে শ্রেণীর জমি। |
| | | | জমির পরিমাণ। |
| ১২ | রায়তের খাজানার হার। | ক | জমীদারের কথা অনুসারে। |
| | | খ | রায়তের কথা অনুসারে। |
| | | গ | পাট্টওয়ারীর কথা অনুসারে। |
| ১৩ | কোর্ফা রায়তের খাজানার হার। | ক | রায়তের কথা অনুসারে। |
| | | খ | কোর্ফা রায়তের কথা অনুসারে। |
| ১৪ | | | যে শ্রেণীর জমী। |
| ১৫ | | | মন্তব্য। |

9. **Khatians or abstracts of the particulars of every raiyat's and under-raiyat's holding, and so far as may be of the tenure of every tenure-holder and under-tenure-holder, shall be prepared in the form annexed (II), or such similar form as the Board of Revenue may from time to time prescribe.**

10. **The Board of Revenue shall give such instructions, consistent with these rules, as they may deem necessary for the guidance of Revenue Officers in preparing the khatians.**

## FORM OF KHATIAN II.

*Khatian of A.B., son of C.D., of mouzah , pergunnah , mehal , district the property of , proprietors .*

| 1 | 2 | 3 | 4 | 5 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 10 | 11 | 11 | 12 | 12 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Name of landlord. | Serial number of raiyat. | Name of raiyat with parent's name, caste, residence. | Name of under-raiyat with parent's name, caste and residence, and number of under-raiyat's khatian. | KHASRAH NUMBER OF FIELDS AND BOUNDARIES THEREOF. | | RENT-PAYING AREA IN— | | | | PRESENT RENT. | | | | | | | Fair rent fixed by Revenue-officer (if any). | Class of holding and length of possession. | Mode in which rent has been fixed, i.e., whether by contract or order of the court or otherwise. | If the rent is gradually increasing, the time at which and the steps by which it increases. | The special conditions and incidents of the tenancy (if any). | REMARKS. |
| | | | | | | Bighas according to which measurement was made of square yards. | | | Total area in village bighas. | According to zemindar. | | According to raiyat. | | As ascertained by Revenue-officer. | | | | | | | | |
| | | | | | | Cultivated. | | | | (a) | (b) | (a) | (b) | (a) | (b) | (c) | | | | | | |
| | | | | Number. | Boundaries. | | Not cultivated. | Total. | | Rent. | Cesses. | Rent. | Cesses. | Rent. | Cesses. | Total. | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | |

NOTE.—(1) The heading of columns 10 and 11 will for khatians of under-raiyats be changed to "according to raiyat," and "according to under-raiyat."
(2) For raiyat and under-raiyat will be substituted tenure-holder and under-tenure-holder in case of tenure-holder's khatians.

৯। প্রত্যেক রায়তের ও কোর্ফা রায়তের যোতের এবং যত দূর সম্ভব হয় প্রত্যেক মধ্যস্বত্বাধিকারীর ও অধীন মধ্যস্বত্বাধিকারীর মধ স্বত্বের খতিয়ান বা বিশেষ কথার সংক্ষিপ্ত বিবরণ এতৎসংযুক্ত ২ চিহ্নিত পাঠে অথবা ঐরূপ যে পাঠ রেবিনিউ বোর্ড সময়ে২ নির্দ্দেশ করেন, সেই পাঠে প্রস্তুত করা যাইবে।

১০। খতিয়ান প্রস্তুত করিবার বিষয়ে রাজস্ব কর্মচারীদের উপদেশার্থ রেবিনিউ বোর্ড এই বিধি সঙ্গত যেরূপ আদেশ দেওয়া আবশ্যক বিবেচনা করেন, সেইরূপ আদেশ দিবেন।

## ২ খতিয়ানের পাঠ।

অমুক ভূস্বামীদের সম্পত্তি জিলার মহালের পরগণার সামিল মৌজার শ্রী র পুত্র শ্রী র খতিয়ান।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | | ১১ | | ১২ | | | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ভূম্যধিকারীর নাম। | রায়তের ক্রমিক নম্বর। | রায়তের নাম ও পিতার নাম ও জাতি ও বাসস্থান। | কোর্ফা রায়তের নাম ও পিতার নাম ও বাসস্থান এবং কোর্ফা রায়তের খতিয়ানের নম্বর। | ক্ষেতের খসড়া নম্বর ও সীমা। | | খাজানাদায়ী জমির পরিমাণ। | | | | বর্তমান খাজানা। | | | | | | | রাজস্বকর্মচারী উপযুক্ত খাজানা ধার্য্য করিয়া থাকিলে তাহা। | যে প্রকারের স্বত্ব ও যত কাল অধিকৃত। | যে প্রকারে খাজানা ধার্য্য করা গিয়াছে, অর্থাৎ চুক্তিক্রমে বা আদালতের আজ্ঞাক্রমে বা প্রকারান্তরে। | খাজানা ক্রমশঃ বৃদ্ধি হইলে যে সময়ে ও যে ক্রমে বৃদ্ধি হয়। | প্রজাস্বত্বের বিশেষ নিয়ম ও অনুষঙ্গ থাকিলে তাহা। | মন্তব্য। |
| | | | | | | যে গজের যে বিঘা অনুসারে মাপ করা গিয়াছে, তদনুসারে যত বিঘা। | | | মোটা বিঘা অনুসারে জমির মোট পরিমাণ। | জমীদারের কথা অনুসারে। | | রায়তের কথা অনুসারে। | | রাজস্ব কর্মচারী যেরূপ নিশ্চয় করিয়া জানিয়াছেন। | | | | | | | | |
| | | | | নম্বর। | সীমা। | আবাদী। | অনাবাদী। | মোট। | | (ক) খাজানা। | (খ) কর। | (ক) খাজানা। | (খ) কর। | (ক) খাজানা। | (খ) কর। | (গ) মোট। | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | |

মন্তব্য।—(১) ১০ ও ১১ ঘরের শীর্ষক কোর্ফা রায়তের খতিয়ানের বেলা পরিবর্তন করিয়া "রায়তের কথা অনুসারে" ও "কোর্ফা রায়তের কথা অনুসারে" করিতে হইবে।

(২) মধ স্বত্বাধিকারীর খতিয়ানের বেলা রায়ত ও কোর্ফা রায়ত শব্দের পরিবর্তে মধ্যস্বত্বাধিকারী ও অধীন মধ্যস্বত্বাধিকারী লিখিতে হইবে

11. The record of right shall consist of and be contained in—

I.—The khewat.

II.—The khatians or abstracts of particulars of raiyats' holdings.

*Rights of Proprietors and Tenure-holders.*

12. The khewat shall contain—

(*a*).—A record of the character and extent of proprietary interests as entered in the Collector's register under the Land Registration Act, VII (B.C.) of 1876.

(*b*) —A record of the particulars specified in section 102 or in any order that may be issued under section 101(1) regarding tenures.

13. The khewat will be prepared in the following manner :—

(*a*).—An extract from the Collector's Registers A, B, C, D, framed under the Land Registration Act, VII (B.C.) of 1876, containing the names, extent, and character of the interests of proprietors of all revenue-paying and revenue-free lands comprised within the mouzah, shall be supplied by the Collector of the district to the Revenue-officer on the latter's application.

(*b*).—If the Revenue-officer finds that the proprietary interests existing in the village are in accordance with the entries regarding extent and character of proprietary interests as given in the Collector's registers, he shall have the entries copied into the khewat, which will form the record of proprietary and proprietary-mortgagees' interests for the purposes of the record of rights under the Tenancy Act. The extracts from the Collector's land revenue registers will also show the names and proprietary interests of managers and mortgagees of all revenue-free property within the village.

(*c*).—If any person claiming as proprietor or as assignee or mortgagee of an alleged proprietor deny the accuracy of the khewat as copied from the Collector's registers, the Revenue-officer shall refer him to the Collector of the district and shall also report the fact to the Collector in order that action may, if necessary, be taken under the Land Registration Act, to compel registration of the proprietor's name.

(*d*).—In any proceeding under Chapter X, the Revenue-officer may, at his discretion, recognise as proprietor the person in possession of the land pending the registration of his name and interest under the Land Registration Act.

(*e*).—The record of the rights of tenure-holders and undertenure-holders shall be prepared in the same way as the record of raiyats' rights, or in such other manner, not being inconsistent with those rules, as the Board of Revenue may direct.

*Rights of Raiyats and Under-Raiyats.*

14. The record of raiyats' and under-raiyats' rights shall be prepared in the manner hereinafter described :—

15. As soon as possible after the completion of the field measurements of each village, the following papers shall be made over to the Revenue-officer :—

(1) The map. | (2) The amin's khasrah. | (3) The khatian.

[*Government Gazette*, 24*th November* 1885.]

১১। নিম্নলিখিত কাগজ লইয়া স্বত্বের লিখন হইবে।—

১ম।—খেবট বা রোইদাদ।

২য়।—রায়তের যোতের বিশেষ কথার খতিয়ান বা সংক্ষিপ্ত বিবরণ।

ভূস্বামী ও মধ্যস্বত্বাধিকারীদের স্বত্বের কথা।

১২। খেবটে নিম্নলিখিত কথা থাকিবে—

(ক) ভূমি রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনমতে কালেক্টর সাহেবের রেজিষ্টরে ভূস্বামিত্ব স্বার্থ যেরূপ লিখিত আছে তাহার ভাব ও পরিমাণ লিখন।

(খ) মধ্যস্বত্ব সম্বন্ধে ১০২ ধারার নির্দ্দিষ্ট কিম্বা ১০১ ধারার (২) প্রকরণমতে যে কোন আজ্ঞা দেওয়া যায় সেই আজ্ঞার নির্দ্দিষ্ট বৃত্তান্ত লিখন।

১৩। নিম্নলিখিত প্রকারে খেবট প্রস্তুত করিতে হইবে।—

(ক) ভূমি রেজিষ্টরী করণবিষয়ক ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনমতে প্রস্তুত কালেক্টর সাহেবের A, B, C, ও D রেজিষ্টর হইতে মৌজার অন্তর্গত সমুদয় মালগুজারী ও লাখেরাজ ভূমির ভূস্বামীদের নাম ও স্বার্থের ভাব ও পরিমাণ সম্বলিত উদ্ধৃত কথা জিলার কালেক্টর সাহেব রাজস্ব কর্ম্মচারীর প্রার্থনামতে তাঁহাকে দিবেন।

(খ) যদি রাজস্ব কর্ম্মচারী দেখিতে পান যে, গ্রামে যে ভূস্বামিত্ব স্বার্থ আছে, তাহা কালেক্টর সাহেবের রেজিষ্টরে প্রদত্ত ভূস্বামিত্ব স্বার্থের পরিমাণ ও ভাব সম্বন্ধীয় লেখার সহিত মিলে, তাহা হইলে তিনি ঐ লেখা খেবটে নকল করাইবেন। প্রজাস্বত্ব বিষয়ক আইনমত স্বত্বলিখনের কার্য্যপক্ষে উক্ত খেবট ভূস্বামিত্ব স্বার্থের ও ভূস্বামিত্ব বন্ধক গ্রহীতাদের স্বার্থের লিখন বলিয়া গণ্য হইবে। গ্রামের মধ্যে যে সকল লাখেরাজ সম্পত্তি থাকে, কালেক্টর সাহেবের ভূমির রাজস্বের রেজিষ্টর হইতে উদ্ধৃত কথায় তাহারও কার্য্যাধ্যক্ষ ও বন্ধকগ্রহীতাদের নাম ও স্বামিত্ব স্বার্থ দেখা যাইবে।

(গ) ভূস্বামী বলিয়া কিম্বা কোন কথিত ভূস্বামীর আসামী বা বন্ধকগ্রহীতা বলিয়া দাওয়াকারী কোন ব্যক্তি কালেক্টর সাহেবের রেজিষ্টর হইতে নকল করা খেবট ঠিক বলিয়া স্বীকার না করিলে, রাজস্ব কর্ম্মচারী তাঁহাকে জিলার কালেক্টর সাহেবের নিকট যাইতে বলিবেন, এবং আবশ্যক হইলে ভূস্বামীর নাম রেজিষ্টরী করাইবার নিমিত্ত ভূমি রেজিষ্টরীকরণ বিষয়ক আইনমতে যাহাতে কার্য্যানুষ্ঠান হইতেপারে তজ্জন্য ঐ কথা কালেক্টর সাহেবের নিকটও রিপোর্ট করিবেন।

(ঘ) যে ব্যক্তির দখলে ভূমি থাকে, ভূমি রেজিষ্টরী করণ বিষয়ক আইনমতে তাঁহার নাম ও স্বার্থ রেজিষ্টরী হইবার অপেক্ষায় ১০ অধ্যায়মত কোন কার্য্যানুষ্ঠানে রাজস্ব কর্ম্মচারী আপন বিবেচনামতে তাঁহাকে ভূস্বামী বলিয়া স্বীকার করিতে পারিবেন।

(ঙ) মধ্যস্বত্বাধিকারী ও অধীন মধ্যস্বত্বাধিকারীদের স্বত্বের লিখন রায়তদের স্বত্বের লিখন যেরূপে প্রস্তুত করিতে হয় সেইরূপে অথবা রেবিনিউ বোর্ড এই বিধির অসঙ্গত না হয় এরূপ অন্য যে প্রকারে প্রস্তুত করিবার আদেশ দেন সেই প্রকারে প্রস্তুত করা যাইবে।

রায়ত ও কোর্ফা রায়তদের স্বত্বের কথা।

১৪। রায়ত ও কোর্ফা রায়তদের স্বত্বের লিখন পশ্চাল্লিখিত প্রকারে প্রস্তুত করিতে হইবে।—

১৫। প্রত্যেক গ্রামের ক্ষেত্রের মাপকরণকার্য্য শেষ হইবার পর যত শীঘ্র সম্ভব রাজস্ব কর্ম্মচারীর নিকট নিম্নলিখিত কাগজ অর্পণ করিতে হইবে।—

(১) মানচিত্র। | (২) আমীনের খসড়া। | (৩) খতিয়ান।

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ নবেম্বর। ]

১৬। এই সকল কাগজ পাইবার পর রাজস্ব কর্ম্মচারী একখানি মানচিত্র ও খতিয়ান সহিত আপন অধীনস্থ একজন কার্য্যকারককে ঐ গ্রামে পাঠাইয়া তাহার প্রতি আদেশ দিবেন যে তিনি সম্পর্কযুক্ত ব্যক্তিদিগকে ঐ সকল কাগজের লিখিত কথাগুলি বুঝাইয়া দেন। পনের দিনের অন্যূন যে কাল অতীত হইলে পর উপযুক্ত খাজানা ধার্য্য করণার্থে প্রার্থনাপত্র আর লওয়া যাইবে না রাজস্ব কর্ম্মচারী তাহা ধার্য্য করিয়া নোটিস দিবেন। যে গ্রামে ভূমি থাকে সেই গ্রামে ঢেঁড়রা দিয়া ঘোষণা করিয়া ঐ নোটিস দেওয়া যাইবে এবং উহা গ্রামের কোন সুপ্রকাশ স্থানেও লটকাইয়া দেওয়া যাইবে। স্বত্বের লিখন প্রস্তুত ও খাজানা ধার্য্য করণার্থে ঐ গ্রামের অন্তর্গত বা নিকটস্থ নির্দ্দিষ্ট কোন স্থানে ঐ কালের মধ্যে নির্দ্দিষ্ট কোন তারিখে তাঁহার আসিবার অভিপ্রায় আছে ইহাও জানাইবেন। তিনি স্বার্থযুক্ত সকল ব্যক্তিকে সেই স্থানে উক্ত তারিখে বা উহার পর অন্য যেং তারিখ কার্য্যানুষ্ঠানের জন্য ধার্য্য করা যায় সেইং তারিখে উপস্থিত হইবার নিমিত্ত আদেশ করিবেন। উক্ত নির্দ্দিষ্ট স্থানে পঁহুছিয়া তিনি তথায় রায়ত, কোর্ফা রায়ত ও ভূম্যধিকারীদিগকে বা তাঁহাদের ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারকদিগকে সমবেত করাইবেন।

১৭। তাহার পর আমীন মাপ করিবার সময়ে প্রত্যেক রায়তের খতিয়ানে যে সকল কথা লিপিবদ্ধ করিয়াছেন, তাহা উপস্থিত স্বার্থযুক্ত ব্যক্তিদের সমক্ষে পাঠ করা যাইবে।

১৮। আমীনের লিপিবদ্ধ কথাগুলি ঠিক কি না ইহা লইয়া বিবাদ হইলে, রাজস্ব কর্ম্মচারী স্থানীয় তদন্ত লইয়া বা প্রকারান্তরে ঐ বিবাদের নিষ্পত্তি করিবেন। কিন্তু যদি মাপ ঠিক হয় নাই বলিয়া আপত্তি করা যায় ও আবার মাপ হইবার প্রার্থনা করা যায়, তাহা হইলে রাজস্ব কর্ম্মচারী পুনর্ব্বার মাপ করিবার খরচ আমানত করিবার আদেশ দিতে পারিবেন। পুনর্ব্বার মাপ করিয়া প্রথম বারের মাপ ঠিক হয় নাই দেখা গেলে, আমানতী টাকা আপত্তিকারিকে ফিরাইয়া দেওয়া যাইবে।

১৯। তাহার পর রাজস্ব কর্ম্মচারী প্রত্যেক রায়তের তাৎকালিক বর্ত্তমান খাজানার টাকা কত ইহা সরাসরীমতে নির্ণয় করিয়া খতিয়ানের ১২ ঘরে লিপিবদ্ধ করিবেন।

২০। তাহার পর রাজস্ব কর্ম্মচারী রায়তদের নিকট হইতে উহাদের মধ্যে কেহ মোকররী হারে ভূমিভোগ করিবার স্বত্ব দাওয়া করিলে, কেং এরূপ দাওয়া করেন ইহা নির্ণয় করিবেন, ও যত দূর আবশ্যক হয় এ বিষয়ে আইনের বিধান বুঝাইয়া দিবেন। যে স্বত্বের দাওয়া করা যায় ভূম্যধিকারী তৎসম্বন্ধে আপত্তি করিলে, উক্ত স্বত্বের প্রমাণ দিবার জন্য রাজস্ব কর্ম্মচারী দাওয়াকারীদের প্রতি আদেশ দিবেন।

২১। কোনং রায়ত দিগ্‌গিবান্‌ রায়ত বা স্থল বিশেষে দখলীস্বত্ববিশিষ্ট রায়ত রাজস্ব কর্ম্মচারী ইহা নির্ণয় করিয়া খতিয়ানের ১৪ ঘরে লিপিবদ্ধ করিবেন।

২২। রাজস্ব কর্ম্মচারী ভূম্যধিকারী বা তাঁহার কর্ম্মকারকের স্থানে তাঁহাদের কথিতমত দখলীস্বত্ব-শূন্য রায়তদের নামের একখানি বর্ণনাপত্র লইবেন। ঐ বর্ণনাপত্রে যে রায়তদের নাম লেখা থাকে, তিনি তাহাদিগকে ২০ ধারার (৭) প্রকরণের অনুমানের ভাব বুঝাইয়া দিবেন। এরূপ বুঝাইয়া দিবার পর কোন রায়ত আপনাকে দখলীস্বত্বশূন্য রায়ত বলিয়া স্বীকার করিলে, তাহাকে তদ্রূপ রায়ত বলিয়া লেখা যাইবে। কোন রায়ত দখলীস্বত্বশূন্য রায়ত বলিয়া স্বীকার না করিলে, ঐ রায়ত সম্বন্ধে তিনি যে কথা বলেন তাহার প্রমাণ দিবার জন্য উক্ত ভূম্যধিকারীর প্রতি রাজস্ব কর্ম্মচারী আদেশ দিবেন।

### ভূস্বামীর নিজ জমী অর্থাৎ নিজ যোত, সের, জেরাত বা খামার জমী নির্ণয় করিবার বিধি।

২৩। যে জমী প্রজাস্বত্ব বিষয়ক আইনের ১২০ ধারার অর্থমত ভূস্বামীর নিজ জমী, কেবল তাহাই নিজ জমী বলিয়া লিখিতে হইবে। যে ভূমি ভূস্বামী কর্ত্তৃক আবাদ করা গেলেও আইনের অর্থমত ভূস্বামীর নিজ জমী নহে তাহা "নিজ জমী নহে কিন্তু ভূস্বামীর আবাদী জমী" এই বলিয়া লিখিতে হইবে। উক্ত জমীর ও "ভূস্বামীর নিজ জমীর" জন্য স্বতন্ত্রং খতিয়ান প্রস্তুত করিতে হইবে।

### যে খাজানা দিতে হইবে তাহার লিখন সম্বন্ধীয় বিধি।

২৪। আবওয়াব তাৎকালিক বর্ত্তমান খাজানার সহিত লিপিবদ্ধ করিতে হইবে না ও উহা ঐ খাজানার অংশ বলিয়া লিখিত হইবে না। যে সকল কর আইনসম্মত তাহা ১২ (খ) ঘরে লেখা যাইবে।

২৫। যে খাজানা দিতে হইবে তাহার লিখন খতিয়ানের অন্তর্গত হইবে। ১৯ বিধিমতে রাজস্ব কর্ম্মচারী তাৎকালিক বর্ত্তমান যে খাজানা সরাসরীমতে নির্ণয় করেন তাহাই যেং স্থলে উপযুক্ত খাজানা ধার্য্য করণার্থ কার্য্যানুষ্ঠানের ও ১০৬ ধারামত বিবাদের নিষ্পত্তির নিমিত্ত কার্য্যানুষ্ঠানের প্রয়োজন নয় সেইং স্থল ভিন্ন দেয় খাজানা বলিয়া লিপিবদ্ধ করিতে হইবে। উক্ত সকল স্থলে উপযুক্ত খাজানা ধার্য্য হইলে, তাহা খতিয়ানের ১৩ ঘরে দেয় খাজানা বলিয়া লিখিতে হইবে।

[ গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৭। ২৪ নবেম্বর।]

26. In proceedings for the settlement of fair rents, if the landlord applies for a settlement of a fair rent, he shall be considered as plaintiff and the tenant as defendant, and the proceeding shall be dealt with as a suit under the Tenancy Act. If the tenant applies for the settlement of a fair rent, he shall be considered as plaintiff and the landlord as defendant, and the proceeding shall be dealt with as a suit under the Tenancy Act.

27. In settling rents, the existing rent being presumed under section 104 (clause 3) to be fair till the contrary is proved, if the landlord claims an enhancement, he will have to prove the grounds of and amount of enhancement claimable in accordance with the law; and if a raiyat claims a reduction, he will similarly have to prove the grounds of reduction. Such cases shall be dealt with as suits in accordance with the rules prescribed for the guidance of officers acting under section 107 of the Tenancy Act.

28. When it appears that the tenant is holding land in excess of or less than that for which he is paying rent, and neither the landlord nor the tenant applies for a settlement of rent, the Revenue-officer shall notify to the landlord and tenants, in the form specified in Schedule I annexed to these rules, his intention to settle rents at a future date, which shall not be less than fifteen days after the date of such notification, and he shall call upon them to appear before him on the date specified and on any subsequent dates to which the proceedings may be adjourned, and to state any objection they may have to urge against the existing rent being recorded as the fair and equitable rent. Such notice shall be given by proclamation and beat of drum in the village in which the land is situated, and shall also be suspended in some conspicuous place in the village, and it shall be given to the landlord by service, if practicable, on himself or his agent, or manager in the village.

If neither the landlord nor tenant attend on the date specified in the notice, or on any subsequent date to which the proceedings may be adjourned, the existing rent shall be recorded as the fair rent in respect of the land held by the tenant.

If the landlord attend and claim an enhancement on the existing rent, he shall be considered as plaintiff and the tenant as defendant, and the proceeding shall be dealt with as a suit under the Tenancy Act.

If the tenant attend and claim a reduction, he shall be considered as plaintiff and the landlord as defendant, and the proceeding shall be dealt with as a suit under the Tenancy Act.

29. Where the estate or tenure belongs to or is managed by the Government or the Court of Wards, the procedure laid down in the preceding rules for the settlement of rents and for proceedings under section 106 shall be followed, the Government or the manager of the estate or tenure respectively, as the case may be, being regarded as the landlord.

30. With the consent of the Revenue-officer, any number of tenants occupying land under the same landlord, in the same village or estate, may make a joint application for the settlement of rents, or may be joined as defendants in the same proceeding on a similar application by the landlord: Provided that if at any time it shall appear to the Revenue-officer that the question between any two of the parties of whom one is so joined with others cannot conveniently be so jointly tried, he may order a separate trial to be held of that question.

31. In proceedings under section 106, when a dispute arises before the final publication of the record regarding the correctness of an entry (not being an entry of rents settled under Chapter X) or as to the propriety of any omission, notice of the objection shall be served on all persons whose interests may, in the opinion of the Revenue-officer, be affected thereby, and they shall be called upon to attend at such time and place as the Revenue-officer may fix for the disposal of the objection. If any person attends and contests the objection, the pro-

২৬। উপযুক্ত খাজানা ধার্য্য করিবার আনুষ্ঠানিক কার্য্যে ভূম্যধিকারী উপযুক্ত খাজানা ধার্য্য হইবার প্রার্থনা করিলে, তিনি বাদী ও প্রজা প্রতিবাদী বলিয়া বিবেচিত হইবেন এবং আনুষ্ঠানিক কার্য্য প্রজাস্বত্ব বিষয়ক আইনমত মোকদ্দমা বলিয়া গণ্য হইবে। প্রজা উপযুক্ত খাজানা ধার্য্য হইবার প্রার্থনা করিলে, তিনি বাদী ও ভূম্যধিকারী প্রতিবাদী বলিয়া বিবেচিত হইবেন এবং আনুষ্ঠানিক কার্য্য প্রজাস্বত্ব বিষয়ক আইনমত মোকদ্দমা বলিয়া গণ্য হইবে।

২৭। খাজানা ধার্য্য করিবার সময়ে তাৎকালিক বর্ত্তমান খাজানা ১০৪ ধারার (৩) প্রকরণমতে যাবৎ বিপরীত প্রমাণ না হয় তাবৎ উপযুক্ত খাজানা বলিয়া অনুমান হওয়াতে, যদি ভূম্যধিকারী খাজানা বৃদ্ধি দাওয়া করেন, তাহা হইলে আইন অনুসারে যে খাজানা বৃদ্ধি দাওয়া করা যাইতে পারে তাঁহাকে তাহার হেতু ও পরিমাণ দেখাইতে হইবে; এবং রায়ত খাজানা কমাইবার দাওয়া করিলে তাহারও সেইরূপে কমাইবার হেতু দেখাইতে হইবে। উক্ত সকল মোকদ্দমা প্রজাস্বত্ব বিষয়ক আইনের ১০৭ ধারামতে কার্য্যকারী কার্য্যকারকদের উপদেশার্থে নির্দ্দিষ্ট বিধির অনুযায়ী মোকদ্দমা বলিয়া গণ্য হইবে।

২৮। যদি ইহা দেখা যায় যে প্রজা যে ভূমির নিমিত্ত খাজানা দিতেছেন, তদতিরিক্ত বা তন্ন্যূন ভূমি ভোগ করিতেছেন, এবং যদি ভূম্যধিকারী বা প্রজা খাজানা ধার্য্য করণার্থ প্রার্থনা না করেন, তাহা হইলে রাজস্ব কর্ম্মচারী ভবিষ্যৎ এক তারিখে খাজানা ধার্য্য করিবার আপনার অভিপ্রায় প্রকাশ করিয়া এই বিধির প্রথম তফসীলের নির্দ্দিষ্ট পাঠে ভূম্যধিকারীকে ও প্রজাদিগকে নোটিস দিবেন। ঐ তারিখ ঐ নোটিসের তারিখের পর পনের দিনের আগে পড়িবে না। আর তিনি উক্ত নির্দ্দিষ্ট তারিখে ও আনুষ্ঠানিক কার্য্যের দিনান্তর ধার্য্য করা গেলে যে যে তারিখ ধার্য্য করা যায় পরবর্ত্তী সেই সেই তারিখে ভূম্যধিকারীকে ও প্রজাকে আপনার নিকট উপস্থিত হইবার নিমিত্ত ও তাৎকালিক বর্ত্তমান খাজানা উপযুক্ত ও ন্যায্য খাজানা বলিয়া লিপিবদ্ধ করিবার বিরুদ্ধে তাঁহাদের যে কোন আপত্তি থাকে তাহা ব্যক্ত করিবার নিমিত্ত আদেশ করিবেন। ভূমি যে গ্রামে থাকে সেই গ্রামে ঢেঁড়রা দিয়া ঘোষণা করিয়া ঐ নোটিস দেওয়া যাইবে এবং উহা উক্ত গ্রামের কোন সুপ্রকাশ স্থানে লট্‌কাইয়া দিতেও হইবে। সাধ্য হইলে উক্ত গ্রামে নিজ ভূম্যধিকারীর উপর অথবা তাঁহার কর্ম্মকারকের বা কার্য্যাধ্যক্ষের উপর জারী করিয়া ঐ নোটিস ভূম্যধিকারীকে দেওয়া যাইবে।

নোটিসের নির্দ্দিষ্ট তারিখে কিম্বা কার্য্যানুষ্ঠানের দিনান্তর ধার্য্য হইয়া পরবর্ত্তী যে তারিখ ধার্য্য হয় সেই তারিখে ভূম্যধিকারী বা প্রজা কেহই উপস্থিত না হইলে, প্রজার ভোগকৃত ভূমিসম্বন্ধে তাৎকালিক বর্ত্তমান খাজানা উপযুক্ত খাজানা বলিয়া লিপিবদ্ধ করা যাইবে।

ভূম্যধিকারী উপস্থিত হইয়া তাৎকালিক বর্ত্তমান খাজানা বৃদ্ধি করিবার দাওয়া করিলে, তিনি বাদী ও প্রজা প্রতিবাদী বলিয়া বিবেচিত হইবেন, এবং আনুষ্ঠানিক কার্য্য প্রজাস্বত্ব বিষয়ক আইনমত মোকদ্দমা বলিয়া গণ্য হইবে।

প্রজা উপস্থিত হইয়া খাজানা কমাইবার দাওয়া করিলে, তিনি বাদী ও ভূম্যধিকারী প্রতিবাদী বলিয়া বিবেচিত হইবেন, এবং উক্ত আনুষ্ঠানিক কার্য্য প্রজাস্বত্ব বিষয়ক আইনমত মোকদ্দমা বলিয়া গণ্য হইবে।

২৯। মহাল বা মধ্যস্বত্ব গবর্ণমেণ্টের বা কোর্ট অফ ওয়ার্ডসের হইলে অথবা তদীয় কার্য্যাধ্যক্ষতাধীনে থাকিলে, খাজানা ধার্য্য করিবার নিমিত্ত ও ১০৬ ধারামত কার্য্যানুষ্ঠান নিমিত্ত পূর্ব্ববর্ত্তী কএক বিধির নির্দ্দিষ্ট কার্য্যপ্রণালী অনুসরণ করা যাইবে; এবং গবর্ণমেণ্ট অথবা স্থলবিশেষে মহালের বা মধ্যস্বত্বের কার্য্যাধ্যক্ষ ভূম্যধিকারী বলিয়া গণ্য হইবেন।

৩০। একই গ্রামে বা মহালে একই ভূম্যধিকারীর অধীনে যে প্রজারা ভূমি দখল করে, রাজস্ব কর্ম্মচারীর সম্মতিক্রমে তন্মধ্যে যে কোন সংখ্যক ব্যক্তি খাজানা ধার্য্য করণার্থ একত্র প্রার্থনা করিতে পারিবেন অথবা ভূম্যধিকারীর ঐরূপ প্রার্থনাক্রমে একই আনুষ্ঠানিক কার্য্যে তাঁহাদিগকে প্রতিবাদী বলিয়া সংযুক্ত করা যাইতে পারিবে। কিন্তু যদি কোন সময়ে রাজস্ব কর্ম্মচারীর বোধ হয় যে উভয় পক্ষের মধ্যে এক ব্যক্তি অন্যের সহিত সংযুক্ত থাকায় ঐ উভয়ের মধ্যগত কোন প্রশ্ন ঐরূপ সংযুক্তভাবে বিচার করা সুবিধা নহে, তাহা হইলে তিনি উক্ত প্রশ্নের স্বতন্ত্র বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন।

৩১। ১০৬ ধারামত আনুষ্ঠানিক কার্য্যে স্বত্বের লিখন চূড়ান্তরূপে প্রকাশ করিবার পূর্ব্বে ১০ অধ্যায়মতে ধার্য্য করা খাজানার কথা ছাড়া কোন লেখার শুদ্ধতা সম্বন্ধে অথবা কোন কথা বাদ দিবার ঔচিত্য সম্বন্ধে বিবাদ উত্থিত হইলে, তদ্দ্বারা রাজস্ব কর্ম্মচারির মতে যে সকল ব্যক্তির স্বার্থের ব্যতিক্রম হইতে পারে তাঁহাদের উপর ঐ আপত্তির নোটিস জারী করা যাইবে; এবং আপত্তির নিষ্পত্তি করণার্থ রাজস্ব কর্ম্মচারী যে সময় ও স্থান নিরূপণ করেন সেই সময়ে ও স্থানে উপস্থিত হইবার নিমিত্ত তাঁহাদের প্রতি আদেশ করা যাইবে। কোন ব্যক্তি উপস্থিত হইয়া আপত্তির প্রতিবাদ করিলে, ঐ

ceeding shall be dealt with as a suit between the parties under the Tenancy Act, in which the objector shall be plaintiff and the other parties defendants. If no person attends to contest the objection, the record may be amended accordingly or the person who made the objection may, if the Revenue-officer thinks fit, be called upon to produce evidence in support of his objection, which may in that case be heard and decided as a suit *ex parte* under the Tenancy Act.

*Publication of the Record.*

32. When the record of rights and rents has been prepared in the manner described in these rules, the Revenue-officer shall cause a draft of it to be posted at the landlord's village office, if there be one, and, if not, in some conspicuous place in the village, for one month, and shall receive and consider any objections which may be made to any entry therein during this period.

33. When all applications for settling a fair rent, and all disputes under section 106, have been decided by the Revenue-officer, he shall finally frame the record and cause it to be published by having it posted in the landlord's village office, or in some conspicuous place in the village.

*Supply of Copies of the Record of Rights to parties interested.*

34. The Revenue-officer having completed the record, shall cause copies of it to be made, one of which will be made over to the proprietor of the village or, where there are more proprietors than one, to their common agent or common manager, as the case may be, one to the village patwari, if there be a patwari, one to the Collector or Sub-divisional Officer.

35. A copy of the khatian relating to his tenancy shall be given to every tenant under the signature and seal of the Revenue officer.

*Final Reports.*

36. The Local Government may, if it thinks fit, direct that a final report be written in English for each village and each local area under survey. The report for the village will show—

(*a*).—The number of tenants of each class.
(*b*).—The area and classification of the village lands according (*a*) to survey and settlement; (*b*) to landlord's jamabandi, if known.
(*c*).—The rental according to settlement, and according to landlord's jamabandi, with explanation of increase or decrease, amount of Government revenue, and comparison of rent with revenue.
(*d*).—The rates of rent prevailing, with history of past enhancements.
(*e*).—Proximity to markets.
(*f*).—Facilities for irrigation.
(*g*).—Village customs, including customs as to payment of village officials.
(*h*).—Arrangements made for maintenance of records.
(*i*).—Other matters deserving of notice which have been excluded from the record of rights.

The report for the whole area under survey will contain the following particulars:—

I.—General description of the tract.
II.—Its fiscal history.
III.—Statistical results.
IV.—Comparison of condition of tract as regards rentals before and after survey.

[ *Government Gazette, 24th November* 1885.]

আনুষ্ঠানিক কার্য্য পক্ষদের মধ্যে প্রজাস্বত্ব বিষয়ক আইনমত মোকদ্দমা বলিয়া গণ্য হইবে এবং তাহাতে আপত্তিকারী বাদী ও অন্যান্য ব্যক্তিরা প্রতিবাদী বলিয়া গণ্য হইবেন। আপত্তির প্রতিবাদ করণার্থে কোন ব্যক্তি উপস্থিত না হইলে, তদনুসারে লিখন সংশোধন করা যাইতে পারিবে অথবা রাজস্ব কর্ম্মচারী উচিত বোধ করিলে, যে ব্যক্তি আপত্তি করিয়াছিল তাহার প্রতি আপত্তি সমর্থনার্থ প্রমাণ উপস্থিত করিবার আজ্ঞা করিতে পারিবেন। তাহা হইলে ঐ আপত্তি প্রজাস্বত্ব বিষয়ক আইনমত একতরফা মোকদ্দমার ন্যায় শুনিয়া নিষ্পত্তি করা যাইতে পারিবে।

লিখন প্রকাশ করিবার কথা।

৩২। এই বিধির বর্ণিত প্রকারে স্বত্বের ও খাজানার লিখন প্রস্তুত করা গেলে, রাজস্ব কর্ম্মচারী উহার একখানি পাণ্ডুলেখ্য ভূম্যধিকারীর গ্রাম্য কাছারী থাকিলে ঐ কাছারীতে ও তাহা না থাকিলে গ্রামের কোন সুপ্রকাশ স্থানে এক মাস কাল লাগাইয়া রাখিবেন ও ঐ কালের মধ্যে পাণ্ডুলেখ্যের লিখিত কোন কথা সম্বন্ধে কোন আপত্তি করা গেলে তাহা গ্রহণ ও বিবেচনা করিয়া দেখিবেন।

৩৩। রাজস্ব কর্ম্মচারী উপযুক্ত খাজানা ধার্য্য হইবার সমুদয় প্রার্থনার ও ১০৬ ধারামত সমস্ত বিবাদের নিষ্পত্তি করিলে পর, লিখন চূড়ান্ত রূপে প্রস্তুত করিবেন ও ভূম্যধিকারীর গ্রাম্য কাছারীতে বা গ্রামের সুপ্রকাশ কোন স্থানে উহা লাগাইয়া রাখিয়া প্রকাশ করিবেন।

স্বার্থযুক্ত পক্ষদিগকে স্বত্বের লিখনের নকল দিবার বিধি।

৩৪। রাজস্ব কর্ম্মচারী লিখন সম্পূর্ণ করিয়া উহার কএক খানা নকল প্রস্তুত করাইবেন। তাহার এক খানি গ্রামের ভূস্বামীকে, অথবা একাধিক ভূস্বামী থাকিলে তাঁহাদের সাধারণ কর্ম্মকারককে বা সাধারণ কার্য্যাধ্যক্ষকে, একখানি পাটওয়ারী থাকিলে গ্রামের পাটওয়ারীকে, একখানি কালেক্টর সাহেব বা মহকুমার কর্ত্তৃপক্ষকে দেওয়া যাইবে।

৩৫। প্রত্যেক প্রজাকে তাঁহার প্রজাস্বত্বসম্বন্ধীয় খতিয়ানের একখানি নকল রাজস্ব কর্ম্মচারীর স্বাক্ষর ও মোহরযুক্ত করিয়া দেওয়া যাইবে।

চূড়ান্ত রিপোর্ট বিষয়ক বিধি।

৩৬। স্থানীয় গবর্ণমেন্ট উচিত বোধ করিলে এইরূপ আজ্ঞা করিতে পারিবেন যে জরীপ কার্য্যাধীন প্রত্যেক গ্রামের ও স্থানের জন্য চূড়ান্ত একখানি রিপোর্ট ইংরাজীতে লেখা যাইবে। গ্রামের রিপোর্টে নিম্নলিখিত বিষয় প্রদর্শিত হইবে।—

(ক) প্রত্যেক শ্রেণীর প্রজাদের সংখ্যা।

(খ) গ্রামের অন্তর্গত ভূমির (ক) জরীপ ও বন্দোবস্ত অনুসারে ও (খ) জানা থাকিলে ভূম্যধিকারীর জমাবন্দী অনুসারে পরিমাণ ও শ্রেণী বিভাগ।

(গ) বন্দোবস্ত অনুসারে ও ভূম্যধিকারীর জমাবন্দী অনুসারে হস্তবুদ, ইহার সঙ্গে হ্রাস বা বৃদ্ধির কৈফিয়ত, গবর্ণমেন্টের রাজস্বের পরিমাণ ও খাজানার সহিত রাজস্বের তুলনা দিতে হইবে।

(ঘ) পূর্ব্বকার খাজানা বৃদ্ধির বিবরণ সমেত প্রচলিত খাজানার হার।

(ঙ) বাজারের কিরূপ নিকট।

(চ) জলসেচনের সুবিধা।

(ছ) গ্রামের প্রথা, গ্রাম্য কর্ম্মচারীদের বেতন দিবার প্রথা সমেত।

(জ) কাগজপত্র রক্ষার নিমিত্ত ব্যবস্থা।

(ঝ) উল্লেখযোগ্য অন্যান্য যেং বিষয় স্বত্বের লিখনে গৃহীত না হইয়া থাকে।

জরীপকার্য্যাধীন সমগ্র স্থানের নিমিত্ত রিপোর্টে নিম্নলিখিত কথা থাকিবে।—

১। ঐ স্থানের সাধারণ বর্ণনা।

২। উহার রাজস্বসংক্রান্ত ইতিবৃত্ত।

৩। স্থিতিরীতিসম্বন্ধীয় ফল।

৪। জরীপ হইবার পূর্ব্বে ও পরে হস্তবুদ সম্পর্কে ঐ স্থানের অবস্থার তুলনা।

[ গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৫। ২৪ নবেম্বর। ]

**V.—Financial results, including approximate division of expenses under the heads—**

**(a).—Survey.**
**(b).—Record of rights.**
**(c).—Preparation and distribution of records.**

**These reports shall not form part of the record.**

---

*Applications by Proprietors for Survey and Record of Rights.*

37. *Section* 103.—Applications under this section shall be made to the Collector of the district.

38. The application shall specify—

(a).—The status of the applicant, viz. whether he is a proprietor or a tenure-holder, and the particulars in respect of which the application is made.

(b).—The number of tenants (so far as the applicant is able to state it) occupying the estate or tenure, or part thereof in respect of which the application is made, the total rent payable by them at the time, and the estimated area covered by the application.

39. If the application is made by a proprietor, it shall not be admitted unless the name of the applicant and the extent of his interest are registered under Act VII (B.C.) of 1876.

40. On receipt of the application the Collector shall forward it to the Commissioner with any remarks which he may think necessary.

41. The Commissioner may call for further information, or may require the application to be amended.

42. If the Commissioner shall have reason to believe that the number of tenants affected by the application does not exceed 200, and that the rent payable by them at the time the application is made does not exceed Rs. 1,000, he shall pass an order allowing or rejecting the application ; but otherwise he shall forward the application with an expression of his opinion for the orders of the Board of Revenue.

43. A Commissioner rejecting an application shall record his reasons for doing so, and the applicant, if dissatisfied with the order, may appeal within one month to the Board of Revenue.

44. When an application is referred to the Board under Rule 6, or in consequence of an appeal under Rule 7, the Board shall pass such orders as it may think fit for allowing or rejecting the application.

45. The Commissioner or the Board, as the case may be, when allowing an application shall specify the Revenue-officer or officers by whom the record is to be prepared.

46. As soon as an application is allowed, the Collector shall call upon the applicant to deposit the expenses at the rate of eight annas per acre for the estimated area in respect of which the application has been allowed. If the Collector is unable to estimate the area, he shall calculate the expenses at the rate of Rs. 2 per each tenant. If the amount does not exceed Rs. 500, the applicant must deposit the whole amount in advance. If it exceeds Rs. 500, the applicant shall deposit the sum of Rs. 500, and shall give such security as the Collector may require for the balance. The applicant shall from time to time deposit such further sum as may be necessary for carrying on the operations. On completion of the proceedings, any unexpended balance shall be refunded to the applicant.

[*Government Gazette, 24th November* 1885.]

৫। যতদূর সম্ভব নিম্নলিখিত দফা অনুসারে খরচ ভাগ করিয়া রাজস্বসংক্রান্ত ফল—

(ক) জরীপ।

(খ) স্বত্বের লিখন।

(গ) লিখন প্রস্তুত ও বণ্টন করণ।

এই রিপোর্টগুলি লিখনের অংশস্বরূপ হইবে না।

---

জরীপ ও স্বত্বলিখনের নিমিত্ত ভূস্বামীদের প্রার্থনার কথা।

৩৭। ১০৩ ধারা।—এই ধারামত প্রার্থনা জিলার কালেক্টর সাহেবের নিকট করিতে হইবে।

৩৮। প্রার্থনাপত্রে নিম্নলিখিত বিশেষ কথা লিখিতে হইবে।—

(ক) প্রার্থকের পদ, অর্থাৎ, তিনি ভূস্বামী কি মধ্যস্বত্বাধিকারী, এবং যেং বিশেষ কথা সম্বন্ধে প্রার্থনা করা যায়।

(খ) যে মহাল বা মধ্যস্বত্ব কিম্বা মহালের বা মধ্যস্বত্বের অংশ সম্বন্ধে প্রার্থনা করা হয় তাহা যং জমা প্রভৃতি দখলে রাখে ইহা প্রার্থক যত দূর নির্দ্দেশ করিতে পারেন ও তৎকালে তাঁহাদের যে খাজানা দিতে হয় এবং অনুমান যে পরিমাণ ভূমি সম্বন্ধে প্রার্থনা হয়।

৩৯। কোন ভূস্বামী প্রার্থনাপত্র দিলে, যদি প্রার্থকের নাম ও তাঁহার স্বার্থের পরিমাণ ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনমতে রেজিষ্টারী করা না হইয়া থাকে, তবে ঐ প্রার্থনাপত্র গ্রহণ করা যাইবে না।

৪০। প্রার্থনাপত্র পাইলে কালেক্টর সাহেব যে কোন মন্তব্য আবশ্যক বিবেচনা করেন, তৎসমেত ঐ প্রার্থনাপত্র কমিশ্যনর সাহেবের নিকট পাঠাইবেন।

৪১। কমিশ্যনর সাহেব আরও সংবাদ চাহিতে পারিবেন অথবা প্রার্থনাপত্র সংশোধন করিবার আদেশ করিতে পারিবেন।

৪২। যদি কমিশ্যনর সাহেব এরূপ বিশ্বাস করিবার কারণ দেখেন যে ঐ প্রার্থনাপত্র দ্বারা যে সকল প্রজা স্পৃষ্ট হইবে তাহাদের সংখ্যা দুই শতের অধিক নহে এবং প্রার্থনাপত্র যে সময়ে দেওয়া যায় সেই সময়ে তাহাদের দেয় খাজানা ১,০০০/ টাকার অধিক নহে, তাহা হইলে তিনি প্রার্থনাপত্র গ্রাহ্য বা অগ্রাহ্য করিবার আজ্ঞা দিবেন; নতুবা আপনার মত ব্যক্ত করিয়া রেবিনিউ বোর্ডের আজ্ঞা পাইবার নিমিত্ত উক্ত প্রার্থনাপত্র পাঠাইয়া দিবেন।

৪৩। কোন কমিশ্যনর সাহেব কোন প্রার্থনাপত্র অগ্রাহ্য করিলে তাহা করিবার তাঁহার যে যে হেতু থাকে সেই সেই হেতু লিপিবদ্ধ করিবেন; এবং প্রার্থক ঐ আজ্ঞাসম্বন্ধে অসন্তুষ্ট হইলে, এক মাসের মধ্যে রেবিনিউ বোর্ডে আপীল করিতে পারিবেন।

৪৪। কোন প্রার্থনাপত্র ৬ বিধি অনুসারে অথবা ৭ বিধিমত আপীল হওয়াতে বোর্ডের নিকট অর্পণ করা গেলে, বোর্ড যেরূপ উচিত বোধ করেন প্রার্থনাপত্র গ্রাহ্য বা অগ্রাহ্য করিবার সেইরূপ আজ্ঞা করিবেন।

৪৫। কমিশ্যনর সাহেব বা স্থল বিশেষে বোর্ড যখন কোন প্রার্থনাপত্র গ্রাহ্য করেন, তখন যে বা যে যে রাজস্ব কর্ম্মচারীর দ্বারা লিখন প্রস্তুত করিতে হইবে তাহা নির্দ্দেশ করিবেন।

৪৬। কোন প্রার্থনাপত্র গ্রাহ্য করা গেলেই অনুমান যে পরিমাণ ভূমি সম্বন্ধে প্রার্থনাপত্র গ্রাহ্য করা গেল, তাহার একর প্রতি আট আনা হারে খরচ আমানত করিবার নিমিত্ত কালেক্টর সাহেব প্রার্থকের প্রতি আদেশ করিবেন। কালেক্টর সাহেব ভূমির পরিমাণ অনুমান করিতে না পারিলে, তিনি প্রজা প্রতি ২৲ টাকা হারে খরচের হিসাব করিবেন। ৫০০৲টাকার অধিক না হইলে প্রার্থক আগাম সমুদয় টাকা আমানত করিবেন। ৫০০৲ টাকার অধিক হইলে, প্রার্থক ৫০০৲ টাকা আমানত করিবেন ও অবশিষ্ট টাকার নিমিত্ত কালেক্টর সাহেব যেরূপ জামিন দিবার আদেশ করেন সেইরূপ জামিন দিবেন। কার্য্য চালাইবার জন্য আর যত টাকা আবশ্যক হয়, প্রার্থক সময়েং তাহা আমানত করিবেন। আনুষ্ঠানিক কার্য্য শেষ হইলে, অব্যয়িত বাকী টাকা প্রার্থককে ফিরাইয়া দেওয়া যাইবে।

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৩ নবেম্বর।]

47. In conducting the operations, the Revenue-officer shall proceed in accordance with the rules for the guidance of officers acting under orders made under section 101.

---

## CHAPTER VII.—GENERAL SCALE OF FEES.

1. *For service of Notices.*—For the service of every notice under this Act directed to one or more persons residing in the same village, a process-fee of 12 annas shall be levied.

2. Where notices are directed to several persons resident in different villages, a fee of 12 annas shall be levied for service in each village.

3. In addition to the above fee, the actual charge which must be incurred, if it is necessary to travel by railway or boat, or cross ferries, will be levied from and paid by the person at whose instance the process is issued before issue of the process. If a peon carries more than one process involving charges for railway-fare, boat-hire, &c., the sum leviable will be charged in equal shares upon all the processes so carried. The rates at which such boat-hire is to be charged shall be the same as those fixed for criminal processes under Rule VII of the rules prescribed by the High Court under clause 2, section 20, Act VII of 1870, and shall be sufficient only to cover, on the whole, the actual cost of hiring boats, or of such boat establishment as it may be necessary to maintain for the purpose of serving processes of these classes.

4. If a peon is detained at the place of service for more than 24 hours at the request of the person at whose instance the process was issued, or of his agent, such person or agent must then and there pay demurrage at the rate of 5 annas a day. Unless this demurrage is paid, the peon must decline to wait. No demurrage is to be charged if the delay was not due to the person requiring the process or to his agent.

5. *For deposits of Rent.*—For deposits of rent under section 61 (2), 4 annas for every such deposit of Rs. 25 or less, with an additional 4 annas for every Rs. 25 or part of Rs. 25 in excess: Provided that in no case shall the fee exceed the sum of Rs. 5.

6. *For distraint of Crops.*—The following scale of charges is prescribed on account of processes for distraint and sale under the Bengal Tenancy Act:—

(*a*).—In respect of the warrant of distraint—8 annas.

(*b*).—In respect of each man necessary to effect the distraint and also to ensure safe custody, when such man is to be left in actual possession—4 annas a day.

(*c*).—In respect of action taken under section 126 (clause 2) for the reaping, storing, or preservation of the crop distrained—4 annas a day for every person employed, and in addition actual hire of threshing floor or store-house, if necessary.

In addition to the charges under clauses (*a*), (*b*), and (*c*) above, railway-fare, boat-hire and ferry charges will be levied when necessary as under Rule 3 of this Chapter.

[*Government Gazette, 24th November* 1885.]

৪৭। ১০১ ধারামত আজ্ঞাক্রমে যে সকল কর্ম্মচারী কার্য্য করেন, তাঁহাদের কার্য্যপদ্ধতি প্রদর্শনার্থ যে কোন বিধি থাকে রাজস্ব কর্ম্মচারী কার্য্য চালাইবার সময়ে তদনুসারে চলিবেন।

---

## ৭ অধ্যায়।—ফীর সাধারণ হার।

১। নোটিস জারী করিবার নিমিত্ত।—এই আইনমত নোটিস এক ব্যক্তির কি অধিক ব্যক্তির নামেই হউক, তাহারা একই গ্রামে বাস করিলে, ঐরূপ প্রত্যেক নোটিস জারী করিবার নিমিত্ত ৵০ আনা পরওয়ানা ফী লওয়া যাইবে।

২। ভিন্ন২ গ্রামবাসী কএক ব্যক্তির নামে নোটিস দেওয়া গেলে, প্রত্যেক গ্রামে জারী করিবার নিমিত্ত ৵০ আনা ফী লওয়া যাইবে।

৩। রেলওয়েতে বা নৌকায় যাওয়া বা খেয়ায় পার হওয়া আবশ্যক হইলে, প্রকৃত যে খরচ পড়িবে, পূর্ব্বোক্ত ফী ছাড়া যে ব্যক্তির প্রার্থনামতে পরওয়ানা দেওয়া যায়, পরওয়ানা দিবার পূর্ব্বে তাঁহার স্থানে সেই খরচ আদায় করিয়া লইতে হইবে, এবং তিনি তাহা দিবেন। কোন পেয়াদা রেলভাড়া নৌকাভাড়া প্রভৃতি বলিয়া যাহাতে খরচ হয় এরূপ একাধিক পরওয়ানা লইয়া গেলে, ঐরূপে যে সমুদয় পরওয়ানা লইয়া যায় তাহার উপর সমান অংশে টাকা ধরা যাইবে। ১৮৭০ সালের ৭ আইনের ২০ ধারার ২ প্রকরণমতে হাই কোর্ট কর্তৃক যে বিধি নির্দ্দিষ্ট হইয়াছে তাহার ৭ ধারামতে ফৌজদারী পরওয়ানার জন্য যে হারা ধার্য্য করা হইয়াছে, সেই হারে উক্ত নৌকাভাড়া লওয়া যাইবে; এবং তাহাকে নৌকা ভাড়া করিতে হওন এই প্রকারের পরওয়ানা জারী করণার্থ নৌকা সেরেস্তা রাখা আবশ্যক হইলে সেই সেরেস্তা রাখিতে প্রকৃত পক্ষে যে খরচ পড়ে, মোটের উপর কেবল সেই খরচ উঠিলেই যথেষ্ট হইবে।

৪। যে ব্যক্তির প্রার্থনামতে পরওয়ানা দেওয়া যায়, সেই ব্যক্তির বা তদীয় কর্ম্মকারকের অনুরোধক্রমে জারী করিবার স্থানে ২৪ ঘণ্টার অধিক কাল পেয়াদার থাকিতে হইলে, উক্ত ব্যক্তি বা কর্ম্মকারক তৎক্ষণাৎ সেই থানেই দিন প্রতি ।০ আনা হিসাবে গহরী দিবেন। এই গহরী না দেওয়া গেলে, পেয়াদা থাকিতে অস্বীকার করিবে। যে ব্যক্তি পরওয়ানা চাহেন, তাঁহার বা তদীয় কর্ম্মকারকের জন্য বিলম্ব না হইয়া থাকিলে, কোন গহরী ধরা যাইবে না।

৫। খাজানা আমানতের নিমিত্ত।—৬১ ধারার (২) প্রকরণমতে খাজানা আমানত করা গেলে, ২৫৲ বা তাহার কম টাকার প্রত্যেক আমানত নিমিত্ত ।০ আনা, ও প্রত্যেক অতিরিক্ত ২৫৲ টাকা বা তাহার অংশ নিমিত্ত অতিরিক্ত ।০ আনা। কিন্তু কোন স্থলে ফী ৫৲টাকার অধিক হইবে না।

৬। শস্য ক্রোকের নিমিত্ত।— বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক আইনমতে শস্যাদি ক্রোক ও নীলাম করিবার পরওয়ানার নিমিত্ত নিম্নলিখিত খরচের হার নির্দ্দিষ্ট হইল।—

(ক) ক্রোকের পরওয়ানা সম্বন্ধে, ।৷০ আট আনা।

(খ) শস্যাদি ক্রোক করিবার নিমিত্ত ও তাহা প্রকৃত প্রস্তাবে দখলে রাখিতে হইলে তাহা নিরাপদে রাখিবার নিমিত্ত যে প্রত্যেক জন লোক আবশ্যক হয়, তৎসম্বন্ধে দিন প্রতি ।০ চারি আনা।

(গ) ক্রোককরা শস্য কাটিবার, মাড়াই করিবার বা বস্তা করিবার নিমিত্ত ১২৬ ধারার (২) প্রকরণমতে ক্রোক কার্য্য করা গেলে যে প্রত্যেক জন লোক নিযুক্ত হয় তৎসম্বন্ধে দিন প্রতি ।০ আনা এবং আবশ্যক হইলে ইহার অতিরিক্ত খামার বা গোলার প্রকৃত ভাড়া।

উপরিলিখিত (ক), (খ) ও (গ) দফার খরচের অতিরিক্ত রেলভাড়া, নৌকাভাড়া ও পারানী খরচ আবশ্যক হইলে তাহা এই অধ্যায়ের ৩ বিধির ন্যায় আদায় করা যাইবে।

[ গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৫। ২৪ নবেম্বর। ]

# SCHEDULE I.

## NOTICE UNDER SECTION 12, ACT VIII OF 1885.

To

The COLLECTOR of

Let this notice be served on A.B., resident of , as required by section 12 Act VIII of 1885. The landlord's fee of Rs. with process fee of Rs. is forwarded herewith.

C.D.,

*Registering Officer.*

To

A.B., RESIDENT of

Take notice that the transfer of the tenure* specified below, of which you are alleged to be the landlord, has been registered, and that the landlord's fee of Rs. is tendered to you herewith.

* Or raiyati holding at fixed rates.

| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | | | 10 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Towjih number of estate. | Name of estate. | Description of tenure transferred with village and pergunnah in which situated. | Annual rent of tenure. | Name, father's name, and residence of transferor of tenure. | Name, father's name, and residence of transferee of tenure. | Nature of transfer | Date of registration of transfer. | Amount of landlord's fee | | | Remarks. |
| | | | | | | | | Rs. | A. | P. | |

C.D.,

*Registering Officer.*

Ordered that this notice be served on the abovenamed landlord.

E.F.,

*Collector.*

Received a copy of the above-mentioned notice and rupees (Rs. ), being the amount of landlord's fee specified above.

Stamp, if amount exceeds Rs. 20.

*Landlord.*

[*Government Gazette, 24th November* 1885.]

## প্রথম তফসীল।

## ১৮৮৫ সালের ৮ আইনের ১২ ধারামত নোটিস।

কালেক্টর সাহেব সমীপেষু।—

১৮৮৫ সালের ৮ আইনের ১২ ধারার আদেশমতে এই নোটিস অমুক স্থান নিবাসী শ্রীঅমুকের উপর জারী করিতে হইবে। ভূম্যধিকারীর ফী টাকা ও পরওয়ানার ফী টাকা এই সঙ্গে পাঠান গেল।

শ্রী——————

রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ।

অমুক স্থান নিবাসী শ্রী র প্রতি।

অবগত হউন যে নিম্নলিখিত যে মধ্যস্বত্বের * আপনি ভূম্যধিকারী বলিয়া কথিত, তাহার হস্তান্তর রেজিষ্টরী করা হইয়াছে ও ভূম্যধিকারীর ফী টাকা এই সঙ্গে আপনার নিকট অর্পণ করা যাইতেছে।

* কিম্বা মোকররী হারের রায়তী যোতের।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | | | ১০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মহালের তৌজি নম্বর। | মহালের নাম। | হস্তান্তরিত মধ্যস্বত্বের বর্ণনা ও উহা যে তালুকে ও পরগণায় থাকে। | মধ্যস্বত্বের বার্ষিক খাজানা। | মধ্যস্বত্ব হস্তান্তরকর্ত্তার নাম, পিতার নাম ও বাসস্থান। | হস্তান্তরক্রমে মধ্যস্বত্ব প্রাপ্ত ব্যক্তির নাম, পিতার নাম ও বাসস্থান। | হস্তান্তরের ভাব। | হস্তান্তর রেজিষ্টরী করণের তারিখ। | ভূম্যধিকারীর ফী বলিয়া দত্ত টাকা। | | | মন্তব্য। |
| | | | | | | | | টাঃ | আঃ | পাঃ | |
| | | | | | | | | | | | |

শ্রী——————

রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ।

আজ্ঞা হইল যে এই নোটিস উপরিলিখিত ভূম্যধিকারীর উপর জারী করা যায়।

শ্রী——————

কালেক্টর।

উপরিলিখিত নোটিসের প্রতিলিপি ও ভূম্যধিকারীর ফী বলিয়া উপরিলিখিত টাকা পাওয়া গেল।

| |
|---|
| ২০৲ টাকার অধিক টাকা হইলে, ইষ্টাম্প। |

ভূম্যধিকারী।

## NOTICE UNDER SECTION 13, ACT VIII OF 1885.

*In the Court of the* *of*

To

THE COLLECTOR OF

LET this notice be served on A.B., resident of , as required by section 13 Act VIII of 1885. The landlord's fee of Rs. with process fee of Rs. is forwarded herewith.

C.D.,

*Judge.*

To

A.B., RESIDENT OF

TAKE notice that the sale of the tenure* specified below, of which you are alleged to be the landlord, has been confirmed, and that the landlord's fee of Rs. is tendered to you herewith.

* Or raiyati holding at fixed rates.

| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | | | 9 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Towjih number of estate. | Name of estate. | Description of tenure transferred, with village and pergunnah in which situated. | Number of execution case and names of parties. | Name, father's name, and residence of person whose interest in the tenure has been sold. | Name, father's name, and residence of purchaser of tenure. | Date of confirmation of sale. | Amount of landlord's fee. | | | REMARKS. |
| | | | | | | | RS. | A. | P. | |
| | | | | | | | | | | |

C.D.,

*Judge.*

Ordered that this notice be served on the above-named landlord.

E.F.,

*Collector.*

Received copy of the above-mentioned notice and rupees (Rs. ), being the amount of landlord's fee specified above.

| Stamp, if amount exceeds Rs. 20. |
|---|

A.B.

[*Government Gazette*, *24th November* 1885.]

## ১৮৮৫ সালের ৮ আইনের ১৩ ধারামত নোটিস।

অমুক স্থানের অমুকের আদালত।

অমুক স্থানের কালেক্টর সাহেব সমীপেষু।

১৮৮৫ সালের ৮ আইনের ১৩ ধারার আদেশমতে অমুক স্থান নিবাসী শ্রীঅমুকের উপর এই নোটিস জারী করিতে হইবে। ভূম্যধিকারীর ফী            টাকা ও পরওয়ানার ফী            টাকা এই সঙ্গে পাঠান গেল।

শ্রী————————

বিচারপতি।

অমুক স্থান নিবাসী শ্রী————————র প্রতি।

অবগত হউন যে আপনি নিম্নলিখিত যে মধ্যস্বত্বের * ভূম্যধিকারী বলিয়া কথিত তাহার নীলাম দৃঢ় করা গিয়াছে ও ভূম্যধিকারীর ফী            টাকা আপনার নিকট এই সঙ্গে অর্পণ করা যাইতেছে।

* কিম্বা মোকররী হারের রায়তী জোতের।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | | | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মহালের তৌজি নম্বর। | মহালের নাম। | হস্তান্তরিত মধ্যস্বত্বের বর্ণনা ও তাহা যে গ্রামে ও পরগনায় থাকে। | ডিক্রীদারীর মোকদ্দমার নম্বর ও পক্ষদের নাম। | মধ্যস্বত্ব যে ব্যক্তির স্বার্থে নীলাম হইয়াছে তাহার নাম, পিতার নাম ও বাসস্থান। | মধ্যস্বত্ব ক্রেতার নাম, পিতার নাম ও বাসস্থান। | নীলাম দৃঢ়ীকরণের তারিখ। | ভূম্যধিকারীর ফী বাবত টাকা। | | | মন্তব্য। |
| | | | | | | | টাঃ | আঃ | পাঃ | |
| | | | | | | | | | | |

শ্রী————————

বিচারপতি।

আজ্ঞা হইল যে উপরিলিখিত ভূম্যধিকারীর উপর এই নোটিস জারী করা যায়।

শ্রী————————

কালেক্টর।

উপরিলিখিত নোটিসের প্রতিলিপি ও ভূম্যধিকারীর ফী বলিয়া উপরিলিখিত টাকা পাইলাম।

২০৲ টাকার অধিক টাকা হইলে ষ্টাম্প

শ্রী————————

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ নবেম্বর। ]

## NOTICE UNDER SECTION 14, ACT VIII OF 1885.

*In the Court of the* *of*

To

THE COLLECTOR OF

IT is hereby notified to you that the tenure,* the particulars of which are entered below was sold on the date specified below in execution of a decree for arrears of rent due in respect thereof.

| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| Towjih number of estate. | Name of estate. | Name of landlord of estate. | Address of landlord. | Description of tenure sold with village or pergunnah in which situated. | Number of execution case and names of parties. | Name, father's name, and residence of person whose interest in the tenure has been sold. | Name, father's name, and residence of purchaser of tenure. | Date of confirmation of sale. | REMARKS |
| | | | | | | | | | |

C.D.,
*Judge.*

* Or raiyati holding at fixed rates.

[ *Government Gazette*, 24*th November* 1885. ]

# ১৮৮৫ সালের ৮ আইনের ১৪ ধারামত নোটিস।

অমুক স্থানের অমুকের আদালত।

অমুক স্থানের কালেক্টর সাহেব সমীপেষু।—

আপনাকে এতদ্দ্বারা জানান যাইতেছে যে, যে মধ্যস্বত্বের * বিশেষ বৃত্তান্ত নিম্নে লিখিত হইল, তাহা তৎসম্পর্কে দেনা বাকী খাজানার ডিক্রীজারী ক্রমে নিম্নলিখিত তারিখে নীলাম হইয়াছে।

* কিম্বা মোকররী হারের রায়তী যোতের।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| মহালের তৌজি নম্বর। | মহালের নাম। | মহালের ভূম্যধিকারীর নাম। | ভূম্যধিকারীর ঠিকানা। | বিক্রীত মধ্যস্বত্বের বর্ণনা ও তাহা যে গ্রামে বা পরগনায় থাকে। | ডিক্রীজারীর মোকদ্দমার নম্বর ও পক্ষদের নাম। | মধ্যস্বত্বগত যে ব্যক্তির স্বার্থ নীলাম হইয়াছে তাহার নাম, পিতার নাম ও বাসস্থান। | মধ্যস্বত্ব ক্রেতার নাম, পিতার নাম ও বাসস্থান। | নীলাম দৃঢ়ীকরণের তারিখ। | মন্তব্য। |
| | | | | | | | | | |

ক————

বিচারক।

## NOTICE UNDER SECTION 15 OF ACT VIII OF 1885.

To

THE COLLECTOR OF

BE pleased to cause this notice to be served on A.B., resident of
The landlord's fee of Rs. with process fee of Rs. is deposited herewith for payment to the said A.B.

C.D.,

*Tenure-holder.*

---

To

A.B., RESIDENT OF

TAKE notice that I have succeeded to the tenure* specified below, of which you are the landlord. The landlord's fee of Rs. is tendered to you herewith.

* Or raiyati holding at fixed rates.

| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | | | 9 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Towjih number of estate. | Name of estate. | Description of tenure succeeded to with village and pergunnah in which situated. | Annual rent of tenure. | Name, father's name, and residence of late tenure-holder. | Name, father's name, and residence of successor to tenure. | Nature of successor's title to succeed. | Amount of landlord's fee. | | | REMARKS. |
| | | | | | | | Rs. | A. | P. | |

C.D.,

*Resident of*

Ordered that this notice be served on the above-named A.B.

E.F.,

*Collector.*

Received copy of the above-mentioned notice and rupees (Rs. ), being the landlord's fee specified above

| Stamp, if amount exceeds Rs. 20. |
|---|

A.B.

[ *Government Gazette, 24th November* 1885.]

## ১৮৮৫ সালের ৮ আইনের ১৫ ধারামত নোটিস।

অমুক স্থানের কালেক্টর সাহেব সমীপেষু।

অমুক স্থাননিবাসী শ্রী অমুকের উপর অনুগ্রহ করিয়া এই নোটিস জারী করাইবেন। উক্ত শ্রী অমুককে দিবার নিমিত্ত ভূম্যধিকারীর ফী টাকা ও পরওয়ানার ফী টাকা ইহার সহিত আমানত করা যাইতেছে।

শ্রী———————

মধ্যস্বত্বাধিকারী।

---

অমুক স্থান নিবাসী শ্রী র প্রতি।—

অবগত হউন যে, নিম্নলিখিত যে মধ্যস্বত্বের* আপনি ভূম্যধিকারী, তাহাতে আমার উত্তরাধিকার বর্ত্তিয়াছে। ভূম্যধিকারীর ফী টাকা ইহার সহিত আপনার নিকট অর্পণ করা যাইতেছে।

* কিম্বা মোকররী হারের রায়তী যোতের।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | | | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মহালের তৌজি নম্বর। | মহালের নাম। | যে মহালের উত্তরাধিকার বর্ত্তিয়াছে তাহার ও তাহা যে তৌজির [illegible] | মধ্যস্বত্বের বার্ষিক খাজানা। | ভূতপূর্ব্ব মধ্যস্বত্বাধিকারীর নাম, পিতার নাম ও বাসস্থান। | মধ্যস্বত্বের উত্তরাধিকারীর নাম পিতার নাম ও বাসস্থান। | উত্তরাধিকারীর উত্তরাধিকার সম্বন্ধে স্বত্বের ভাব। | ভূম্যধিকারীর ফী যত টাকা। | | | মন্তব্য। |
| | | | | | | | টাঃ | আঃ | পাঃ | |

অমুক স্থাননিবাসী শ্রী ——— ———

আজ্ঞা হইল যে উপরিলিখিত শ্রী অমুকের উপর এই নোটিস জারী করা যায়।

শ্রী——— ———

কালেক্টর।

উপরিলিখিত নোটিসের প্রতিলিপি ও ভূম্যধিকারীর ফী বলিয়া উপরিলিখিত টাকা পাইলাম।

| ২০৲ টাকার অধিক টাকা হইলে, ইষ্টাম্প। |
|---|

শ্রী———————

## APPLICATION UNDER SECTION 80, ACT VIII OF 1885.

To

THE COLLECTOR OF

*The application of* , *son of* , *resident of* , *for registration of an improvement under Section* 80 *of the Bengal Tenancy Act, VIII of* 1885.

| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
|---|---|---|---|---|---|---|
| Name of pergunnah and estate in which improvement has been effected. | Name of village in which improvement effected. | Nature of applicant's interest in land. | Nature of improvement. | By whom executed and at whose expense. | When executed. | Names of tenants benefited, if not more than five in number. |
| | | | | | | |

I hereby declare that the particulars set forth in the above application are true to the best of my knowledge and belief, and I pray that the said improvement may be registered.

**A.B.,**

*Landlord.*

---

## NOTICE UNDER SECTION 87 OF ACT VIII OF 1885.

To

THE COLLECTOR OF

WHEREAS the holding mentioned below, and hitherto held by C.D., resident of , has been abandoned by him without notice to me and without arranging for the payment of the rent thereof, I hereby notify that I have treated the holding as abandoned and that I am about to re-enter upon it accordingly.

*Dated* }

*Landlord.*

---

*Schedule of Property.*

| Name of village and pergunnah in which situate. | Area and boundaries of holding. | Rent of holding. |
|---|---|---|
| | | |

[*Government Gazette*, 24*th November* 1885.]

## ১৮৮৫ সালের ৮ আইনের ৮০ ধারামত প্রার্থনাপত্র।

অমুক স্থানের কালেক্টর সাহেব সমীপেষু।

বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫ সালের ৮ আইনের ৮০ ধারামত উৎকর্ষসাধন রেজিষ্টরী করাইবার নিমিত্ত অমুক স্থান নিবাসী অমুকের পুত্র শ্রী                    র প্রার্থনাপত্র।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| যে পরগনায় ও মহালে উৎকর্ষ সাধন করা হইয়াছে, তাহার নাম। | যে গ্রামে উৎকর্ষ সাধন করা হইয়াছে, তাহার নাম। | ভূমিতে প্রার্থকের স্বার্থের ভাব। | উৎকর্ষ সাধনের ভাব। | যদ্দারা ও যাঁহার খরচে করা হইয়াছে। | যখন করা হইয়াছে। | পাঁচ জনের অধিক না হইলে যে প্রজারা উপকৃত হয়, তাহাদের নাম। |
| | | | | | | |

আমি এতদ্দারা প্রকাশ করিতেছি যে, উপরিলিখিত প্রার্থনাপত্রে যেহ কথা লিখিত হইল, তাহা আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য, এবং আমি প্রার্থনা করি যে, উক্ত উৎকর্ষসাধন রেজিষ্টরী করা যায়।

শ্রী ———————

ভূম্যধিকারী।

---

## ১৮৮৫ সালের ৮ আইনের ৮৭ ধারামত নোটিস।

অমুক স্থানের কালেক্টর সাহেব সমীপেষু।

অমুক স্থান নিবাসী শ্রীঅমুকের ভোগকৃত নিম্নলিখিত যোত তিনি আমাকে সংবাদ না দিয়া ও উহার খাজানা দিবার বন্দোবস্ত না করিয়া পরিত্যাগ করায়, আমি এতদ্দারা এই সংবাদ দিতেছি যে আমি ঐ যোত পরিত্যক্ত বলিয়া গন্য করিয়াছি ও তন্নিমিত্ত ঐ যোতে পুনর্ব্বার প্রবেশ করিতে উদ্যত হইয়াছি।

তারিখ }                    ভূম্যধিকারী।

---

### সম্পত্তির তফসীল।

| যে গ্রামে ও পরগনায় থাকে তাহার নাম। | যোতের পরিমাণ ও সীমা। | যোতের খাজানা। |
|---|---|---|
| | | |

[ গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৫। ২৪ নবেম্বর। ]

## FORM OF NOTICES TO LANDLORDS AND TENANTS UNDER RULE 28, CHAPTER VI OF THE RULES UNDER THE BENGAL TENANCY ACT, VIII OF 1885.

*Form of notice to Tenant.*

Notice to tenants of

Whereas it appears that you hold land in excess of (*or less than*) that for which you are paying rent, you are hereby informed that I shall on at proceed to settle rents for the lands held by you at , and you are hereby required to attend at the said time and place, and to state if you have any objection to the existing rent being recorded as the fair and equitable rent.

*Revenue-officer.*

---

*Form of notice to Landlord.*

To—A. B., landlord of

Whereas it appears that the tenants whose names are given below hold land under you in excess of (*or less than*) that for which they pay rent, you are hereby informed that I shall on at proceed to settle rents for the lands held by the said tenants, and you are hereby required to attend before me at the said time and place, and state any objections you may have to urge against the existing rent being recorded as the fair and equitable rent.

*Revenue-officer.*

---

## SCHEDULE II.

(*Referred to in Chapter II, Rule 1.*)

### PATNA DIVISION.

| District. | Local areas. | | Marts at which prices shall be recorded. |
|---|---|---|---|
| Patna ... | Sudder | sub-division ... | Patna. |
| | Barh | ditto ... | Barh. |
| | Behar | ditto ... | Behar. |
| | Dinapore | ditto ... | Dinapore. |
| Gya ... | Sudder | sub-division ... | Gya. |
| | Nowadah | ditto ... | Nowadah. |
| | Jehanabad | ditto ... | Jehanabad. |
| | Arungabad | ditto | Arungabad. |
| Shahabad ... | Sudder | sub-division ... | Arrah. |
| | Buxar | ditto ... | Buxar. |
| | Sasseram | ditto ... | Sasseram. |
| | Bhabuah | ditto ... | Bhabuah. |

| District. | Local areas. | | Marts at which prices shall be recorded |
|---|---|---|---|
| Mozufferpore. | Sudder | sub-division ... | Mozufferpore. |
| | Seetamurhee | ditto ... | Seetamurhee. |
| | Hajeepore | ditto ... | Hajeepore. |
| Durbhunga ... | Sudder | sub-division ... | Durbhunga. |
| | Madhubani | ditto ... | Madhubani. |
| | Tajpore | ditto ... | Tajpore. |
| Chumparun ... | Sudder | sub-division ... | Motihari. |
| | Bettiah | ditto ... | Bettiah. |
| Sarun ... | Sudder | sub-division ... | Chupra. |
| | Gopalgunge | ditto ... | Meergunge. |
| | Sewan | ditto ... | Sewan |

[ *Government Gazette, 24th November* 1885.]

## বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫ সালের ৮ আইনমত বিধির ৬ অধ্যায়ের ২৮ বিধিমতে ভূম্যধিকারী ও প্রজাদের প্রতি নোটিসের পাঠ।

### প্রজার প্রতি নোটিসের পাঠ।

অমুক স্থানের প্রজাদের প্রতি নোটিস।

তোমরা যে ভূমির নিমিত্ত খাজানা দিতেছ, দেখা যাইতেছে যে তদতিরিক্ত (বা তদ্‌ন্যূন) ভূমি ভোগ করিতেছ, এনিমিত্ত তোমাদিগকে এতদ্বারা জানান যাইতেছে যে, আমি অমুক তারিখে অমুক স্থানে তোমাদের অমুক স্থানে ভোগকৃত ভূমির খাজানা ধার্য্য করিতে প্রবৃত্ত হইব, এবং তোমাদের প্রতি এতদ্বারা এই আদেশ করা যাইতেছে যে তোমরা উক্ত সময়ে উক্ত স্থানে উপস্থিত হইবে ও বর্ত্তমান খাজানা উপযুক্ত ও ন্যায্য বলিয়া লিপিবদ্ধ হইবার সম্বন্ধে তোমাদের কোন আপত্তি থাকিলে তাহা ব্যক্ত করিবে।

রাজস্ব-কর্ম্মচারী।

---

### ভূম্যধিকারীর প্রতি নোটিসের পাঠ।

অমুক স্থান নিবাসী ভূম্যধিকারী শ্রীঅমুক সমীপেষু।—

দেখা যাইতেছে যে, যে প্রজাদের নাম নিম্নে প্রদত্ত হইল তাহারা যে ভূমির নিমিত্ত খাজানা দিয়া থাকে তদতিরিক্ত (বা তদ্‌ন্যূন) ভূমি আপনকার অধীনে ভোগ করে, এনিমিত্ত এতদ্বারা আপনাকে জানান যাইতেছে যে, আমি অমুক তারিখে অমুক স্থানে উক্ত প্রজাদের ভোগকৃত ভূমির খাজানা ধার্য্য করিতে প্রবৃত্ত হইব, এবং আপনাকে এতদ্বারা আদেশ করা যাইতেছে যে আপনি অমুক তারিখে অমুক স্থানে আমার নিকট উপস্থিত হইবেন ও বর্ত্তমান খাজানা উপযুক্ত ও ন্যায্য খাজানা বলিয়া লিপিবদ্ধ হইবার বিরুদ্ধে আপনার কোন আপত্তি থাকিলে তাহা ব্যক্ত করিবেন।

রাজস্ব-কর্ম্মচারী।

---

## দ্বিতীয় তফসীল।

(২ অধ্যায়ের ১ বিধি উল্লিখিত।)

### পাটনা খণ্ড।

| জিলা। | স্থান। | যে২ বাজারের দর লিখিতে হইবে। | জিলা। | স্থান। | যে২ বাজারের দর লিখিতে হইবে। |
|---|---|---|---|---|---|
| পাটনা | সদর মহকুমা | পাটনা। | মজঃফরপুর | সদর মহকুমা | মজঃফরপুর। |
| | বাঢ় ঐ | বাঢ়। | | সীতামঢ়ী ঐ | সীতামঢ়ী। |
| | বেহার ঐ | বেহার। | | হাজিপুর ঐ | হাজিপুর। |
| | দানাপুর ঐ | দানাপুর। | দরভাঙ্গা | সদর মহকুমা | দরভাঙ্গা। |
| গয়া | সদর মহকুমা | গয়া। | | মধুবনি ঐ | মধুবনি। |
| | নবদহ ঐ | নবদহ। | | তাজপুর ঐ | তাজপুর। |
| | জাহানাবাদ ঐ | জাহানাবাদ। | চাম্পারণ | সদর মহকুমা | মতিহারী। |
| | আরঙ্গাবাদ ঐ | আরঙ্গাবাদ। | | বেতিয়া ঐ | বেতিয়া। |
| শাহাবাদ | সদর মহকুমা | আরা। | সারণ | সদর মহকুমা | ছাপরা। |
| | বক্সার ঐ | বক্সার। | | গোপালগঞ্জ ঐ | মীরগঞ্জ। |
| | শাসিরাম ঐ | শাসিরাম। | | সেওয়ান ঐ | সেওয়ান। |
| | ভবুয়া ঐ | ভবুয়া। | | | |

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ নবেম্বর।]

## ভাগলপুর খণ্ড।

| জিলা। | স্থান। | যেং বাজারে দর লিখিতে হইবে। | জিলা। | স্থান। | যেং বাজারে দর লিখিতে হইবে। |
|---|---|---|---|---|---|
| মুঙ্গের ... | সদর মহকুমা ... | মুঙ্গের। | পুরণিয়া ... | সদর মহকুমা ... | কশবা। |
| | বেগুসরাই ঐ ... | বেগুসরাই। | | আররিয়া ঐ ... | আররিয়া। |
| | জামুই ঐ ... | জামুই। | | কৃষ্ণগঞ্জ ঐ ... | কৃষ্ণগঞ্জ। |
| ভাগলপুর ... | সদর মহকুমা ... | ভাগলপুর। | | | |
| | বাঁকা ঐ ... | বাঁকা। | মালদহ ... | মালদহ জিলা ... | ইংরেজ বাজার। |
| | মধেপুরা ঐ ... | মধেপুরা। | | | |
| | সুপোল ঐ ... | সুপোল। | | | |

## চট্টগ্রাম খণ্ড।

| জিলা। | স্থান। | যেং বাজারে দর লিখিতে হইবে। | জিলা। | স্থান। | যেং বাজারে দর লিখিতে হইবে। |
|---|---|---|---|---|---|
| চট্টগ্রাম ... | সদর মহকুমা ... | চট্টগ্রাম। | ত্রিপুরা ... | সদর মহকুমা ... | কমিল্লা। |
| | কক্সবাজার ঐ ... | কক্সবাজার। | | ব্রাহ্মণবেড়িয়া ঐ ... | ব্রাহ্মণবেড়িয়া। |
| নওয়াখালী ... | সদর মহকুমা ... | কালীতারা হাট। | | চাঁদপুর ঐ ... | চাঁদপুর। |
| | ফেনী ঐ ... | পাঁচগাছিয়া হাট। | | | |

## বর্দ্ধমান খণ্ড।

| জিলা। | স্থান। | যেং বাজারে দর লিখিতে হইবে। | জিলা। | স্থান। | যেং বাজারে দর লিখিতে হইবে। |
|---|---|---|---|---|---|
| বর্দ্ধমান ... | সদর মহকুমা ... | বর্দ্ধমান। | বীরভূম ... | সদর মহকুমা ... | সদর। |
| | রাণীগঞ্জ ঐ ... | রাণীগঞ্জ। | | রামপুর হাট ঐ ... | রামপুর হাট। |
| | কাটওয়া ঐ ... | কাটওয়া। | হুগলী ... | সদর মহকুমা ... | হুগলী। |
| | কালনা ঐ ... | কালনা। | | শ্রীরামপুর ঐ ... | ভদ্রেশ্বর। |
| মেদিনীপুর ... | সদর মহকুমা ... | মেদিনীপুর। | | জাহানাবাদ ঐ ... | জাহানাবাদ। |
| | ঘাটাল ঐ ... | ঘাটাল। | | হাবড়া ঐ ... | মরিজ্ঞ। |
| | তমলুক ঐ ... | তমলুক। | | উলুবেড়িয়া ঐ ... | উলুবেড়িয়া। |
| | কাঁতি ঐ ... | কাঁতি। | বাঁকুড়া ... | সদর মহকুমা ... | বাঁকুড়া। |
| | | | | বিষ্ণুপুর ঐ ... | বিষ্ণুপুর। |

## রাজশাহী খণ্ড।

| জিলা। | স্থান। | যেং বাজারে দর লিখিতে হইবে। | জিলা। | স্থান। | যেং বাজারে দর লিখিতে হইবে। |
|---|---|---|---|---|---|
| রাজশাহী ... | সদর মহকুমা ... | বোয়ালিয়া। | দিনাজপুর ... | দিনাজপুর মুন্সেফী ... | রেলওয়ে বাজার হাট। |
| | নোগাঁ ঐ ... | নোগাঁ। | | ঠাকুরগাঁ ঐ ... | লাহিড়ী হাট। |
| | নাটোর ঐ ... | নাটোর। | | রায়গঞ্জ ঐ ... | রায়গঞ্জ হাট। |
| পাবনা ... | সদর মহকুমা ... | পাবনা। | | ফুলবেড়িয়া ঐ ... | বেহামপুর হাট। |
| | শেরাজগঞ্জ ঐ ... | শেরাজগঞ্জ। | | | |
| রঙ্গপুর ... | সদর মহকুমা ... | রঙ্গপুর। | বগুড়া ... | বগুড়া জিলা ... | বগুড়া। |
| | নেলফামারী ঐ ... | নেলফামারী | | | |
| | কুড়িগ্রাম ঐ ... | কুড়িগ্রাম। | | | |
| | গাইবান্ধা ঐ ... | গাইবান্ধা। | | | |

## ঢাকা খণ্ড।

| জিলা। | স্থান। | যেং বাজারে দর লিখিতে হইবে। | জিলা। | স্থান। | যেং বাজারে দর লিখিতে হইবে। |
|---|---|---|---|---|---|
| ঢাকা ... | সদর মহকুমা ... | ঢাকা। | ময়মনসিংহ ... | সদর মহকুমা ... | নসিরাবাদ। |
| | নারায়ণগঞ্জ ঐ ... | মদনগঞ্জ। | | ভাওয়াল ঐ ... | কাগমারী। |
| | মাণিকগঞ্জ ঐ ... | মাণিকগঞ্জ। | | জামালপুর ঐ ... | জামালপুর। |
| | মুনশীগঞ্জ ঐ ... | মীরকাদিম মারিশির হাট। | | কিশোরগঞ্জ ঐ ... | কিশোরগঞ্জ। |
| | | | | নেত্রকোণা ঐ ... | নেত্রকোণা। |
| ফরীদপুর ... | সদর মহকুমা ... | ফরীদপুর। | বাখরগঞ্জ ... | সদর মহকুমা ... | বরিশাল। |
| | গোয়ালন্দ ঐ ... | গোয়ালন্দ। | | পটুয়াখালী ঐ ... | পটুয়াখালী। |
| | মাদারীপুর ঐ ... | মাদারীপুর। | | পিরোজপুর ঐ ... | পিরোজপুর। |
| | | | | দক্ষিণ সাবাজপুর ঐ ... | ভোলা। |

## PRESIDENCY DIVISION.

| District. | Local areas. | Marts at which prices shall be recorded. | District. | Local areas. | Marts at which prices shall be recorded. |
|---|---|---|---|---|---|
| MOORSHEDABAD. | Sudder sub-division ... | Berhampore. | 24-PERGUNNAHS ... | Sudder sub-division ... | Chetla Hât. |
| | Lalbagh ditto ... | Lalbagh. | | Baraset, Dum-Dum, and Barrackpore sub-divisions. | Baraset. |
| | Kandi ditto ... | Kandi. | | Diamond Harbour sub-division. | Mogra Hât. |
| | Jungypore ditto ... | Jungypore. | | Buseerhat sub-division ... | Baduria Barsoq. |
| NUDDEA ... | Sudder sub-division ... | Goaree. | | | |
| | Ranaghat ditto ... | Ranaghat. | | | |
| | Meherpore ditto ... | Kalinbazar. | | | |
| | Chooadanga ditto ... | Chooadanga. | | | |
| | Kooshtea ditto ... | Bahadurkhali. | | | |
| JESSORE ... | Sudder sub-division ... | Jessore. | KHOOLNA ... | Sudder sub-division ... | Khoolna. |
| | Narail ditto ... | Narail | | Satkhira ditto ... | Satkhira. |
| | Magoora ditto ... | Magoora. | | Bagirhat ditto ... | Bagirhat. |
| | Jhenidah ditto ... | Sulkupah. | | | |
| | Bongong ditto ... | Bongong. | | | |

[ Second Publication. ]

NOTIFICATION.

*The 4th November* 1885.—Under section 392 of Act XIV of 1882, the Lieutenant-Governor has been pleased to make the following rules as to the persons to whom commissions shall be issued under the Bengal Tenancy Act :—

Whenever, under sections 31 (*b*) and 158 (2) of the Bengal Tenancy Act, a Court directs that a local enquiry be held under Chapter XXV of the Code of Civil Procedure, the commission shall be issued to such person, not being below the rank of an Assistant or Deputy Collector, as the Collector of the district may from time to time select for the purpose.

The Court shall issue a precept to the Collector, requiring him forthwith to nominate a fit person as above to conduct the enquiry, and the commission shall be issued to the person so nominated.

A. P. MACDONNELL,
*Secy. to the Govt. of Bengal.*

[Second Publication]

NOTIFICATION.

*The 4th November* 1885.—Under the powers conferred upon him by section 101 (1) of the Bengal Tenancy Act VIII of 1885, and with the previous sanction of the Governor-General in Council, the Lieutenant-Governor is pleased to order that a survey shall be made, and a record of rights prepared, in respect of all lands included within the external boundaries of pergunnah Gudesswar and Tuppehs Chukla Nye and Butsaleh in the district of Mozufferpore.

The particulars to be recorded in the survey and record of rights shall be the following :—

The name of each proprietor, with the character and extent of his interest.

The situation, quantity, and boundaries of proprietors' private lands, as defined in Chapter XI of the Act.

The name of each tenant.

The class to which he belongs : that is to say, whether he is a tenure-holder, raiyat holding at fixed rates, occupancy-raiyat, non-occupancy raiyat or under-raiyat and, if he is a tenure-holder, whether he is a permanent tenure-holder or not, and whether his rent is liable to enhancement during the continuance of his tenure.

The situation, quantity, and boundaries of the land held by him.

The name of his landlord.

The rent payable.

The mode in which that rent has been fixed, whether by contract, by order of a Court, or otherwise.

If the rent is a gradually increasing rent, the time at which, and the steps by which, it increases.

The special conditions, and incidents, if any, of the tenancy.

A. P. MACDONNELL,
*Secy. to the Govt. of Bengal.*

[ *Government Gazette, 24th November* 1885. ]

## রাজধানী খণ্ড।

| জিলা। | স্থান। | যেং বাজারে দর লিখিতে হইবে। |
|---|---|---|
| মুরশিদাবাদ | সদর মহকুমা ... | বহরমপুর। |
| | লালবাগ ঐ ... | লালবাগ। |
| | কান্দি ঐ ... | কান্দি। |
| | জঙ্গীপুর ঐ ... | জঙ্গীপুর। |
| নদীয়া ... | সদর মহকুমা ... | গোয়াড়ী। |
| | রাণাঘাট ঐ ... | রাণাঘাট। |
| | মেহেরপুর ঐ ... | কলায়বাজার। |
| | চুয়াডাঙ্গা ঐ ... | চুয়াডাঙ্গা। |
| | কুষ্টিয়া ঐ ... | বাহাদুরখালী। |

| জিলা। | স্থান। | যেং বাজারে দর লিখিতে হইবে। |
|---|---|---|
| যশোহর ... | সদর মহকুমা ... | যশোহর। |
| | নড়াইল ঐ ... | নড়াইল। |
| | মাগুরা ঐ ... | মাগুরা। |
| | ঝিনিদহ ঐ ... | সইলকুপা। |
| | বনগাঁ ঐ ... | বনগাঁ। |
| ২৪ পরগনা ... | সদর মহকুমা ... | চেতলা হাট। |
| | বারাসত, দমদমা ও বারাকপুর মহকুমা. | বারাসত। |
| | কালাগাছী মহকুমা ... | মগ্রা হাট। |
| | বশীরহাটমহকুমা ... | বাদুরিয়াবসাওন। |
| খুলনা ... | সদর মহকুমা ... | খুলনা। |
| | সাতক্ষীরা ঐ ... | সাতক্ষীরা। |
| | বাগির হাট ঐ .. | বাগির হাট। |

[ দ্বিতীয়বার প্রকাশিত। ]

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৪ নবেম্বর।—বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক আইনমতে যেং ব্যক্তির নামে কমিশান দেওয়া যাইবে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৮২ সালের ১৪ আইনের ৩৯২ ধারামতে তদ্বিষয়ে নিম্নলিখিত বিধি প্রণয়ন করিলেন।—

কোন আদালত বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক আইনের ৩১ ধারার (খ) প্রকরণ ও ১৫৮ ধারার (২) প্রকরণ অনুসারে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৫ অধ্যায়মতে স্থানীয় তদন্ত করিবার আজ্ঞা করিলে, জিলার কালেক্টর সাহেব তদর্থে আসিষ্টান্ট বা ডেপুটী কালেক্টরের নিম্নপদস্থ না হন এমত যে ব্যক্তিকে সময়েং নির্ব্বাচন করেন তাঁহার নামে কমিশান দেওয়া যাইবে।

আদালত কালেক্টর সাহেবের নামে উপদেশপত্র দিয়া তদন্ত করণের কার্য্য চালাইবার জন্য অবিলম্বে উপরোক্ত কোন যোগ্য ব্যক্তির নামোল্লেখ করিবার আদেশ করিবেন, ও যে ব্যক্তির নাম উল্লিখিত হয় তাঁহাকে কমিশান দেওয়া যাইবে।

এ, পি, মাকডনেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

---

[ দ্বিতীয়বার প্রকাশিত। ]

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৪ নবেম্বর।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫সালের ৮ আইনের ১০১ ধারার ১ প্রকরণমতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক তিনি এই আজ্ঞা করিলেন যে, মজফরপুর জিলার অন্তর্গত গদেশর পরগনার ও চকলাসাই ও বৎসালে তপ্পের বহিঃসীমার মধ্যে যে সমস্ত জমী আছে তাহার জরীপ ও স্বত্বের লিখন প্রস্তুত করা যায়।

জরীপে ও স্বত্বের লিখনে যাহাং লিখিতে হইবে তাহা এইং,—

প্রত্যেক জন ভূস্বামির নাম, ও তাঁহার স্বার্থের ভাব ও পরিমাণ।

উক্ত আইনের ১১ অধ্যায়ের অর্থকরণমত ভূস্বামির নিজ জমীর অবস্থান ও পরিমাণ ও সীমা।

প্রত্যেক জন প্রজার নাম।

তিনি যে শ্রেণীর অন্তর্গত অর্থাৎ মধ্যস্বত্বাধিকারী, মোকররী হারে ভূমি ভোগকারী রায়ত, দখলীস্বত্ববিশিষ্ট রায়ত, দখলীস্বত্বশূন্য রায়ত কিম্বা কোর্ফারায়ত কি না ও তিনি মধ্যস্বত্বাধিকারী হইলে কায়েমি মধ্যস্বত্বাধিকারী কি না ও তাঁহার মধ্যস্বত্ব থাকিতে তাঁহার খাজানা বৃদ্ধি হইতে পারে কি না।

তাঁহার ভোগকৃত ভূমির অবস্থান, পরিমাণ ও সীমা।

তাঁহার ভূম্যধিকারির নাম।

দেয় খাজানা।

যেরূপে খাজানা ধার্য্য হইয়াছে অর্থাৎ চুক্তিমতে, কি আদালতের আজ্ঞাক্রমে বা প্রকারান্তরে খাজানা ক্রমশঃ বৃদ্ধি হওবার যোগ্য খাজানা হইলে, যে সময়ে ও যে ক্রমে বৃদ্ধি হইবে।

প্রজাস্বত্বের বিশেষ কোন নিয়ম ও অনুষঙ্গ থাকিলে তাহা।

এ, পি, মাকডনেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

[ গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৫। ২৪ নবেম্বর।]

## JUDICIAL DEPARTMENT.

No. 3387A.

GRANT OF LEAVE TO MUNSIFS.—*The 11th November* 1885.—Baboo Sudhangsu Bhoosun Rai, Munsif of Sudharam, in the district of Noakholly, is allowed leave for one month and fourteen days, under rule 1, section 73, chapter V of the Civil Leave Code, with effect from the 7th October 1885.

Baboo Karunamoy Banerjee, Munsif of Purneah, is allowed sick leave for three months, under section 128, chapter X of the Civil Leave Code, with effect from the 9th November 1885.

F. B. PEACOCK,
*Chief Secy. to the Govt. of Bengal.*

## PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

ESTABLISHMENT.

*The 14th November* 1885.

*No.* 450.—*Leave.*—Mr. L. E. H. Yates, Locomotive Superintendent, is granted by the Secretary of State for India an extension of four months' leave on medical certificate, in continuation of the leave granted to him in Notification No. 185 of the 9th May 1885.

S. T. TREVOR, *Col.*, R.E.,
*Secy. to the Govt. of Bengal, P. W. Dept.*

## জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৩৯৮৭ A নম্বর।

মুনসেফদের ছুটী দিবার কথা।—১৮৮৫সাল ১১ নবেম্বর।—নওয়াখালী জিলার অন্তর্গত সুধারামের মুনসেফ শ্রীযুত বাবু সুধাংশুভূষণ রায় সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭৩ধারার ১ প্রকরণমতে ১৮৮৫ সালের ৭অক্টোবর তারিখ অবধি এক মাস চৌদ্দদিনের ছুটী পাইয়াছেন।

পুরণিয়ার মুনসেফ শ্রীযুত বাবু করুণাময় বন্দ্যোপাধ্যায় পীড়া প্রযুক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১২৮ ধারামতে ১৮৮৫ সালের ৯ নবেম্বর অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

এফ, বি, পীকক,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

## বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিস্তা বিষয়ক।

১৮৮৫ সাল ১৪ নবেম্বর।

৪৫০ নম্বর।—ছুটী।—লোকোমোটিব সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এল, ই, এচ, ইয়েটস্ সাহেব ১৮৮৫ সালের ৯ মে তারিখের ১৮৫ নম্বর বিজ্ঞাপনক্রমে যে ছুটী পান তদতিরিক্ত ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব চিকিৎসকের সার্টিফিকেটক্রমে তাঁহাকে আর চারি মাসের ছুটী দিয়াছেন।

এস, টি, ট্রেবর, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 24, 1885.

মঙ্গলবার, ১৮৮৫ সাল ২৪ নবেম্বর।

## PART IIA.

**Orders by the Licutenant-Governor of Bengal.**

দ্বিতীয় ক খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেন্টের আদেশ।

# ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

## MUNICIPAL AND LOCAL.

### NOTIFICATION.

*The* 10*th November* 1885.—It is notified for general information that the declaration, dated the 9th August 1884, published at page 869, Part I of the *Calcutta Gazette* of the 20th idem, regarding the acquisition of land by the South Suburban Municipality, required for the construction of a public road in the village of Sursoona, in the district of the 24-Pergunnahs, is hereby cancelled.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

### NOTIFICATION.

*The* 10*th November* 1885.—It is notified for general information that the declaration of the 31st March 1884, published at page 513, Part I of the *Calcutta Gazette* of the 9th April 1884, regarding the acquisition of land required for the construction of a dry earth shed in mohulla Chowdhury Gully, pergunnah Azimabad, in the district of Patna, is hereby cancelled.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

### NOTIFICATION.

*The* 11*th November* 1885.—Whereas a notification, dated the 15th August 1885, declaring the intention of the Lieutenant-Governor to confirm the bye-law reproduced below, which has been framed by the Commissioners of the Durbhunga Municipality under section 350 of Act III (B. C.) of 1884, was published in the *Calcutta Gazette* of the 26th idem, and whereas no objection has been raised to it, it is hereby notified that, in the exercise of the power conferred upon him by section 351 of Act III (B. C.) of 1884 and on the recommendation of the Commissioners of the Durbhunga Municipality made at a meeting, the Lieutenant-Governor confirms the said bye-law.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

*Bye-law.*

Whoever in contravention of a direction of the Commissioners, made under section 236 of Act III (B. C.) of 1884, erects, renews or repairs the external roof or wall of any hut or other building with grass, leaves, mats or other inflammable materials, or without the sanction of the Commissioners keeps any stack or heap of thatching grass, leaves or other inflammable materials within such limits as may be fixed by the Commissioners under section 236 of Act III (B. C.) of 1884, shall be liable to a fine not exceeding Rs. 50.

### NOTIFICATION.

*The* 12*th November* 1885.—The following gentlemen are appointed to be members of the Committee for the management of the charitable dispensary at Bhaggakool in the district of Dacca:—

Baboo Sita Nath Rai.
" Binod Lal Rai.
" Mukunda Lal Rai.

Baboo Radhika Lal Rai.
" Harendra Lal Rai.
" Nanda Lal Rai.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

[ *Government Gazette,* 24*th November* 1885. ]

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আদেশ।

---

## মুনিসিপল ও স্থানীয়।

---

### বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১০ নবেম্বর।—সাধারণের অবগত্যর্থে এই সংবাদ দেওয়া যাইতেছে যে চব্বিশ পরগনা জিলার অন্তর্গত সর্ষুনা গ্রামে সাধারণের পথ করিবার নিমিত্ত প্রয়োজনীয় দক্ষিণ শহরতলীর মুনিসিপালিটী কর্ত্তৃক ভূমিগ্রহণ বিষয়ক ১৮৮৪ সালের ২৬ আগস্ট তারিখের গবর্ণমেন্ট বাঙ্গলা গেজেটের ২ খণ্ডের ৮৫৩ পৃষ্ঠায় প্রকাশিত ঐ মাসের ৯ তারিখের বিজ্ঞাপন এতদ্দ্বারা রহিত করা গেল।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

### বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১০ নবেম্বর।—সাধারণের অবগত্যর্থে এই সংবাদ দেওয়া যাইতেছে যে, পাটনা জিলার অন্তর্গত আজিমাবাদ পরগনার চৌধুরী গলী মহল্লায় শুষ্ক মৃত্তিকা রাখিবার ঘর প্রস্তুত করণার্থে প্রয়োজনীয় ভূমি গ্রহণ বিষয়ক ১৮৮৪ সালের ১৫ আপ্রিল তারিখের গবর্ণমেন্ট বাঙ্গলা গেজেটের ২ খণ্ডের ৩৮৩ পৃষ্ঠায় প্রকাশিত ১৮৮৪ সালের ৩১ মার্চ্চ তারিখের বিজ্ঞাপন এতদ্দ্বারা রহিত করা গেল।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

### বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১১ নবেম্বর।—১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ৩৫০ ধারামতে দ্বারভঙ্গা মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রণীত নিম্নলিখিত উপবিধি দৃঢ়ীকরণার্থে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৮৫ সালের ১৫ আগস্ট তারিখের এক বিজ্ঞাপন ঐ মাসের ২৬ তারিখের কলিকাতা গেজেটে প্রকাশ করা গেলেও তৎসম্বন্ধে কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ৩২১ ধারাক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে র্য্য করিয়া ও দ্বারভঙ্গা মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধক্রমে তিনি উক্ত উপবিধি দৃঢ় করিলেন।

জে, ওয়ার, এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

### উপবিধি।

যে কোন ব্যক্তি ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২৩৬ ধারামতে কমিশ্যনরদের কৃত আজ্ঞা লঙ্ঘন করিয়া কোন ঘরের বা কোটার চাল বা ছাদ কিম্বা প্রাচীর খড়, পাতা, দরমা বা আশুজ্বলনশীল অন্য দ্রব্য দিয়া ছায় বা করে বা নূতন করিয়া ছায় বা করে বা মেরামত করে কিম্বা ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২৩৬ ধারামতে কমিশ্যনরেরা যে সীমা নির্দ্দেশ করেন সেই সীমার মধ্যে কমিশ্যনরদের অনুমতি বিনা চাল ছাইবার খড়, পাতা বা আশুজ্বলনশীল অন্য দ্রব্য গাদা করিয়া রাখে তাহার ৫০৲ পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

---

### বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১২ নবেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা ঢাকা জিলার অন্তর্গত ভাগ্যকুলস্থ দাতব্য ঔষধালয়ের কার্য্যনির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।—

| | |
|---|---|
| শ্রীযুত বাবু সীতানাথ রায়। | শ্রীযুত বাবু রাধিকালাল রায়। |
| ,, ,, বিনোদলাল রায়। | ,, ,, হরেন্দ্রলাল রায়। |
| ,, ,, মুকুন্দলাল রায়। | ,, ,, নন্দলাল রায়। |

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[ গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৫। ২৪ নবেম্বর। ]

NOTIFICATION.

*The* 12*th November* 1885.—It is hereby notified that, under section 27, Act III (B.C.) of 1884, the Lieutenant-Governor is pleased to appoint Surgeon W. Beatson to be a Commissioner for the municipality of Monghyr, *vice* Dr. H. Whitwell, transferred.

J. WARE EDGAR.
*Offg. Secy. to the Govt. of Bengal.*

NOTIFICATION.

*The* 12*th November* 1885.—It is hereby notified that the Lieutenant-Governor is pleased to appoint, under section 27 of Act III (B.C.) of 1884, Baboo Radhica Narain Ghose to be a Commissioner of the North Barrackpore Municipality, *vice* Mr. A. Cooke.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

NOTIFICATION.

*The* 13*th November* 1885.—It is hereby notified that, under section 27, Act III (B.C.) of 1884, the Lieutenant-Governor appoints Baboo Mohendra Nath Bhattacharjya to be a Commissioner of the Jamalpore Municipality, in the district of Mymensingh, *vice* Baboo Huricharan Guha, resigned.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

NOTIFICATION.

*The* 13*th November* 1885.—It is hereby notified that, under section 59 of Act III (B.C.) of 1884, the Lieutenant-Governor approves the election by the Commissioners of the English Bazar Municipality, in the district of Maldah, of Assistant Surgeon Poorno Chunder Singh to be their Chairman, *vice* Baboo Mohesh Chandra Sen, resigned.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

NOTIFICATION.

*The* 14*th November* 1885.—Whereas a notification was published at page 3, Part IB of the *Calcutta Gazette* of the 19th August 1885, declaring the Lieutenant-Governor's intention to extend the provisions of Part IX of the Bengal Municipal Act III (B.C.) of 1884 to the Arrah Municipality, in the district of Shahabad, and whereas no objection has been raised to such extension within one month from the date of the publication of the notification within the municipality, it is hereby notified for general information that, in the exercise of the powers conferred upon him by section 221 of the Act, and in compliance with the recommendation of the Commissioners of the said municipality, made at a meeting, the Lieutenant-Governor directs that Part IX of the Act be extended to the municipality with effect from the 1st January next.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

NOTIFICATION.

*The* 14*th November* 1885.—It is hereby notified for general information that, in the exercise of the power vested in the Local Government by rule 17 of the rules under section 9 of Act VIII of 1881, the Lieutenant-Governor is pleased to appoint the Commissioner of Police and the Deputy Commissioner of Police, Calcutta, to be the officers to grant license for the possession and transport of petroleum (other than dangerous petroleum, in quantities exceeding 40 gallons) within the municipality of the suburbs of Calcutta.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

[ *Government Gazette,* 24*th November* 1885. ]

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১২ নবেম্বর।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ডাক্তর শ্রীযুত এচ, উইটোয়েল সাহেব স্থানান্তরে প্রেরিত হওয়াতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সর্জ্জন শ্রীযুত ডবলিউ বিটসন সাহেবকে ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২৭ ধারামতে মুঙ্গের মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত করিলেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১২ নবেম্বর।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত এ, কুক সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব শ্রীযুত বাবু রাধিকানারায়ণ ঘোষকে ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২৭ ধারামতে উত্তর বারাকপুর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত করিলেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৩ নবেম্বর।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত বাবু হরিচরণ গুহ কর্ম্ম ত্যাগ করাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ ভট্টাচার্য্যকে ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২৭ ধারামতে ময়মনসিংহ জিলার অন্তর্গত জামালপুর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত করিলেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৩ নবেম্বর।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত বাবু মহেশচন্দ্র সেন পদ ত্যাগ করাতে তৎপরিবর্ত্তে মালদহ জিলার অন্তর্গত ইংলিস বাজার মুনিসিপালিটীর কমিশ্যনরেরা আসিষ্টাণ্ট সর্জ্জন শ্রীযুত পূর্ণচন্দ্র সিংহকে আপনাদের সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ৫৯ ধারামতে তাহা অনুমোদন করিলেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৪ নবেম্বর।—শাহাবাদ জিলার অন্তর্গত আরা মুনিসিপালিটীতে বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ৯ পরিচ্ছেদের বিধান প্রচলিত করণার্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক এক বিজ্ঞাপন ১৮৮৫ সালের ১৯ আগষ্ট তারিখের কলিকাতা গেজেটের ১ ক খণ্ডের ও পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত বিজ্ঞাপন উক্ত মুনিসিপালিটীতে প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে তৎপ্রচলন সম্বন্ধে কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি উক্ত আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধক্রমে তিনি উক্ত আইনের ৯ পরিচ্ছেদের বিধান আগামী ১ জানুয়ারি তারিখ অবধি উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত হইবার আজ্ঞা করিলেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৪ নবেম্বর।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ১৮৮১ সালের ৮ আইনের ৯ ধারামতে প্রণীত বিধির ১৭ ধারাক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া কলিকাতার পোলীসের কমিশ্যনর ও ডেপুটী কমিশ্যনর সাহেবকে কলিকাতার সহরতলীর মুনিসিপালিটীর মধ্যে (৪০ গ্যালনের অধিক পরিমিত আশঙ্কাজনক পেট্রোলীয়ম ছাড়া) পেট্রোলীয়ম রাখিবার ও চালান করিবার জন্য লাইসেন্স দিবার কর্ত্তৃপক্ষের পদে নিযুক্ত করিলেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ নবেম্বর।]

DECLARATION.

*The* 11*th November* 1885.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the municipality of Tumlook for a public purpose, viz. for extending the municipal market at Tumlook, in the village of Bazar Sankarara, pergunnah Tumlook, zillah Midnapore, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 1 bigah and 5 cottahs of standard measurement is required. The land is bounded on the south by Roma Nath Kamar and Dina Nath Dhoba's jote land, on the east by the Roopnarain river, on the north by the municipal market, and on the west by the district road.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

DECLARATION.

*The* 11*th November* 1885.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the municipality of Tumlook for a public purpose, viz. for the improvement of the Ramsagar tank at Tumlook, in the village of Norpota, pergunnah Tumlook, zillah Midnapore, it is hereby declared that for the above purpose the undermentioned three pieces of land measuring, more or less, 6 cottahs and $11\frac{1}{8}$ chittacks are required. The boundaries of piece No. I which measures, more or less, 1 cottah and $10\frac{3}{4}$ chittacks, are as follows:—On the south by the Ramsagar road, on the east by a piece of land belonging to the Tumlook Municipality, on the north by the land in the possession of Shek Abdool, and on the west by municipal lands.

The boundaries of piece No. II which measures, more or less, 1 cottah and $12\frac{1}{5}$ chittacks, are as follows:—On the south by the Ramsagar road, on the east by a piece of land in the possession of the Tumlook Municipality, on the north by that of Kasimannesa, and on the west by that of Shek Maizudi.

The third piece which measures, more or less, 3 cottahs and $4\frac{1}{2}$ chittacks, is bounded on the south by the Ramsagar road, on the east by a piece of land in the possession of Kasimannesa, on the north by Shek Maizudi's tank and land, and on the west by the drain of the Ramsagar tank.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

DECLARATION.

*The* 14*th November* 1885.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Motihari Municipality for a public purpose, viz. for a road to connect the Motihari road with the Old Cutcherry road, passing east to the municipal market of Motihari, in the village of Motihari, pergunnah Majhowa, zillah Chumparun, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 7 cottahs of local measurement is required. The land is bounded on the north by the Old Cutcherry road, on the east by Mr. Edward's indigo field, on the south by Telyaputti tolah, and on the west by the municipal market.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

[*Government Gazette*, 24*th November* 1885.]

### বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১১ নবেম্বর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ মেদিনীপুর জিলার অন্তর্গত তমলুক পরগনার বাজার শঙ্করর‍া গ্রামে তমলুকস্থ মুনিসিপাল বাজার বৃদ্ধি করিবার জন্যে তমলুক মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কণ্টিমতে ন্যূনাধিক ১০কাঠা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির দক্ষিণ সীমা রঘুনাথ কামার ও দীননাথ ধোপার যোত জমী, পূর্ব্ব সীমা রূপনারায়ণ নদ, উত্তর সীমা মুনিসিপাল বাজার, এবং পশ্চিম সীমা জিলার পথ।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জেওয়ার এডগার
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

### বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১১ নবেম্বর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ মেদিনীপুর জিলার অন্তর্গত তমলুক পরগনার নরপোতা গ্রামে তমলুকস্থ রামসাগর পুষ্করিণীর উৎকর্ষ সাধনার্থ তমলুক মুনিসিপালিটীর অর্থ-ব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক।১ কাঠা ॥✓° ছটাক পরিমিত নিম্নলিখিত তিন খণ্ড ভূমির প্রয়োজন। ১ নং খণ্ড।—ন্যূনাধিক ⁄১॥✓৲ ছটাক পরিমিত, উহার সীমা এইঃ—দক্ষিণ সীমা—রামসাগরের পথ, পূর্ব্বসীমা তমলুক মুনিসিপালিটীর এক খণ্ড ভূমি, উত্তর সীমা সেখ আবদুলের দখলী ভূমি ও পশ্চিম সীমা মুনিসিপালিটীর ভূমি।

২ নং খণ্ড।—ন্যূনাধিক ⁄১৫৲ ছটাক পরিমিত, উহার সীমা এইঃ—দক্ষিণ সীমা রামসাগরের পথ পূর্ব্ব সীমা তমলুক মুনিসিপালিটীর দখলী এক খণ্ড ভূমি, উত্তর সীমা কাসীমন্নেসার ভূমি ও পশ্চিম সীমা সেখ মৈজুদীর ভূমি।

৩ নং খণ্ড।—ন্যূনাধিক ⁄৩।✓ ছটাক পরিমিত, উহার সীমা এইঃ—দক্ষিণ সীমা রামসাগরের পথ, পূর্ব্ব সীমা কাশিমন্নেসার দখলী এক খণ্ড ভূমি, উত্তর সীমা সেখ মৈজুদীর পুষ্করিণী ও ভূমি ও পশ্চিম সীমা রামসাগর পুষ্করিণীর পয়োনালা।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জে, ওয়ার. এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

### বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৪ নবেম্বর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ চাম্পারণ জিলার অন্তর্গত মাঝোয়া পরগনার মতিহারী গ্রামে মতিহারীর মুনিসিপাল বাজারের পূর্ব্বদিগগামী পুরাতন কাছারী পথের সহিত মতিহারী পথ সংযোগকারী পথ করণার্থে মতিহারী মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে স্থানীয় মাপের ন্যূনাধিক।২ কাঠা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা পুরাতন কাছারীর পথ পূর্ব্বসীমা এডওয়ার্ড সাহেবের নীলক্ষেত্র, দক্ষিণসীমা তেলিয়াপট্টী টোলা ও পশ্চিম সীমা মুনিসিপাল বাজার।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ নবেম্বর।]

## DECLARATION.

*The* 14*th November* 1885.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Motihari Municipality for a public purpose, viz. for the construction of a slaughter-house for the municipality in the village of Khodanagur, appertaining to mehal Motihari, pergunnah Majhowa, zillah Chumparun, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 5 cottahs of local measurement is required. The land is bounded on the north by Durbari Mungta's land, on the east by Mr. Edward's indigo field, on the south by Abdul Guffur Mungta's land; and on the west by Pirbux's land.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

## NOTIFICATION.

*The* 11*th November* 1885.—Mr. A. H. Rennie is re-appointed to be a member of the Sitamarhi Branch Road Committee in the district of Mozufferpore.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

## NOTIFICATION.

*The* 12*th November* 1885.—Mr. A. W. MacDonell is re-appointed to be Vice-Chairman of the Serajgunge Branch Road Committee.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

## NOTIFICATION.

*The* 13*th November* 1885.—Baboo Iswari Charu Mookerjee is re-appointed to be a member of the District Road Committee of Mozufferpore.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

## NOTIFICATION.

*The* 12*th November* 1885.—Whereas a notification, dated the 17th July 1885, was published at page 718, Part I of the *Calcutta Gazette* of the 22nd idem, declaring the intention of the Lieutenant-Governor to confirm an additional bye-law framed by the District Road Committee of Hooghly under section 180 of the Cess Act, IX (B.C.) of 1880, at a meeting, and whereas no objections have been raised to the bye-law, it is hereby notified for general information that it is confirmed.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

## NOTIFICATION.

### DISTRICT OF BURDWAN.

*The* 12*th November* 1885.—It is hereby notified that the District Road Committee of Burdwan have determined to levy road cess for the cess year, commencing from the 1st October 1885, at the maximum rate of six pies or two pice on each rupee of the annual value of lands, and the said rate having been approved by the Commissioner of the division is hereby published for general information.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

[*Government Gazette*, 24*th November* 1885.]

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৪ নবেম্বর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ চাম্পারণ জিলার অন্তর্গত মঝোয়া পরগনার মতিহারী মহালের সামিল গোদানগর গ্রামে মুনিসিপালিটীর নিমিত্ত কশাইখানা করিবার জন্য মতিহারী মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্নমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে স্থানীয় মাপের ন্যূনাধিক ।০ কাঠা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা দরবারী মাঙ্গটার ভূমি, পূর্ব্ব সীমা এড ওয়ার্ড সাহেবের নীল ক্ষেত্র, দক্ষিণ সীমা আবদুল গফুর মাঙ্গটার ভূমি ও পশ্চিম সীমা পীরবক্সের ভূমি।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্নমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১১ নবেম্বর।—শ্রীযুত এ, এচ, রেণী সাহেব মজফরপুর জিলার অন্তর্গত সীতামঢ়ীর শাখা পথ কমিটীর মেম্বরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্নমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১১ নবেম্বর।—শ্রীযুত এ, ডবলিউ, ম্যাকডনেল সাহেব শেরাজগঞ্জের শাখা পথ কমিটীর প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্নমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৩ নবেম্বর।—শ্রীযুত বাবু ঈশ্বরীচরণ মুখোপাধ্যায় মজফরপুর জিলার পথ কমিটীর মেম্বরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্নমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১২ নবেম্বর।—কর বিষয়ক ১৮৮০ সালের বঙ্গীয় ৯ আইনের ১৮০ ধারামতে হুগলী জিলার বিভাগ পথকমিটীর প্রণীত এক অতিরিক্ত উপবিধি দৃঢ়ী করণার্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৮৫ সালের ১৭ জুলাই তারিখের এক বিজ্ঞাপন ঐ মাসের ২০ তারিখের কলিকাতা গেজেটের প্রথম খণ্ডের ৭১৮ পৃষ্ঠার প্রকাশ করা গেলেও উক্ত উপবিধি সম্বন্ধে কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে ঐ উপবিধি দৃঢ় করা গেল।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্নমেণ্টের একটিং সেক্রেটরী।

---

বর্দ্ধমান জিলার

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১২ নবেম্বর।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৮৬ সালের অক্টোবর মাসের ১ তারিখের কর সম্পর্কীয় যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরে বর্দ্ধমান জিলার পথ কমিটী অত্যুচ্চ হারে অর্থাৎ ভূমির বার্ষিক মূল্যের উপর টাকাপ্রতি ৵১০ দুই পয়সা হারে পথকর আদায় করিতে স্থির করিয়াছেন, সেই হার দেশখণ্ডের কমিশ্যনর সাহেব অনুমোদন করাতে তাহা সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা প্রকাশ করা গেল।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্নমেণ্টের একটিং সেক্রেটরী

[গবর্নমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ নবেম্বর।]

NOTIFICATION.

*The 13th November* 1885.—Whereas a notification, dated the 3rd August 1885, was Published at page 810, Part I of the *Calcutta Gazette* of the 12th idem, declaring the intention of the Lieutenant-Governor to confirm certain bye-laws framed by the District Road Committee of Furreedpore, under section 180 of the Cess Act, IX (B.C) of 1880, at a meeting, and whereas no objections have been raised to those bye-laws, it is hereby notified for general information that they are confirmed.

J. WARE EDGAR,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

## বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৩ নবেম্বর।—করবিষয়ক ১৮৮০ সালের বঙ্গীয় ৯ আইনের ১৮০ ধারামত ফরীদপুর জিলার সভাগত পথকমিটীর প্রণীত কএকটী উপবিধি দৃঢ়ী করণার্থে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৮৫ সালের ৩ আগষ্ট তারিখের এক বিজ্ঞাপন ঐ মাসের ১২ তারিখের কলিকাতা গেজেটের প্রথম খণ্ডের ৮১০ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত উপবিধি সম্বন্ধে কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে ঐ উপবিধি দৃঢ় করা গেল।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের এক্টিং সেক্রেটরী।

# গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৫ সাল ২৪ নবেম্বর।

## চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

## ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

### ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ১৮৮৫ সালের ২২ অক্টোবর তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত করা হইয়াছে :—

১৮৮৫ সালের ১৮ নম্বর।

ভারতবর্ষীয় ট্রামওয়ে বিষয়ক ১৮৮৫ সালের আইনের পাণ্ডুলিপি।

---

### সূচীপত্র।

উপক্রমণিকা।

ধারা।

১। সংক্ষেপ নাম ও আরম্ভ।
২। স্থানীয় ব্যাপ্তি।
৩। অর্থকরণের কথা।

ট্রামওয়ে প্রস্তুত করিবার ক্ষমতাদানসূচক আজ্ঞার কথা।

৪। আজ্ঞা করিতে হইলে প্রার্থনার ও আবশ্যক সম্মতির কথা।
৫। কোন২ স্থলে স্থানীয় বা পথের কর্ত্তৃপক্ষের সম্মতি আবশ্যক না হইবার কথা।



The Indian Tramways Bill, 1885.

ধারা।

৬। আজ্ঞা করিবার কার্য্যপ্রণালীর কথা।
৭। আজ্ঞার মধ্যে যাহা২ থাকিবে, তাহার কথা।
৮। অন্য আজ্ঞার কথা।
৯। স্থানীয় কর্ত্তৃপক্ষদের দ্বারা সংক্ষিপ্তভাবে কার্য্য হইবার অনুমতি দিতে পারিবার কথা।
১০। আজ্ঞার প্রদত্ত ক্ষমতা রহিত করিবার কথা।

ট্রামওয়ে প্রস্তুত ও রক্ষা করিবার কথা।

১১। ট্রামওয়ে প্রস্তুত করিবার প্রণালীর কথা।
১২। ট্রামওয়ে খুলিবার পূর্ব্বে পরিদর্শনের কথা।
১৩। পথ মেরামত সম্বন্ধে পথের কর্ত্তৃপক্ষের ও অনুষ্ঠানকারীর মধ্যে নিয়মের কথা।

ট্রামওয়ের বাণিজ্যের কথা।

১৪। ট্রামওয়ের উপর অনুষ্ঠানকারীদের ও সাধারণের স্বত্বের কথা।
১৫। অনুষ্ঠানকারীরা বা ইজারদারেরা যে২ মাশুল আদায় করিতে পারিবেন তাহার কথা।
১৬। আশঙ্কাজনক বা ক্ষতিজনক মাল লইয়া যাইবার কথা।

ট্রামওয়ে ব্যবহার করিবার লাইসেন্সের কথা।

১৭। কোন২ কারণে ট্রামওয়ে ব্যবহার করিবার লাইসেন্স তৃতীয়পক্ষদিগকে দিবার কথা।

ধারা।

১৮। অনুষ্ঠানকারীকে বা ইজারদারকে লাইসেন্সধারীর বাণিজ্যের হিসাব দিবার কথা।

ট্রামওয়ে বন্ধ করিবার কথা।

১৯। ট্রামওয়ে বন্ধ করা গেলে অনুষ্ঠানকারী ও ইজারদারের ক্ষমতা রহিত হইবার কথা।

২০। অনুষ্ঠানকারীর ক্ষমতা রহিত হইলে পথের কর্ত্তৃপক্ষের ক্ষমতার কথা।

অনুষ্ঠানকারীর যোত্রহীনতার কথা।

২১। অনুষ্ঠানকারী যোত্রহীন হইলে কার্য্যপ্রণালীর কথা।

ট্রামওয়ে ক্রয় করিবার কথা।

২২। স্থানীয় কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক আনুষ্ঠানিক বিষয় ভবিষ্যতে ক্রয় করিবার কথা।

স্থানীয় কর্ত্তৃপক্ষদের ট্রামওয়ের কার্য্য চালাইবার কথা।

২৩। স্থানীয় কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক ট্রামওয়ে ইজারা দিবার বা তাহার কার্য্য চালাইবার কথা।

বিধির কথা।

২৪। বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

২৫। বিধিক্রমে দণ্ড ধার্য্য করিবার ক্ষমতার কথা।

২৬। বিধি প্রণয়ন ও প্রকাশ করিবার কার্য্যপ্রণালীর কথা।

অপরাধের কথা।

২৭। অনুষ্ঠানকারী, ইজারদার বা লাইসেন্সধারী আইন বা আজ্ঞা অনুসারে না চলিলে দণ্ডের কথা।

২৮। আপন ক্ষমতাক্রমে কার্য্যকালে অনুষ্ঠানকারীকে বাধা দিলে দণ্ডের কথা।

২৯। ট্রামওয়ের প্রতিবন্ধকতা করিলে দণ্ডের কথা।

৩০। ট্রামওয়েতে বিটতোলা চাকাযুক্ত গাড়ী ব্যবহার করিলে দণ্ডের কথা।

৩১। উপযুক্ত মাসুল ফাঁকি দিলে দণ্ডের কথা।

৩২। নোটিস না দিয়া আশঙ্কাজনক বা দুর্গন্ধজনক মাল লইয়া গেলে বা পাঠাইলে দণ্ডের কথা।

ধারা।

৩৩। লাইসেন্সধারী অনুষ্ঠানকারীকে বা ইজারদারকে বাণিজ্যের হিসাব না দিলে কিম্বা মিথ্যা হিসাব দিলে দণ্ডের কথা।

৩৪। অন্য আইনমত অভিযোগ সংরক্ষিত হইবার কথা।

বিবাদ নিষ্পত্তির কথা।

৩৫। অনুষ্ঠানকারী বা ইজারদারদের সহিত কর্ত্তৃপক্ষদের বিবাদের কথা।

মাসুল আদায়ের কথা।

৩৬। অনুষ্ঠানকারীর স্থানে ও কোন২ স্থলে ইজারদারের স্থানে পাওনা টাকা আদায় করিবার কথা।

৩৭। লাইসেন্সধারীদের স্থানে মাসুল আদায় করিবার কথা।

৩৮। আরোহীদের স্থানে মাসুল আদায় করিবার কথা।

সংরক্ষণের কথা।

৩৯। অনুষ্ঠানকারীর কেবল ব্যবহার স্বত্ব থাকিবার কথা।

৪০। ট্রামওয়ে যাইবার পথের উপর ক্ষমতা সংরক্ষণের কথা।

৪১। স্থানীয় কর্ত্তৃপক্ষের ও পোলীসের পথের বাণিজ্য নিয়মিত করিবার ক্ষমতা সংরক্ষণের কথা।

অতিরিক্ত বিধান।

৪২। সমুদয় হানির জন্য অনুষ্ঠানকারী, ইজারদার ও লাইসেন্সধারীদের দায়ী হইবার কথা।

৪৩। টাকা না থাকা ক্রটির উপযুক্ত কারণ না হইবার কথা।

৪৪। মুনিসিপাল টাক্স হইতে মুক্ত করিবার ক্ষমতার কথা।

৪৫। ট্রামওয়েতে স্থানীয় কর ও স্থানীয় কর্ত্তৃপক্ষদের প্রয়োগ করিবার কথা।

৪৬। বর্ত্তমান ট্রামওয়েতে আইন বর্ত্তাইবার কথা।

৪৭। রেলওয়ে আইনে "ট্রামওয়ে" শব্দের অর্থ।

৪৮। স্থানীয় গবর্ণমেন্টের ক্ষমতা অনুসারে সময়ে২ কার্য্য করিতে পারিবার কথা।

**ট্রামওয়ে প্রস্তুত করণের সুবিধা করিবার ও তাহার কার্য্য চালাইবার বিধান করিবার আইনের পাণ্ডুলিপি।**

ট্রামওয়ে প্রস্তুত করণের সুবিধা করা ও তাহার কার্য্য চালাইবার বিধান করা বাঞ্ছনীয়। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম ও আরম্ভ।

১ ধারা। (১) এই আইন ভারতবর্ষীয় ট্রামওয়ে বিষয়ক ১৮৮৬ সালের আইন নামে খ্যাত হইতে পারিবে; এবং

(২) ইহা অবিলম্বে বলবৎ হইবে।

স্থানীয় ব্যাপ্তি।

২ ধারা। (১) মন্ত্রিসভাধিষ্ঠিত মান্দ্রাজের শ্রীযুত গবর্ণর, মন্ত্রিসভাধিষ্ঠিত বোম্বাইর শ্রীযুত গবর্ণর, এবং বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশ ছাড়া ভারতবর্ষের সর্ব্বত্র এই আইন প্রথমতঃ বর্ত্তিবে।

(২) কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত মান্দ্রাজের শ্রীযুত গবর্ণর সাহেব, মন্ত্রিসভাধিষ্ঠিত বোম্বাইর শ্রীযুত গবর্ণর সাহেব, কিম্বা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া আপন শাসনাধীন দেশের সমুদয় বা কোন স্থানে এই আইন প্রচলিত করিতে পারিবেন।

অর্থ করণের কথা।

৩ ধারা। বিষয়ে বা পূর্ব্বাপর কথায় ভাবান্তর বোধ না হইলে, এই আইনে,

(১) "স্থানীয় কর্তৃপক্ষ" বলিতে মুনিসিপাল কমিটী, জিলা বোর্ড, বন্দরের কমিশ্যনরগণ কিম্বা মুনিসিপাল বা স্থানীয় ফণ্ডের কর্তৃত্ব বা কার্য্যাধ্যক্ষতা করিতে আইনমতে স্বত্ববান কিম্বা গবর্ণমেণ্টের স্থানে ঐরূপ কার্য্য করিবার ক্ষমতাপ্রাপ্ত অন্য কর্তৃপক্ষ বুঝাইবে।

(২) যে পথ, রাস্তা, অবাধবর্ত্ম, সরণি বা স্থান দিয়া বা পার হইয়া এই আইনসম্মত কোন ট্রামওয়ে স্থাপিত হয় বা হইবার অভিপ্রায় থাকে, "পথ" শব্দে তাহা বুঝাইবে, এবং তন্মধ্যে পথের পৃষ্ঠভাগ ও নিম্নস্থ জমী ও পদপথ ও নর্দ্দমা ও কোন পথের অংশস্বরূপ কোন সেতু, সাঁকো বা পুলও ধরা যাইবে।

(৩) কোন পথ সম্পর্কে "পথের কর্তৃপক্ষ" বলিতে,

(ক) কোন স্থানীয় কর্তৃপক্ষ ঐ পথ রক্ষা ও মেরামত করিলে, সেই কর্তৃপক্ষ বুঝাইবে;

(খ) কোন স্থানীয় কর্তৃপক্ষ ঐ পথ রক্ষা ও মেরামত না করিলে, এবং ঐ পথ শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি না বর্ত্তিলে, কিম্বা গবর্ণমেণ্ট কর্তৃক রক্ষা ও মেরামত করা না গেলে, যে ব্যক্তির প্রতি ঐ পথ বর্ত্তে, সেই ব্যক্তিকে বুঝাইবে; এবং

(গ) কোন স্থানীয় কর্তৃপক্ষ ঐ পথ রক্ষা ও মেরামত না করিলে, এবং উহা শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি বর্ত্তিলে, অথবা গবর্ণমেণ্ট কর্তৃক রক্ষা ও মেরামত করা গেলে, স্থানীয় গবর্ণমেণ্টকে বুঝাইবে।

(৪) কোন স্থানীয় কর্তৃপক্ষ বা পথের কর্তৃপক্ষ সম্বন্ধে "চক্র" শব্দে উক্ত কর্তৃপক্ষের কর্তৃত্বাধীন স্থান বুঝাইবে।

(৫) "ট্রামওয়ে" বলিতে ট্রামওয়ে বা ট্রামওয়ের কোন অংশ বা ট্রামওয়ের কোন সাইডিং, ঘুরিবার স্থান, সংযোগ স্থল, লাইন বা পথ বুঝাইবে।

(৬) "আজ্ঞা" শব্দে এই আইনমত ট্রামওয়ে প্রস্তুত করণের ক্ষমতাদানসূচক আজ্ঞা বুঝাইবে, এবং সেই আজ্ঞার পরিবর্ত্তে অথবা তাহা সংশোধন করিয়া বা তাহার ব্যাপ্তি বাড়াইয়া বা তাহা কিয়ৎ পরিমাণে বদলাইয়া অন্য যে আজ্ঞা করা যায়, তাহাও বুঝাইবে।

(৭) যে কোন স্থানীয় কর্তৃপক্ষের বা ব্যক্তির অনুকূলে আজ্ঞা করা যায়, "অনুষ্ঠানকারী" শব্দে সেই কর্তৃপক্ষ বা ব্যক্তিকে বুঝাইবে, এবং ট্রামওয়ে প্রস্তুত, রক্ষা ও ব্যবহার করিবার সম্বন্ধে এই আইন ও উক্ত আজ্ঞাক্রমে ও এই আইনমতে প্রণীত বিধিক্রমে অনুষ্ঠানকারীর প্রতি যে সকল স্বত্ব ও দায় বর্ত্তে, সেই সকল স্বত্ব ও দায় যে কোন স্থানীয় কর্তৃপক্ষের বা ব্যক্তির প্রতি বর্ত্তিয়াছে, সেই কর্তৃপক্ষ ও ব্যক্তিকেও বুঝাইবে।

(৮) ট্রামওয়ের কার্য্যের উপযোগী অনুষ্ঠানকারীর যে সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি তিনি উক্ত কার্য্যের নিমিত্ত ব্যবহার করেন, "আনুষ্ঠানিক বিষয়" শব্দে তৎসমুদয় গণ্য হইবে।

(৯) কোন ট্রামওয়েতে বাষ্পীয় বল কিম্বা অন্য কোন যান্ত্রিক বল প্রয়োগ করা গেলে, উক্ত বল উৎপন্ন করিবার নিমিত্ত ট্রামওয়েতে যে কোন এঞ্জিন চালান যায়, "গাড়ী" শব্দে তাহাও বুঝাইবে।

(১০) ট্রামওয়ে ব্যবহার সম্বন্ধে যে কোন খরচা আদায় করা যাইতে পারে, "মাশুল" শব্দে তাহা গণ্য হইবে।

(১১) কোন ট্রামওয়ে ব্যবহার করিবার ও অনুমোদিত মাশুল চাহিবার ও লইবার স্বত্বের ইজরা যে ব্যক্তিকে দেওয়া যায়, "ইজারদার" শব্দে সেই ব্যক্তিকে বুঝাইবে।

(১২) এই আইনমত জিলার মাজিষ্ট্রেট সাহেবের সকল বা কোন ক্ষমতাক্রমে কোন স্থানীয় চক্রের মধ্যে কর্ম্ম করিবার ক্ষমতা স্থানীয় গবর্ণমেণ্ট নামোল্লেখে বা পদোপলক্ষে যে কোন কার্য্যকারকের প্রতি অর্পণ করেন, "জিলার মাজিষ্ট্রেট সাহেব" শব্দে সেই কার্য্যকারককেও বুঝাইবে।

(১৩) "কালেক্টর সাহেব" শব্দে কোন জিলার রাজস্বসংক্রান্ত কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত প্রধান কার্য্যকারককে বুঝাইবে, এবং এই আইনমত কালেক্টর সাহেবের ক্ষমতাক্রমে কোন স্থানীয় চক্রের মধ্যে কর্ম্ম করিবার ক্ষমতা স্থানীয় গবর্ণমেণ্ট নামোল্লেখে বা পদোপলক্ষে যে কোন কার্য্যকারকের প্রতি অর্পণ করেন, সেই কার্য্যকারককেও বুঝাইবে।

(১৪) "নির্দ্দিষ্ট" শব্দে এই আইনমতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রণীত বিধিক্রমে নির্দ্দিষ্ট বুঝাইবে।

ট্রামওয়ে প্রস্তুত করিবার ক্ষমতাদানসূচক আজ্ঞার কথা।

আজ্ঞা করিতে হইলে প্রার্থনার ও আবশ্যক সম্মতির কথা।

৪ ধারা (১) (ক) যে পথ বা পথের অংশ দিয়া ট্রামওয়ে যাইবে, সেই পথের কর্তৃপক্ষ চক্রের স্থানীয় কর্তৃপক্ষ না হইলে, উক্ত পথ বা পথের অংশ সম্বন্ধে পথের কর্তৃপক্ষের সম্মতি সহকারে স্থানীয় কর্তৃপক্ষের প্রার্থনাক্রমে কিম্বা

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ নবেম্বর।]

(খ) স্থানীয় কর্ত্তৃপক্ষের সম্মতি সহকারে এবং উক্ত কর্ত্তৃপক্ষ যে পথ বা পথের অংশ দিয়া ট্রামওয়ে যাইবে সেই পথের কর্ত্তৃপক্ষ না হইলে, উক্ত পথ বা পথের অংশ সম্বন্ধে পথের কর্ত্তৃপক্ষের সম্মতি সহকারে কোন ব্যক্তির প্রার্থনাক্রমে,

স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত চক্রের ট্রামওয়ে প্রস্তুত করিবার ক্ষমতাদানসূচক আজ্ঞা করিতে পারিবেন;

কিন্তু প্রস্তাবিত ট্রামওয়ের অংশবিশেষ যে ভূমি দিয়া যাইবে, তাহা কোন মুনিসিপালিটীর বা সেনানিবেশ স্থানের সীমান্তর্গত না হইলে, স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি পূর্ব্বে না লইয়া উক্ত আজ্ঞা করিবেন না।

(২) প্রার্থনা করা বা সম্মতি দেওয়া স্থানীয় কর্ত্তৃপক্ষ নির্দ্দিষ্ট প্রকারে অনুমোদন করিয়া না থাকিলে, স্থানীয় কর্ত্তৃপক্ষ আজ্ঞা পাইবার নিমিত্ত প্রার্থনা করিবেন না, অথবা আজ্ঞা পাইবার নিমিত্ত কোন ব্যক্তি কর্ত্তৃক প্রার্থনা করিবার বিষয়ে সম্মতি দিয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে না।

কোন২ স্থলে স্থানীয় বা পথের কর্ত্তৃপক্ষের সম্মতি আবশ্যক না হইবার কথা।

৫ ধারা। দুই বা তদধিক চক্রে কোন ট্রামওয়ে স্থাপন করিবার প্রস্তাব করা গেলে, যদি চক্রবিশেষের কর্ত্তৃত্ব ভারপ্রাপ্ত স্থানীয় কর্ত্তৃপক্ষ বা পথের কর্ত্তৃপক্ষ তাহাতে সম্মত না হন, তাহা হইলে যদি স্থানীয় গবর্ণমেণ্ট অসম্মত কর্ত্তৃপক্ষের আপত্তি এবং উক্ত কর্ত্তৃপক্ষের চক্রে ট্রামওয়ে স্থাপন করিলে, সাধারণের যে উপকার হইবার সম্ভাবনা, তাহা বিবেচনা করিয়া তথায় ট্রামওয়ে প্রস্তুত করা বিহিত বোধ করেন, তবে উক্ত চক্রে ট্রামওয়ে প্রস্তুত করিবার ক্ষমতাদানসূচক আজ্ঞা করিতে পারিবেন।

আজ্ঞা করিবার কার্য্যপ্রণালীর কথা।

৬ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট কোন প্রার্থনাপত্র পাইলে, তাহা বিবেচনা করিয়া দেখিবেন, এবং তৎক্রমে কার্য্যানুষ্ঠান করা উচিত বোধ করিলে, রাজকীয় গেজেটে এবং স্বার্থযুক্ত ব্যক্তিদিগকে সম্বাদ দিবার নিমিত্ত আর যে প্রকারে উপযুক্ত বোধ করেন, সেই প্রকারে ট্রামওয়ে প্রস্তুত করিবার ক্ষমতাদানসূচক প্রস্তাবিত আজ্ঞার পাণ্ডুলেখ্য প্রকাশ করিবেন।

(২) ঐ পাণ্ডুলেখ্যের সহিত একটী নোটিস প্রকাশ করা যাইবে; তাহাতে এই কথা লেখা থাকিবে যে, প্রস্তাবিত আজ্ঞা সম্বন্ধে কোন ব্যক্তি যে কোন আপত্তি বা প্রস্তাব করিতে চাহেন, তাহা নোটিসের নির্দ্দিষ্ট তারিখে বা তৎপূর্ব্বে স্থানীয় গবর্ণমেণ্টের নিকট অর্পণ করা গেলে, গৃহীত ও বিবেচিত হইবে।

(৩) উক্ত নির্দ্দিষ্ট তারিখে বা তৎপূর্ব্বে পাণ্ডুলেখ্য সম্বন্ধে যে কোন আপত্তি বা প্রস্তাব করা যায়, তাহা বিবেচনা করিয়া দেখিয়া যদি স্থানীয় গবর্ণমেণ্টের এইরূপ মত হয় যে পরিবর্দ্ধন বা পরিবর্ত্তন সহকারে বা তদ্ব্যতীত অথবা কোন নিবন্ধন বা নিয়মাধীনে বা তদ্ব্যতিরেকে প্রার্থনা গ্রাহ্য করা উচিত, তাহা হইলে স্থির করিয়া আজ্ঞা করিতে পারিবেন।

(৪) ট্রামওয়ে প্রস্তুত করিবার ক্ষমতাদানসূচক প্রত্যেক আজ্ঞা রাজকীয় গেজেটে ইংরাজী ভাষায় ও অন্য কোন নির্দ্দিষ্ট ভাষা থাকিলে, সেই ভাষায় প্রকাশ করিতে হইবে, এবং উক্ত প্রকাশ করণই উক্ত আজ্ঞা এই ধারার আদেশমতে করা হইবার সিদ্ধান্ত প্রমাণ হইবে।

আজ্ঞার মধ্যে যাহা২ থাকিবে, তাহার কথা।

৭ ধারা। (১) ৬ ধারামতে কোন আজ্ঞা করা গেলে, তাহাতে তন্নির্দ্দিষ্ট অনুষ্ঠানকারীকে তল্লিখিত প্রকারে তল্লিখিত ট্রামওয়ে প্রস্তুত ও রক্ষা করিবার ক্ষমতা দেওয়া যাইবে, এবং যে সময়ের মধ্যে ট্রামওয়ে আরম্ভ করা যাইবে, ও যে সময়ের মধ্যে তাহা সম্পূর্ণ করিয়া সাধারণের বাণিজ্যার্থে খোলা যাইবে, তাহাও লেখা থাকিবে।

(২) উক্ত আজ্ঞাতে অন্যান্য বিষয়ের মধ্যে এই আইনসঙ্গত ভাবে নিম্নলিখিত সকল বা কোন বিষয়েরও বিধান থাকিবে, অর্থাৎ,

(ক) যে সময় অতীত হইবার পূর্ব্বে ট্রামওয়ে আরম্ভ করা যাইবে না, এবং যে২ নিয়মাধীনে স্থানীয় কর্ত্তৃপক্ষ নিজে অনুষ্ঠানকারী না হইলে, উক্ত সময়ের মধ্যে উক্ত আনুষ্ঠানিক বিষয় সম্বন্ধে অথবা আপনচক্রের অন্তর্গত উক্ত বিষয়ের অংশ সম্বন্ধে অনুষ্ঠানকারীর স্থান গ্রহণ করিতে পারিবেন, এবং যে সময়ের মধ্যে ও যে২ শর্ত্তে স্থানীয় কর্ত্তৃপক্ষ ট্রামওয়ে প্রস্তুত করা গেলে পর অনুষ্ঠানকারীকে উক্ত আনুষ্ঠানিক বিষয় অথবা আপন চক্রের অন্তর্গত উহার অংশ আপনার নিকট বিক্রয় করিবার আদেশ করিতে পারিবেন;

(খ) অনুষ্ঠানকারী ট্রামওয়ের কার্য্যের নিমিত্ত যে প্রকারে ভূমি গ্রহণ করিবেন, এবং গৃহীত ভূমি উক্ত কার্য্যে আর না লাগিলে, তাহা যে প্রকারে হস্তান্তর করিতে পারিবেন;

(গ) ট্রামওয়ে বা তাহার কোন অংশ প্রস্তুত বা রক্ষা করিবার নিমিত্ত যে২ নিয়মের অধীনে পথ খুলিতে ও ভাঙ্গিয়া ফেলিতে পারা যাইবে, এবং যে প্রণালীতে ও যে২ দ্রব্য দিয়া পথের পূর্ব্বাবস্থা করিয়া দিতে হইবে, এবং কার্য্যারম্ভের পূর্ব্বে স্থানীয় গবর্ণমেণ্ট বা পথের কর্ত্তৃপক্ষ প্রণালী ও দ্রব্য যে প্রকারে অনুমোদন করিবেন;

(ঘ) যে স্থলে সেতুর উপর দিয়া গাড়ী যাইবার পথ ট্রামওয়ের অংশস্বরূপ হইবে, অথবা যে স্থলে ট্রামওয়ে সমতলস্থ কোন রেলওয়ে বা অন্য কোন ট্রামওয়ে পার হইয়া যাইবে, সেই স্থলে যে২ নিয়মের অধীনে সেতুর উপর দিয়া বা রেলওয়ে বা ট্রামওয়ে পার করিয়া ট্রামওয়ে প্রস্তুত করা যাইতে পারিবে;

(ঙ) যে পথে ট্রামওয়ে প্রস্তুত করিতে হইবে, তাহার উভয় পার্শ্বে গাড়ী যাইবার পথের বহিঃপার্শ্ব ও ট্রামওয়ের নিকটস্থ রেল এই উভয়ের মধ্যে সামান্যতঃ যে ব্যবধান থাকিবে, এবং যে২ নিয়মের অধীনে অল্পতর ব্যবধানের অনুমতি দেওয়া যাইতে পারিবে;

(চ) যে মানে ট্রামওয়ে করিতে হইবে, যে রেল ব্যবহার করিতে হইবে ও যে প্রণালীতে ও যে সমতলে ঐ রেল স্থাপন ও রক্ষা করিতে হইবে, এবং রেলে, তাহার অবস্থানে ও তন্নিম্নস্থ আধারে স্থানীয় গবর্ণমেণ্ট যে উৎকর্ষসাধনের আদেশ করেন, অনুষ্ঠানকারির যে প্রকারে সেই উৎকর্ষসাধন গ্রহণ করিয়া প্রয়োগ করিতে হইবে;

(ছ) ট্রামওয়ে যে বা যেই২ পথ দিয়া যায়, তাহার যে অংশ অনুষ্ঠানকারীর মেরামত করিয়া রাখিতে হইবে, ঐ বা ঐ২ পথের উক্ত অংশ স্থানীয় গবর্ণমেণ্টের বা পথের কর্তৃপক্ষের বা উভয়ের সন্তোষজনক ভাবে অনুষ্ঠানকারীর যে প্রকারে রক্ষা করিতে হইবে, এবং স্থানীয় গবর্ণমেণ্ট সাধারণের নির্ব্বিঘ্নতা ও সুবিধা নিমিত্ত ট্রামওয়ের যেই২ উৎকর্ষসাধন আবশ্যক বা বাঞ্ছনীয় জ্ঞান করেন, স্থানীয় গবর্ণমেণ্টের আদেশক্রমে সময়ে২ তাহা গ্রহণ করিয়া প্রয়োগ করিবার এবং ঐ বা ঐ২ পথের ভবিষ্যতে যে কোন পরিবর্ত্তন করা যায়, তাহার উপযোগী করিয়া ট্রামওয়ের অবস্থান বা সমতল পরিবর্ত্তন করিবার বিষয়ে অনুষ্ঠানকারীর যে দায়িত্ব থাকিবে ;

(জ) ট্রামওয়ে প্রস্তুত বা রক্ষা করিতে অনুষ্ঠানকারী যে দ্রব্য খুড়িয়া তুলেন, তাহা যে প্রকারে প্রয়োগ করিতে হইবে ;

(ঝ) আজ্ঞায় যাহা২ নির্দ্দিষ্ট ও অনুমোদিত হয়, তদতিরিক্ত ট্রামওয়ের কার্য্য ভাল করিয়া চালাইবার নিমিত্ত সময়ে২ আবশ্যক বা সুবিধাজনক যেই২ ক্রসিং, পাসিং প্লেস, সাইডিং, জংসন ও অন্য বিষয়ের বিধান করিতে হইবে ;

(ঞ) ট্রামওয়ের অধিকৃত ভূমিতে যে সকল মলনালা, নর্দ্দমা, টেলিগ্রাফের তার কিম্বা গ্যাসের বা জলের নল থাকে, তৎসম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্ট, স্থানীয় কর্তৃপক্ষ, পথের কর্তৃপক্ষ বা কোন ব্যক্তি সময়ে২ যেই২ ক্ষমতা চালাইতে পারিবেন ; ঐ২ ক্ষমতা চালাইবার অভিপ্রায়ে নোটিস দিতে হইলে যে নোটিস দিতে হইবে ; যে প্রকারে ঐ২ ক্ষমতা চালাইতে হইবে ; এবং ঐ২ ক্ষমতা চালাইতে গিয়া যে পরিমাণে ট্রামওয়ের উপর ও তদ্দ্বারা বাণিজ্যের উপর হস্তক্ষেপ করা যাইতে পারিবে ;

(ট) যেই২ নিয়মের অধীনে অনুষ্ঠানকারী সময়ে২ মলনালা বা প্রধান নর্দ্দমা ভিন্ন নর্দ্দমার কিম্বা টেলিগ্রাফের তারের কিম্বা গ্যাসের কিম্বা জলের নলের উপর হস্তক্ষেপ করিতে পারিবেন, অথবা তাহার অবস্থান পরিবর্ত্তন করিতে বা পরিবর্ত্তন করিবার আদেশ দিতে পারিবেন ;

(ঠ) ট্রামওয়ের কোন অংশ যে পথে স্থাপিত হইয়াছিল, কোন কার্যের দ্বারা সেই পথের পরিবর্ত্তন ঘটায়, ট্রামওয়ের ঐ অংশ উঠাইয়া ফেলা গেলে, বা উহার ব্যবহার বন্ধ হইয়া থাকিলে, ঐ অংশের পরিবর্ত্তে কিয়ৎকালীন ট্রামওয়ের যে বিধান করিতে হইবে ;

(ড) ট্রামওয়ের উপর যে বেগবল প্রয়োগ করিতে হইবে, এবং যেই২ নিয়মের অধীনে বাষ্পীয় বল বা অন্য কোন যান্ত্রিক বল প্রয়োগ করা যাইতে পারিবে ;

(ঢ) ট্রামওয়ের উপর যেই২ গাড়ী ব্যবহার করিতে হইবে, তাহা যে প্রকারের ও যে আয়তনের হইবে ও তাহার আসবাব ও সাজ সরঞ্জাম যে প্রকারের হইবে, এবং স্থানীয় গবর্ণমেণ্টের বা স্থানীয় কর্তৃপক্ষের কার্য্যকারক তাহার যেরূপ পরিদর্শন ও পরীক্ষা করিবেন, এবং স্থানীয় গবর্ণমেণ্ট গাড়ীতে ও তাহার আসবাব ও সাজ সরঞ্জামে যেরূপ উৎকর্ষসাধন করা সাধারণের নির্ব্বিঘ্নতা ও সুবিধা নিমিত্ত আবশ্যক বা বাঞ্ছনীয় জ্ঞান করেন, স্থানীয় গবর্ণমেণ্টের আদেশক্রমে তাহা গ্রহণ করিয়া প্রয়োগ করিতে অনুষ্ঠানকারীর বা ইজারদারের যে দায়িত্ব থাকে ;

(ণ) যে দ্রব্যাদি ট্রামওয়েতে লইয়া যাওয়া যাইতে পারিবে যে দ্রব্যাদি অনুষ্ঠানকারী বা ইজারদার লইয়া যাইতে বাধ্য থাকিবেন, এবং যে দ্রব্যাদি তিনি লইয়া যাইতে অস্বীকার করিতে পারিবেন ; অনুষ্ঠানকারী বা ইজারদার যে২ মাসুল আদায় করিতে পারিবেন, ও স্থানীয় গবর্ণমেণ্ট নিয়মিত কালান্তরে তাহার যে সংশোধন করিবেন, এবং দ্রব্যাদি লইয়া যাইবার ও মাসুল আদায় করিবার যে বিধান করিতে হইবে ;

(ত) স্থানীয় কর্তৃপক্ষ আপন গাড়ী লইয়া নির্দ্দিষ্ট কার্য্যের নিমিত্ত নির্দ্দিষ্ট ঘণ্টার মধ্যে বিনা মাসুলে ট্রামওয়ের যে ব্যবহার করিতে পারিবেন, এবং আপন বাড়ী ও ট্রামওয়ের মধ্যে যাতায়াত করণার্থ আবশ্যক সাইডিং ও অন্য বিষয় নির্ম্মাণ করিবার যে ক্ষমতা উক্ত স্থানীয় কর্তৃপক্ষের থাকিবে ;

(থ) যেই২ নিয়মের অধীনে অনুষ্ঠানকারীর আনুষ্ঠানিক বিষয় বা তাহার কোন অংশ বিক্রয়, বন্ধক, পাট্টা বা বিনিময়ক্রমে বা প্রকারান্তরে হস্তান্তর করিতে পারিবেন ; এবং যেই২ নিয়মের অধীনে স্থানীয় কর্তৃপক্ষ হস্তান্তরক্রমে গ্রহীতা হইতে পারিবেন ;

(দ) আইনের বা আজ্ঞার আদেশমতে অনুষ্ঠানকারীর যে কোন কর্ম্ম করিতে হইবে, তাহা যে স্থলে স্থানীয় গবর্ণমেণ্ট বা স্থানীয় কর্তৃপক্ষ বা পথের কর্তৃপক্ষ করিবেন ; এবং

(ধ) আজ্ঞায় যে কোন নিয়ম বা আদেশ থাকে, অনুষ্ঠানকারী বা ইজারদার তদনুসারে কার্য্য না করিলে, যে দণ্ড হইবে, এবং দণ্ডের টাকা আদায় হইলে তাহা যেরূপে প্রয়োগ করিতে হইবে।

(৩) যে ট্রামওয়ের অনুষ্ঠানকারী কোন কোম্পানী নহেন, সেই ট্রামওয়ের নিমিত্ত ভূমি গ্রহণার্থ আজ্ঞায় বিধান করিবার সময়ে স্থানীয় গবর্ণমেণ্ট এইরূপ আদেশ করিতে পারিবেন যে, কোন কোম্পানী অনুষ্ঠানকারী হইলে, ট্রামওয়ের কার্য্যপক্ষে যে প্রকারে ও যেই২ নিয়মের অধীনে ভূমি গ্রহণ করা যাইতে পারে, সেই প্রকারে ও সেই২ নিয়মাধীনে ভূমিগ্রহণবিষয়ক ১৮৭০ সালের আইনের বিধানমতে অনুষ্ঠানকারীর নিমিত্ত ভূমি গ্রহণ করা যায়।

(৪) (ক) কোন স্থানীয় কর্তৃপক্ষ যে ট্রামওয়ের অনুষ্ঠানকারী, তৎসম্বন্ধে এই নিয়ম আজ্ঞায় উহ্য থাকিবে যে, তাহার ইজারা কেবল এই আইনের নির্দ্দিষ্ট প্রকারে দেওয়া যাইবে ; এবং

(খ) কোন স্থানীয় কর্তৃপক্ষ যে ট্রামওয়ের অনুষ্ঠানকারী নহেন, তৎসম্বন্ধে আজ্ঞায় এই নিয়ম উহ্য থাকিবে যে, তাহার ইজারায় কেবল ব্যবহার করিবার ও অনুমোদিত মাসুল চাহিবার ও লইবার স্বত্ব দেওয়া হইবে, এবং ট্রামওয়ে প্রস্তুত বা রক্ষা করিবার সম্বন্ধীয় অনুষ্ঠানকারীর কোন ক্ষমতা বা কর্ত্তব্যভার ইজারদারের প্রতি প্রদত্ত হইবে না।

৮ ধারা। (১) অনুষ্ঠানকারীর প্রার্থনাক্রমে স্থানীয় গবর্ণমেণ্ট অন্য এক আজ্ঞা দিয়া আজ্ঞা রহিত সংশোধন বা পরিবর্ত্তন করিতে বা তাহার ব্যাপ্তি বৃদ্ধি করিতে পারিবেন।

অন্য আজ্ঞার কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ নবেম্বর।]

(২) যে প্রকারে ও যেং নিয়মের অধীনে আজ্ঞা পাইবার প্রার্থনা করা হয়, অন্য এক আজ্ঞা পাইবার প্রার্থনাও সেই প্রকারে ও সেইং নিয়মের অধীনে করা যাইবে।

(৩) স্থানীয় গবর্ণমেণ্ট আপন বিবেচনামতে সেই প্রার্থনা গ্রাহ্য বা অগ্রাহ্য করিতে পারিবেন।

(৪) প্রার্থনা গ্রাহ্য করিলে, উক্ত গবর্ণমেণ্ট যে প্রকারে আজ্ঞা করেন, সেই প্রকারে সেই অন্য আজ্ঞা করিবেন; প্রভেদ এই যে, প্রার্থনাপত্রে স্বত্ব, ক্ষমতা ও শক্তির যে পরিবর্দ্ধন বা পরিবর্ত্তন চাহা হয়, তাহা অথবা তৎসংক্রান্ত নিয়ম বা নিবন্ধন অনুষ্ঠানকারীর লিখিত সম্মতি ব্যতিরেক ঐ অন্য আজ্ঞা দ্বারা করা বা ধার্য্য করা যাইবে না।

*স্থানীয় কর্তৃপক্ষদের দ্বারা সংস্থষ্টভাবে কার্য্য হইবার অনুমতি দিতে পারিবার কথা।*

৯ ধারা। (১) এই আইনের বিধানাধীনে ও তদনুসারে স্থানীয় গবর্ণমেণ্ট সংস্থষ্ট প্রার্থনাক্রমে অথবা দুই বা তদধিক স্বতন্ত্র প্রার্থনাক্রমে স্থির করিয়া দুই বা তদধিক স্থানীয় কর্তৃপক্ষকে সংস্থষ্টভাবে কোন ট্রামওয়ের সমস্ত প্রস্তুত করিবার অথবা স্বতন্ত্রভাবে তাহার ভিন্নং অংশ প্রস্তুত করিবার ও সংস্থষ্ট বা স্বতন্ত্রভাবে তৎসমস্ত বা তাহার অংশের মালিক হইবার ক্ষমতাদানসূচক আজ্ঞা করিতে পারিবেন।

(২) ট্রামওয়ে প্রস্তুত করণ সম্বন্ধীয় এই আইনের সমুদয় বিধান উক্ত ট্রামওয়ের সমস্ত ও তাহার স্বতন্ত্রং অংশ প্রস্তুত করণের প্রতি বিস্তৃত হইয়া বর্ত্তিবে, এবংস্থল বিশেষে অবস্থা বিবেচনায় আজ্ঞার আকার পরিবর্ত্তন করা যাইতে পারিবে।

*আজ্ঞায় প্রদত্ত ক্ষমতা রহিত হইবার কথা।*

১০ ধারা। (১) আজ্ঞাক্রমে ও ট্রামওয়ের প্রস্তুত করিবার ক্ষমতাপ্রাপ্ত অনুষ্ঠানকারী যদি

(ক) আজ্ঞায় নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ট্রামওয়ে প্রস্তুত করণ কার্য্য বস্তুতঃ আরম্ভ না করেন, অথবা

(খ) উহা প্রস্তুত করিতে আরম্ভ করিয়াও স্থানীয় গবর্ণমেণ্ট যাহা স্থগিত রাখিবার উপযুক্ত কারণ বিবেচনা করেন, তদ্রূপ কারণ বিনা ঐ প্রস্তুত করণকার্য্য স্থগিত করেন, কিম্বা

(গ) আজ্ঞায় নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ট্রামওয়ে সম্পূর্ণ করিয়া সাধারণের বাণিজ্যার্থে না খুলেন, তাহা হইলে নিম্নলিখিত ফল হইবে, অর্থাৎ,

১ ম, স্থানীয় গবর্ণমেণ্ট লিখিয়া বিশেষ আজ্ঞা দিয়া সময় বাড়াইয়া না দিলে, কিম্বা স্থগিত করণে সম্মতি না দিলে, আজ্ঞাক্রমে অনুষ্ঠানকারীর প্রতি ট্রামওয়ে প্রস্তুত করিবার ও তৎসংক্রান্ত অন্য কিছু করিবার যে ক্ষমতা প্রদত্ত হয়, সেই ক্ষমতা ট্রামওয়ের যে অংশ তৎকালে সম্পূর্ণ হইয়া থাকে, সেই অংশ ছাড়া অন্য অংশ সম্বন্ধে রহিত হইবে,

২ য়, ট্রামওয়ের যে অংশ তৎকালে সম্পূর্ণ হইয় থাকে, সেই অংশ সম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্ট আজ্ঞার প্রদত্ত ক্ষমতা থাকিবার অনুমতি দিতে বা না দিতে পারিবেন;

৩য়, স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত ক্ষমতা থাকিবার অনুমতি না দিলে, তৎকালে ট্রামওয়ের যে অংশ সম্পূর্ণ হইয়া থাকে, সেই অংশ সম্বন্ধে ট্রামওয়ে বন্ধ হইবার সম্বন্ধীয় এই আইনের বিধানমতে স্থানীয় গবর্ণমেণ্ট আপনার অবোধমতে যে ট্রামওয়ে বন্ধ হইবার প্রমাণ পান, তদ্রূপ ট্রামওয়ে বলিয়া কার্য্য করা যাইবে।

(২) বিজ্ঞাপনের নির্দ্দিষ্ট তারিখে কোন ট্রামওয়ে প্রস্তুত করণ কার্য্য বস্তুতঃ আরম্ভ করা হয় নাই, অথবা ট্রামওয়ে সম্পূর্ণ করিয়া সাধারণের বাণিজ্যার্থে খোলা হয় নাই, কিম্বা ট্রামওয়ে প্রস্তুত করণ কার্য্য উপযুক্ত কারণ বিনা স্থগিত করা হইয়াছে, স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করিলে, সেই বিজ্ঞাপন এই ধারার কার্য্যপক্ষে তল্লিখিত বিষয়ে সিদ্ধান্ত প্রমাণ হইবে।

ট্রামওয়ে প্রস্তুত ও রক্ষা করিবার কথা।

*ট্রামওয়ে প্রস্তুত করিবার প্রণালীর কথা।*

১১ ধারা। আজ্ঞায় যে প্রকারের বিধান থাকে ট্রাম-ওয়ে সেই প্রকারে প্রস্তুত ও রক্ষা করিতে হইবে।

*ট্রামওয়ে খুলিবার পূর্ব্বে পরিদর্শনের কথা।*

১২ ধারা। কোন ট্রামওয়ে বা ট্রামওয়ের অংশ কিম্বা বর্দ্ধিত বা সংযুক্ত অংশ এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্টে নিযুক্ত কোন ইঞ্জিনিয়র দেখিয়া উহা সাধারণ বাণিজ্য কার্য্যের উপযোগী বলিয়া সার্টিফিকেট না দিলে, উহা উক্ত কার্য্যার্থে খোলা হইবে না।

*পথ মেরামত সম্বন্ধে পথের কর্তৃপক্ষের ও অনুষ্ঠানকারীর মধ্যে নিয়মের কথা।*

১৩ ধারা। যে পথ দিয়া কোন ট্রামওয়ে যায়, পথের কর্তৃপক্ষ ও অনুষ্ঠানকারী সময়েং সেই সমস্ত পথ বা তাহার কোন অংশ মেরামত করিয়া রাখিবার সম্বন্ধে এবং উক্ত পথ বা অংশ মেরামত করিয়া রাখিবার খরচ তাঁহাদের প্রত্যেকের যেরূপ হারহারিমতে দিতে হইবে, তৎসম্বন্ধে নিয়ম করিতে পারিবেন।

ট্রামওয়ের বাণিজ্যের কথা।

*ট্রামওয়ের উপর অনুষ্ঠানকারীদের ও সাধারণের স্বত্বের কথা।*

১৪ ধারা। (১) কোন ট্রামওয়ের অনুষ্ঠানকারী এই ধারার ২ প্রকরণের বিধানের এবং এই আইনের ও আজ্ঞার অন্যান্য বিধানের নিয়মাধীনে ট্রামওয়ের উপর ফ্লাঞ্জহুইলওয়ালা অর্থাৎ কিটতোলা চাকাযুক্ত অথবা আজ্ঞার লিখিত প্রকারের রেলের উপর দিয়া চলিবার উপযোগী অন্যরূপ চাকাযুক্ত গাড়ী চালাইবার নিমিত্ত উক্ত ট্রামওয়ে অনন্যসাধারণভাবে ব্যবহার করিবেন।

কিন্তু কোন ট্রামওয়ে বা রেলওয়ে ব্যবহার করিবার ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তির যদি এরূপ স্বত্ব থাকে যে, ঐ ট্রামওয়ের বা রেলওয়ের রেলের উপর দিয়া চলিবার উপযোগী চাকাযুক্ত গাড়ী এই আইনমতে প্রস্তুত কোন ট্রামওয়ের উপর দিয়া আড় ভাবে লইয়া যাইতে পারিবেন, তাহা হইলে এই আইনের কিম্বা আজ্ঞার কিম্বা এই আইনমতে প্রণীত কোন বিধির কোন কথাক্রমে সেই স্বত্বের কোন বিঘ্ন হইবে না।

(২) যে পথ দিয়া বা পার হইয়া কোন ট্রামওয়ে গিয়াছে, সেই পথের কোন অংশ দিয়া বা পার হইয়া

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ নবেম্বর।]

বিটতোলা চাকাযুক্ত নহে, অথবা ট্রামওয়ের রেলের উপরদিয়া চলিবার উপযোগী চাকাবিশিষ্ট নহে, এরূপ গাড়ীতে ট্রামওয়ের উপর দিয়া বা নিকট দিয়া যাইবার স্বত্ব সাধারণের থাকিবে। কিন্তু

(ক) যে ভূমি অন্যান্যসাধারণ ভাবে অধিকার করিবার স্বত্ব অনুষ্ঠানকারী প্রাপ্ত হইয়াছেন, সেই ভূমির উপর ট্রামওয়ে প্রস্তুত করা গেলে, তৎপ্রতি এই প্রকরণ বর্ত্তিবে না, এবং

(খ) যদি স্থানীয় গবর্ণমেণ্ট বুঝেন যে, সাধারণের সুবিধার ব্যাঘাত হইবে না, তাহা হইলে আজ্ঞা দিয়া পথের পৃষ্ঠ দেশের উপরে উত্থিত রেলদ্বারা পথের কোন অংশে ট্রামওয়ে প্রস্তুত করিবার অনুমতি দিতে পারিবেন।

অনুষ্ঠানকারী বা ইজারদারেরা মাসুল আদায় করিতে পারিবেন, তাহার কথা।

১৫ ধারা। (১) অনুষ্ঠানকারী বা ইজারদার ট্রামওয়ে সম্বন্ধে আজ্ঞাক্রমে নির্দ্দিষ্ট বা নির্ণেয় সীমার অনধিক মাসুল চাহিতে ও লইতে পারিবেন, অথবা আজ্ঞায় তদ্বিষয়ের কোন বিধান না থাকিলে অনুষ্ঠানকারী বা ইজারদার স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণপূর্ব্বক সময়ে২ যে পরিমাণ মাসুল ধার্য্য করেন, তাহা চাহিতে ও লইতে পারিবেন।

(২) যে সকল মাসুল আদায় করিবার অনুমতি থাকে, তাহার তালিকা জিলার মাজিষ্ট্রেট সাহেব যে২ ভাষায় আদেশ করেন, সেই২ ভাষায় লিখিয়া ট্রামওয়েতে ব্যবহৃত প্রত্যেক গাড়ীর ভিতরের ও বাহিরের কোন সুপ্রকাশ স্থানে দেখাইতে হইবে।

আশঙ্কাজনক বা দুর্গন্ধজনক মাল লইয়া যাইবার কথা।

১৬ ধারা। (১) কোন ব্যক্তি কোন আশঙ্কাজনক বা দুর্গন্ধজনক মাল এই আইনমতে প্রস্তুত কোন ট্রামওয়ে দিয়া লইয়া যাইবে, অথবা লইয়া যাইবার আদেশ দিতে পারিবেন না।

(২) যে কোন ব্যক্তি ট্রামওয়ে দিয়া এরূপ মাল লইয়া যান, তিনি গাড়ীতে প্রবেশ করিবার পূর্ব্বে গাড়ীর অধ্যক্ষতা ভার প্রাপ্ত অনুষ্ঠানকারীর বা ইজারদারের চাকরের নিকট ঐ মাল যে প্রকারের তাহার নোটিস দিবেন।

(৩) যে ব্যক্তি ট্রামওয়ে দিয়া ঐরূপ মাল পাঠান, তিনি ঐ মাল যে বাক্সপ্রভৃতির ভিতর থাকে, তাহার বহির্ভাগে স্পষ্ট করিয়া ঐ মাল যে প্রকারের তাহা লিখিবেন, অথবা ঐ মাল ট্রামওয়ে দ্বারা পাঠাইবার নিমিত্ত অনুষ্ঠানকারীর বা ইজারদারের যে চাকরের নিকট রাখিয়া আসেন, সেই চাকরকে প্রকারান্তরে লিখিত নোটিস দিবেন।

(৪) অনুষ্ঠানকারীর বা ইজারদারের কোন চাকর কোন বাক্সপ্রভৃতিতে আশঙ্কাজনক বা দুর্গন্ধজনক মাল আছে সন্দেহ করিলে, ঐ বাক্সপ্রভৃতি ট্রামওয়ে দিয়া লইয়া যাইতে অস্বীকার করিতে পারিবেন; এবং এরূপ কোন বাক্সপ্রভৃতি ট্রামওয়ে দিয়া লইয়া যাইবার নিমিত্ত গৃহীত হইয়া থাকিলে, যাবৎ উহার ভিতর কিপ্রকারের দ্রব্য আছে এ বিষয়ে আপনার সন্তোষ না জন্মে, তাবৎ উহা চালান করা বন্ধ রাখিতে পারিবেন।

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫ ] ২৪ নবেম্বর। ]

### ট্রামওয়ে ব্যবহার করিবার লাইসেন্সের কথা।

কোন২ কারণে ট্রামওয়ে ব্যবহার করিবার লাইসেন্স তৃতীয় পক্ষদিগকে দিবার কথা।

১৭ ধারা। কোন চক্রে সাধারণের বাণিজ্যার্থে কোন ট্রামওয়ে বা ট্রামওয়ের অংশ তিন বৎসর খোলা গেলে পর কোন সময়ে যদি ঐ চক্রের স্থানীয় কর্ত্তৃপক্ষ স্থানীয় গবর্ণমেণ্টের নিকট লিখিয়া এইরূপ বর্ণনা করেন যে, সাধারণে উক্ত ট্রামওয়ে বা ট্রামওয়ের অংশ হইতে সম্পূর্ণ উপকার প্রাপ্ত হইতেছেন না, তাহা হইলে স্থানীয় গবর্ণমেণ্ট যেরূপ অনুসন্ধান লওয়া আবশ্যক বিবেচনা করেন, সেইরূপ অনুসন্ধান লইয়া উক্ত বর্ণনার সত্যতা সম্বন্ধে আপনার সন্তোষ জন্মিলে, কোন ব্যক্তিকে এই আইন ও আজ্ঞা ও এই আইনমতে প্রণীত বিধি অনুসারে ট্রামওয়ে ব্যবহার করিবার লাইসেন্স দিতে পারিবেন; কিন্তু নিম্নলিখিত বিধান মান্য করিতে হইবে, যথা,

(ক) উক্ত লাইসেন্স লাইসেন্সের তারিখ অবধি এক বৎসরের কম না হয় কিম্বা তিন বৎসরের অধিক না হয়, এরূপ কালের জন্য দিতে হইবে, কিন্তু স্থানীয় গবর্ণমেণ্ট আপন বিবেচনামতে উহা নূতন করিয়া দিতে পারিবেন;

(খ) উক্ত লাইসেন্স সাধারণের বাণিজ্যার্থে খোলা সমস্ত ট্রামওয়ে ব্যবহার করিবার জন্য অথবা লাইসেন্স দিবার কারণের প্রতি দৃষ্টি রাখিয়া স্থানীয় গবর্ণমেণ্ট যেরূপ উচিত বোধ করেন, তদনুসারে ঐ ট্রামওয়ের কোন এক বা অধিক অংশ ব্যবহার করিবার জন্য দেওয়া যাইবে;

(গ) লাইসেন্সে এই২ কথা বিশেষ করিয়া লেখা থাকিবে, যথা, লাইসেন্সধারী ট্রামওয়ের উপর কত খান গাড়ী চালাইবেন, যে প্রকারে ও যে২ সময়ে ঐ সকল গাড়ী চালাইতে হইবে, ট্রামওয়ে ব্যবহার করিবার নিমিত্ত অনুষ্ঠানকারীকে বা ইজারদারকে লাইসেন্সধারীর যে২ মাসুল দিতে হইবে, এবং অনুষ্ঠানকারী বা ইজারদার তৎকালে যে২ মাসুল আদায় করিতে পারেন, তদ্রূপ যে মাসুল লাইসেন্সধারী তাঁহার গাড়ী ব্যবহার নিমিত্ত চাহিতে ও লইতে পারিবেন;

(ঘ) লাইসেন্সধারী এবং তাঁহার কর্ম্মচারীরা ও চাকরেরা এতদর্থে অনুষ্ঠানকারীর বা ইজারদারের স্থানে উপযুক্তরূপে ক্ষমতাপ্রাপ্ত এক ব্যক্তিকে সমস্ত পথ বা তাহার কিয়দংশ ট্রামওয়ের উপর চালিত লাইসেন্সধারীর প্রত্যেক গাড়ীর ভিতর বা উপর বিনা মাসুলে যাইতে দিবেন, এবং

(ঙ) স্থানীয় গবর্ণমেণ্ট লাইসেন্স রহিত, পরিবর্ত্তন বা রূপান্তর করিবার যে কোন কারণ উপযুক্ত জ্ঞান করেন, সেই কারণে উক্ত লাইসেন্স রহিত, পরিবর্ত্তন বা রূপান্তর করিতে পারিবেন।

অনুষ্ঠানকারীকে বা ইজারদারকে লাইসেন্সধারীর বাণিজ্যের হিসাব দিবার কথা।

১৮ ধারা। এতদর্থে অনুষ্ঠানকারীর বা পাট্টাদারের স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ম্মচারী বা চাকর চাহিলে, লাইসেন্সধারী ট্রামওয়ের উপর যে কোন বা প্রত্যেক গাড়ী ব্যবহার করেন, তাহাতে যে আরোহী লইয়া যান, তাহাদের সংখ্যা ও যে সকল মাল লইয়া যান, তাহার সংখ্যা বা পরিমাণ লিখিয়া লাইসেন্সধারীর স্বাক্ষরিত একটী ঠিক হিসাব উক্ত কর্ম্মচারী বা চাকরকে দিবেন।

### ট্রামওয়ে বন্ধ করিবার কথা ।

ট্রামওয়ে বন্ধ করা গেলে অনুষ্ঠানকারী ও ইজারদারের ক্ষমতা রহিত হইবার কথা ।

১৯ ধারা । সাধারণের বাণিজ্যার্থে কোন ট্রামওয়ে খুলিবার পর কোন সময়ে স্থানীয় গবর্ণমেণ্টের মতে ট্রামওয়ে বন্ধ করিবার যাহা উপযুক্ত কারণ হয়, তদ্রূপ কারণ বিনা উক্ত ট্রামওয়ের বা উহার কোন অংশের কার্য্য তিন মাস কাল বন্ধ করা হইয়াছে, স্থানীয় গবর্ণমেণ্টের হৃদ্বোধমতে ইহা সপ্রমাণ হইলে, উক্ত স্থানীয় গবর্ণমেণ্ট উচিত বোধ করিলে, রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া প্রকাশ করিতে পারিবেন যে, ঐরূপে যে ট্রামওয়ে বা ট্রামওয়ের অংশ বন্ধ করা হইয়াছে, তৎসম্বন্ধে অনুষ্ঠানকারী ও ইজারদার থাকিলে ইজারদারের ক্ষমতা বিজ্ঞাপনের তারিখ অবধি বিলুপ্ত হইবে । তাহা হইলে এই আইনের বিহিত প্রকারে স্থানীয় কর্ত্তৃপক্ষ যে পরিমাণে ঐ ক্ষমতা ক্রয় করিয়া লইতে পারেন, তদ্ব্যতীত উক্ত ক্ষমতা রহিত ও বিলুপ্ত হইবে ।

অনুষ্ঠানকারীর ক্ষমতা রহিত হইলে পথের কর্ত্তৃপক্ষের ক্ষমতার কথা ।

২০ ধারা । (১) ১৯ ধারামতে কোন বিজ্ঞাপন প্রকাশ করা গেলে, পথের কর্ত্তৃপক্ষ বিজ্ঞাপনের তারিখ অবধি দুই মাস অতীত হইবার পর কোন সময়ে উক্তরূপে বন্ধ থাকা ট্রামওয়ে বা ট্রামওয়ের অংশ উঠাইয়া ফেলিয়া তাহার উপাদান পথের পূর্ব্বাবস্থা করিবার নিমিত্ত ব্যবহার করিতে পারিবেন ।

(২) ট্রামওয়ে বা তাহার অংশ উঠাইয়া ফেলিতে ও পথের পূর্ব্বাবস্থা করিতে পথের কর্ত্তৃপক্ষের যে খরচ পড়ে, অনুষ্ঠানকারী উক্ত কর্ত্তৃপক্ষকে সেই খরচ দিবেন ।

(৩) পথের কর্ত্তৃপক্ষের এক জন কর্ম্মচারী খরচের সার্টিফিকেট দিবেন, এবং তাঁহার সার্টিফিকেটে জিলার মাজিষ্ট্রেট সাহেব ক্রোড় স্বাক্ষর করিলে, ঐ সার্টিফিকেট যে খরচ পড়িয়াছে, তৎসম্বন্ধে সিদ্ধান্ত প্রমাণ হইবে ।

(৪) অনুষ্ঠানকারীর নিকট ঐ সার্টিফিকেট বা তাহার নকল দিলে পর তিনি এক মাস মধ্যে ঐ সার্টিফিকেটমত টাকা না দিলে, পথের কর্ত্তৃপক্ষ উক্ত টাকা আদায়ের নিমিত্ত অন্য যে উপায় অবলম্বন করিতে পারেন, তাহার বিঘ্ন না করিয়া ও অনুষ্ঠানকারীকে পূর্ব্বে কোন নোটিস না দিয়া, উঠাইয়া ফেলা ট্রামওয়ে বা ট্রামওয়ের অংশের যে উপাদান পথের পূর্ব্বাবস্থা করিতে ব্যবহার করেন নাই তাহা প্রকাশ্য নীলামে বা আপোষে যে ব্যক্তির বা ব্যক্তিদের নিকট যত টাকা লইয়া উচিত বোধ করেন, বিক্রয় করিয়া হস্তান্তর করিতে পারিবেন ; এবং বিক্রয়োৎপন্ন টাকা হইতে পূর্ব্বোক্ত খরচের ও বিক্রয়ের খরচার টাকা দিতে ও লইতে পারিবেন, এবং বিক্রয়োৎপন্ন টাকার কিছু অবশিষ্ট থাকিলে, অনুষ্ঠানকারীকে দিবেন ।

### অনুষ্ঠানকারীর যোগ্যহীনতার কথা ।

অনুষ্ঠানকারী যোগ্যহীন হইলে কার্য্যপ্রণালীর কথা ।

২১ ধারা । (১) কোন চক্রে সাধারণের বাণিজ্যার্থে কোন ট্রামওয়ে খুলিবার পর কোন সময়ে ঐ চক্রের পথের কর্ত্তৃপক্ষের বা স্থানীয় কর্ত্তৃপক্ষের যদি এরূপ বোধ হয় যে, ট্রামওয়ের অনুষ্ঠানকারী যোগ্যহীন বলিয়া ট্রামওয়ে রক্ষা করিতে কিম্বা সাধারণের সুবিধামত চালাইতে অক্ষম, এবং যদি ঐরূপ কোন কর্ত্তৃপক্ষ স্থানীয় গবর্ণমেণ্টের নিকট সেই মর্ম্মের বর্ণনা করেন, তাহা হইলে স্থানীয় গবর্ণমেণ্ট যেরূপ অনুসন্ধান লওয়া আবশ্যক বিবেচনা করেন, সেইরূপ অনুসন্ধান লইবার পর উক্ত বর্ণনার সত্যতা সম্বন্ধে আপনার হৃদ্বোধ জন্মিলে, রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া প্রকাশ করিতে পারিবেন যে, উক্ত বিজ্ঞাপন প্রকাশিত হওয়ার সময়াবধি ৬ মাস অতীত হইলে, অনুষ্ঠানকারীর ক্ষমতা বিলুপ্ত হইবে; এবং এই আইনের বিহিত প্রকারে স্থানীয় কর্ত্তৃপক্ষ উক্ত ক্ষমতা যে পরিমাণে ক্রয় করিয়া লইতে পারেন, তদ্ভিন্ন অনুষ্ঠানকারীর ক্ষমতা উক্ত কাল গত হইলে রহিত ও বিলুপ্ত হইবে ।

(২) ১ প্রকরণমতে বিজ্ঞাপন প্রকাশ করা গেলে, পথের কর্ত্তৃপক্ষ উক্ত বিজ্ঞাপনের তারিখ অবধি ৬ মাস অতীত হইবার পর কোন সময়ে ২০ ধারামতে ট্রামওয়ে উঠাইবার যেরূপ ঘটে, সর্ব্বতোভাবে সেইরূপে ও উঠাইবার খরচা দিবার সম্বন্ধে সেইরূপ বিধানের নিয়মাধীনে ও খরচা আদায়ের সেইরূপ উপায় অবলম্বন করিয়া উক্ত ট্রামওয়ে উঠাইয়া ফেলিতে পারিবেন ।

### ট্রামওয়ে ক্রয় করিবার কথা ।

স্থানীয় কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক আনুষ্ঠানিক বিষয় ভবিষ্যতে ক্রয় করিবার কথা ।

২২ ধারা । (১) কোন চক্রে ট্রামওয়ের অনুষ্ঠানকারী স্থানীয় কর্ত্তৃপক্ষ না হইলে, স্থানীয় কর্ত্তৃপক্ষ স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণ পূর্ব্বক

(ক) আজ্ঞায় এতদর্থে যে সময় লিখিত থাকে, সেই সময়ের মধ্যে, কিম্বা

(খ) আজ্ঞায় কোন সময় লিখিত না থাকিলে, আজ্ঞার তারিখ অবধি ২১ বৎসর গত হইবার পর ৬ মাসের মধ্যে ও পরবর্ত্তী প্রত্যেক ৭ বৎসর গত হইবার পর ৬ মাসের মধ্যে, কিম্বা

(গ) ১৯ ধারামত বিজ্ঞাপন প্রকাশিত হইবার পর ২ মাসের মধ্যে কিম্বা ২১ ধারামত বিজ্ঞাপন প্রকাশিত হইবার পর ৬ মাসের মধ্যে,

লিখিত নোটিস দিয়া অনুষ্ঠানকারীর প্রতি এই আদেশ দিতে পারিবেন যে, তিনি স্থানীয় কর্ত্তৃপক্ষের নিকট আপনার আনুষ্ঠানিক বিষয় অথবা উক্ত স্থানীয় কর্ত্তৃপক্ষের চক্রের অন্তর্গত ঐ বিষয়ের অংশ বিক্রয় করেন । তাহা হইলে অনুষ্ঠানকারী আজ্ঞার লিখিত শর্ত্তে ঐ বিষয় বিক্রয় করিবেন, অথবা আজ্ঞায় শর্ত্ত লিখিত না থাকিলে, ঐ আনুষ্ঠানিক বিষয়ের বা উহার অংশের তৎকালিক মূল্য দিবার শর্ত্তে বিক্রয় করিবেন ; তদতিরিক্ত আনুষ্ঠানিক বিষয়ের ভূত বা ভবিষৎ মুনফা বিবেচনার কোন টাকা অথবা বলপূর্ব্বক বিক্রয় হেতুক বা অন্য কারণে ক্ষতিপূরণ পাইবেন।

(২) ১ প্রকরণমত আদেশ করণ স্থানীয় কর্ত্তৃপক্ষ নির্দ্দিষ্ট প্রকারে অনুমোদন না করিলে, ঐ আদেশ করা যাইবে না ।

(৩) এই ধারামতে বিক্রয় করা গেলে, বিক্রীত আনুষ্ঠানিক বিষয় বা তাহার অংশ সম্বন্ধীয় অনুষ্ঠানকারীর সমুদয় স্বত্ব, ক্ষমতা ও শক্তি কিম্বা ১৯ বা ২১ ধারামতে বিজ্ঞাপন প্রকাশ করা গিয়া থাকিলে, বিক্রীত আনুষ্ঠানিক বিষয় বা তাহার অংশ সম্বন্ধে বিজ্ঞাপন প্রকাশিত

হইবার পূর্ব্বের অনুষ্ঠানকারীর সমুদয় স্বত্ব, ক্ষমতা ও শক্তি, যে কর্ত্তৃপক্ষের নিকট আনুষ্ঠানিক বিষয় বা তাহার অংশ বিক্রীত হইয়াছে, সেই কর্ত্তৃপক্ষের প্রতি হস্তান্তরিত হইয়া এই আইনমত আজ্ঞাক্রমে উক্ত কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক ট্রামওয়ে প্রস্তুত করা গেলে, যেরূপে বর্ত্তিত সেইরূপে বর্ত্তিবে ও তদনুসারে উক্ত কর্ত্তৃপক্ষ কার্য্য করিতে পারিবেন।

(৪) এই ধারায় পূর্ব্বে যে বিধান করা গেল, তাহার নিয়মাধীনে ও তদনুসারে দুই বা তদধিক স্থানীয় কর্ত্তৃপক্ষ সংসৃষ্ট ভাবে কোন আনুষ্ঠানিক বিষয় অথবা আপনাদের চক্রের অন্তর্গত তাহার অংশ ক্রয় করিতে পারিবেন।

স্থানীয় কর্ত্তৃপক্ষদের ট্রামওয়ের কার্য্য চালাইবার কথা।

২৩ ধারা। (১) কোন স্থানীয় কর্ত্তৃপক্ষ আজ্ঞানুযায়ী ক্ষমতাক্রমে কোন ট্রামওয়ে সম্পূর্ণ করিলে, অথবা এই আইনের বা কোন আজ্ঞার বিধানমতে কোন ট্রামওয়ের অধিকার গ্রহণ করিলে, স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদিত পাট্টাক্রমে ট্রামওয়ে ব্যবহার করিবার ও অনুমোদিত মাসুল চাহিবার ও লইবার স্বত্ব কোন ব্যক্তির নিকট ইজারা দিতে পারিবেন।

স্থানীয় কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক ট্রামওয়ে ইজারা দিবার বা তাহার কার্য্য চালাইবার কথা।

(২) কোন ইজারা শেষ হইলে, স্থানীয় কর্ত্তৃপক্ষ সময়েং ঐ স্বত্ব স্থানীয় গবর্ণমেণ্ট অতিরিক্ত যতকাল ও যেং নিয়ম অনুমোদন করেন, সেই কালের নিমিত্ত সেই নিয়মাধীনে ইজারা দিতে পারিবেন।

(৩) এই ধারামত প্রত্যেক ইজারায় এইরূপ নিয়ম আছে বুঝিতে হইবে যে, ইজারা দিবার পর কোন সময়ে স্থানীয় গবর্ণমেণ্টের হৃদ্বোধমতে যদি ইহা সপ্রমাণ হয় যে, স্থানীয় গবর্ণমেণ্ট ট্রামওয়ে বন্ধ করিবার যাহা উপযুক্ত কারণ বিবেচনা করেন, তদ্রূপ কারণ বিনা ইজারদার ইজারা দেওয়া ট্রামওয়ের বা তাহার কোন অংশের কার্য্য তিন মাস কাল বন্ধ রাখিয়াছেন, তাহা হইলে ইজারা দেওয়া সম্পত্তিতে পুনঃ প্রবেশ করা যাইবে।

(৪) স্থানীয় কর্ত্তৃপক্ষের ইজারা দিবার অভিপ্রায়ের নোটিশ নির্দ্দিষ্ট প্রকারে দিতে হইবে।

(৫) স্থানীয় কর্ত্তৃপক্ষ ট্রামওয়ের নিমিত্ত যাহা উপযুক্ত খাজানা বিবেচনা করেন, ইজারা দিয়া তাহা পাইতে না পারিলে, স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণ পূর্ব্বক উক্ত গবর্ণমেণ্ট যে কালের আদেশ করেন, সেই কালের নিমিত্ত নিজে ট্রামওয়েতে গাড়ী রাখিতে ও চালাইতে পারিবেন ও গাড়ীর ব্যবহার উপলক্ষে অনুমোদিত মাসুল চাহিতে ও লইতে পারিবেন।

বিধির কথা।

২৪ ধারা। (১) এই আইনমতে স্পষ্টতঃ বা ভাবতঃ বিধি প্রণয়ন করিবার অন্য যে কোন ক্ষমতা প্রদত্ত হইয়া থাকে, তদতিরিক্ত স্থানীয় গবর্ণমেণ্ট এই আইনের সঙ্গত করিয়া নিম্নলিখিত বিষয় সম্বন্ধে বিধি প্রণয়ন করিতে পারিবেন, অর্থাৎ,

বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

(ক) ৬ ধারামতে আজ্ঞা পাইবার প্রার্থনা করিতে হইবে, তৎসম্বন্ধে;

(খ) আজ্ঞার নিমিত্ত প্রার্থকের যে খরচা দিতে হইবে এবং যে সময়ে ও যে স্থানে ঐ খরচা দিতে হইবে, তৎসম্বন্ধে;

(গ) ৬ ধারার (৪) প্রকরণমতে আজ্ঞা প্রকাশিত হইবার কিম্বা ৮ ধারামতে অন্য আজ্ঞা করিবার পূর্ব্বে আমানতস্বরূপ প্রার্থকের যে টাকা দিতে বা সিকুরিটী দাখিল করিতে হইবে; ঐরূপ প্রদত্ত টাকা যেরূপে খাটাইতে হইবে; ঐরূপে যে টাকা বা সিকুরিটী দেওয়া, দাখিল করা বা খাটান যায় সময়েং তাহার প্রাপ্য সুদ বা ডিবিডেণ্ড লইয়া যেরূপে কার্য্য করিতে হইবে; অনুষ্ঠানকারীর কোন দায় শোধ করিবার নিমিত্ত ঐ টাকা বা সিকুরিটী বা তদুৎপন্ন টাকা যেরূপে প্রয়োগ করিতে হইবে, এবং উক্ত টাকা বা সিকুরিটী যেরূপে দণ্ড করা, শোধ করা বা ফিরাইয়া দেওয়া যাইবে, তৎসম্বন্ধে;

(ঘ) আজ্ঞা পাইবার প্রার্থকদের বা অনুষ্ঠানকারীদের যেং নকশা ও কার্য্যের সেকৃশন দাখিল করিতে হইবে, তৎসম্বন্ধে;

(ঙ) কোন ট্রামওয়েতে বাষ্পীয় বল বা অন্য কোন যান্ত্রিক বল প্রয়োগের বিধান সম্বন্ধে;

(চ) ৭ ধারার (২) প্রকরণের (গ), (ঘ), (ঙ), (ঞ) ও (ট) দফায় যে কোন বিষয় আজ্ঞাতে নির্দ্দিষ্ট হইতে পারিবার বিষয় বলিয়া লিখিত থাকে, উহাতে সেইবিষয়ের বিধান করা না হইয়া থাকিলে, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্টের বিবেচনায় সেই বিষয়ের কার্য্যকর বিধান করা না হইয়া থাকিলে, তৎসম্বন্ধে;

(ছ) যে কোন বিষয়ের বিধি এই ধারামতে কোন স্থানীয় কর্ত্তৃপক্ষ বা অনুষ্ঠানকারী বা ইজারদার প্রণয়ন করিতে পারেন, তৎসম্বন্ধে; এবং

(জ) সাধারণতঃ অন্য যে বিষয় বা বস্তু সম্বন্ধে এই আইন কার্য্যে পরিণত করণার্থ বিধি প্রণয়ন করা স্থানীয় গবর্ণমেণ্টের বিহিত বোধ হয়, তৎসম্বন্ধে।

(২) কোন স্থানীয় কর্ত্তৃপক্ষ সময়েং স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণ পূর্ব্বক এই আইন ও আজ্ঞার সহিত ও এই আইনমতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রণীত বিধির সহিত সঙ্গত করিয়া নিম্নলিখিত বিষয়ের, অর্থাৎ,

(ক) উক্ত স্থানীয় কর্ত্তৃপক্ষের চক্রের অন্তর্গত কোন ট্রামওয়েতে যত বেগে গাড়ী চালাইতে হইবে, তাহার;

(খ) ট্রামওয়েতে জন্তুবল প্রয়োগ করিবার;

(গ) যে ব্যবধানে ট্রামওয়ে ব্যবহারকারী গাড়ীর একখানির পর আর একখানি যাইতে দেওয়া হইবে, তাহার;

(ঘ) ট্রামওয়ে ব্যবহারকারী গাড়ী থামাইবার;

(ঙ) যেং পথ দিয়া বা পার হইয়া ট্রামওয়ে যায়, সেইং পথের বাণিজ্যে;

(চ) কোন গাড়ীতে যতজন আরোহী লইয়া যাওয়া যাইতে পারিবে, তাহার;

(ছ) অনুষ্ঠানকারীর বা ইজারদারের বা লাইসেন্সধারীর গাড়ীর ভারপ্রাপ্ত ড্রাইবর, চালক ও অন্য ব্যক্তিদের লাইসেন্স দিবার ও তত্ত্বাবধান করিবার; এবং

(জ) সাধারণতঃ, ট্রামওয়ে যে প্রকারে ব্যবহার করিতে হইবে, তাহার, বিধান করণার্থে বিধি প্রণয়ন করিতে পারিবেন।

(৩) ট্রামওয়ের অনুষ্ঠানকারী বা ইজারাদার সময়ে২ স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণ পূর্ব্বক এই আইনের ও আজ্ঞার ও এই আইনমতে প্রণীত বিধির সহিত সঙ্গত করিয়া,

(ক) তাঁহার কোন গাড়ীর ভিতরে বা উপরে অথবা তাঁহার বাটীর ভিতরে বা পার্শ্বে মলমূত্র ত্যাগ করা নিবারণার্থ, এবং

(খ) তাঁহার কোন গাড়ীতে গমন,গমনের বিধান করণার্থ

বিধি প্রণয়ন করিতে পারিবেন।

বিধিক্রমে দণ্ড ধার্য্য করিবার ক্ষমতার কথা।

২৫ ধারা। যে কর্তৃপক্ষ ২৪ ধারামতে কোন বিধি প্রণয়ন করেন, সেই কর্তৃপক্ষ এই রূপ আদেশ করিবেন যে ঐ বিধি লঙ্ঘন করিলে,

(ক) বিধিপ্রণয়নকারী কর্তৃপক্ষ স্থানীয় গবর্ণমেণ্ট হইলে দুই শত টাকা পর্য্যন্ত, এবং

(খ) উক্ত কর্তৃপক্ষ স্থানীয় কর্তৃপক্ষ বা অনুষ্ঠানকারী বা ইজারাদার হইলে, বিশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে; এবং ক্রমাগত লঙ্ঘন হইতে থাকিলে প্রথম দিনের পর যত দিন লঙ্ঘন হইতে থাকে, তাহার দিন প্রতি,

(গ) বিধিপ্রণয়নকারী কর্তৃপক্ষ স্থানীয় গবর্ণমেণ্ট হইলে, পঞ্চাশ টাকা পর্য্যন্ত, এবং

(ঘ) উক্ত কর্তৃপক্ষ স্থানীয় কর্তৃপক্ষ বা অনুষ্ঠানকারী বা ইজারাদার হইলে, পাঁচ টাকা পর্য্যন্ত,

অতিরিক্ত দণ্ড হইতে পারিবে।

বিধি প্রণয়ন ও প্রকাশ করিবার কার্য্যপ্রণালীর কথা।

২৬ ধারা। (১) এই আইনের কোন ধারামতে বিধি প্রণয়নের ক্ষমতা যে কোন কর্তৃপক্ষের থাকে, সেই কর্তৃপক্ষ বিধি প্রণয়ন করিবার পূর্ব্বে তদ্দ্বারা যে ব্যক্তিদের স্পৃষ্ট হইবার সম্ভাবনা তাঁহাদের অবগতি নিমিত্ত প্রস্তাবিত বিধির এক পাণ্ডুলেখ্য প্রকাশ করিবেন।

(২) স্থানীয় গবর্ণমেণ্টের প্রণীত বিধি হইলে, স্বার্থযুক্ত ব্যক্তিদিগকে সংবাদ দিবার নিমিত্ত উক্ত গবর্ণমেণ্টের বিবেচনায় যাহা উপযুক্ত বোধ হয় সেই প্রকারে, এবং স্থানীয় কর্তৃপক্ষের বা অনুষ্ঠানকারীর বা ইজারাদারের প্রণীত বিধি হইলে, নির্দ্দিষ্ট প্রকারে ঐ প্রকাশকরণ কার্য্য করা যাইবে।

(৩) ঐ পাণ্ডুলেখ্যের সহিত এক নোটিস প্রকাশ করিতে হইবে; তাহাতে প্রকাশ করণের তারিখের পর এক মাস অতীত হইবার পূর্ব্বে না হয় এরূপ এক তারিখ উল্লিখিত থাকিবে। সেই তারিখে বা তাহার পর উক্ত পাণ্ডুলেখ্য বিবেচনা করিয়া দেখা যাইবে।

(৪) ঐ উল্লিখিত তারিখের পূর্ব্বে পাণ্ডুলেখ্য সম্বন্ধে কোন ব্যক্তি যে কোন আপত্তি বা প্রস্তাব করেন, তাহা উক্ত কর্তৃপক্ষ গ্রহণ করিয়া বিবেচনা করিবেন।

(৫) এই আইনমতে প্রণীত বলিয়া কোন বিধি রাজকীয় গেজেটে প্রকাশ করা গেলে, ঐ প্রকাশ করণই ঐ বিধি যথানিয়মে প্রণীত হইবার সিদ্ধান্ত হইবে।

(৬) কোন স্থানীয় কর্তৃপক্ষ বা অনুষ্ঠানকারী বা ইজারাদার ২৪ ধারামতে যে কোন বিধি প্রণয়ন করেন, স্থানীয় গবর্ণমেণ্ট তাহা রহিত করিতে পারিবেন।

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৩। ২৪ নবেম্বর। ]

অপরাধের কথা।

অনুষ্ঠানকারী, ইজারাদার বা লাইসেন্সধারী আইন বা আজ্ঞা অনুসারে না চলিলে দণ্ডের কথা।

২৭ ধারা। কোন অনুষ্ঠানকারী

(ক) আজ্ঞা অনুসারে না হইয়া প্রকারান্তরে কোন ট্রামওয়ে প্রস্তুত বা রক্ষা করিলে;

(খ) ১২ ধারার আদিষ্ট প্রকারে কোন ট্রামওয়ে দেখিয়া সার্টিফিকেট দিবার পূর্ব্বে ঐ ট্রামওয়ে বাণিজ্যের জন্য খুলিলে বা খুলিবার অনুমতি দিলে; কিম্বা

(গ) আজ্ঞায় যে আদেশ বা নিয়ম উপেক্ষা বা লঙ্ঘনের জন্য স্পষ্ট দণ্ডের বিধান নাই, আজ্ঞার সেই আদেশ বা নিয়ম পালন না করিলে;

অথবা কোন অনুষ্ঠানকারী, ইজারাদার বা লাইসেন্সধারী আজ্ঞা অনুসারে না হইয়া প্রকারান্তরে ট্রামওয়ে দিয়া গাড়ী চালাইলে,

(এই আইনের কিম্বা আজ্ঞার আদেশ বিশেষরূপে পালন করাইবার পক্ষে কিম্বা দেওয়ানী আদালতে তাঁহার বিরুদ্ধে যে কোন প্রতিকার পাওয়া যাইতে পারে তাহার কোন হানি ব্যতিরেকে), তদ্দ্বারা যাঁহার অনিষ্ট হইয়াছে সেই স্থানীয় গবর্ণমেণ্টের বা স্থানীয় কর্তৃপক্ষের বা পথের কর্তৃপক্ষের বা ব্যক্তির নালিশক্রমে, তাঁহার দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, এবং ক্রমাগত অপরাধ হইতে থাকিলে প্রথম দিনের পর যত দিন অপরাধ হইতে থাকে তাহার দিন প্রতি আর পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

আপন ক্ষমতাক্রমে কার্য্যকালে অনুষ্ঠানকারীকে বাধা দিলে দণ্ডের কথা।

২৮ ধারা। অনুষ্ঠানকারীর কোন ট্রামওয়ে প্রস্তুত বা রক্ষা করিবার যে ক্ষমতা থাকে, তদনুসারে আইনমতে কার্য্য করিয়া তিনি অনুমতি দিলে, সেই অনুমতিক্রমে কর্ম্মকারী কোন ব্যক্তিকে কোন ব্যক্তি আইনমত হেতু বিনা ইচ্ছাপূর্ব্বক বাধা দিলে, কিম্বা ট্রামওয়ের লাইন আরম্ভ করিবার নিমিত্ত যে কোন চিহ্ন দেওয়া যায় তাহার হানি করিলে বা তাহা নষ্ট করিলে, তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। আইনমত হেতু যে ছিল, ইহা প্রমাণ করিবার ভার তাঁহার উপরই বর্ত্তিবে।

ট্রামওয়ের প্রতিবন্ধকতা করিলে দণ্ডের কথা।

২৯ ধারা। কোন ব্যক্তি আইনমত হেতু বিনা (ঐ হেতুর প্রমাণ ভার তাঁহারই উপর বর্ত্তিবে) যদি ইচ্ছাপূর্ব্বক নিম্নলিখিত কোন কার্য্য করেন অর্থাৎ,

(ক) এই আইনমতে প্রস্তুত কোন ট্রামওয়ের কিম্বা তৎসংক্রান্ত বিষয়ের কোন অংশের প্রতিবন্ধকতা করেন বা তাহা উঠাইয়া ফেলেন বা পরিবর্ত্তন করেন;

(খ) ঐরূপ কোন ট্রামওয়ের উপর অন্যভাবে কোন কাষ্ঠ, প্রস্তর, জঞ্জাল বা অন্য বস্তু রাখেন বা ফেলেন;

(গ) এপ্রকার কিছু করেন, যাহাতে ট্রামওয়ে ব্যবহারকারী কোন গাড়ীর প্রতিবন্ধকতা হয়; কিম্বা

(ঘ) (ক), (খ) বা (গ) প্রকরণের লিখিত কোন কার্য্য করিতে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অর্থমত সহায়তা বা উদ্যোগ করেন,

তাহা হইলে দেওয়ানী আদালতে তাঁহার বিরুদ্ধে অন্য যে কোন প্রতিকার পাওয়া যাইতে পারে, তাহার হানি ব্যতিরেকে তাঁহার একশত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

ট্রামওয়েতে বিটতোলা চাকাযুক্ত গাড়ী ব্যবহার করিলে দণ্ডের কথা।

৩০ ধারা। কোন ব্যক্তি অনুষ্ঠানকারীর নিকট ইজারা বা নিয়মপত্র না পাইয়া অথবা এই আইনমতে প্রদত্ত স্থানীয় গবর্ণমেণ্টের লাইসেন্স না পাইয়া ১৪ ধারায় যে প্রকারের অনুমতি আছে, তদ্ভিন্ন প্রকারে ট্রামওয়েতে বিটতোলা চাকাযুক্ত কিম্বা ট্রামওয়ের রেলের উপর দিয়া চলিবার উপযোগী অন্য প্রকার চাকাযুক্ত গাড়ী ব্যবহার করিলে, তাঁহার দুইশত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

উপযুক্ত মাসুল ফাকি দিলে দণ্ডের কথা।

৩১ ধারা। (১) অনুষ্ঠানকারীর বা ইজারদারের বা লাইসেন্সধারীর গাড়ীতে যে ব্যক্তি গমন করিতেছেন বা করিয়াছেন, তিনি মাসুল ফাকি দিলে, বা দিবার উদ্যোগ করিলে, অথবা কোন ব্যক্তি কিয়ৎ দূরের মাসুল দিয়া ইচ্ছাপূর্ব্বক তদতিরিক্ত পথ ঐরূপ কোন গাড়ীতে গমন করিলে, এবং ঐ অতিরিক্ত পথের নিমিত্ত অতিরিক্ত মাসুল না দিলে বা ফাকি দিবার উদ্যোগ করিলে, কিম্বা কোন ব্যক্তি যে স্থান পর্য্যন্ত মাসুল দেন, সেই স্থানে উপস্থিত হইয়া ইচ্ছাপূর্ব্বক গাড়ী ত্যাগ করিতে অস্বীকার বা উপেক্ষা করিলে, তাঁহার দশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবেক।

(২) যে ব্যক্তি এই ধারামত অপরাধ করেন, সেই ব্যক্তি অনুষ্ঠানকারীর, ইজারদারের বা লাইসেন্সধারীর কোন চাকরের কথাক্রমে আপন নাম ও বাসস্থান দিতে অস্বীকার করিলে, অথবা যে নাম বা বাসস্থান দেন, উক্ত চাকরের তাহা মিথ্যা বলিয়া বিশ্বাস করিবার কারণ থাকিলে, উক্ত চাকর অথবা সাহায্যার্থে ঐ চাকর যাঁহাকে ডাকেন, তিনি ঐ ব্যক্তিকে ধৃত করিয়া নিকটস্থ পোলীস থানায় লইয়া যাইতে পারিবেন।

(৩) ঐ ব্যক্তিকে পোলীস থানায় লইয়া যাওয়া গেলে, যতদূর কম বিলম্বে হইতে পারে, তাঁহাকে নিকটস্থ মাজিষ্ট্রেটের নিকট পাঠাইতে হইবে। কিন্তু তাঁহার প্রকৃত নাম ও বাসস্থান জানা গেলে, তিনি আদেশ পাইলে কোন মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইবেন, এই মর্ম্মের নিবন্ধপত্র লিখিয়া দিলে, তাঁহাকে ছাড়িয়া দেওয়া যাইবে

নোটিস না দিয়া আশঙ্কাজনক বা দুর্গন্ধজনক মাল লইয়া গেলে বা পাঠাইলে দণ্ডের কথা।

৩২ ধারা। কোন ব্যক্তি ১৬ ধারার আদেশমত নোটিস না দিয়া আশঙ্কাজনক বা দুর্গন্ধজনক কোন মাল ট্রামওয়ে দিয়া গেলে বা পাঠাইলে, তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

লাইসেন্সধারী অনুষ্ঠানকারীকে বা ইজারদারকে বাণিজ্যের হিসাব না দিলে, কিম্বা মিথ্যা হিসাব দিলে দণ্ডের কথা।

৩৩ ধারা। (১) কোন লাইসেন্সধারী চাহা গেলে ১৮ ধারার লিখিত হিসাব না দিলে, কিম্বা উক্ত ধারামতে তাঁহার প্রতি হিসাব দিবার আদেশ হইলে, মাসুল ফাকি দিবার অভিপ্রায়ে মিথ্যা হিসাব দিলে, তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

(২) লাইসেন্সধারী ট্রামওয়েতে যে বা যে গাড়ী ব্যবহার করেন, তদ্দ্বারা যে সকল আরোহী বা মাল লইয়া যাওয়া হয়, তৎসম্বন্ধে অনুষ্ঠানকারীকে বা ইজারদারকে লাইসেন্সধারীর যে কোন মাসুল দিতে হয়, উক্ত অর্থদণ্ড তদতিরিক্ত হইবে।

অন্য আইনমত অভিযোগ সংরক্ষিত হইবার কথা।

৩৪ ধারা। যে কোন কার্য্য বা ত্রুটি এই আইনমতে কিম্বা এই আইনক্রমে প্রণীত বিধিমতে অপরাধ হয়, তজ্জন্য অন্য কোন আইনমতে কোন ব্যক্তির নামে অভিযোগ হইবার অথবা এই আইনে কিম্বা এই আইনক্রমে প্রণীত বিধিতে যে দণ্ডের বা অর্থদণ্ডের বিধান আছে, সেই অন্য আইনমতে উক্ত ব্যক্তির তাহা হইতে অন্যতর বা উচ্চতর দণ্ড বা অর্থদণ্ড হইতে পারিবার কোন বাধা এই আইনের কোন কথাক্রমে হইবে না। কিন্তু একই অপরাধের নিমিত্ত কোন ব্যক্তির দুইবার দণ্ড হইবে না।

### বিবাদ নিষ্পত্তির কথা।

অনুষ্ঠানকারী বা ইজারদারদের সহিত কর্ত্তৃপক্ষদের বিবাদের কথা।

৩৫ ধারা। (১) এই আইন বা অন্য কোন আইন বা আজ্ঞামতে অথবা এই আইনক্রমে প্রণীত বিধিমতে কোন পক্ষের দ্বারা বা পক্ষে যে কোন হস্তক্ষেপ বা কর্ত্তৃত্ব করা হয়, বা করিবার দাওয়া হয়, তৎসম্বন্ধে, কিম্বা কোন কার্য্য করিবার ঔচিত্য বা প্রণালী সম্বন্ধে, কিম্বা অনুষ্ঠানকারীর বা ইজারদারের কিম্বা অনুষ্ঠানকারীকে বা ইজারদারকে যে ক্ষতি পূরণ দিতে হইবে, তৎসম্বন্ধে, অথবা কোন কার্য্য এ প্রকারের কি না যে তাহাতে স্থানীয় গবর্ণমেণ্ট বা পথের কর্ত্তৃপক্ষের বা উভয়ের যুক্তিসিদ্ধমতে সন্তুষ্ট হওয়া উচিত এই বিষয় সম্বন্ধে, অথবা এই আইনের বা আজ্ঞার বা এই আইনক্রমে প্রণীত বিধির অন্তর্গত বা নিহিত অন্য যে বিষয় বা বস্তু সম্বন্ধে প্রকারান্তরের স্পষ্ট বিধান নাই তৎ সম্বন্ধে, এক দিকে অনুষ্ঠানকারী বা ইজারদার ও অন্য দিকে স্থানীয় গবর্ণমেণ্ট বা স্থানীয় কর্ত্তৃপক্ষ বা পথের কর্ত্তৃপক্ষ কিম্বা মলনালা, নর্দ্দমা, টেলিগ্রাফের তার, গ্যাসের নল বা জলের নলের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কোন ব্যক্তি এই উভয়ের মধ্যে কোন বিবাদ উপস্থিত হইলে, বিবাদীয় বিষয় কোন পক্ষের প্রার্থনাক্রমে সালীসদ্বারা নিষ্পত্তি করা যাইবে।

(২) একদিকে অনুষ্ঠানকারী বা ইজারদার ও অন্য দিকে স্থানীয় গবর্ণমেণ্টস্বরূপ বা পথের কর্ত্তৃপক্ষস্বরূপ স্থানীয় গবর্ণমেণ্ট এই উভয়ের মধ্যে বিবাদ হইলে, যে জিলার আদালতের বিচারাধীন স্থানের মধ্যে ট্রামওয়ে থাকে, সেই জিলার আদালত অথবা ট্রামওয়ে একাধিক জিলার আদালতের বিচারাধীন স্থানের মধ্যে থাকিলে, যে জিলার আদালতের বিচারাধীন স্থানের মধ্যে ট্রামওয়ের অধিকাংশ থাকে, সেই জিলার আদালত সালীস হইবেন।

(৩) অন্যান্য স্থলে স্থানীয় গবর্ণমেণ্ট সালীস নিযুক্ত করিবেন।

(৪) সালীসের ক্ষমতা ও কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট করা যাইতে পারিবে।

(৫) সালীসের নিষ্পত্তি দ্বারা উভয় পক্ষ বাধ্য হইবেন ও তাঁহাদের সম্বন্ধে উহা সিদ্ধান্ত হইবে।

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ নবেম্বর।]

## মাসুল আদায়ের কথা।

অনুষ্ঠানকারীর স্থানে ও কোনং স্থলে ইজারদারের স্থানে পাওনা টাকা আদায় করিবার কথা।

৩৬ ধারা। নিম্নলিখিত কোন টাকা, অর্থাৎ, কোন ইজারদারের স্থানে কোন স্থানীয় কর্তৃপক্ষের পাওনা কোন খাজানা, কোন আজ্ঞাক্রমে কোন অনুষ্ঠানকারীর বা ইজারদারের স্থানে আদেয় কোন অর্থদণ্ড, সালীসের মীমাংসাপত্রক্রমে কোন অনুষ্ঠানকারীর বা ইজারদারের দেয় কোন টাকা, এই আইন বা আজ্ঞাক্রমে অনুষ্ঠানকারীর যে কোন কার্য্য করিতে হইবে বলিয়া আদেশ থাকে, এই আইনমতে স্থানীয় গবর্ণমেণ্টের বা স্থানীয় কর্তৃপক্ষের বা পথের কর্তৃপক্ষের সেই কর্ম্ম করিবার খরচ এবং এই আইনমতে ট্রামওয়ে উঠাইয়া ফেলিতে ও পথের পূর্ব্বাবস্থা করিতে যে কোন খরচ পড়ে তাহা, যে কর্তৃপক্ষের টাকা পাওনা হয়, সেই কর্তৃপক্ষ মোকদ্দমাক্রমে বা প্রকারান্তরে অন্য যে কোন প্রতিকার পাইতে পারেন, তাহার হানি না করিয়া এতদর্থে কালেক্টর সাহেবের নিকট প্রার্থনা করিয়া অনুষ্ঠানকারীর বা ইজারদারের অথবা তাঁহার কোন জামিন থাকিলে, সেই জামিনের দেনা ভূরাজস্বের বাকী টাকার ন্যায় আদায় করিয়া লইতে পারিবেন।

কিন্তু কালেক্টর সাহেব যে কোন পরওয়ানা দেন, সেই পরওয়ানা জারীক্রমে এই ধারার কোন কথাদ্বারা অনুষ্ঠানকারী বা ইজারদারকে বা তাঁহার জামিনকে ধৃত করিবার ক্ষমতা প্রদত্ত হইবে না।

লাইসেন্সধারীদের স্থানে মাসুল আদায় করিবার কথা।

৩৭ ধারা। (১) কোন লাইসেন্সধারী ট্রামওয়ে ব্যবহারার্থ দেয় মাসুল চাওয়া গেলে না দিলে, যে অনুষ্ঠানকারী বা ইজারদারের ঐ মাসুল পাওনা হয়, তিনি মোকদ্দমাক্রমে যে প্রতিকার পাইতে পারেন, তাহার হানি না করিয়া ঐ মাসুলের টাকা আদায়ের নিমিত্ত কোন মাজিষ্ট্রেটের নিকট প্রার্থনা করিতে পারিবেন; এবং উক্ত মাজিষ্ট্রেট সম্ভব হইলে লাইসেন্সধারীকে নোটিস দিবার পর ও তাঁহার কথা শুনিবার নিমিত্ত তাঁহাকে সুযোগ দিবার পর লাইসেন্সধারীর যে কোন গাড়ী বা অন্য অস্থাবর সম্পত্তি ট্রামওয়ের উপর বা তৎসংক্রান্ত বাটীতে পাওয়া যায়, তাহা ক্রোক ও বিক্রয় করিয়া ঐ টাকা আদায় করিতে প্রবৃত্ত হইতে পারিবেন।

(২) কোন লাইসেন্সধারী চাহা গেলে তাঁহার দেনা মাসুল না দিলে, ঐ মাসুল যে অনুষ্ঠান কারীর বা ইজারদারের প্রাপ্য, তিনি লাইসেন্সধারীর যে কোন গাড়ী বা অন্য অস্থাবর সম্পত্তি ট্রামওয়ের উপর বা তৎসংক্রান্ত বাটীতে থাকে, তাহা আটক করিয়া অল্পতর সময়ের মধ্যে মাসুল দেওয়া না গেলে ৪৮ ঘণ্টা রাখিতে পারিবেন।

(৩) ১ প্রকরণমতে কোন মাজিষ্ট্রেটের নিকট প্রার্থনা করা গেলে, তিনি চূড়ান্ত নিষ্পত্তির অপেক্ষায় ইতিমধ্যে ক্রোকের আজ্ঞা দিতে পারিবেন।

[ গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ নবেম্বর। ]

আরোহীদের স্থানে মাসুল আদায় করিবার কথা।

৩৮ ধারা। কোন আরোহীর স্থানে কোন অনুষ্ঠানকারীর, ইজারদারের বা লাইসেন্সধারীর কোন মাসুল পাওনা থাকিলে, তাহা মোকদ্দমা করিয়া অথবা যে কোন স্থানীয় চক্রের মধ্যে ট্রামওয়ের কোন অংশ স্থাপিত করা থাকে, তথায় যে কোন মাজিষ্ট্রেটের বিচারাধিপত্য থাকে, তাঁহার নিকট প্রার্থনা করত উক্ত মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানের অন্তর্গত উক্ত আরোহীর কোন অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় করিয়া আদায় করা যাইতে পারিবে।

## সংরক্ষণের কথা।

অনুষ্ঠানকারীর কেবল ব্যবহার স্বত্ব থাকিবার কথা।

৩৯ ধারা। (১) এই আইনে বা আজ্ঞায় প্রকারান্তরের কথা থাকিলেও, অনুষ্ঠানকারী যে পথ দিয়া বা পার হইয়া ট্রামওয়ে স্থাপন করেন, সেই পথের উপর কেবল ব্যবহার স্বত্ব ভিন্ন অন্য কোন স্বত্ব প্রাপ্ত হইবেন না, এবং যে পথ বা সেতু দিয়া বা পার হইয়া কোন ট্রামওয়ে স্থাপিত হয়, তাহার ব্যবহার সম্বন্ধে যে কোন খরচ আইনমতে আদায় করা যাইতে পারে, এই আইনের বা কোন আজ্ঞার কোন কথাক্রমে ট্রামওয়ের অনুষ্ঠানকারী বা ট্রামওয়ে ব্যবহারকারী অন্য কোন ব্যক্তি সেই খরচ দিবার দায় হইতে মুক্ত হইবেন না।

(২) পথ বা সেতু ব্যবহার করিবার নিমিত্ত যে খরচ দিতে হয়, স্থানীয় গবর্ণমেণ্ট উচিত বিবেচনা করিলে, যে হারে অনুষ্ঠানকারী, ইজারদার বা লাইসেন্সধারী তজ্জন্য বন্দোবস্ত করিয়া লইতে পারিবেন, তাহা ধার্য্য করিতে পারিবেন।

ট্রামওয়ে যাইবার পথের উপর ক্ষমতা সংরক্ষণের কথা।

৪০ ধারা। (১) যে পথ, রেলপথ বা ট্রামওয়ের সঙ্গেং বা যাহা পার হইয়া কোন ট্রামওয়ে যায়, সেই পথ প্রভৃতি ভাঙ্গিবার, চোড়া করিবার, পরিবর্ত্তন করিবার, ভিন্ন দিকে লইয়া যাইবার বা ভাল করিবার ক্ষমতা আইনমতে কোন পথের কর্তৃপক্ষের বা স্থানীয় কর্তৃপক্ষের বা অন্য ব্যক্তির থাকিলে, এই আইনের বা কোন আজ্ঞার কোন কথাদ্বারা সেই ক্ষমতা রহিত বা সঙ্কুচিত হইবে না।

(২) পথের কর্তৃপক্ষ বা স্থানীয় কর্তৃপক্ষ বা অন্য ব্যক্তি (১) প্রকরণের উল্লিখিত কোন কার্য্য করিলে, ঐ কার্য্য করণ দ্বারা কোন ট্রামওয়ের যে হানি হয় কিম্বা ঐ কার্য্য করণার্থ আইনমতে কোন ক্ষমতার যুক্তিমত প্রয়োগ করিতে যাওয়ায় বাণিজ্যের যে কোন ক্ষতি হয়, তজ্জন্য অনুষ্ঠানকারীকে বা ইজারদারকে বা লাইসেন্সধারীকে কোন ক্ষতিপূরণ দিবার দায়ী হইবেন না।

স্থানীয় কর্তৃপক্ষের ও পোলীসের পথের বাণিজ্য নিয়মিত করিবার ক্ষমতা সংরক্ষণের কথা।

৪১ ধারা। যে পথ দিয়া বা পার হইয়া কোন ট্রামওয়ে যায়, সেই পথ দিয়া বা পার হইয়া বাণিজ্য দ্রব্যযাতের গমনাগমন নিয়মিত করিবার নিমিত্ত কোন স্থানীয় কর্তৃপক্ষের বা মাজিষ্ট্রেটের বা পোলীস কর্ম্মচারীর যে ক্ষমতা আছে, এই আইনের বা কোন আজ্ঞার কোন কথায় সেই ক্ষমতার কোন ব্যাঘাত হইবে না; এবং পূর্ব্বোক্ত কর্তৃপক্ষ, মাজিষ্ট্রেট বা কর্ম্মচারী ট্রামওয়ের উপ-

স্থেই হউক বা পাখেই হউক, এবং অনুষ্ঠানকারীর, ইজারদারের বা লাইসেন্সধারীর বাণিজ্য সম্পর্কেই হউক কিম্বা অন্য লোকের বাণিজ্য সম্পর্কেই হউক, আপন ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন।

অতিরিক্ত বিধান।

৪২ ধারা। কোন অনুষ্ঠানকারীর, ইজারদারের বা লাইসেন্সধারীর কোন বিষয়ের বা গাড়ীর দোষ বশতঃ তাঁহার কার্য্যে বা ত্রুটিতে, কিম্বা তাঁহার নিযুক্ত কোন ব্যক্তির কার্য্যে বা ত্রুটিতে যে সকল হানি হয়, তিনি তজ্জন্য দায়ী হইবেন, এবং ঐ সকল হানি সম্পর্কীয় সমুদয় ক্ষতিপূরণ ও খরচা হইতে সংসৃষ্ট ও স্বতন্ত্রভাবে সমুদয় কর্ত্তৃপক্ষ ও ব্যক্তিদিগকে ও তাঁহাদের কর্মচারী ও চাকরদিগকে নিষ্কণ্টক করিয়া রক্ষা করিবেন।

সমুদয় হানির জন্য অনুষ্ঠানকারী, ইজারদার ও লাইসেন্সধারীদের দায়ী হইবার কথা।

৪৩ ধারা। এই আইনের কার্য্যপক্ষে, টাকা না থাকা অনুষ্ঠানকারীর বা ইজারদারের পক্ষে ট্রামওয়ে প্রস্তুত করণ স্থগিত রাখিবার বা তাহার কার্য্য বন্ধ রাখিবার উপযুক্ত কারণ বলিয়া গণ্য হইবে না।

টাকা না থাকা ত্রুটির উপযুক্ত কারণ না হইবার কথা।

৪৪ ধারা। এই আইনমতে কোন মুনিসিপালিটীর সীমার মধ্যে ট্রামওয়ে প্রস্তুত করা গেলে, স্থানীয় গবর্নমেণ্ট যত কালের জন্য উচিত বোধ করেন, ততকালের জন্য অনুষ্ঠানকারীর বা ইজারদারের জন্তু, সরঞ্জাম, গাড়ীপ্রভৃতি, ছাতা, কারখানা, এঞ্জিন রাখিবার শেড ও গুদাম ঐ সীমার মধ্যে আদেয় সমুদয় বা, কোন মুনিসিপল টাক্স হইতে মুক্ত করিতে পারিবেন।

মুনিসিপল টাক্স হইতে মুক্ত করিবার ক্ষমতার কথা।

৪৫ ধারা। কোন মুনিসিপালিটীর, সেনানিবেশ স্থানের বা জিলার স্থানীয় কর্ত্তৃপক্ষ যে ফণ্ড পাইবার স্বত্ববান বা যাহার কর্ত্তৃত্ব বা কার্য্যাধ্যক্ষতা ভারপ্রাপ্ত হন, সেই ফণ্ড কোন২ কার্য্যের নিমিত্ত প্রয়োগ করা যাইতে পারিবে বলিয়া কোন আইনে প্রকারান্তরের বিধান থাকিলেও কোন স্থানীয় কর্ত্তৃপক্ষ এই আইনমতে যে সকল ক্ষমতা ও শক্তি প্রাপ্ত হন বা চালাইতে পারেন, তৎক্রমে কার্য্য করিতে গিয়া যে সকল খরচ পড়ে, সেই সকল খরচ দিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্টের কর্ত্তৃত্বাধীনে ঐ ফণ্ড প্রয়োগ করিতে পারিবেন।

ট্রামওয়েতে স্থানীয় ফণ্ড স্থানীয় কর্ত্তৃপক্ষদের প্রয়োগ করিবার কথা।

৪৬ ধারা। এই আইন বিধিবদ্ধ হইবার পূর্ব্বে যে কোন ট্রামওয়ে প্রস্তুত হইয়াছে বা প্রস্তুত হইবার অনুমতি হইয়াছে, তৎসমস্ত ট্রামওয়েতে বা তাহার কোন অংশে অথবা ঐরূপ কোন ট্রামওয়ের বর্দ্ধিত বা সংযুক্ত কোন অংশে স্থানীয় গবর্নমেণ্ট স্থানীয় কর্ত্তৃপক্ষের ও প্রথর কর্ত্তৃপক্ষের ও অনুষ্ঠানকারীর সম্মতি লইয়া পরিবর্ত্তন সহকারে বা তদ্ব্যতিরেকে এই আইনের কিম্বা এই আইনমতে প্রণীত কোন বিধির কোন অংশ বর্ত্তাইতে পারিবেন এবং ঐরূপে বর্ত্তান আইনের কোন অংশ তথা হইতে উঠাইয়া লইতে পারিবেন।

বর্ত্তমান ট্রামওয়েতে আইন বর্ত্তাইবার কথা।

৪৭ ধারা। ভারতবর্ষীয় রেলওয়ে বিষয়ক ১৮৭৯ সালের আইনের ৫৪ ধারায় যে "ট্রামওয়ে" শব্দ আছে, তাহার এই আইনের ৩ ধারায় প্রদত্ত অর্থ থাকিবে।

রেলওয়ে আইনে "ট্রামওয়ে" শব্দের অর্থ।

৪৮ ধারা। এই আইনদ্বারা কোন স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি যে সকল ক্ষমতা প্রদত্ত হইল, তদনুসারে প্রয়োজনমতে সময়েং কার্য্য করা যাইতে পারিবে।

স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতা অনুসারে সময়েং কার্য্য করিতে পারিবার কথা।

---

## অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

স্থানীয় ব্যবস্থাপন সভার এলাকার বহির্ভূত ভারতবর্ষের কোন কোন স্থানে ট্রামওয়ে প্রস্তুত করিবার কল্পনা হওয়াতে এই পাণ্ডুলিপি উপস্থিত করা আবশ্যক হইয়াছে। ১৮৮৩ সালে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেব রেঙ্গুনে ট্রামওয়ে প্রস্তুত করিবার ও তাহার কার্য্য চালাইবার বিধান করিবার ক্ষমতা দিয়া একটি বিশেষ আইন বিধিবদ্ধ করেন। সেই বৎসরাবধি লাহোরে ও অমৃতসরে ট্রামওয়ের নিমিত্ত বিশেষ আইন করিবার প্রার্থনা হইয়াছে এবং অন্য যে যে বড় বড় নগরে স্থানীয় কর্ত্তৃপক্ষেরা ট্রামওয়ে প্রস্তুত করণ অনুমোদন করিয়াছেন বা বিচারাধীনে রাখিয়াছে- সেই সেই নগরে ট্রামওয়ে ব্যবহারের বিধান করণার্থ সম্ভবতঃ ব্যবস্থা করা আবশ্যক বলিয়া দৃষ্ট হইবে।

২। ট্রামওয়ে বিষয়ক ১৮৭০ সালের আইনের (অর্থাৎ শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ৩৩ ও ৩৪ বৎসরের আইনের ৭৮ অধ্যায়ের) ও উক্ত রাজকীয় আইনমতে বাণিজ্য বিষয়ক বোর্ড যে সকল কিয়ৎকালীন আজ্ঞা ও বিধি করিয়াছেন তাহার সূত্র ধরিয়া এই পাণ্ডুলিপি প্রস্তুত করা গিয়াছে। এই সকল বিধি ও আজ্ঞা এবং ট্রামওয়ে সংক্রান্ত প্রায় সকল বিষয়ের সম্পূর্ণ বাদানুবাদ "সংযুক্ত রাজ্যের ট্রামওয়ে বিষয়ক আইন" নামক সটন সাহেবের পুস্তকে দৃষ্ট হইবে।

৩। এই পাণ্ডুলিপি প্রথমতঃ স্থানীয় ব্যবস্থাপক সভার এলাকার অন্তর্গত দেশ ছাড়া ব্রিটিষ ভারতবর্ষের সর্ব্বত্র বর্ত্তিবে এবং স্থানীয় গবর্নমেণ্ট ঐ ঐ দেশে ও বর্ত্তাইতে পারিবেন।

৪। ইংলণ্ডের আইনের "কিয়ৎকালীন আজ্ঞার" পরিবর্ত্তে "আজ্ঞা" সন্নিবেশ করা গিয়াছে, এবং প্রথমোক্ত আজ্ঞা হইতে এই আজ্ঞার প্রভেদ এই যে, ইহা "কিয়ৎকালীন" নহে ও ব্যবস্থাপক সভার প্রণীত পরবর্ত্তী কোন আইনদ্বারা ইহা দৃঢ় করিতে হয় না। কিয়ৎকালীন আজ্ঞা হইতে এই আজ্ঞার আর একটি প্রভেদ এই যে, ইহা আইনের সহিত সঙ্গত হইবে ও আইনের কোন অংশ পরিবর্ত্তন বা বর্জ্জন করিতে পারিবে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৩ ২৫ নবেম্বর।]

৫। যে যে নিয়মের অধীনে ও যে প্রকারে কোন আজ্ঞা করা যাইতে পারিবে পাণ্ডুলিপির ৪ অবধি ৬ পর্য্যন্ত ধারায় তাহা নির্দ্দেশ করা গিয়াছে; এবং কোন আজ্ঞায় যে যে বিষয়ের বিধান করা যাইতে পারিবে ৭ ধারায় তাহা লিখিত হইয়াছে। ইংরাজী পাণ্ডুলিপির ঐ ধারার ভিন্ন২ প্রকরণের পার্শ্বে যে আইন প্রভৃতির উল্লেখ আছে, তাহা দেখিলেই ইংলণ্ড প্রভৃতি সংযুক্ত রাজ্যে ঐ সকল বিষয়ে কিরূপ বিধান আছে জানা যাইবে। কোন আজ্ঞা অভিজ্ঞতা দ্বারা অসম্পূর্ণ দৃষ্ট হইলে, যে ব্যক্তির অনুকূলে প্রথম আজ্ঞা করা গিয়াছিল তাঁহার প্রার্থনাক্রমে অন্য এক আজ্ঞা করিয়া (৮ ধারা) কিম্বা কোন কোন স্থলে বিধি প্রণয়ন করিয়া (১৪ ধারা) ঐ অসম্পূর্ণতা পূরণ করা যাইতে পারিবে।

৬। উক্ত আজ্ঞা করা গিয়া থাকিলে আজ্ঞার বিহিত প্রকারে ট্রামওয়ে প্রস্তুত ও রক্ষা করিতে ও চালাইতে হইবে ১১ ও ২৭ ধারা)। কোন স্থানীয় কর্তৃপক্ষ ট্রামওয়ে প্রস্তুত করিলে, উহা সামান্যতঃ ইজারদারের দ্বারা চালাইতে হইবে (২৩ ধারা)। কোন বেসরকারী ব্যবসাদার কর্তৃক ট্রামওয়ে প্রস্তুত হইলে, তিনি নিজে অথবা যে ইজারদারকে তাহা ব্যবহার করিবার ও অনুমোদিত মাসুল চাহিবার ও লইবার স্বত্ব ইজারা দেন সেই ইজারদার ট্রামওয়ে চালাইতে পারিবেন (৭ ধারার (৪) প্রকরণ)। যদি ট্রামওয়ের মালিক বা তাঁহার ইজারদার এরূপে ট্রামওয়ের কার্য্য চালান যে তাহাতে সাধারণে উহার সম্পূর্ণ উপকার পাইতে না পারে, তাহা হইলে স্থানীয় গবর্ণমেণ্ট মালিককে কি ইজারদারকে মাসুল দিয়া ট্রামওয়ে ব্যবহার করিবার লাইসেন্স কোন ব্যক্তিকে দিতে পারিবেন (১৭ ধারা)। মালিক ট্রামওয়ের কার্য্য বন্ধ করিলে (১৯ ধারা) কিম্বা টাকা না থাকাতে সাধারণের সুবিধা জনকভাবে ট্রামওয়ে রক্ষা করিতে বা উহার কার্য্য চালাইতে না পারিলে (২১ ধারা), স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহার ক্ষমতা রহিত করিতে পারিবেন। মালিকের ক্ষমতা ঐরূপে রহিত করা গেলে, যে পথে ট্রামওয়ে স্থাপিত হইয়াছে সেই পথের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কর্তৃপক্ষ ঐ ট্রামওয়ে উঠাইয়া ফেলিতে পারিবেন (২০ ধারা ও ২১ ধারার (২) প্রকরণ) কিম্বা স্থানীয় কর্তৃপক্ষ ঐ ট্রামওয়ে ক্রয় করিয়া লইতে পারিবেন (২২ ধারা)।

৭। যে সকল ট্রামওয়ে কোম্পানি বা বেসরকারী ব্যক্তি কর্তৃক প্রস্তুত হইয়াছে, তাহা আজ্ঞার লিখিত সময় গত হইলে আজ্ঞার লিখিত শর্ত্তে, অথবা আজ্ঞায় সময় ও শর্ত্ত লিখিত না থাকিলে ইংলণ্ডীয় আইনে নির্দ্দিষ্ট সময় অতীত হইলে তন্নির্দ্দিষ্ট শর্ত্তে স্থানীয় কর্তৃপক্ষেরা ট্রামওয়ে ক্রয় করিতে পারিবেন ২২ ধারায় এই বিধান আছে।

৮। কোন স্থানীয় কর্তৃপক্ষ কোন ট্রামওয়ে ক্রয় করিলে, সামান্যতঃ ইজারদার দ্বারা উহার কার্য্য চালাইতে হইবে। কিন্তু এরূপ স্থলে ঘটিতে পারে যে স্থলে উক্ত কর্তৃপক্ষ উপযুক্ত মূল্যে ট্রামওয়ে ইজারা দিতে অসমর্থ হন। এই নিমিত্ত (২৩ ধারায়) এইরূপে বিধান করা গিয়াছে যে ঐরূপ স্থলে স্থানীয় গবর্ণমেণ্ট স্থানীয় কর্তৃপক্ষকে নিজে গাড়ী চালাইবার ব্যবসায়ে নিযুক্ত হইবার অনুমতি দিতে পারিবেন।

৯। ট্রামওয়ের মালিক বা ইজারদার এবং স্থানীয় গবর্ণমেণ্ট বা স্থানীয় কর্তৃপক্ষ এই উভয়ের মধ্যে বিবাদ হইলে, তাহা সালীস দ্বারা নিষ্পত্তি করিতে হইবে (৩২ ধারা)। সাক্ষাৎ সম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্টের স্বার্থ থাকিলে, জিলার জজ সাহেব ঐ রূপ সালীস হইবেন। সালীসের নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

১০। ট্রামওয়ের মালিক, ইজারদার, ও লাইসেন্সধারীদের পাওনা ও দেনা টাকা মোকদ্দমাক্রমে বা সরাসরী প্রণালীক্রমে আদায়ের বিধান ৩৬ অবধি ৩৮ পর্য্যন্ত ধারায় করা গিয়াছে।

১১। ট্রামওয়ে প্রস্তুত করণ সংক্রান্ত আইনে ও নিয়মপত্রে সচরাচর যে সকল সংক্ষরণের কথা দৃষ্ট হয়, ৩৯ অবধি ৪১ পর্য্যন্ত ধারায় তাহাই আছে; এবং মুনিসিপালিটীর সীমার মধ্যে যে সকল ট্রামওয়ে প্রস্তুত করা যায় তাহার মালিক ও ইজারদারদের জন্তু, সরঞ্জাম, গাড়ী প্রভৃতি ও বাটী স্থানীয় টাক্স হইতে মুক্ত করিবার ক্ষমতা ৪৪ ধারায় স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি প্রদত্ত হইয়াছে।

১২। এই আইন বিধিবদ্ধ হইবার পূর্ব্বে যে কোন ট্রামওয়ে প্রস্তুত করা যায় বা প্রস্তুত করিবার অনুমতি হয়, সেই ট্রামওয়েতে বা তাহার কোন অংশে স্থানীয় গবর্ণমেণ্ট মালিকের ও স্থানীয় কর্তৃপক্ষের সম্মতি লইয়া পরিবর্ত্তন সহকারে বা তদ্ব্যতিরেকে এই আইনের কোন অংশ বর্ত্তাইতে পারিবেন, ৪৬ ধারায় এইরূপ বিধান আছে।

১৮৮৫ সাল ২২ অক্টোবর।

সি, পি, ইলবার্ট,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. & B.L., *Bengali Translator.*

# গবর্ণমেণ্ট গেজেট

**TUESDAY, NOVEMBER 24, 1885.**

**মঙ্গলবার, ১৮৮৫ সাল ২৪ নবেম্বর ।**

## PART II.

**Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.**

**দ্বিতীয় খণ্ড ।**

**বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি ।**

# ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 3386A.

GENERAL.—*The* 12*th November* 1885.—In modification of the order of the 2nd instant, Baboo Poorno Chunder Bysack, Officiating Deputy Magistrate and Deputy Collector, is posted to Serajgunge in the district of Pubna.

This cancels the order of the 2nd instant, transferring Moulvie Abdool Khalique, Deputy Magistrate and Deputy Collector, to Serajgunge.

Baboo Shib Chunder Nag, Deputy Magistrate and Deputy Collector, Backergunge, is transferred to the sudder station of the district of Maldah.

*The* 14*th November* 1885.—Mr. H. Holmwood, Officiating Joint-Magistrate and Deputy Collector, Patna, is appointed to have charge of the Barh sub-division of that district.

Mr. G. E. Manisty, Joint-Magistrate and Deputy Collector, on furlough, is posted to the sudder station of the district of Patna.

Mr. Manisty is appointed to act, until further orders, in the first grade of Joint-Magistrates and Deputy Collectors, with effect from the date on which he joined his appointment.

Moulvie Faizuddeen Hossein, Deputy Magistrate and Deputy Collector, Silligoree, Darjeeling, is allowed leave for two months and fifteen days, under section 72, chapter V of the Civil Leave Code, with effect from such date as he may be relieved by Baboo Prosunno Coomar Dutt.

Mr. C. J. S. Faulder, Officiating Joint-Magistrate and Deputy Collector, Bhagulpore, is allowed leave for one month, under section 72, chapter V of the Civil Leave Code, with effect from the 1st December 1885.

Mr. W. H. Thomson, Temporary Deputy Magistrate and Deputy Collector, Raneegunge, Burdwan, is transferred to Bhagulpore, and is posted to the sudder station of that district.

Mr. W. Teunon, Officiating Joint-Magistrate and Deputy Collector, Rungpore, is appointed to have charge of the Raneegunge sub-division of the Burdwan district.

Mr. R. F. Rampini, Officiating District and Sessions Judge, 24-Pergunnahs, is appointed to act temporarily as Additional District and Sessions Judge, 24-Pergunnahs and Hooghly, till relieved by Mr. H. Beveridge.

Lieutenant-Colonel W. L. Samuells, Officiating Deputy Commissioner, Lohardugga, on leave, is appointed to act as Deputy Commissioner of Singhboom, during the absence, on deputation, of Lieutenant-Colonel C. H. Garbett, or until further orders.

Mr. R. H. Renny, Assistant Commissioner, is appointed to act, until further orders, in the first grade of Assistant Commissioners, and is posted to the district of Singhboom on being relieved of his present appointment as Officiating Deputy Commissioner of that district.

Mr. D. R. Lyall, Officiating Commissioner, Chittagong Division, is allowed leave for fourteen days, under section 72, chapter V of the Civil Leave Code, with effect from the 8th instant.

Mr. A. Manson, Magistrate and Collector, Chittagong, is appointed to act as Commissioner, Chittagong Division, during the absence, on leave, of Mr. D. R. Lyall, or until further orders.

Mr. S. J. Douglas, Officiating Joint-Magistrate and Deputy Collector, Chittagong, and Officiating Deputy Commissioner, Chittagong Hill Tracts, is appointed to act as Magistrate and Collector of Chittagong, during the absence, on deputation, of Mr. A. Manson, or until further orders, in addition to his duties as Officiating Deputy Commissioner of the Chittagong Hill Tracts.

[*Government Gazette*, 24*th November* 1885.]

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আদেশ।

৩৩৮৬ A নম্বর।

সাধারণ। -১৮৮৫ সাল ১২ নবেম্বর।—এই মাসের ২ তারিখের আজ্ঞা পরিবর্ত্তন করিয়া এই আজ্ঞা করা গেল। একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র বসাক পাবনা জিলার অন্তর্গত শেরাজগঞ্জে অবস্থাপিত হইলেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযু মৌলবী আবদুল খালিককে শেরাজগঞ্জে প্রেরণ বিষয়ক এই মাসের ২ তারিখের আজ্ঞা এতদ্দ্বারা রহিত করা গেল।

বাখরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শিবচন্দ্র নাগ মালদহ জিলার সদর মোকামে প্রেরিত হইলেন।

১৮৮৫ সাল ১৪ নবেম্বর।—পাটনার একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এস, হমউড সাহেব ঐ জিলার অন্তর্গত বাঢ় মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

নিয়মিত ছুটীপ্রাপ্ত জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি, ই. মানিফি সাহেব পাবনা জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

শ্রীযুত মানিফি সাহেব স্বীয় কর্ম্ম গ্রহণের তারিখ অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয়, জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

দার্জ্জিলিঙ্গের অন্তর্গত শিলীগুড়ির ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ফয়জুদ্দীন হুসেন শ্রীযুত বাবু প্রসন্নকুমার দত্তের প্রতি কর্ম্মের ভারার্পণ করিবার তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭২ ধারামতে দুই মাস পনের দিনের ছুটী পাইলেন।

ভাগলপুরের একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, জি, এস, ফডার সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭২ ধারামতে ১৮৮৫ সালের ১ ডিসেম্বর তারিখ অবধি এক মাসের ছুটী পাইলেন।

বর্দ্ধমানের অন্তর্গত রাণীগঞ্জের কিয়ৎকালীন ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ, এচ, তামসন সাহেব ভাগলপুরে প্রেরিত হইয়া ঐ জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

রঙ্গপুরের একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ. বেডনল সাহেব বর্দ্ধমান জিলার অন্তর্গত রাণীগঞ্জ মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

২৪-পরগনার একটিং ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত আর, এফ রাম্পিনি সাহেব শ্রীযুত এচ, বিবারিজ সাহেবের প্রতি কর্ম্মের ভারার্পণ না করণ, পর্য্যন্ত কিয়ৎকালের নিমিত্তে চব্বিশ পরগনা ও হুগলীর আডিশ্যানল ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

